পালেই বাঁসাঁছিল আর একজন ছোকরা। দেহে খাইং-চাঁপদল, সুটেড-বুটেড। পণ্ডিতের দিকে একবার তাকিয়ে দেখল, তারপর সরে গিয়ে আর একটা সোফায় বসল। আবার কি মনে করে এগিয়ে এল কাছে, বললে : ওল্ড জেন্টেল্‌?

পণ্ডিত বিব্রতভাবে ঘাড় নাড়লেন।

ছোকরা অদ্ভুত ভাবে সন্তুষ্ট হয়ে আবার গিয়ে বসল তার আসনে, অযথেষ্ট দূরত্ব বজায় রেখে।

একটু পরেই পাশের একটা কাচের গাড়ি ওলে ঘর্ঘরাণ পত্রবলভোরসের সম্মুখ। ওকমা-আঁটা একজন পরোয়ান সুটেড্‌ার সাহায্যে ঘর থেকে পদ্ম তুলে সসম্ভ্রমে নামালে এবং লিফটের দরজাটা খুলে ধরল। নেমে এলেন নিখুঁত সাহেবি পোষাকে এক-জন ভদ্রলোক। রৌদ্রালিনের নাসা-ঘেঁষা সাদা। কলারের টাইটা একটা সোনার টাইপিনে আটকানো। সুচালো কালো রঙের চকচকে জুতো ঘন্টাখানির তিনি উঠে এলেন। মুখের একপাশে একটা পাইপ। বাঁ হাতে চৌকো চামড়া একটা সুটকেস। অফিসের আশপাশের সবলে উঠে দাঁড়ায়। হাত তুলে নমস্কার করে। পণ্ডিত অবাক বিস্ময়ে দেখেন আগন্তুক আর কেউ নয়, স্বয়ং যতীন সাবুখাঁ।

যতীন গরীব ঘর এটুকু জানা ছিল। ট্যাকসি করেই যে কালিতারা ফেরিতে যায়, কিন্তু তার সাহস জোগাবে, ভাবাবার পণ্ডিতের কোনদিন মনে হয় নি যে তার দিনের বুলিটা এ রকম হতে পারে।

একটু পরেই মেম সাহেব পণ্ডিতকে ডেকে বলেন, আপনার ঠিকানা এবং কেন দেখা করতে এসেছেন এই কাগজে লিখে দিন।

ব্যাকুল পরিবর্তন করেন, যতীন জানতে চেয়েছে?

মেমসাহেব বিস্ময়মিশ্রিত দৃষ্টিতে পণ্ডিতকে আর একবার আপাদমস্তক দেখে নেন। তবাও যেন না। পণ্ডিতের দেওয়া কার্ড-খানাই আবার বাড়িয়ে ধরেন। পণ্ডিত দেখেন, তাল সোজিলে তার উপর লেখা আছে : ঠিকানা? পত্রয়োজন?

বিস্ময়ের মাত্রাটা উত্তরোত্তর দৃষ্টিসীমান্ত হচ্ছে। যতীন কি নাম শুনে তাকে চিনতে পারে নি? সে তো নিজে থেকেই পণ্ডিতকে বলেছিল অফিসে দেখা করতে—সেই সাত-তাল পরামর্শের কারণে, বোধহয় 'সলাপত্র ভট্টাচার্য' লেখাতে যতীন তাকে ঠিক চিনতে পারে নি। তাই হবে। এর বদলে উনি যদি লিখতেন 'পাকড়-পণ্ডিত' তবে বোধকরি যতীনের বুঝতে নিতে কোন অসুবিধা হত না। কিন্তু তা তো আর লেখা হলে না। পণ্ডিত এবার নামের নিচে নিজের ঠিকানাটা লিখে দিলেন। বৃদ্ধি করে তলায় আরও লিখে দিলেন 'কালীতারা ফেরিঘাটের

(৭৩ পৃষ্ঠায় দেখুন)

ভিয়েতনামের রূপকথা

তিন কন্যার বিয়ে

দক্ষিণারঞ্জন বসু

অনেক কাল আগের কথা।

ফি ইয়াং পর্বতের গায়ে বেশ দিন কাটছিল নিজেদের ছোট্ট বাড়িতে। 'মা' পরিবার সুখেই ছিল। হঠাৎ বাড়ীর গিন্নী মারা গেলেন। আনন্দের আবহাওয়াটা নষ্ট হয়ে গেল কিছুদিনের জন্যে।

তবে বাড়ির কর্তার মনের জোর খুব। নাম তাঁর মাখরুই। তিন তিনটে জোয়ান ছেলের বাপ তিনি। তিন ছেলেই সুপুরুষ। তিন ভাইয়ের মধ্যে ভারি ভাব। তাদের নাম মাখান, মাচো এবং মাজক।

মাকে হারিয়ে ছেলেরা একেবারে ভেঙে না পড়ে, একদম হয়ে না যায়, সেদিকে গোড়া থেকেই খুব লক্ষ্য রাখছিলেন মাখরুই। ছেলেদের মায়ের অভাব বুঝতে না হয়, সে বিষয়ে চেষ্টার তাঁর অন্ত ছিল না। যার যেদিকে ঝোঁক সে দিকেই সে যাতে সফল হয়ে উঠতে পারে, খুব নাম করতে পারে সে ব্যাপারে যথেষ্ট নজর রাখতেন তিনি।

ক্রমে ক্রমে ফল তার ভালোই দাঁড়ালো। তিন ভাই যে শুধু বয়েসেই বড়ো হলো তা' নয়, গুণেও তারা এক একজন হয়ে উঠলো এক এক বিষয়ে দিকপাল। তাদের নাম ডাক ধীরে ধীরে এতোই চারদিকে ছড়িয়ে পড়লো যে গ্রামের সবাই এই তিনটি যুবককে মনে করতো তিনটি রত্ন বলে।

বড়ো ভাই খান তাদের অঞ্চলের সেরা বাঁশী বাজিয়ে। তার বাঁশীর গান শোনার জন্যে লোকে পাগল। গাঁয়ের ছেলেরা বলাবলি করে চাঁদের আলোয় খানের বাঁশীর সুর আকাশের চাঁদকেও বুঝি নামিয়ে আনে তার গান শোনার জন্যে।

আর মেজ ভাই চো?

সেও কম যায় না। তিন ভাইয়ের মধ্যে সে সব চেয়ে শক্তিমান ও খাটিয়ে। কৃষির কাজে আশপাশে তার জুড়ি নেই। ক্ষেত-খামারে হাতি, বাঘ বা অন্য কোনো জন্তু জানোয়ার এসে যখন সব তচনচ করতে শুরু করে তখন এই চো-এরই শরণ নিতে হয় গ্রামবাসী সকলকে। পশুপাখি তাড়িয়ে সেই যতো চাষবাস রক্ষা করে।

আর কাজ—জঙ্গল সাফ করে মাঠের পর মাঠ চাষের উপযুক্ত করে দেওয়া ছিল ছোটভাই জকের কাজ। চাষের কাজে তার অসীম আনন্দ।

ছেলেদের যখন এতো নাম ডাক এবং দেখতে দেখতে বয়েসও যখন হলো, বাপের মাথায় তখন ভাবনা, এক এক করে এবার ওদের বিয়ে দিয়ে দেওয়াই ভালো। শ্রীমানরাও তাতে খুশী হবে এবং তাঁরও দায় কমবে।

কাজ শুরু হয়ে গেল সেই মতো।

এদিক সেদিকে লোক পাঠাতে লাগলেন মাখরুই। কিন্তু তেমন পছন্দের মেয়ে একটিও খুঁজে পাওয়া গেল না। অথচ গাঁয়ের সব ক'টি তরুণীরই ঐ তিনটি গুণী ভাইয়ের দিকে দৃষ্টি, প্রত্যেকেরই আশা ওদের একজনের হাতে পড়লে নির্ভাবনায় জীবন কাটবে।

দিন যায়, মাস যায়, বছরও শেষ হয়ে এলো।

বৃদ্ধ মাখরুই অস্থির হয়ে উঠলেন। তবে কি তাঁর মনের সাধ মিটবে না? তিনি কি তাঁর তিন ছেলের বৌ দেখে যেতে পারবেন না? অন্তত একটি বৌ ঘরে এনে সংসারটা গুছিয়ে দিয়ে যেতে পারলেও তো হতো।

এমনি ভাবে কর্তা যখন ভাবছেন তখন একটা খবর পাওয়া গেল।

বেশ দূরে হলেও ফি-ইয়াং পর্বত স্পষ্ট দেখতে পাওয়া যায় মাখরুইদের বাড়ি থেকে। ঐ পর্বতের পুব দিকে ঢালু সবুজ বনের পাশে বাঁশের তৈরি একটি ঘরে নাকি এক বুড়ির সঙ্গে পরমা সুন্দরী একটি মেয়ে বাস করে।

খবরটা কিঞ্চিৎ আশার সঞ্চার করলেও খুব বেশি ভরসা পাননি মাখরুই। প্রথমত অতদূরে কাউকে যেতে রাজীই করানো হবে না। তারপর যদিও বা একজন অনেক টাকা পয়সা টাকে গুঁজে সুন্দরীর সন্ধানে বেরিয়ে গেল সে শুধু ঘুরেই এলো—ঐ বুড়ি আর তার মেয়ের কোনো হদিসই করতে পারলো না।

বেচারা মাখরুইর একেবারে পড়ার অবস্থা।

অথচ তাঁর তিন ছেলের দিন কিন্তু বেশ আনন্দেই কাটছে। বাবাকে বেজার বেজার দেখে তাঁকে আনন্দে রাখবার জন্যে করতো কি করে তারা।

ফি-ইয়াং পর্বতের পুব ধারে এক বাঁশের কুটিরে সত্যি সত্যি এক বুড়ি থাকেন তাঁর মেয়েকে নিয়ে। মাখরুইর লোক হদিস না পেলেও খবরটা মোটেই মিথ্যে নয়।

একেবারে ছোটবেলা থেকেই মেয়েটি

রোজ তার বুড়ি মায়ের সঙ্গে তাদের পাহাড়ী কুটির থেকে নীচে নেমে আসতো সঙ্গে নিয়ে আসতো নানা রকমের ফসল সমতল ভূমির বাজারে সে সবের বিনিময়ে অন্য সব জিনিষ-পত্তর সওদা করে নিয়ে যেতো বাড়িতে। ঘরে ফেরবার পথে বন থেকে রোজই কিছু কিছু কাঠও কুড়িয়ে নিয়ে যেতো।

মা-ই রান্নাবান্না করতেন প্রায় একলাই বসে মা-মেয়ের খাওয়া লাগতো হতো।

এমনি ভাবেই চলেছে অনেকদিন।

কিন্তু বয়েস বাড়তে বাড়তে বুড়ি প্রায় অচল। খুবই কষ্ট হয় তাঁর পাহাড়ী পথ ভাঙতে।

মেয়ে নিজে থেকেই একদিন তাই বললে, মা, আমি তো এখন বড়ো হয়েছি। তুমি সেই তোমার আমার জন্যে কিছু। আমি একাই দিয়ে হাট-বাজার করে নিয়ে আসবো, কাঠ কুড়িয়ে আনবো। তোমাকে একটুও ভাবতে হবে না।

বেশ তাই করো তা'হলে। আমি আর চলতে পারছিনা।

মায়ের অনুমতি পেয়ে হোলা সেই থেকে একাই সব বাইরের কাজ করতে থাকে।

পাহাড়ী মেয়েটির নাম হোলা।

সুন্দরী হোলা যখন পাহাড় থেকে নীচে নেমে আসে এবং সওদা করে ও কাঠ কুড়িয়ে ঘরে ফিরে যায় পথে তখন বনের পাখ-পাখালীরা আনন্দে দুলতে থাকে, পাখিগুলি গান শুরু করে দেয় এবং বনের পশুগুলিও খেলায় মেতে ওঠে।

দেখতে দেখতে ষোলো পেরিয়ে এসে সতেরোয় পা দেয় হোলা। অঙ্গে অঙ্গে সৌন্দর্য তখন তার উপচে পড়ছে। লাল গোলাপী রং-এর মুখখানিতে উজ্জ্বল কালো-চোখের সে কি আকর্ষণ।

কিন্তু তা'হলে কি হবে, মনটা মোটেই ভালো নয় হোলার। কাছে পিঠে কাঠ পাওয়া এক কঠিন সমস্যা হয়ে দাঁড়িয়েছে ক'দিন ধরে।

কি আর করা, ক্রমশই গভীর অরণ্যে ঢুকে পড়তে হচ্ছে হোলাকে। কিন্তু কাঠতো তাকে সংগ্রহ করতেই হবে। তা' না হলে তার মায়ের যে রান্নাই হবে না।

হাঁটতে হাঁটতে একদিন বনের অনেক ভিতরে চলে গিয়েছে হোলা। লোকজন সেখানে বোধহয় কোন কালে যায়নি। প্রকৃত মানুষের কোনো পায়ের ছাপ সে পথে তার চোখে পড়েনি।

পাশ দিয়ে অতি সরু একটি পাহাড়ী নদী তর তর করে বয়ে যাচ্ছিল। বেশ ভালো লাগছিল হোলার। সেই নদীর দিকে তাকিয়ে তাকিয়ে সে এগিয়ে চলছিল।

অপরূপ সুন্দরীই শুধু নয়, ভারি নরম হোলা। অনেকটা পথ হেঁটে হেঁটে সে ক্লান্ত। নদীতে একবার স্নান করে নিতে ইচ্ছে হলো তার। মনে হলো তাতে ক্লান্তি দূর হবে।

ভাবতে ভাবতে নদীর তীর ধরে চলেছে হোলা, আর মরা গাছের খোঁজ করছে, হঠাৎ তার কানে বাঁশির সুরের এক অপূর্ব মূর্ছনা। সে থমকে দাঁড়িয়ে পড়লো সেখানে।

অনেক দূর থেকে বাঁশির গানের সুর আসছে। অত্যন্ত ক্ষীণ সেই সুর। সেই সুরের জোয়ারে হোলার মন যেন কোন্ সুদূরের দিকে ভেসে চলেছে।

শুধু হোলার মনেই নয়, নদীর বুকেও গানের সুরের তালে তালে ঢেউ-এর নাচন শুরু হয়ে গিয়েছে। পাখিরাও একই তালে গান ধরেছে। দল বেঁধে তারা বেরিয়ে পড়েছে নিরুদ্দেশ যাত্রায়।

নীরব নিস্তব্ধ ভাবে কিছুক্ষণ দাঁড়িয়ে থেকে হোলা ভাবে, স্নানটা এবার সেরে নেওয়াই ভালো।

কিন্তু বাঁশির সুরটা ক্রমশই স্পষ্ট হয়ে উঠছে যেন!

না, না, আর দেরি করা ঠিক হবে না। তাড়াতাড়ি পোষাকটা খুলে রেখে নদীতে নেমে পড়ে হোলা।

আঃ, কি শান্তি! সারা দেহ তার শীতল হয়ে গেল একটি ডুবের সঙ্গে সঙ্গে। মুহূর্তের মধ্যে তার ক্লান্তি দূর হয়ে গেল।

কিন্তু ঢেউগুলি ভারি দুষ্টু। ঢেউগুলি তার বুকের ওপর কেবলি এসে আছড়ে পড়ছে। দু'হাতে ঠেকাতে গিয়েও সে ঠেকাতে পারছে না। ওরকম খেলায় ঢেউগুলি যেন একেবারে মাতিয়া হয়ে উঠেছে। হোলা তাই আর ওদের বাধা দিচ্ছে না, পুরো খুশিই ছেড়ে দিয়েছে।

তবে মোটেই আর দেরি করা চলবে না। বাঁশির সুরটা যে একেবারেই কাছে এসে গেল।

জল থেকে উঠে পোষাক পরতে যাবে, হঠাৎ বাঁশি থেমে গেল এবং নদীর ওপার থেকে কে একজন জিজ্ঞেস করলো—

এভা একা কে ওখানে? এই গভীর অরণ্যে কি করা হচ্ছে?

পুরুষের কণ্ঠ শুনে চমকে উঠলো হোলা। তাড়াতাড়ি পোষাকটা পরে ফেলে পিছন ফিরে তাকালো। লজ্জায় লাল হয়ে উঠলো সে, কান দু'টো দিয়ে যেন আগুন বেরুচ্ছে এমনি তখন তার অবস্থা।

আঃ, প্রনিন্দ্য সুন্দর এক যুবক! কি বলিষ্ঠ চেহারা! কিন্তু নিরাবরণ দেহে যখন স্নান করছিল কিংবা সে যখন স্নান সেরে উঠে এসে পোষাক পরছিল লোকটি তাকে পুরোপুরি দেখে ফেলে নিতো! —লজ্জায় লুকিয়ে পড়তে ইচ্ছে হয় মেয়েটির।

কিন্তু তবু তখন যে সে আরেকবার পিছন দিকে তাকিয়ে ফেলে নিজেই তা খেয়াল রাখতে পারে না।

তা'হলে এই সেই বংশীবাদক!

মাথানতে নির্বাক বাঁশি হাতে সেখানে একখণ্ড পাথরের ওপর এক পা ভর করে আরেক পায়ে ঘাটিতে দাঁড়িয়ে থাকতে দেখে অবাক হয়ে যায় হোলা। যুবকটির রকম-সকম দেখে তার কোনোই সন্দেহ থাকে না যে তাকেই সে অপলক দৃষ্টিতে খুটে খুটে দেখছে।

তাতে ভারি সরম লাগছে হোলার। অমন করে কোনো পুরুষ তাকিয়ে থাকলে যে কোনো মেয়েরই লজ্জা পাবার কথা।

হোলা তাই সেখানে আর দাঁড়িয়ে না থেকে এক ছুটে পালিয়ে যায়। খানিকটা দূরে গিয়ে কিছু কাঠ সংগ্রহ করে হাঁটতে হাঁটতে ঘরে ফিরে যায়।

কিন্তু ঘরে ফিরেই কি হাই শান্তি আছে। মাথার মধ্যে সারাক্ষণ সেই একটি লোকেরই মূর্তি কেবল ঘুর ঘুর করছে। মা দেরির কারণ জানতে চাইলে আগাগোড়া সব কথাই তাকে খুলে বলেছে হোলা। সব

শুনে মুচকি মুচকি হেসেছেন বুড়ি মা, আর মেয়ের মাথায় হাত বুলিয়ে দিয়ে চুপ করে গেছেন।

অন্য দিকে মাখানও বাড়ি ফিরে তার দু' ভাইকে সমস্ত ঘটনা পুরোপুরি শুনিয়েছে। হোলার সৌন্দর্যের বর্ণনা শুনে তারা তো তখুনি বেরিয়ে পড়ে মেয়েটিকে দেখার জন্যে, এমনি অবস্থা।

শেষ পর্যন্ত ঠিক হলো, দিনের যে সময়টায় যেখানে ঐ সুন্দরীর সঙ্গে দেখা হয়েছিল মাখানের, পরদিন সেখানে ঠিক সেই সময়েই তিন ভাই চুপি চুপি গিয়ে উপস্থিত হবে।

তাই হলো। পরদিন সকালে মাচো এবং মাজককে নিয়ে মাখান সেই নদীর দিকে যাত্রা শুরু করলো।

আশ্চর্যের ব্যাপার হোলাও কাঠ কুড়োতে বেরিয়ে পরদিনও কিসের আকর্ষণে আগের জায়গাতেই সেই নদীর পারে গিয়ে হাজির।

আগের দিনের চেয়েও বেশি ক্লান্তি বোধ হয়েছে মেয়েটির। আগের দিনের চেয়ে বেশি জোরে ছুটে এসেছে যে!

সেখানে এসেই নাইতে নেমে দু'লো হোলার। পোষাক ছেড়ে কালকের মতোই পাশের গাছের ডালে ঝুলিয়ে রেখে ঝাঁপিয়ে পড়ে সে নদীর জলে।

আঃ, কি আনন্দ, কি আনন্দ! কিন্তু কালকের চেয়েও বেশি দুষ্টুমি করছে আজ ঢেউগুলি। বড্ড বেশি লুটোপুটি করছে। কেবলি আছড়ে আছড়ে পড়ছে তার বুকের ওপর মুখের ওপর। কি আর করবে সে, চুপচাপ সবই তাকে সহ্য করতে হয়েছে। নাওয়া শেষ হলে ওপরে এসে সে যখন পোষাক পরছিল হঠাৎ করে বাঁশি বেজে উঠলো ওপারের জঙ্গলের ভেতর থেকে।

ও, আজো তা'হলে এসেছে সেই বংশী-বাদক! একবার পিছন ফিরে তাকিয়েই হোলা দেখতে পেলো কালকের সেই বাঁশি-ওলাকে। দেখেই কাঠের বাণ্ডিল ঘাড়ে তুলে সুন্দরীর সে কি দৌড়! এদিন আসার পথেই সে বেশ কিছু কাঠ কুড়িয়ে নিয়েছিল। আগের রাতের ঝড়ে অনেক কাঠই ভেঙে পড়েছিল গাছ থেকে।

হোলার মনের ওপর দিয়েও কি কম ঝড় বয়ে গিয়েছে কাল সারা রাত ধরে। শুধু হোলাই বা কেন, মাখানেরও বুকের পাঁজরা ভেঙে চুরমার হয়ে গিয়েছে সে ঝড়ে।

মাখানের দু'ভাইয়ের কিন্তু একেবারে চোখ ধাঁধিয়ে গিয়েছিল হোলার রূপ দেখে। তারা আর নিঃশ্বাস ফেলতে পারছিল না। নিশ্চল পাথরের মূর্তির মতো হয়ে গিয়েছিল। যে ঝোপের মাঝখানে বসে তারা হোলাকে দেখছিল স্নান করতে, স্নান সেরে এসে পোষাক পরতে, সে ঝোপ-ঝাড়ের একটি পাতাও নড়ছিল না, এমন নীরব নিস্পন্দ হয়ে গিয়েছিল।

এ জন্যে হোলাও মাখানের ছোট দু ভাই মাচো এবং মাজককে দেখতে পায়নি। ভালোই হয়েছে। ওরা নজরে পড়লে হোলা আরো বেশি লজ্জা পেতো।

মাকে খাইয়ে দাইয়ে এবং নিজেও খেয়ে নিয়ে রাতের বেলা আগে আগেই শুয়ে পড়ে হোলা। কিছু দিন হলো তার মায়ের শরীরটা ভালো যাচ্ছিলো না তাই সন্ধ্যের মধ্যেই সব কাজকর্ম সেরে ফেলতে হতো তাকে।

সেদিনও তাই করেছে হোলা। খাওয়া-দাওয়া সেরে সন্ধ্যের একটু পরেই মায়ের পাশে গিয়ে শুয়ে পড়েছে সে। মা ঘুমিয়ে পড়লেও তার কিন্তু সহজে ঘুম আসছিল না।

ঠিক সেই জায়গাটিতে বাঁশিওলা আবার এলো কেন ঐ নদীর ঘাটের উল্টো দিকে একই সময়ে? সে কি চায় কিছু তার কাছে? শুয়ে শুয়ে এমনি সব কথাই ভাবছিলো হোলা।

হঠাৎ বাঁশি বেজে উঠলো। খুব শান্ত খুব সুন্দর করুণ একটি সুর। সে যে ঐ একই বাঁশির সুর তাতে সন্দেহ নেই হোলার। আর সেই বাঁশি বাজছে একেবারে তাদের কাঠের ঘরের বেড়া ঘেঁসে।

মা ঘুমুচ্ছেন। ঘুমোন।

হোলা চুপি চুপি নিঃশব্দে ঘরের দরজা খুলে বাইরে তাকায়। ঐ তো সে চাঁদের আলোয় স্পষ্ট দেখা যাচ্ছে বাঁশিওলার মুখখানা সেই একই লোক। বুঝতে আর তার বাকি রইলো না কেন ঐ অপরিচিত যুবক তাদের ঘরের কাছে এসে এ সময়ে অমন করে বাঁশি বাজাচ্ছে।

একটু অপেক্ষা করে হোলা ফিরে শুয়ে পড়লো। বাঁশি বেজেই চলছে। মধ্য আকাশে চাঁদ উঠে গেছে, তখনো বাঁশির সেই করুণ সুরের বিরাম নেই। হোলাকে যেন বাইরে বেরিয়ে আসতে ডাকছে সে সুর। কিন্তু তবে লজ্জায় সে আসেনি। চুপ করে বুড়ি মায়ের পাশে পড়ে রয়েছে। বাঁশির গান শুনতে শুনতে রাত কাটিয়ে দিয়েছে।

এমনি ভাবেই দিনের পর দিন কাটছে। একদিন হঠাৎ এক দুর্ঘটনায় পড়ে গেল হোলা। মাচোর চোখে না পড়লে তার আর সেদিন বাঁচার কোনো সম্ভাবনাই ছিল না।

অতো বড়ো প্রকাণ্ড বন। বাঘ-ভালুক ও অন্যান্য হিংস্র জন্তু জানোয়ার সেখানে আছেই জানা কথা। তবু হোলা বা তার মাকে যে কখনো তেমন কোনো জন্তুর কবলে পড়তে হয়নি সে নেহাৎই ভাগ্যের কথা।

যথারীতি সেদিনও সকালবেলা কাঠ কুড়োতেই বেরিয়েছিল হোলা। হঠাৎ একটা প্রকাণ্ড বাঘের মুখোমুখি হয়ে ভীষণ রকম সে ঘাবড়ে গেল। কিন্তু ঘাবড়ালে চলবে কেন, বাঁচতে হবে। যেমনিভাবা, অমনি দে-দৌড়।

প্রাণপণ ছুটছে হোলা। তবু বাঘটা তার একেবারে প্রায় গায়ের ওপর এসে পড়ার উপক্রম এমন কি বাঘটা তার থাবাও মাঝে মাঝে তুলে ধরছে। তা চোখে পড়তেই জীবনের আশা ছেড়ে দিতে হয় হোলাকে মায়ের কথা মনে পড়ে কে তার মাকে এখন বাঁচাবে! ভাবতে দিয়ে পা দুটো তার অবশ হয়ে আসে বাঘটা সেই সময়ে ঝাঁপিয়ে পড়ছিল তার ওপর। কিন্তু সেই মুহূর্তেই বাঘটার সামনে এসে দাঁড়িয়ে পড়লো এক দুঃসাহসী যুবক। হাতের শিকার হারিয়ে কিন্তু জন্তুটা তখন ঐ যুবকটিকেই আক্রমণে উদ্যত। তৎক্ষণাৎ ভয়ঙ্কর বর্শাবিদ্ধ হয়ে ভূতলশায়ী হতে হলো বাঘটাকে।

ব্যাঘ্র-বিজয়ী যুবক তখন ঝুঁকে ঝুঁকে বার করলো সেই পলাতকা তরুণীকে। সেই

অরণ্য-নদীর কাছাকাছি দিয়ে এক পাথর খণ্ডের ওপর হোলা অজ্ঞান অবস্থায় পড়ে-ছিল। তার চোখেমুখে জল ছিটিয়ে দিয়ে মাচো তার জ্ঞান ফিরিয়ে আনলো এবং তাকে নিয়ে তাদের বাড়িতে পৌঁছে দিয়ে এলো।

মাচোর সঙ্গে হোলার বেশ জানাশুনো হয়ে গেল সেই থেকে। জঙ্গলে কাঠ আনতে গিয়ে তারপর থেকে প্রায়ই হোলার দেখা হতে যায় মাচোর সঙ্গে। তার নদীতে নাইতে গেলেই সে দেখতে পায় মাখানকে। বেশ জানশোনাই তার দিন কাটতে থাকে।

এর মধ্যে আবার আরেক ঘটনা ঘটে বসলো।

হোলা সহসা একদিন অসুস্থ হয়ে পড়লো। এমন অসুখ যে সে আর বের হতে পারে না। একদিন যায়, দু দিন যায়, তিনদিন যায়—মা ও মেয়েকে না খেয়েই থাকতে হয়।

শেষ পর্যন্ত পেটের জ্বালায় বেরুস হয়ে পড়তে হলো দু' জনকেই। জীবন থাকতে জীবন নেই এমনি অবস্থা!

কিন্তু হঠাৎ চুলুনে যেন আগুন জ্বলছে! প্রায় অচেতন অবস্থায় আগুনের আলোর একটা রেশ যেন হোলা অনুভব করলো। তখন সন্ধ্যা রাত। আবার নিস্তেজ হয়ে ঝিমিয়ে পড়ার পর মুহূর্তেই তার মনে হলো মিষ্টি সরবৎ-এর মতো কিছু যেন তার গলা দিয়ে গড়িয়ে যাচ্ছে। তার পরেই আস্তে আস্তে তার জ্ঞান ফিরে আসতে থাকলো। সে অনেকখানি সুস্থ হয়ে উঠলো কিছুক্ষণের মধ্যে।

চোখ মেলে তাকাতেই হোলার নজরে পড়লো আর একটি সুন্দর যুবককে। তাকে খাওয়ানো শেষ করে টুক করে সে বেরিয়ে চলে গেল। সঙ্গে সঙ্গে হোলার মনে পড়ে গেল মাখান আর মাচোর কথা। ওদের দু'ভাইয়ের সঙ্গে এ যুবকটির অনেক মিল। তবে কি এও ওদের আরেক ভাই?

না, সে চিন্তা এখন নয়। হোলা তাড়াতাড়ি মায়ের দিকে পাশ ফেরে। মায়ের ঠোঁট নড়তে দেখে আশ্বস্ত হয় সে। ঘরে একটি আলো জ্বালিয়ে রেখে গেছে সেই অজ্ঞাত যুবকটি। সব অন্ধকার দূরে সরিয়ে রেখেছে সেই আলো। আশায় উজ্জীবিতা হয়ে ওঠে হোলা।

কিন্তু পরদিন উঠে সে কি রান্নাবান্না করতে পারবে?

প্রশ্ন মনে জাগলেও কোনো দুশ্চিন্তাই করতে হলো না হোলাকে। পর পর কয়েকদিন ধরেই সেই অজানা তরুণটি আসে, মাকে ও মেয়েকে খাইয়ে দাইয়ে চলে যায়।

কথা বলার মতো শক্তি তখনো ফিরে পায়নি হোলা, তাই যুবকটির নাম-পরিচয় জিজ্ঞেস করাও তার পক্ষে সম্ভব হয়ে ওঠেনি।

এদিকে চার দিনের দিন যুবকটি আর মা-মেয়েকে খাইয়ে দিয়ে যায় নি। খাবার-দাবার গুছিয়ে দু'জনের পাশে দু'টি বাটিতে রেখে গেছে। নিজেদেরই চেষ্টা করে খেতে হয়েছে দু'জনকে।

হোলাদের বাড়িতে তারপর অনেকদিন আর আসেনি ঐ ছেলেটি। কিন্তু এমন করে যে তার এবং তার মায়ের জীবন রক্ষা করেছে সেই তরুণকে বার বার হোলার মনে পড়েছে।

না, এ সেই বাঁশিওলাও নয় কিংবা তাকে যে বাঘের কবল থেকে রক্ষা করেছিল সে যুবকও নয়। চেহারায় তাদের সঙ্গে মিল থাকলেও সে নিশ্চয়ই অন্য কেউ। সেই তাদের বাড়িতে বেশ কয়েক দিনের রান্নার কাঠও জোগাড় করে রেখে গিয়েছে। এমন দয়ালু মানুষকে হোলা একবার ধন্যবাদ জানাবারও সুযোগ পাবে না?

সে সুযোগ পেতে অবশ্য খুব বেশী দেরি হয় নি।

ঘরের জমানো কাঠ কয়েকদিনেই শেষ হয়ে গেছে। বাধ্য হয়েই তাই কাঠ কুড়োতে বের হতে হয়েছে হোলাকে। খেয়ে দেয়ে সে তখন অনেকটা মজবুত।

বনের মধ্যে ধীরে ধীরে কাঠ কুড়িয়ে চলছে হোলা। খুব কাছেই কে যেন কুড়ুল দিয়ে গাছ কাটছে, শোনা গেল। লতাপাতার ফাঁক দিয়ে হোলা দেখতে পেল সেই বলিষ্ঠ মাচোকে যে তার জীবন বাঁচিয়েছিল বাঘের থাবা থেকে। মাচোকে দেখা মাত্র তার বুকের মধ্যে কেমন একটা কাঁপুনি শুরু হয়ে গেল, তার চোখ মুখ দিয়ে যেন আগুন বেরুতে লাগলো। হোলা অনেকক্ষণ মাচোর দিকে তাকিয়ে থাকলো সে যখন গাছ কাটতে কাটতে এগিয়ে চলছিল।

কিছু দূর গিয়েই মাচো বেশ জোরে জোরে কাকে ডাকলো, ছাগো ভক, ভক। কোথায় গেলে, চলো এবার বাড়ি ফেরা যাক।

মাজক ছুটে এলো। এসেই বললে, এতো শীগ্‌গিরই আজ বাড়ি ফিরবে মাখান দা?

হ্যাঁ চলো ভাই, কড় আসবে মনে হচ্ছে।

সমস্ত কথাই শুনলো হোলা। বুঝতে পারলো, ওরা দুই ভাই। ওদের নামও জানা হয়ে গেল তার।

এর পর থেকে রোজই রাতে তিন ভাই একই সঙ্গে হোলাদের বাড়ির কাছে চলে আসে। মাখান করুণ সুরে বাঁশি বাজায়। সে বাঁশির শব্দে ঘোর না ঘুলে পারে না হোলা। দূর থেকে তিন ভাইকেই সে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখে। প্রত্যেকটি ভাই-ই ওপী। কাকে সে বেছে নেবে তিন জনের মধ্যে? কাকে বরমালা দেবে?

সব ঘটনা মায়ের কাছে খুলে বলেছে হোলা। পরিষ্কার করে তার সমস্যার কথা বলেছে। কিন্তু বুড়ি মা শুধু হেসেছেন মেয়ের মুখে তিন ভাইয়ের গল্প শুনে, মেয়ের সমস্যা সমাধানের কোন আভাষই দিতে পারেন নি।

ভেবে ভেবে আবার গুরুতর রোগে পড়ে গেল হোলা। একদিন সকালে চরম অঘটন ঘটে গেল, হোলা অকস্মাৎ শেষ নিঃশ্বাস ত্যাগ করলো। পাহাড়ের গায়ে দাঁড়ানো হোলাদের সেই কাঠের কুটির কান্নায় ভেঙ্গে গেল।

বিষাদ নেমে এলো তিন ভাই-এর জীবনে। বিয়ের কথা আর তারা ভাবতেই পারে না সেই থেকে। প্রতি সন্ধ্যায় মাখান দিয়ে তার বাঁশি নিয়ে হাজির হয় পাথর কেটে হোলাকে যেখানে কবর দেওয়া হয়েছিল সেইখানে। কবরের পাশে

একাকে বসে সে কেবল বাঁশি বাজায় আর সেই সুর আকাশে মিলিয়ে দিয়ে এক অদ্ভুত পরিবেশ সৃষ্টি করে। আকাশের মেঘগুলি থেমে যায়, বাতাসে আর নদীর জলে বরফের শুষ্কতা নেমে আসে। সত্যি সত্যি বাঁশির কান্নার সুরে গোটা অরণ্য এমনি শোকার্ত হয়ে উঠতো যে কোন গাছের একটি পাতাকেও নড়তে দেখা যেতো না। প্রতিদিন ঘণ্টার পর ঘণ্টা এভাবে কাটতো। মনটা যখন একটু পাতলা বোধ হতো তখন মাখান কবর ছেড়ে বাড়ি ফিরতো।

মাচোর শোকেরও অবধি ছিল না হোলার মৃত্যুতে।

অসুখে পড়ে হোলা কেবল মায়ের কথাই দিন রাত ভাবতো। তার যদি কিছু হয়ে যায় কে দেখবে তার বুড়ি মাকে? সেই চিন্তায় অনেকটা দায়িত্ব নিয়েছে মাচো। সে বড় শিকারি। বনের পশু শিকার করে বেড়ায়। রোজই একটা না একটা জন্তু মেরে তার মাংস রান্না করে হোলার মাকে খাইয়ে আসে এবং নিজেরা খায়, আর সেই জন্তুর চামড়াটা নিয়ে হোলার কবরের ওপর ঢাকা দিয়ে দেয়।

দেখতে দেখতে কবরের ওপর বিরাট স্তূপ হয়ে যায় রঙ-বেরঙের সব চামড়ার। ক্রমে ক্রমে চারদিকে সেগুলি ছড়িয়ে পড়ে অনেকটা জায়গা দখল করে নেয়। নানা-রঙের পাখিরা এসে সেই সব রঙীন চামড়ার ওপর বসে, শুরু হয়ে মাখানের বাঁশির গান শোনে। কখনো কখনো মাচোরও তা' চোখে পড়ে।

হোলার জন্যে মাজকেরই কি কম শোক।

প্রথম বারের অসুখে যে হোলাকে সে অনেক কষ্টে বাঁচিয়ে তুলেছে এবং তার মায়ের জীবনও রক্ষা করেছে, দ্বিতীয় বারে তাকে বাঁচাবার কোন সুযোগ পাওয়া গেল না। সেজন্যে দুঃখের শেষ নেই মাজকের। কিন্তু হোলা চলে যাবার পরে কি আর সে করতে পারে তার জন্যে? হোলার কবর স্থান যাতে কখনো অপবিত্র না হয়, পরিষ্কার পরিচ্ছন্ন থাকে এবং হোলাদের চাষের জমিটুকুতে যাতে ভালো-রকম চাষ আবাদ হয় সেই দায়িত্ব নেয় মাজক। ফল-ফসল তো কিছু চাই-ই, বুড়ি মা যতদিন বেঁচে আছেন ততদিন তাঁর নিজের মাঠের ফসলই তিনি ভোগ করবেন, সেটাই তাঁর সম্মানের কথা। কিন্তু মেয়ের জন্যে দিন রাত কাঁদতে কাঁদতে চোখ দুটি তাঁর অন্ধ হয়ে গেছে, আকাশ-মাটি কিছুই তিনি দেখতে পান না। কানেও কিছু শোনেন না। মাচো আর মাজকই তাঁকে দেখাশুনা করে।

মাজক যে হোলার কবরের চারদিক শুধু পরিষ্কার পরিচ্ছন্নই রাখে তাই নয়, এমন ভাবে সে ফুল বাগান করে দিয়েছে কবর ঘিরে সেখানকার ফুলেরা সর্বক্ষণ কেবল কান্নায় নুয়ে থাকে!

আসল কথা, মাখান, মাচো ও মাজক, তিন ভাই-ই হোলার শোকে যেমন মুহ্যমান তেমনি আবার কর্তব্যেও অটল।

যে মেয়েকে তারা তিনজনেই এতো ভালবেসেছে, কি করে তাকে ভুলবে তারা? মুহূর্তের জন্যেও হোলাকে ভোলা সম্ভব হয়নি তাদের পক্ষে।

'কো-কান' গাছে পর পর তিন বার বসন্তের ফুল ফুটে গেল। কিন্তু সেই তিন বছরের মধ্যে বিয়ের কথা ওদের এক ভাইয়েরও মনে আসে নি। ওদের বিয়ের ব্যাপারে শুধু ওদের বুড়ো বাপ মাখনই এরই আক্ষেপের অন্ত নেই। দিন রাত কত কি তিনি ভাবেন আর মাঝে মাঝে দুঃখ করে বলে ফেলেন, বৌ-এর মুখ দেখবো তেমন পুণ্য করে এলে তো আমি বেঁচে থাকতে থাকতে বৌ ঘরে আসবে! তেমন পুণ্য করিও নি, বৌ দেখেও তাই যাওয়া হবে না।

এমনি দুঃখ-বেদনায় আবহাওয়া যখন ভরপুর তারই মধ্যে সহসা এক মজার ঘটনা ঘটে বসলো।

সকাল বেলায় রৌদ্র-ছায়ার খেলা চলেছে পাহাড়ের বুকে। তিনটি তরুণী কোথা থেকে এসে উপস্থিত হলো হোলার মায়ের কাঠের কুটিরে। তাদের তিন জনের প্রত্যেকেই ঠিক যেন একেবারে বসানো হোলা। কিন্তু বুড়ি মাতো চোখে দেখতে পান না, তাই জিজ্ঞেস করলেন, তোমরা কে বাছারা? কি চাও?

একটি মেয়ে বললে, আমরা হোলার ছোট বেলার বন্ধু।

আর একজন বললে, ধান-চাল দিয়ে জিনিষপত্তর কেনার জন্যে আমরাও প্রায়ই সমতলে চলে যেতাম হোলার সঙ্গে।

ও, তাই বুঝি!—বুড়ি মাথা নেড়ে তাদের কথা মেনে নিলেন।

তখন শেষ মেয়েটি প্রস্তাব করলে, শুনতে পেলাম হোলা আর নেই। শুনেই আপনার কাছে ছুটে এলাম। আপনার যদি অমত না থাকে আপনার কাছেই আমরা থাকবো, আপনার সেবা করবো।

সঙ্গে সঙ্গেই তাদের ঠোঁটা অজ্ঞ পড়িয়ে পড়লো বুড়ির দু'গাল বেয়ে। ঠোঁট দু'খানি তাঁর কাঁপতে লাগলো। ঐ অবস্থা দেখে তিনটি মেয়েই চুপচাপ রইলো। অপেক্ষায় থাকলো উত্তরের জন্যে, অনুমতির জন্যে।

ক্রা, আবেগ একটু শান্ত হলে বুড়ি মা খুব ধীরে ধীরে বললেন, এ যে দেখছি তোমাদের গলার স্বর, কথা বার্তা সব কিছুই আমার হোলার মতন। চেহারাও কি তার মতোই নাকি?

সবাইতো তাই বলে।—সমস্বরে জবাব দেয় তিনটি মেয়ে।

তা'হলে তোমরাই আমার হোলার অভাব পূরণ করবে, ভালোই তো। আমার এখানেই থাকবে তোমরা।—বুড়ি মা'র অনুমতি পেয়ে মেয়ে তিনটি ভারি খুশি। এবার একের জায়গায় তিন হোলার মা হলেন বুড়ি মা। হোলা নামেই ডাকতে থাকেন তিনি তাঁর নতুন তিন মেয়েকে।

অন্য দিনের মতো সেদিনও এক জন্তু শিকার করেছে মাচো। তার ছাল ছাড়িয়ে ছালটা যে হোলার কবরের ওপর রেখে দিয়ে মাংসটা নিয়ে বুড়ির বাড়িতে এসেছে রান্না করে বুড়ি মাকে খাইয়ে যাবে বলে।

কিন্তু এ কি হোলার হোলার বাড়ি যে একেবারে সরগরম! তিন হোলার ছলায় বুড়ি মাও যেন তাঁর আসল হোলার শোক ভুলতে বসেছেন। মাচো একেবারে অবাক, এ কি করে সম্ভব হলো!

মাজকের অবস্থাও তাই। সেও মেজদার ঠিক পরে পরেই সেখানে এসে উপস্থিত

এবং অবিকল হোলার মতো দেখতে তিনটি মেয়ের হৈ-হল্লায় একদম বসতে পারে না।

এদের দু'ভাইকে দেখেও মেয়ে তিনটি কিন্তু একটুও দমছে না। বরং এমন ব্যবহার করছে যেন এরা এদের অনেক আগে থেকেই পরিচিত।

একটি মেয়েতো এগিয়ে এসে পরিষ্কার বললে, আপনারা মার জন্যে খাবার দাবার নিয়ে এসেছেন, তাই না? খুব ভালো কথা। খানিকক্ষণ বসুন। বিশ্রাম করুন। আমরা চটপট সব রান্না সেরে ফেলি। তারপর এক সঙ্গে বসে গল্প গুজব করতে করতে বেশ খাওয়া যাবে'খন।

দু' ভাই-ই রাজি।

অল্পক্ষণের মধ্যেই খাওয়ার ডাক এলে খাবার আসনে গিয়ে বসে দু'ভাই। তিনটি মেয়েও এসে বসে এক ধারে।

কিন্তু এই অল্প সময়ের মধ্যে কি করে সম্ভব হলো এতো রকমের রান্না করে ফেলার? মাকখানে ঘরে থরে সব সাজানো মাংসের, তরকারীর এবং দুধের রকমারি সব খাবার। যার যেমন ইচ্ছে নাও, খাও। এই ব্যবস্থা। আর প্রত্যেকটি রান্না কি সুস্বাদু!

মেয়ে তিনটির গুণের কথা ভাবতে ভাবতে আশ্চর্য হয়ে যায়, মাচো এবং মাজক। খেতে বসে গল্পে গল্পে অনেক সময় কেটে গেলেও খাওয়ার পর আর ওরা দু'ভাই বসে থাকে না। বড়দাকে সব গল্প বলার জন্যে দু'জনেই ওরা অধীর হয়ে উঠেছে। তাই খেয়ে উঠেই ওরা নিজেদের বাড়িতে রওনা হয়ে যায়।

বাড়িতে ফিরেই মাচো আর মাজক মাখান-এর কাছে গিয়ে হাজির। সব কাহিনী ওরা এমনভাবে বলে যে মাখানও তাতে অবাক না হয়ে পারে না।

সে আবার কি কথা, এক হোলা তিন হোলা হয়ে বুড়িমার বাড়িতে এসেছে?

সত্যি তাই। বিশ্বাস না হয় চলো, গিয়ে নিজের চোখেই সব দেখবে।—মাজক এক হুকুম দিবিা দিয়েই কথাটা বলে।

মাচোও তাকে পুরোপুরি সমর্থন করে।

মাখান আর কি করবে তখন, সন্ধ্যে বেলা দু'ভাইকে নিয়ে বুড়ি মা'র বাড়িতে যাবে ঠিক করে ফেলে।

সঙ্গে হাঁসিটা নিয়ে যেতে ভুল করে না মাখান।

ওরা যখন বুড়িমার বাড়ির কাছে গিয়ে পৌঁছয় রাত তখন প্রায় এক প্রহর। প্রথম রাতেই খেয়ে দেয়ে তিন মেয়েকে নিয়ে বুড়িমা শুয়ে পড়েছেন। অনেক বয়েস, শোবার সঙ্গে সঙ্গেই ঘুম। কিন্তু ঐ মেয়ে তিনটে কি এতো সহজে ঘুমোয়? কিস্ কিস্ করে ওরা গল্প চালিয়েছে অনেকক্ষণ ধরে। তারপর বেই বাঁশি বেজে উঠেছে অমনি ধড়মড় করে তিনজনেই ওরা উঠে বসেছে, ছুটে এসে দোর খুলে সামনে দাঁড়িয়েছে।

আরে, এ যে সত্যি সত্যি তিনজনেই একেবারে হোলার মতো দেখতে!

চাঁদের আলোয় ওদের তিনজনকে স্পষ্ট দেখতে পেয়ে অবাক হয়ে যায় মাখান। বাঁশির ওপর থেকে মুখ তুলে বিস্ময় প্রকাশ করতেই হো-হো করে ওরা হেসে ওঠে। বলে, বারে আমরাও তো সবাই হোলা, হোলার মতো ছাড়া কার মতো হবো দেখতো?

এরপর আর কোনো কথা বলে না মাখান। ভাইরাও চুপ করেই থাকে।

মাখান এবার বাঁশির সুরের মাধ্যমে আকুলভাবে ডাকতে থাকে তিন কন্যাকে। ওরাও বাইরে বেরিয়ে পড়ার জন্যে অধীর হয়ে ওঠে। সত্যি সত্যি একবার একই সঙ্গে তিনজনে বাইরে পা বাড়ায়। পরক্ষণেই আবার ভয়ে পিছিয়ে যায়, পাছে বুড়িমা টের পেয়ে যান, তখন কি হবে?

মাজক তখন এগিয়ে এসে বলে, ঠিক আছে তোমাদের এখন যাসতে হবে না, আমাদের বাবা এসে তোমাদের সকলকে আমাদের বাড়িতে আদর করে নিয়ে যাবেন।

ঠিক তাই হলো। ছেলেদের কাছে ঐ তিন কন্যার অদ্ভুত গল্প শুনে মাখরুই নিজেই পরদিন চলে এলেন ফি-ইয়াং পর্বতে ঐ বুড়ির বাড়িতে। তাঁর তিন মেয়ের সঙ্গে মাখরুই তাঁর তিন ছেলের বিয়ের প্রস্তাব করলেন।

বুড়িমা এক কথাতেই রাজী। সত্যি কথা, তিনি তো তাই চাইছিলেন। শুধু তাঁর একটা শর্ত, ঘুরে ফিরে এক মেয়ে-জামাই এসে তাঁর কাছে থাকবে।

এ আর কি এমন কঠিন শর্ত? মাখরুই সঙ্গে সঙ্গেই তা' মেনে নিলেন। বাড়িতে ফিরে এসে তিন ছেলেকে ঐ তিনটি মেয়েকেই বিয়ে করতে রাজী করালেন। দিন তারিখ সব ঠিক হয়ে গেল।

এদিকে তিন ভাই-ই হোলার কথা ভুলতে পারছে না। যাকে তারা এমন গভীরভাবে ভালোবেসেছিল সে নেই ঠিকই। কিন্তু তাই বলে তাকে ভুলে গিয়ে তারা কি করে অন্যকে নিয়ে এত সহজে ঘর বাঁধবে? অন্তত কবরের সামনে বসে হোলার কাছে একবার তাদের প্রাণ খুলে ক্ষমা প্রার্থনা করা উচিত।

তিন ভাইয়ের মনে একই সঙ্গে এ চিন্তা এসেছে। যেমনি চিন্তা, তেমনি কাজ। মাখান মাচো আর মাজক একত্র হয়ে চলেছে হোলার কবরের দিকে।

পথে সেই নদী পার হতে হবে তাদের যেখানে হোলা এসে স্নান করতো। সকালের দিকে যে সময়টায় হোলা সেখানে আসতো ঠিক সেই সময়েই তিন ভাই প্রায় তার কাছাকাছি এসে হাজির।

কিন্তু এতো আনন্দ-কোলাহল কেন? এতো কলকাকলি?—সত্যি সত্যি এমনটি কখনো শোনা যায়নি বলেই অত্যন্ত আশ্চর্য হয়ে যায় তিন ভাই। ঝাউ-পাতা সরিয়ে, ঝোপ-ঝাড় পেরিয়ে তারা নদীর পারে এসে দাঁড়িয়েই দেখতে পেল এক নয়, দুই নয়, একেবারে তিন হোলাকে।

আসল হোলার সঙ্গে এদের যে একেবারে হুবহু মিল! নিশ্চয় কোনো একটা রহস্য আছে এর মধ্যে।—এই বলে দু'ভাইকে নিয়ে এগিয়ে যেতে উদ্যোগ করে মাখান।

কিন্তু মেয়ে তিনটি বুঝতে পেরে জল থেকে উঠে 'পক্কি কি মরি' করে এক দৌড়ে বাড়িতে গিয়ে উপস্থিত।

এদেরই কি আমরা বুড়িমার বাড়িতে দেখেছি?

হতেও পারে, নাও হতে পারে।—মাখানের প্রশ্নের উত্তর দেয় মাচো।

হোক না হোক, যেখাই যাক না ওরা কোথায় যায়। চলো ওদের পিছু পিছু।—মাজকের মুখ থেকে এ কথা বেরুতেই তিন কুমার জলে ঝাঁপিয়ে পড়ে' ছোট্ট নদী পেরিয়ে আসে।

মেয়ে তিনটি তখন অনেক দূর এগিয়ে গেছে।

তাতে অসুবিধা নেই কিছু। তাদের ভিজে পোষাকের জলের চিহ্ন ধরে ছুটে চলে তিন ভাই। ছুটতে ছুটতে হোলার কবরের সামনে এসে ওরা থমকে দাঁড়ায়।

জয় প্রার্থনাটা সেরে নেয়া যাক।—এই বলে মাখান কবরের দিকে ঘুরে যায়। মাচো এবং মাজকও বড়দাকে অনুসরণ করে। তারপর কবরের সামনে হাঁটু গেড়ে বসে, হোলার আত্মার তৃপ্তির জন্যে ঈশ্বরের কাছে প্রার্থনা জানায়। তারপর হোলার উদ্দেশ্যে বলে, তারা বিয়ে করতে চলেছে, তার শুভেচ্ছা থেকে তারা যেন বঞ্চিত না হয়। আরো বলে, তার স্মৃতিতে সম্বল করেই তারা তিন ভাই বছরের পর বছর কাটিয়ে দিচ্ছিল কিন্তু বাবা তাদের বুঝো হয়ে গেছেন। তিনি তাদের সংসার পেতে দিয়ে যাবার জন্যে বড্ড ব্যস্ত হয়ে পড়েছেন। আর হোলার মতোই দেখতে তিনটি সুন্দরী মেয়েও পাওয়া গেল—। বুড়িমা'রই তিন পালিতা কন্যা। কাজেই সহজেই সমস্যাদি সব স্থিরও হয়ে গেল হোলা যেন তাদের ক্ষমা করে।

প্রার্থনা শেষ হতেই কোথা থেকে কে যেন বললে, আমি তোমাদের সঙ্গেই আছি।

তিন ভাইয়েরই কানে গেল সেই কথা। মেয়েলী কণ্ঠ। একেবারে হোলার কণ্ঠস্বর! আরেকবার অত্যন্ত আশ্চর্য হতে হলো তিন ভাইকে। কিন্তু সে বিষয় নিয়ে আর কোনো কথা না বলে ছুটে চললো তারা সেই জল চিহ্ন ধরে।

এ কি, অল্প পথে হলেও এতো বুড়িমার বাড়ির কাছেই এসে পড়লাম আমরা!—খানিকটা বিস্ময়ের সঙ্গেই মাচো কথাটা পাড়লো।

হ্যাঁ, তাইতো। জল রেখাতো ওদিকেই চলে গেছে।

ঐতো বুড়িমার বাড়ি। আমরা এসে গেছি।—মাজকের কথার পিঠেই কথা বলে আরো জোর দৌড়তে শুরু করে মাখান। মেজ এবং ছোটও তার সঙ্গে সঙ্গে। কয়েক মুহূর্তের মধ্যেই তারা বুড়িমার বাড়িতে গিয়ে ওঠে। সে বাড়িতে তখন হৈ-চৈ। বহু লোকের চলা। বিয়ে বাড়ি না? দু'দিন বাদেই যে বিয়ে!

কি আশ্চর্য, বুড়ি মা তাঁর দৃষ্টি ফিরে পেয়েছেন! কি সুন্দর সুস্থ সবল হয়ে উঠেছেন! তিনি নিজে এসে তিন ভাইকে আদর অভ্যর্থনা জানালেন। নতুন বৈঠকখানায় ওদের নিয়ে গিয়ে বসতে দিলেন।

তিন মেয়ের বিয়ে হচ্ছে এক সঙ্গে। কত লোকজন আসবে। একটি মাত্র ঘরে কি করে চলবে? বুড়ি মা তাই আরো দু'খানা ঘর বাড়িয়ে নিয়েছেন। একখানা বড়ো বৈঠকখানা ঘর, আরেকখানা শোবার ঘর। এসব নতুন ব্যবস্থা দেখে মাখানরা ভারি খুশি। আর বৈঠকখানায় নিয়ে এসে বুড়ি মা সেই ওদের বললেন, তোমরা একটু বসো এখানে, হোলাদের আমি ডেকে নিয়ে আসছি, এমনি আনন্দে তিন ভাই চিৎকার করে উঠলো।

বড়ো ভাই বললে, মা, আপনি আমার সেই সুন্দরী হোলাকে বলবেন সে খুব ভালো গান গাইতে পারে।

মেজ ভাই বললে, মা, আমি চাই সেই সুন্দরী হোলাকে যে খুব ভালো কাপড় বুনতে পারে।

ছোট ভাই বললে, মা, দয়া করে আমার যদি সেই সুন্দরী হোলাকে দেন সে খুব ভালো চাষের কাজ জানে। তা'হলে আমি খুব খুশি হবো।

বুড়ি মা চুপচাপ ওদের কথা শুনে এবার, খিল খিল করে হেসে উঠলেন। সে হাসির অর্থ যার যেমনটি চাই তেমনটিই সে পাবে। আনন্দে বুড়ি মার চোখ দু'টি জল জল করছিল। মাখান সে চোখের চেহারা দেখে বুঝতে পারছিল, সে আনন্দ কত গভীর।

মুহূর্তের মধ্যে তাঁর তিন মেয়েকে নিয়ে বৈঠকখানায় হাজির করেন বুড়ি মা। তাঁর হুকুম, সেদিন আর তিন ভাবী জামাইকে বাড়ি ফিরতে হবে না। রাতটাও তাঁর কাছেই কাটিয়ে যেতে হবে। মেয়েদের তিনি বলে দিলেন ভালো করে রান্নাবান্না করতে। বললেন, খাওয়ার জিনিষপত্তর অনেক উপহার এসেছে—তিন রকমের মাংস হবে, উড়ন্ত জীবের, বন্য-পশুর এবং জলজীবের। সার যেটা বেশি পছন্দ সে খাবে। তার ওপর সুগন্ধ দম্ভ চালের ভাত আর নানা রকমের ফল ফলাদিতো আছেই।

এতো সব শুনে লোভ হবারই কথা। কিন্তু একেবারে বাড়ি না ফিরলে বুড়ো বাবা চিন্তায় পড়বেন সে কথাটা মনে হয় মাখানের। বুড়ি মা মেয়েদের নিয়ে ঘর থেকে বেরিয়ে গেলে কথাটা বলেই ফেলে মাখান।

মাচো তার উত্তরে বলে, অতো চিন্তায় পড়তে যাবেন কেন বাবা? তিনি তো জানেনই আমরা শিকারে বেরিয়ে কখনো কখনো বাড়িতে ফিরতে পারি না। পরদিন তো ঠিক ঠিক তাঁর কাছে গিয়ে হাজির হই-ই। কাজেই অকারণ তিনি ভাবতে যাবেন কেন? কাল সকালেও হয়ি বাড়ি না যাই তখন ভাবনা চিন্তে পারে।

মেজ ভাইয়ের কথায় নিশ্চিন্ত হয় মাখান। মাজকও। খাওয়া-দাওয়া হৈ-হল্লায় দিন কেটে যায়। রাতেরও প্রায় অর্ধেক। বাকি রাতটুকু মাখানের বাঁশি সবাইকে জাগিয়ে রাখে। সারা জগতের পতি যেন শুব্ধ হয়ে রয়েছে তার বাঁশিতে।

এরই মধ্যে মাচো তার তীর-ধনুক নিয়ে জঙ্গলে গিয়ে দু'টো বিরাট বিরাট শূয়োর মেরে নিয়ে এসেছে। মাজকও একেবারে চুপ করে বসে থাকেনি। বাইরে বেরিয়ে সে মাঠ থেকে রাতারাতি এতো ধান এনে সংগ্রহ করেছে যে তাতে উঠোন ছুড়ে ধানের স্তূপ জমে গেছে।

ওদিকে গান চলছে তো চলছেই। চারদিক থেকেই লক্ষ্মীর হাসি করছে যেন!

হাতে বিয়ের আর একদিন মাত্র বাকি। পরদিন ভোর হতেই মাখানরা ভাই বাপের কাছে চলে যায়। মেয়েরাই প্রস্তুতির কিছুই বাকি রাখেননি। কাজেই নির্বিঘ্নে ও সহজেই বিয়ের পর্ব শেষ হয়ে যায়।

গ্রামবাসীরা মাখানই-এর বাড়িতে বৌ দেখতে এসে সবাই খুশি। সবারই মুখে এক কথা, তিনটি বৌতেই ভারি সুন্দর মানিয়েছে তিন ছেলের সঙ্গে। মাখানইকে সবাই ভাগ্যবান বলে অভিনন্দন জানায়।

সূর্য ওঠে, সূর্য অস্ত যায়। চাঁদ ওঠে

আকাশে, চাঁদও বিদায় নেয়। এমনি ভাবেই দিনের পর দিন কাটে, বছর শেষ হতে যায়। বনে প্রান্তরে, পাহাড়ে অজস্র কোথাও থাকে আবেকবার বসন্তের সমারোহ দেখা গেল, লাল ফুলের। পলাশ জাতীয়) সমারোহ।

এর মধ্যে তিনটি শিশুর মা হয়েছে বাড়ির তিন বৌ। এক এক কোলে এক একটি শিশু। কান্নায় ভরে উঠেছে মাখনই-এর বাড়ি। বুড়িমা'র আনন্দের সীমা নেই—মেয়ে-জামাই আর নাতিদের নিয়ে পরম সুখে তিনি দিন কাটিয়ে চলেছেন।

কিসুর মধ্যে কিছু নেই, হঠাৎ একদিন সকাল বেলা তিন ছোলা ভগ্নী একত্র হয়ে তিন ভাইকে এসে বললে তাদের বন্ধু ছোলার কবরখানায় একবার যেতে। চার বছর আগে যে দিন যে মুহূর্তে ছোলা শেষ নিঃশ্বাস ত্যাগ করেছিল সেই মুহূর্তটি আসন্ন তাই।

ঠিকই তো, ঠিক ঠিক মুহূর্তেই কবরখানায় গিয়ে উপস্থিত হওয়া দরকার। সঙ্গে সঙ্গেই মাখান মাচো এবং মাজক বেরিয়ে পড়লো। তাদের পিছে পিছে তিন বৌও গিয়ে হাজির সেখানে।

অন্ধকার নেমে এলো চারদিকে। প্রবল ধারায় শুরু হলো বৃষ্টি।

সেই বৃষ্টির জলে ভিজে ভিজে কবরের ওপরের চামড়াগুলি ফুলে উঠেছিল। আর তার ভেতর থেকে পর পর কেবলি বিদ্যুতের মতো আলো চমকাচ্ছিল।

তিন ভাই অবাক নিষ্পন্ন। তারই মধ্যে মাখানের স্ত্রী বললে স্বামীর সামনে এসে, ওগো প্রিয়তম, এবার আমার ঘরে' ফেরার পালা। আমাদের খোকনকে তুমি মানুষ করে তোলো। দেখবে, বড়ো হলে খোকন আমার মতোই ভালো গাইবে হবে, আর তোমার মতো বাঁশি বাজিয়ে।

বলেই সে কবরের সঙ্গে মিশে গেল!

মাচো এই দেখে ভয়ে তার স্ত্রীকে জড়িয়ে ধরলে। কিন্তু তার স্ত্রীও বললে প্রায় একই রকমের কথা। বললে, ওগো বন্ধু,

যাবার সময় হয়েছে, এবার আমায় ছেড়ে দাও। আমাদের খোকামনির দিকে নজর রেখো; দেখবে, বড়ো হয়ে সে আমার মতোই ভালো বয়লাশিল্পী হবে, আর তোমার মতো শিকারী।

এ কথা কয়টি বলেই সেও কবরের সঙ্গে মিলিয়ে গেল।

মাজক অস্থির হয়ে তার জীবন সঙ্গিনীর হাত ধরে রাখে শক্ত করে। কিন্তু ছোটবৌ পরিষ্কার ভাবে বলে, প্রিয় জক, প্রিয় বন্ধু —দেখো, আমরা ছোলারই আত্মার তিনটি অংশ। ছোলা তোমাদের ভালো-বেসেছিল, তোমরাও তাকে নানাভাবে খুশি করেছিলে। ছোলার মৃত্যুর পর তার হয়ে কৃতজ্ঞতা জানাতে, তোমাদের সুখী করতে আমরা এসেছিলাম তোমাদের কাছে। সে কাজ হয়ে গেছে। ঈশ্বর আমাদের তিনটি সন্তান দিয়েছেন। তারা বড়ো হবে, মানুষ হবে—সেখানেই তো সুখের শেষ। প্রিয় জক, আমাদের খোকার যেন যত্নের কোনো ত্রুটি না হয়। দেখবে, বড়ো হয়ে সে তোমার আমার মতোই চাষের কাজে অসাধারণ ক্ষমতার পরিচয় দেবে।

সুখের কথা শেষ করেই ছোট বৌও কোথায় অন্তর্ধান হয়ে গেল তার দুই বোনের মতো!

বৃষ্টি তখনো অঝোরে ঝরছে। আর অঝোরে কাঁদছে তিন ভাই ছোলার কবরের ওপর হাত ছড়িয়ে দিয়ে। বৃষ্টির জল আর তাদের চোখের জল একই সঙ্গে মিশে তাক নিম' নদীতে পড়তে থাকলো।

বর্ষণ থামলে মাখান মাচো এবং মাজক বাড়িতে ফিরে গেল। ওদের মুখে সব কথা শুনে সকলেই হতভম্ব।

তিন ভাই-এর মধ্যে কেউই এর পর আর বিয়ে করে নি। কখনো কোনো বিয়ের প্রস্তাব এলে সঙ্গে সঙ্গেই সে প্রস্তাব উড়িয়ে দেওয়া হয়েছে। সেটাই স্বাভাবিক। বাড়িতে যে তিনটি শিশুর আবির্ভাব ঘটেছে সবদিক থেকে তাদের যোগ্য করে তোলা, বড়ো করে তোলাই যে তিন ভাইয়ের বাকি জীবনের একমাত্র লক্ষ্য!

যেন এক পলকের বিদ্যুৎ ঝলকানো ঘয়েরী মেঘের ওপর। ছোটন আর কোড়ো তারপর দুজনেই সেই জায়গাটা দেখছিল। বিকেলটা এত ঝকঝকে রোদে উজ্জ্বল যে ঘাসের নিচে সূঁচ পড়লেও দেখতে পাওয়া সহজ।...

ইচ্ছে করেই ছোটনের পিছনে হাঁটছিল কোড়ো। ওকে দেখতে দেখতে যাচ্ছিল। ছোটনের পোষাক যেমন, ছোটন নিজেও এত সুন্দর হয়ে উঠেছে আজকাল। তা ছাড়া অবাক লাগে, এ পাড়াগাঁয়ে ঘাসের মাঠে ধনেবাদাড়ে এসেও কেমন মানিয়ে যায় ছোটনকে। অবিকল যেন নেচে নেচে ওড়া প্রজাপতি—ছিটকি ফুটকি রঙীন ঝলমলে জামা, আঁটো প্যান্টের রঙ ঘাস ফড়িঙের ডলপেটের মত মেটে-হলুদ, তিতিরের মত ছুটো ছুঁচলো জুতো। কী শোভা খেলে রূপসারির বাঁওড়ে! তবে হঠাৎ থেমে ছোটন যখন কিছু দেখে, কোড়োর গা শিউরোয়। ওর চেহারায় একটা তখন ভাব ফুটে ওঠে। যেন বেলাশেষের মাঠে শিকারেরও শুত্ত কোন শেয়াল—চঞ্চল ছুটো কটা চোখ। অভিভূত কোড়োর চমক লাগে। কী চায় ছোটন? কেন আসে প্রতি শনিবার বিকেলে দূরের শহর থেকে? কোড়ো কিন্তু এমনি করে ভাইয়ের সঙ্গে ঘুরে বেড়িয়ে তার ছেলেবেলাকে কুড়োতে চায়। এও তো সেই পোড়া ঘরার শেষ দিনগুলো। এখন বিলেজঙ্গলে পোকামাকড় সাপ-পিরপিটিনের জোড় বাঁধবার শুত্ত। পাখিরা ডিম পাড়বার জন্যে ঠোঁটে খড়কুটো আনে। এমন দিনে একসময় তারা জোড়বাঁধা ও ডিমপাড়া নিয়ে গভীর উৎসাহে মাথা ঘামিয়েছে। ঘনিষ্ঠ লালপোকা ছুটোকে শুকনো কাঠি দিয়ে উল্টেপাল্টে রহস্যভেদে প্রয়াসী হয়েছে। ঢ্যাবনা-পোখরোর অসংখ্য জড়াজড়িতে ছুঁড়েছে অপঘাতী ঢিল। আফশোসে ফুঁসেছে রূপসারির মাস্তবর মণ্ডলের ছুটি বউর ছুটি ছেলে। কেন তারা দেখতে পায় না বনবেড়াল শেয়াল খটাস বেজি কি তিতিরের জোড়বাঁধা? তারা জঙ্গল ছুঁড়েছে দিনমান। ওদিকে বাঁধের ওপর ঘোড়ার পিঠে মাস্তবর হেঁকে বেড়িয়েছে—হুই কোড়কু ...ছোটকু...উ...উ...অঃ! আওয়াজের শেষটা হঠাৎ উ থেকে অঃ হয়ে গেলে ছুটি সমবয়সী ছেলেই ভয় পেতে গিয়ে হেসে উঠেছে। মাঠের রাজা মাস্তবর।

জায়গাটা কয়েকশো একর অনাবাদী মাঠ। নদীর অববাহিকা—প্রতি বর্ষায় বানের জলে ডুবে যায়। এখানে ওখানে ব্যানা-কাশের ওপর জন্মে ফুল শেয়াকুল নাটা-কোপ। কোপের ওপর লতাপাতার ঘন বুনোট। মাকড়সার জাল। সাপের খোলস উড়ছে। কোথাও বাবলা কি শিউলির গাছ। বাবলায় হলুদ ফুল ধরেছে। শিউলির গাছে গুচ্ছগুচ্ছ ঘয়েরী ফুল। তারপর পেটল ঝোপের ঘন বন—তারপরও সে এক ঘোর অরণ্য যেন। হিজল বট শিমুল ডাঙুলে জাম—গাছ আর গাছে মেশামেশি একাকার। জায়গায়-জায়গায় খানাখন্দ—মাটি ওলটপালট। বড় বড় চাঙড় পড়ে আছে। শাঁওতালদের ক্ষুধার্ত হাতে মাটির বুক এফোঁড়-ওফোঁড়। কত কঙ্কাল আছে এ মাটির নিচে! মোটা-মোটা লতা ওপড়ানো—শুকিয়ে যাচ্ছে পাতা। সেইরকম একটা গর্ত ডিঙিয়ে যাবার সময় ছোটনের পায়ের কাছে কী উঠে এল, নেমে গেল, যেন একপলকের বিদ্যুৎ ঝলকানো ঘয়েরী মেঘের ওপর।

ছোটন আবছা কী শব্দ শুনেছে মাত্র। ডিঙিয়ে গিয়ে পিছন ফিরেছে। সাপই বটে। কিন্তু কী সুন্দর! সে দেখতে লাগল। সাপটা ফাটল না পেয়ে শুকনো লতার ভিতর আস্তে আস্তে হাঁটছে। সন্তর্পনে।

এদিকে কোড়া কাঠ হয়ে দাঁড়িয়েছে

কয়েক মুহূর্ত। তার ঠোঁট কাঁপছে। নিষ্পলক চোখে সটটার দিকে তাকিয়ে সে সাপটাকেই খুঁজল প্রথমে। দেখতে পেল না। এক লাফে এবার সে ছোটনের কাছে এগিয়ে এল। ওকে টানতে টানতে একটু দূরে নিয়ে গেল। তারপর তার কান্না আর থামে না! ছোটন স্তম্ভিত। এখনও এত ছেলেমানুষ হয়ে আছে কোড়োদাটা!

হু হু ফোঁস ফোঁস দুঃখবিকারে কোড়ো অনর্গল কিছুক্ষণ কাঁদে। পুরু ঠোঁটদুটো উল্টেপাল্টে, লাল মাড়ি হলুদ দাঁত চিতাবাঘের মত ধরকুটে, ঘাবড়া নাক কাঁপিয়ে—কী বিচ্ছিরি রকমের কান্না তার। ছোটনের ভারি খারাপ লাগল। আরও খারাপ লাগল, যখন কোড়ো তার দুতোর তলায় আঙুল দিয়ে সাপের দাঁতের ফুটো খুঁজতে থাকল। চামড়া মোটা আঙুল দেখে হাসি পায়। ছোটন মুখ ফিরিয়ে রাখে—পাছে তার হাসি দেখে ফেলে কোড়ো। কোড়ো বলে, উঁ হু হু, কী হত রে ছোটকু! তোকে ছটফটিয়ে মরতে দেখলে আমি কী করতাম …হায়, হায়!

নাঃ। ছোটন তাচ্ছিল্য করে জবাব দেয়। পায়ে-দুতোর ঢাকা আছি না! বরং কোড়োদা, তাজ্জিল, তুই আগে ছিলিনে। কী হত বল্ তো? তুই যে প্রায় নেকেড হয়ে আছিস রে।

সে কথায় কান করে না কোড়ো।… বাবা বাজে না তো রে ছোটকু? যন্ত্রণা হয়? নিমপাতা চিবোবি?

হাসলে কোড়োদার অসম্মান হয়। সে অভিমানী ছেলে। ছোটকু ঠাট্টা করছে জানলে হয়ত এ ব্যানার বনে স্থির দাঁতাবে আজীবন নির্বাক যেন ছড়কাটা বাবলাগাছ। সে এক দমক্কা। সুতরাং ব্যস্ত হয়ে সে বলে, না, না, কিস্যু হয়নি। টেরও পাইনি। তাছাড়া পয়েজনাস স্নেক নয়—দেখলাম তো। ঠোঁকা ফিংবা চ্যামনা।

কোড়ো গামছার খুঁটে এবার চোখ মোছে। ভাঙা গলায় বলে, আমিই তোর কাল নাকি রে! তোকে নিশির ডাক দিই! আর তুই এদিকে আসিস না ছোটকু। আমি হাজার বললেও আসিস না। আমি…আমি তোর মরণ।

ছোটন তার মুখের দিকে তাকিয়ে থাকে একটু সময়। তারপর মিষ্টি মিষ্টি হেসে বলে, তুই আমার দাদা।

এই কথায় কী আছে, একমাত্র কোড়োই জানে—সে আস্তে আস্তে বসে পড়ে, নদীর ঘাটে যেমন করে নৌকা ভেড়ে। তারপর বলে, ঠোঁকা না চ্যামনা বলছিলি। আমি স্পষ্ট দেখেছি, ফণা ছিল সাপটার। সোঁ করে ছোবলাতে গেল তোকে। ছোটন, তোর চোখ থাকে আকাশপানে, আমি মাঠচরা মানুষ, আমার চোখ মাটিতেই থাকে।

নাও, ওঠ। ছোটন ওর হাত ধরে টানে।…ছিঃ, কী বিচ্ছিরি দেখাচ্ছে তোমায়। কাপড়চোপড় ঠিকঠাক করে পরো।

টানাটানিতে কোড়ো উঠেছে। উঠে সে বলে, দিবি কর্ তো ছোটকু, বাড়ি ফিরে একথা বলবিনে কাকেও।

বেশ তো, বলব না। ছোটন ঘাড়িতে জবাব দেয়। পা দুঁতে থাকে কোড়োর।

কোড়ো বড়বড় চোখে তাকিয়ে বলে, তোর মা শুনলে ভাববে আমি বিষয়সম্পত্তির লোভে তোকে…

বাধা দিয়ে ছোটন বলে, সাপটাতো তোমার পোষা নয়।

কে জানে! বলে হঠাৎ কোড়ো সামনে তাকিয়ে কয়েক মুহূর্ত কের নিষ্পলক—তারপর বুকের পাশে এগোচ্ছে। সামনের ঝোপে একটা বুলবুলি ছিল। সে উড়ে গেল। কয়েকটা শালিখ ছিল। ট্যা…অ্যা…অ্যা…অ

আজ হঠাৎ এমন হয়ে গেল কেন সে ? কেমন বিভ্রান্ত, অপোগণ্ড-আর প্রাংটোও !

• • •

অবশ্য বনেবাদাড়ে এলেই কোড়োকে কেমন যেন ন্যাংটো দেখায়, ছোটন তা আগেও লক্ষ্য করেছে। সেটা খুবই স্বাভাবিক ব্যাপার। যে-বয়সের হোক না কেন, নিরিবিলি গাঢ় লতাপাতার ভিতর কেউ ন্যাংটো হলেও কারুর কিছু বলার নেই। দেখলে তো বলবে! তাছাড়া কোড়োর চেহারায় যা-ঘটছে-ঘটতে-যাওয়ার একটা স্বাধীনতা আছে। বড় বড় চুলে মাথাটা তার কাকড় মাকড়, খেজী বেশ কয়েক জায়গায় টুটা কাটা, ধুতি ময়লা তো বটেই—প্রথমদিকে দখের বশে আজানুলম্বিত থাকলেও কখন উরুর উপর জড়িয়ে যায়—পায়ে মোটরের টায়ারে তৈরী চল্লিশ পয়সা দামের স্যাণ্ডেল; অথচ তার বাবাই গাঁয়ের মণ্ডল—যার সবচেয়ে বেশি চাষের ক্ষেত আছে। দুকোড়া বলদ আছে। আর আছে দুটো বউ। একটার পেটে কোড়ো, অন্যটার ছোটন। তার ওপর বিলপারের এই সামান্য গাঁয়ে চাষাভুষো মানুষদের একমাত্র ছেলে ছোটন, যে ইদানীং দুবছর ধরে শহরের কলেজে পড়ছে। সুতরাং কোড়োকে কেমন খাপছাড়া দেখায় এটা ঠিক। ঘাসের জঙ্গলে চলতে চলতে সে হঠাৎ দাঁড়িয়ে গেলে কঞ্চিকাটা বাবলা গাছ দেখায়। আক্ষেপে কোড়োর মানী বাবা মানুষকে মণ্ডল বলে, ওটা কি মানুষ ? ওটা গাছপালা।

এক রাজা—তার দুই রাণী। সুয়োরাণী আর দুয়োরাণী। মানুষকে তেমনি রাজা হবে।

এইরকম একটা সংসারের দুই যুবক ছেলে কোড়ো আর ছোটন। দুই ভাই—সৎ কিন্তু সমবয়সী প্রায়, দুদিনের আগপিছু জন্ম, তাই বন্ধু। অতি ঘনিষ্ঠ বন্ধু। যারপরনাই দুজনের অন্তরঙ্গতা। পরস্পর দুজনের ঘর সামনাসামনি হাট করে খোলা। তাই এক ঘরের ভিতর দিয়ে বাতাস এসে সামনের ঘরের ভিতরও কিছুক্ষণ ছটফটিয়ে যায়। প্রতি শনিবার ছোটন শহরের হোস্টেল থেকে ছোট লাইনের ছোট গাড়ী চেপে ছোট্ট স্টেশনে নেমে হাঁটে দুমাইল বিলঝাঁদর ভেঙে বাড়ি আসে। মাঠেই দেখা হয় পরস্পর। হয়ত তখন সবে কোড়ো ক্ষেতে মই দেওয়া সেরেছে, সেরে বীজের ঝুড়ি কাঁখে ধরে বাবার চোখেই ঘুমের নরম শান্ত ঠাণ্ডা আর ফুলন্ত সেই ক্ষেত—যা কুমারী চাষামেয়ের প্রসূত শরীরের মত দেখায়, কোড়ো তাকে দেখছে। হঠাৎ ছোটনের হালকা খুসির ডাক এল সেই দমস্ত পুরের হাওয়াছ ভাঙচুর : কোড়োদা, কোড়োদা রে ! বাস, বড় বড় হলুদ দাঁত খুলে কোড়োর নক্ষত্রহীন অবাধ হাসি। আনন্দ। আমন্ত্রণ। আয় রে আয়, ছোটকু আয়···এই বলে সে লম্বা কয়েকপা এগিয়ে আলের ওপর দাঁড়ায়। তখন ছোটনের কী মনে হয় ? তার মনে হয়, এই যে শরীরে মনে লেগেছে মুক্ত হাওয়ার বেগ, এই যে বিহ্বলতা—পাখি এমনি করেই গাছের দিকে উড়ে যায়।

কোড়োকে লেখাপড়া শেখানো যায় নি। রেললাইনের ওপারের গাঁয়ে বড় সমৃদ্ধি। স্কুল আছে, ডাকঘর আছে। বাদুন কাহেতে আছে। সেখানে দুটি ভাই লেখাপড়া শিখতে যেত। প্রথম প্রথম পায়ে হেঁটে—পরে ঘোড়ায় চেপে। কোড়োর অল্প বয়সেই ঘোড়ার নেশা, ছোটনের সাইকেলে। মনু মাষ্টারের মার খেয়ে কোড়ো স্কুল ছাড়ল। ঘোড়াটাও চুরি করে নিয়ে গেল পাহাড়দেশের জাঁতা-ওয়ালারা। তারও হঠাৎ কোড়োর মনে পড়ে যায় তার কথা। হায়, এখনও দুষ্ট নিষ্ঠুর সেই জাঁতাওলাদের প্রকাণ্ড সব জাঁতা বইতে-বইতে ঘোড়াটার বুড়ো হতে হতে রুপমারির এক দুধের বাছুরের পালকসমান ওজনটুকু কি মনে পড়ে ? বড়মোল্লানের ধারণা, ঘোড়া চুরি না গেলে তার ছেলে স্কুল ছাড়ত না। আর ওদিকে ছোটন দুয়োরাণীর ছেলে—বয়রমপুর থেকে এসে শেল তরুণ সাইকেল, কুড়িমন ধানও লাগেনি। কোড়ো কিন্তু বাঁজা ভাওয়ার ভাইকে সাইকেল চালা শিখতে যথেষ্ট সাহায্য করেছিল। ভাইয়ের জন্যে তার গর্বের অন্ত ছিল না। আজও নেই। প্রতি শনিবার স্টেশনমাস্টার সরু ডহর পথের আশেপাশে কোন ক্ষেত সে বেছে নেয়। ছিনটের ভাইন দুপুরের খরেরী জঙ্গলের শীর্ষে অতিকায় চামনা সাপের মত গড়বড়িয়ে এসে অপ্রমনস্ক কোড়ো দেখে তার বুকটা কখন ফুলল, আদরের তোলপাড়, তার ভালবাসায় টলটল, কখন কানে শুনবে ভাঙচুর ডাক : কড়োদা রে !···তখন কী হয় কোড়ো ? তখন কোড়ো হয় বিশাল স্থির আর প্রসূত গাছ। যে আসে পাখী, তার জন্যে।

তারপর অনেক কথা হয় দুটিতে। সবরকম কথা। বাছবিচার হীন। সংকোচ-বিহীন। এই জৈষ্ঠে একলা বাবলার হলুদ-হলুদ ফুল ধরেছে। কদিন আগের বিকেলে কিছু বড়জল হয়েছিল এদিকে। তাই জমানো শুঁড়ো দুধের মত কুরো কুরো সাদা মাটির রঙ প্রায় দূসর। নরম ঠাণ্ডা শান্ত সেই মাটিতে কচি ঘাস দলে ওরা বসেছিল কিছু ক্ষণ। ছোটনের অবশ্য পাছার নিচে রুমাল। তার পাশেই পিঁপড়ে বা ঘাস ফড়িং বসলে সযত্নে কাঠি দিয়ে কোড়া সাফ করে। ছুঁচলো জুতোর ডগা থেকে আনমনা আঙুলে ঘষে ফেলে মাটির টুকরো, এবং ব্যস্ত হয়ে ছোটন পা সরালে কোড়ো বলে, মরলা লেগেছিল। সে মনে মনে আরও বলে, এই আমার ভাই ভাইয়ের হাতটা হাতে নিয়ে সে পরখ করে তার দ্রব্যগুণ যেন—যেন তার মনে হয়, ছোটনের শরীরটা দিনে দিনে এত দামী হয়ে উঠছে, যা অতঃপর এই রুপমারির এতবড় মাঠের মূল্যেও কেনা যাবে না। তখন ভয়ে তার পা ছম ছম করে। এই তার ভাই—তাকে আটকে রাখবার আকুল সাধে কোড়ো মনে মনে ছটফট করে। গাছের মতো ছায়ার সুখে নিবিড় নরম স্পর্শের সোহাগে ধরে রাখতে চায় তার আদরের পাখিটিকে।

অথচ এই গাছের কোটরেই ছিল সাপের বাস।

• • •

তখন জঙ্গলের দিক ছেড়ে সাপটা কেন ছুটেছে আবাদী জমির ওপর, এই এক রহস্য। দরকারমত বৃষ্টি হয়নি বলে আউস-পাটের চারাগুলোর ঝাড় নেই।

কদিন আগের রক্তটুকু না পেলে শুকিয়ে মরে যেত এতদিনে সেই সামান্য রসে অল্প কিছু সবুজ রঙ পেয়েছে মাত্র। তাহলেও নীচের মাটি চাওয়ার আলো আপাতত নেই। আর সাপটার রঙ কালো। রোদে পিঠ চকচক করছে। তার দুরোবার চেষ্টা বড় বৃথা। সময়ও পাচ্ছে না তো! সরু আলের বুকে ইঁদুরের গর্ত যা ছিল, জ্ঞানী চাষারা চাষবাসের সুরুতে দিয়েছে বুজিয়ে। নতুন করে জাল বেঁধেছে সাপটা ক্রমশ ভীত হয়ে পড়ছিল। পিছনের পায়ের শব্দ ক্রমাগত এগিয়ে আসছিল।

হুচারবার ছিল বা বড় চাঙড় তার খুব কাছে বা পিঠের ওপর পড়ছে বটে—এ মাটি এত নরম যে সঙ্গে সঙ্গে তা গুলো হয়ে যেত। হাওয়াতে সে গুলো উড়ছে যেন বন্দুকের গুলি ফট্টাস্। এখানে ওখানে একলা দোকলা গাছ আছে—ক্ষেতে ছায়া দেয় বলে তার ডাল কেটে জড়ো করা থাকে। আশপাশ খুঁজে তেমন কোথাও দেখছিল না জোড়ো। তখন মামাসি ভুলে গাল ঠিচ্ছিল কাঠকুড়োনী মেয়েগুলোকে। এ মাঠে একটু-আধটু কাঠকুঠো আর মিলবে না—ওদের হাতের এমন লোভ!

বাবা মানুষের নাকি সাপ মারতে পটু। তার হাতে সবসময় একটা ছোটা ছড়িমতন থাকে—কিংকর হুতোর যোক্তম হবার আগের দিন একটা ভাল ছুলে মাথায় মধুরের মাথা বানিয়ে মণ্ডলকে উপহার দিয়ে দিয়েছিল। মণ্ডল তাই দিয়ে কত সাপ নাকি মারল সংখ্যা নেই। অতি সহজে কি কৌশলে মাথায় ঠুক করে ঘা মারতেই গতর দ্যাপটে সাপযোগ অজ্ঞা! পড়ার কোন ঘরে সাপ ধরতে বেদের বদলে মণ্ডলকেই ডাক পড়ে। তার ছেলে এই জোড়ো সে হন্যে হয়ে সারা মাঠ দৌড়চ্ছে একটা সাপের পিছনে। ধিক্ জোড়ো, তোকে ধিক্!···নিজেকে এভাবে ধিক্কার দিয়ে সে ছুটছিল। মাঝে মাঝে ঢিল লেগে সাপটা কোঁস করে ফণা তোলে। ঘাড় কাৎ করে তাইনে বা বাঁয়ে ছোবল মারে। ফসলের পাতায় বুঝি গরল

ঢালতে ঢালতে যায়। সারা ফসলের মাঠ বিষিয়ে দিল যে! সব পুড়ে যাবে বিষে। উঃ হু হু আওয়াজ জোড়োর গলায়, ত্রাসের শিহরণ, চুল খাড়া! ক্রমশ সে ক্ষেপে অস্থির,) চকমার চাপচাপ ফেনা, চোখদুটো লাল,—যেন তাকে সাপে কেটেছে। ছটফট করে সে। বিড়বিড় করে—তুই, তুই ওকে সংসারে চেয়েছিলি!

এবার সাপের গতি ডাইনে অর্ধ-বৃত্তাকার। কোথায় যেতে চায় সে? ওদিকে নদীর ধরা সোতা—যার নাম বাঁওর। এক জায়গায় বহুকাল আগে পাড়ের কিছুটা বসে ডোবার মত হয়ে আছে। মাঠচরানী মেয়েরা বাঁওরের জল থেকে খাদটা পৃথক করে রেখেছে। উঁচু কাদার বাঁধ দিয়েছে। সন্ সন্ করে সাপটা গিয়ে নামল সে পাঁকগোলা গাঢ় হলুদ জলে। সদ্য মাছধরার চিহ্ন পাড়ে। সাপটা বেশ কিছুটা সাঁতার কেটে গিয়ে ডুবল। জোড়ো ঢিল হাতে তৈরী। মাথা তুলতেই ঢিল ছুঁটল সে। ডুবে গেল ফের। তারপর আর অনেকটা সময় কোন পাত্তা নেই তার। তখন জোড়ো পাড়ে বসে পড়ল হাতের কাছে প্রচুর কাদা। টেক্কেমাত্র ছোঁড়া যাবে! হুঁশও এলোমেলো। মন মন ঢেউ উঠল। বৃত্তাকারে মিলিয়ে গেল চার পাশে।

বুক শুধা লাগে। বড় তেষ্টা খু খু ফেলার মত আঠালো। সারা গায়ে ঘাম জোড়োর। আস্তে আস্তে সে ক্লান্তি টের পেতে থাকে। রক্ত ঠাণ্ডা হয়ে আসে। ঘুম পায়। ঘোলাটে চোখে আধবুজা মানুষের মত বসে থাকে জোড়ো। কত কী মনে পড়ে যায় তার। আবছা সব দৃশ্য। ছেলেবেলা আর ছোটন—তার আদরের ভাই। পাখপাখালি আর পোকামাকড়ের জোড়-বেঁধে থাকা। নীল হলুদ ধূসর নানা রঙের ডিম। বাঁওরের ধারে বা গাঙ পালার ভিতর এইরকম কতদিন ধরে একটা সাপের মত সে কাকে তাড়া করে ছুটে চলেছে। জোড়োর ভয় করে। সে মাথা চেপে ধরে বারবার বলতে থাকে চাপাস্বরে: না, না। আমি কাকেও হিংসে করি না, কারুর ওপর আমার হিংসে নাই।·····

* * *

পিছন থেকে একটা লম্বা ঘুমের ছায়া কখন এল—জোড়োকে ঢেকে বাঁওরের জল পেরিয়ে চলে গেল ওপারে, জোড়ো জানে না। পিছনে ডুবন্ত সূর্য—প্রতিদিন লাল। তাকে ঢেকে ছোটন দাঁড়িয়ে আছে। ডেকেছে, জোড়ো দা। তুই বসে আছিস এখানে? কেন রে?

জোড়ো পিছন ফিরে এতক্ষণে ওকে দেখে নেয়। তারপর গলা ঝেড়ে বলে, ছোটকু এলি?

ব্যাপার কী তোর? ছোটন পাশে বসে পড়ে।···সাপটা মারতে পেরেছিস?

জোড়ো মাথা নাড়ে। আস্তেসোস্তে বলে, না রে ছোটন, না। ও আমাকে পাগল করেছে! ও আমাকে হার মানাল রে।

তবে বসে আছিস কেন?

ভাবছি।

কী ভাবছিস?

তোর কথা।···এই বলে খুকখুক করে কাসির মত একটু হাসে জোড়ো।

ছোটন ওর গলা বেড় দিয়ে বলে, আমার কথা ভাবছিস! সে কী রে জোড়ো দা?

ছোটকু, ফুলির কথা তোর মনে পড়ে?

ফুলি? কে সে?

ফুলরা।

ও, হ্যাঁ। ফুলরা।

আমরা দু ভাই মিলে তার সঙ্গে জোড় বাঁধা খেলতে চেয়েছিলাম, না রে ছোটকু?

ছিঃ জোড়ো দা। লজ্জা দিও না। এখন আমরা বড় হয়েছি।

জোড়ো কান না করে বলে, তুই আমার আদরের ভাই। তোকে দিলাম আগে জোড় বাঁধতে। তারপর আমার পালা। কিন্তু যাবার মুখে হঠাৎ তুই বলে উঠেছিলি, ওই রে, বাবা খুঁজতে বেরিয়েছে!···আমি ভয় পেয়ে পালালাম। আমার জোড় বাঁধার সাধ যেন মনে। ফুলরাকেও আর কোনদিন পেলাম না। তুই কি তাকে বারণ করেছিলি ছোটকু? নাকি ও তোকেই পছন্দ করেছিল? আমাকে বুঝি ঘেন্না হত তার।

ছিঃ, কোড়ো দা। এতদিন পরে ও কথা তুলো না। আমার লজ্জা করে।

আমার করে না। বলে অকারণ দাঁত বের করে একবার হাসে কোড়ো।...সত্যি ছোটন, আমার জানবার ইচ্ছে করে। ভাবি প্রতি শনিবার তুই আসিস—বলব কথাটা। বলা হয় না। বয়স আমার মুখ চাপে। আজ সেই বয়সটাকে পাল্টা চেপে তোকে বলতে পারছি ছোটকু। সত্যি বারণ করেছিলি? নাকি ওর বেলা হত? আঃ, আমার সাধ মেটেনিরে ভাই।

ছোটন তার গলা ছেড়ে দিয়ে আলগোছে একটা ঘাস ছিঁড়ে দাঁতে কাটতে থাকে। বলে, সে-সাধ তোর কারুর কাছে কি মেটেনি একবারও?

নাঃ। ফুলরা ছাড়া আমার সাধ কই ছিল? দেখি না, জানি না। আমি এত কুণ্ঠিত, এক সাধ দুই করতে ভয় পাই।

পাগল! তুমি এত ভালো কোড়ো দা, এত সুন্দর! আমার চোখে তো বটেই! তুমি চুপ করো। অন্য কথা বলো। আরো কত কথা থাকে—সেইসব কথা বলো।

বলি।...একটু চুপ করে থেকে কোড়ো বলে, আচ্ছা ছোটকু, বাঁওরের বাঁধের দরখাস্ত তুই লিখেছিস?

হ্যাঁ। কেন?

বাঁধ দিয়ে কী হবে রে?

বাঃ। তোর—তোদের সবারই মঙ্গল হবে। ফসল ফলবে। জঙ্গল সাফ করে জমি পাবি তোরা। তুই তো চাষবাস করতেই ভালবাসিস, কোড়ো দা। বাসিস না?

বাসতাম। এখন আর বাসি না।

কেন রে?

আমি জানি.....হঠাৎ থেমে যায় কোড়ো।

কী জানিস?

শুনবি?

বা রে। শুনব না কেন?

তোর মাও জানে সব। আমার মা বোকা মেয়ে, টের পায়নি। এখনও পায় না। আমি কিন্তু জানি সব। জেনে...

ছোটন ওর কাঁধ ধরে শক্ত আঙুলে। বলে, কী, কী রে কোড়ো দা? থামলি কেন? বল্।

তোর মা আমার মা বটে। তবে আমার মা সেজী—আমি যার ছেলে!...হাসতে হাসতে কোড়ো বলে, তোর মা রূপসী মেয়ে। তুই তার ছেলে। তুই দেবতাদের মত সুন্দর, আমি অসুরেরও অধম।...ছোটকু, তোর রূপসী মায়ের নামেই মণ্ডলের সব সম্পত্তি দাসখতে বাঁধা! এ সেই জোড় বাঁধবার খেলা রে ভাই।

স্তব্ধ হয়ে থাকে ছোটন। তার পরে বলে, তুই সত্যি বলছিস?

সত্যি ছাড়া মিথ্যে না। তোকে কোনদিন মিথ্যে বলিনি ছোটকু। একদিন তুই হবি এ মাঠের রাজা।

ছোটকু লাফিয়ে ওঠে। চিৎকার করে বলে, না, না, না! ওসব মাঠ-ঘাট আমি ভালবাসিনা! আমি যাই!

কোথায় যাবি?

বাবার কাছে যাব। আশ্চর্য কোড়ো দা, তোর চেয়ে বোগা মানুষ আর কে আছে রে, যে মাঠের মালিক হতে পারে?

বোস্। হাত ধরে টানে কোড়ো।...বাবার জীবরতি—বাহাত্তুরে ধরা। তুই-আমি যুবাপুরুষ বটে। বোস্। আরও কথা আছে। এতদিনের কত না বলা কথা আছে, ছোটন। সে বড় বিষম কথা ভাই।

পাশাপাশি দুটো ছায়া তখন অন্য এক বিশাল ঘুসর ছায়ায় মিশে গেছে। আকাশে ফুটছে নক্ষত্র। দুই ভাই পরস্পরকে ছুঁয়ে নির্বাক বসে থাকতে-থাকতে চোখ ভাসিয়ে জল উপচে আসছে। মুখোমুখি দুটো দরজা খোলা ঘর। যান এলে দুটোই ভাসে।

• • •

এক ঘর পেরিয়ে যান গেল সামনের ঘরে—দরজাটা হাট করে খোলা তারও। তখন কোড়ো বলে উঠল, আয় ছোটন, অনেকদিন পরে তোকে আদর করতে সাধ যায়। এবং যানের মত আদর এসে সাপের মত লম্বা আর কুটিল হতে হতে ঠাণ্ডা হতে হতে, ক্রমশঃ শীতকায় হতে হতে, ছোটন হাঁফায় আর বলে, উঃ, ছাড়, ছাড় কোড়োদা মরে গেলাম যে! আদর বাড়ে। বাড়তে থাকে। বিশাল হয়। আঁটো হয়। প্রবল চাপে ফুসফুস ফাটিয়ে ফেলে। ছোটনের নাক দলিয়ে অন্ধকারে যেন মদির মত রক্তের স্রোত ধারায় হাত ভিজে যেতে থাকে কোড়োর। প্রকাণ্ড থাবড়া হাত। লাঙলের মুঠোধরা কোদালের বাঁট ধরা কঠিন বলবান হাত। পাখির মত হটফটায় মাকড়ের মণ্ডলের দ্বিতীয় পক্ষের রূপবান ছেলে। আর তার শহরে ফেরার আশা করা যায় না। কলেজে পড়েই বা কী হবে? রূপমারির মাঠে-বাঁওরে প্রতি শনিবার বিকেলে তার ছেলেবেলার সঙ্গে লুকোচুরি খেলবার সময়, সারাক্ষণ তাকে অনুসরণ করেছে যে সাপ তার প্রথম ছোবল লক্ষ্যভ্রষ্ট হলেও, দ্বিতীয়টা ফস্কাল না। সামান্য দু চার ইঞ্চির এদিক-ওদিক মাত্র। এতক্ষণে লক্ষ্যটা ঠিক হল।...

তারপর অনেক রাতে টলতে টলতে ফিরেছে কোড়ো। লণ্ঠনের আলোয় বড় মোক্ষম ছেলের মুখ দেখে অবাক। যেন কড়ছলে ক্ষেতে বীজধান ছড়িয়ে ফিরল এতক্ষণে। এত ক্লান্ত আর হতশ্বাস! তবু বলে, খিদে নেই। ঘুমুবো:—বড় ঘুম আসে মা!

ঘুমিয়ে কোড়ো ছাড়া দেখে ছোটনকে। রূপমারির বাঁওরের পাড়ে নিরিবিলি মাঠে সে স্টেশনের পথ ভুলে গিয়ে শুধু কোড়োদাকেই ডাকছে। কোড়ো সাড়া দিতে যায়—পারে না। তাই গোঙায়। গোঙানি শুনে মা তাকে জাগিয়ে নিলে কোড়ো ঠাণ্ডা শরীরে নিঃসাড় পড়ে থাকে। তেষ্টা পেলেও জল চাইতে ভয় পায়। কারণ, কোড়োর সাড়া পেলে ইকে বলে উঠবে, তুই আমার সখা! কে সখা তার? যে সখা সে চিরজীবি রূপমারির বাঁওড়ে। খোলসে ওড়ে তার পতাকা।

এর পর সবটাই জেলার কাগজে আইন আদালতের পাতায়। সেখানে সাপটার কোন উল্লেখই থাকছে না।



রাতে খুব বৃষ্টি হয়েছে। সুভাষ ট্রেনে জানালা বন্ধ করে বসেছিল। নিয়োগ পত্র এবং সঙ্গে একটা চিঠি। কোন স্টেশনে নামতে হবে, তখন কটা বাজবে, কোন গাছটার নিচে ওর জন্যে একটা বয়েলের গাড়ি থাকবে, সব ঠিকঠাক লেখা। সুতরাং বার দুই হাতে সে তার সিটে বসেই যেন সেই রাস্তার গাছপালা এবং যে পথ ধরে ওকে যেতে হবে সব খুবই দেখতে পাচ্ছিল। তারপর কখন ঘুম এসে গেছিল সে টের পায়নি। যখন জাগল ভিতরে একটা ভয়। বুঝি ট্রেন ওকে নির্দিষ্ট স্টেশন ফেলে দূরে নিয়ে এসেছে। সে তাড়াতাড়ি উঠে বসল। জানালা খুলে দিল। এখনও রাত এই বর্ষার মাঠে চুপচাপ জেগে আছে। আছে। সে বুঝল ট্রেন এখনও ওর গন্তব্য স্থলে পৌঁছায়নি। ট্রেন লেট না থাকলে, স্টেশনে পৌঁছানো মাত্রই সূর্য উঠে যাবে এমনি বুঝি লেখা ছিল চিঠিটাতে।

বেশ সময় মত এই ট্রেন ওকে একটা স্টেশনে পৌঁছে দিয়ে গেল। রেল লাইনের এ পাশে গ্রাম। ও-পাশে বন। বিল। কতদূর চলে গেছে কে জানে। বিলের নাম কি, এত বড় বিলের পাশে তাকে আজীবন কাটাতে হবে ভাবতেই প্রথম কেমন একটু বিহ্বল হয়ে পড়ল। দু একজন যাত্রি নেমেছে। খুব ছোট্ট স্টেশন। ও পাশে একটা বট গাছ, দুটো আম গাছ, এবং একটা শাতকুয়ো। সড়ক চলে গেছে মাটির উপর দিয়ে। একপাশে রেলবাবুদের বাড়ি, এবং কুপথ্য মতো সর্বত্র গাছের জঙ্গল অনেক দিন পর সুভাষ এমন একটা নিরিবিলি স্টেশনে নেমে যেন সে বনবাসে চলে এসেছে, এই বনবাস বুঝি ওর জীবনে নির্ধারিত ছিল, সে বিলের জল দেখতে দেখতে এমন সব ভাবল। বিলের জলে সামান্য ঢেউ আছে। কিছু জেলে নৌকা চলে যাচ্ছে। ওরা এই গাড়িতে কিছু মাছ সহরের জন্য তুলে দিয়ে গেল। আর কিছু পাখি উড়ছিল বিলের জলে। রোদ ছিল। বৃষ্টির পরে রোদ। রোদে এই মাঠ, গাছপালা এবং বিলের জল আশ্চর্য রকমের স্নিগ্ধ। গাছপালা সবুজ, এত সবুজ যে একটা গন্ধ উঠে আসছে। সবুজ গন্ধ।

রেলবাবু বললেন, স্যার আপনি সুর্যপুর যাবেন। আপনার গাড়ি রেডি। বলে বাবুটি হাত তুলে দেখিয়ে দিল।

সুভাষ ভাবল, এই মানুষ তাকে কলকাতার মানুষ ভেবে ফেলেছে। খুব গাঁয়ের স্কুলে সে যাচ্ছে। আপাতত সে স্কুলের প্রধান হিসাবে থাকবে। অস্থায়ী। টেনিং প্রাপ্ত হলে সেই বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং আজকাল এই ডাকে করে যেতে হবে। ট্রেন থেকে নামা মাত্র এই মানুষ তাকে চিনে ফেলেছে। এমন অজ পাড়াগাঁয়ে কলকাতার মানুষ আসে এই বুঝি মানুষটার বিস্ময়। সে সুভাষকে টিকিট নেবার ফাঁকে ফাঁকে দেখছিল।

সুভাষকে এই স্টেশনের প্রতিটি মানুষ লক্ষ্য করছিল। রেলবাবুর গায়ে কালো কোট। একজন পানি পাতে, হাতে খালি টিন, সে নীলরঙের একটা জামা গায়ে বাবুর দিকে তাকিয়ে প্রায় যেন গিলে ফেলবে ভাব, এ-কোন দেশ থেকে এল, এমন দেশে কার বাড়ি সে যাবে, তারপর বেট গুনল সূর্য-গাঁয়ের মাষ্টার তখন ফিক করে হেসে দিল, অ বাবু আপনার লাগি একটা গাড়ি লেইগে আছে যান। বলে সেও গাছটার নিচে যে গাড়িটা ছিল, যে ঘোড় দুটো রাত থেকে অপেক্ষা করে আছে, সেদিকে হাত তুলে দিল। সঙ্গে একজন মানুষ যেন, সেই মানুষ এতক্ষণে নেমে এসে বলল, আসুন স্যার। আমি বলাই বাবু, শ্রীবলাই চন্দ্র দাস। ইস্কুলের ক্লার্ক। হেড-পণ্ডিত। মাঝে মধ্যে চিঠিটাও স্যার চালিয়ে দেই। যখন শিক্ষক থাকে না স্যার তখন বলাই দাস সব কাজ করে বেড়ায়। বলেই বলাইচন্দ্র

একটা ঢোক গিলে বলল, কোন অসুবিধা হচ্ছিল স্যার। রাস্তা ঘাট আজকাল ঠিক হয়েছে।

—না। সুভাষ বলাই বাবুকে অনুসরণ করল। গাড়িটার সামনে একটা হ্যারিকেন। বোধ হয় রাতে, সারা রাত আলো জ্বালিয়ে রাখা হয়েছিল, কেউ খেয়াল করেনি আলোটা নেভাতে হবে, তেল নেই, আলোটা ভিতরে ভিতরে জ্বলছে, সুভাষ ওটার দিকে তাকিয়ে বলল, বলাইবাবু হ্যারিকেনটা এই আলোতে জ্বালিয়ে রেখে কি লাভ।

বলাইবাবু জিভে কামড় দিল। এই যাদুন স্যার। বলেই সে এক বয়স্ক পাড়োয়ানকে। অলিমদ্দি বসে বসে তামাক খাচ্ছিল। সে বলল, যাই বাবু।

—আরে ব্যাটা যাই না। রোদের ভিতর বসে আলো জ্বাললে যে মূর্খ লক্ষ্মী পায়।

তা বটেক বাবু। কি বুঝল, কি বুঝল না বোঝা গেল না।- অলিমদ্দি ঘাড় নাড়ল।

বলাই দাস বলল, স্যার অনেকটা পথ। কিছু খেয়ে নিলে হত।

—এখন এই সকালে।

—এই চা টা।

—আমরা কখন পৌঁছাব।

—তা বারোটা হয়ে যাবে। জলে ভাঙ্গার পথ। বর্ষার দিন। বাকিটা আর বলল না বলাই দাস। সুভাষ না বললেও যেন টের পায় এই পথ পাঁচ ক্রোশ চলে গেছে। দুপাশে বন। মাঠ আছে বড় দুটো। তারপর হিজলে ডাঙ্গায় সে চলে যাবে। বড় বড় ঝোড় পড়বে। প্রায় যেন এক দেশ, বহু যোজন দূরে, আলো নেই চাওয়া নেই, কেমন এক দ্বীপের ভিতর সে চলে এসেছে। সুভাষের সেই আবেগ কাজ করছিল, প্রাচীন কলকাতার পথ ঘাট, সর্বত্র অনুর ছবি, সে এমন এক দেশে চলে যাবে, যেখানে রাতে কেবল কিঁ কিঁ পোকা থাকে, তাহুকের শব্দ শোনা যায় এবং খুব গভীর রাত্রিতে নদীতে কোন মাঝির গান শুনতে পাবে—নদীরে তোর উজানী স্রোতে আমারে ভাসাও। এখানে অন্তত সেই ছবি, অনু এবং অসীমের যুগলে ছবি, সে দেখতে পাবে না। সে কি যেন দেখতে পাচ্ছে, তার ভিতরে ভিতরে এত দূরে এসেও সেই কষ্ট কেন, অনুর জন্যগান সে এই সকালের রোদে কোথাও দেখতে পায়ে ভেবে মনের ভিতর আলো জ্বেলে দিল। খুব খুসি খুসি গলায় বলল, বেশ জায়গাটা! আমার খুব ভাল লাগছে বলাইবাবু। বস্তুত এতদূরে এসেও অনুর ছবি তাকে ভাড়া করছে ভাবতে গিয়ে ভিতরে সে কেমন বিষণ্ণ হয়ে গেল।

কিছু খেয়ে নিন স্যার।

—চলুন!

একটা ঘুপচি মত ঘর। কিছু পাকা কলা। একটা কড়াইয়ে বাসি রসগোল্লা কত দিনের। কিছু জিলাপি, তাও বাসি। গরম কিছু ভেলেভাজা। খাস্ত বলতে এই। সুভাষ বলল, আমি শুধু একটু চা খাব বলাইবাবু।

—রসগোল্লা খান।

—আমি খাব না।

—আপনি না খেলে স্যার…

অর্থাৎ যেন বলার ইচ্ছা বলাইবাবুর, আপনি না খেলে স্যার আমি খাই কি করে। সুভাষ মনে মনে বুঝতে পেরে বলল, আপনি খান। আপনি রসগোল্লা নিন।

—আপনি স্যার ভাববেন না। খুব ভালো। খাটিক নাম। ওর বাবা জটিলার হাতে রসগোল্লা কারিগরের বাবুরা, অনু বাবু রস বাবু—সে একেবারে অজ্ঞান। পূজা পার্বণে জটিলা, উৎসবে ব্যসনে জটিলা বাকিটা যেন সুভাষের বলার ইচ্ছা, কারণ কেন জানি বলাইবাবুকে দেখলেই একটু রসিকতার ঝোঁক হয়। এমনটা কিন্তু ওর কোনদিন হতো না। দমদমাতে রাজবাড়ে …সে এইসব বলে রসিকতা করার স্পৃহা কিন্তু কোনরকমে মন সংবরণ করে বলল, আপনি খান।

—আপনি খাবেন না স্যার। পরে যেন ওর সহসা মনে পড়ে গেল, এই মানুষ এসেছে কলকাতা থেকে। আবেদনপত্রে ওর ভিগ্রি এবং ভালো ফল লাভের কথা সকলে জানে, আর এমন হীরের টুকরো ছেলে যে গ্রামে এমন একটা সামান্য কাজ নিয়ে আসছে—সে এ-অঞ্চলের মহাপুণ্যের ফল। কিন্তু বলাই বাবু একমাত্র মানুষ, যিনি রহস্য খুঁজে পান। খুঁজে খুঁজে কোথায় সেই রহস্যের মূল, কেন এমন মানুষ সহর ফেলে দূরে চলে এসেছে—তার একটা যেন অনুসন্ধান চাই। সুতরাং বলাইবাবু আর কিছু না বলে, কিছু রসগোল্লা গব গব করে খেয়ে ফেললেন।

সুভাষ টাকা বের করে দিল। ওর চায়ের দাম এবং বলাই বাবুর রসগোল্লার দাম।

বলাই বাবু হা হা করে উঠলেন, স্যার এটা আপনি কি করছেন!

—খেলে দাম দিতে হবেনা।

—সব জায়গায় দাম দিতে নেই স্যার। বলে প্রায় জোর করে তুলে নিয়ে এল সুভাষকে।

—গরীব মানুষ…

—তুলে ওর এলাউন্স আছে।

—পাঁচ ক্রোশ দূরে মানুষটা থাকে।

—হাঁ স্যার।

—রোজ আসে যায়।

—না। মাঝে মাঝে আসে, মাঝে মাঝে যায়।

বয়েলের গাড়িতে সুভাষ এই প্রথম উঠতে গিয়ে ছেলেমানুষের মতো ঘিরে হামাগুড়ি দিয়ে ঢুকে গেল। বলাইবাবু সামনে বসলেন গাড়িটা লাইনের ধারে ধারে চলতে থাকল। মাঠে নানা রকমের শস্য বলতে কিছু নেই। শুধু চারিদিকে ধানের জমি। কতদূরে এইসব ধানের জমি চলে গেছে। কত কাল পর সে একটা নতুন পৃথিবীতে চলে এসেছে। উপরে—আকাশ নীল। লাইনের ও-পাশে বিলের জল, জলে কিছু জলপিপি উড়ছে। কিছু পানকৌড়ি ডুবছিল ভাসছিল কোথা থেকে সব পাখিরা উড়ে এসে বিলের ও-পারে যাচ্ছে। রেলের এ-পারে সব জল ক্ষেতে চাষিরা আপন মনে কাজ করছে। কোন ত্বরা নাই কিছুতে। কিছু হিজলের গাছ। গাছে এখন ফুল নেই। ফল ধরেছে। জলে রাস্তায় এবং সর্বত্র সেইসব ফল হরতকির মতো ছড়িয়ে আছে দেখতে পেল।

বলাইবাবু বললেন, স্যার কেমন দেখছেন?

—খুব ভালো। খুব ভালো লাগছে।

—আরও পাঁচ ক্রোশ পথ ভাঙব।

ঐ যে দেখছেন, ওটা হচ্ছে আদুর গাঁ। এখানে ছোট্ট মেয়ের গল্প বলেন বলাই বাবু মেয়ের নাম আদুর কেন—কোন এক মেয়ে আদুর গায়ে সব এই হিজলের বনে চলে আসত। হিজলের মোটা কোটর ভরে নিতে মেয়ে খেলা করে অথবা ওর এক জগত ছিল, যেখানে এসব ফলের লাল অনেক, মেয়েটা আসত, মাঠ পার হয়ে আসত, কি বর্ষার শীতে, কি বসন্তে এই মেয়ে লাইনের ধারে ধারে কচু বন থেকে কচু, বিলের জল থেকে শাপলা, রাঙা থেকে শোবর এবং সবই মহামূল্যের মতো এই মেয়ে তার দুঃখী মায়ের জন্য সংগ্রহ করে নিয়ে যেত। সেই মেয়ে কারু গায়ে ঢিল দিত না। কেবল আদুর গায়ে এই মাটিতে, গাছ পালা পাখির ভিতর ছুটে বেড়াতে ভালবাসত। তারপর একদিন যেন এক নিয়তি এই মেয়েকে জলের নিচে নিয়ে গেল, নতুন আর এক দেশ, সবুজ দেশ, শ্যাওলা জমি, সূর্যের আলো সেখানে সবুজ কেবল, সবুজের পাতাদের জলের ভিতর মেয়েটা শাপলা তুলতে গিয়ে মাছ হয়ে গেল। বলাইবাবু এমনই যেন সেই মেয়ের নামে বলতে চাইলেন। কত লোক এল, খোঁজার পালা, কে হারিয়েছে, সেই মেয়ে হারিয়েছে, আদুর গায়ে যে মেয়েটি মাঠে ঘুরত সেই মেয়ে হারিয়েছে। তারপর মেয়েটাকে আর কেউ দেখতে পেল না। শীতের রাতে অথবা বর্ষার এক রুপালি মাছ জলে উঠতে দেখেছে সেই বিলে। মাঝটা পাকে এসে যেন ডাকত, আমি দুঃখি মায়ের জন্য এখানে বসে আছি। অনেকে ছাট ফেরত অথবা গঞ্জ থেকে ফিরে আসার সময় এমন শুনেছে। আদুর গায়ে মেয়ে যেন শীতে কাঁপছে। সে অবেকার কথা, বলাই বাবু বললেন, মেয়েটাকে আমরা দেখিনি, আমাদের পিতামহের আমলের গল্প। সেই মেয়ের নামে নাম শুনেছি যারা খুঁজতে এসেছিল, কেউ কেউ আর ফিরে গেলনা। চচু জমিতে ওরা ঘর বাধল। ওর দুঃখি মা বললে, আদুর গাঁয়ে এলে একটু মাছের নিচে জল দিতে হয়। বিলের জল। আসুন আমরা গাছটার নিচে একটু জল দিই বড় প্রকাণ্ড হিজল গাছ, সাদা পাথর কালো রঙের পথ ধরে হাবার সময় জল, পদ্মা যা তোমার আছে, তুমি দাও। সুভাষ নেমে জল দিল।

সুভাষ বলল, মাঝটাকে আপনারা দেখেছেন বলাইবাবু? দেখিনি তার। তবে অনেকে দেখেছে। খুব জ্যান্ত দেবতা।

সুভাষ চুপ করে থাকল। এমন একটা নির্জন জায়গায় এসে, যখন চারিদিকে শুধু প্রান্তর আর বিলের জল, কচিৎ দু এক জন চাষি মানুষের মুখ, গাছে গাছে কি সব নানা রঙের পাখি ডাকছে, আর মনে হয় কোথাও এই নির্জন সকালের রোদে শালিখ অথবা চড়ুই শস্য খুঁটে খুঁটে খাচ্ছে, তখন গাছের নীচে যে দেবতা বসবাস করবে বিচিত্র কি। সুভাষ তার শৈশবের কথা যেন স্মরণ করতে পারে—সেই শৈশবে মনে হয় যেন সে এক নিরিবিলি আশ্রমে মায়ের পাশে রাতে ঘুম যেত, পরীদের গল্প বলতেন মা। সুন্দরী বালিকা এবং শিশু দেখলে পরীরা সব হরণ করে নিয়ে চলে যেত ওর মনে হত তখন তাকেও একদিন কেউ হরণ করে নিয়ে যাবে। তারপর পরীদের সেই যে বলে না, নিয়ে গিয়ে এক বরফের পাহাড়ে, অথবা পাহাড় পার হয়ে ওর কোন এক যক্ষ রাজার দেশে, কি সব সোনার ফুল, রুপোর পাতা মুক্তোর ফল, ফুলে ফলে ভরা দেশে নিয়ে ছেড়ে দিত। তারপর পরীদের কাজ শেষ হলে, ঘরের চালে, গম ক্ষেতের ভিতর, অথবা নদীর চরে ফেলে দিয়ে চলে যেত। পরীতে পেলে মেয়েদের চোখ নীল হয়ে যায়। যেদিকে তাকাবে সব মরুভূমি হয়ে যাবে। সুতরাং আগুন জ্বেলে ওকে খুন করা—এখন সব গল্প ছেলেবেলাতে সে শুনে শুনে কবে এক কলকাতা নগরীতে এসে কেমন বুদ্ধিমান হয়ে গেল। অনু নামক এক যুবতীকে ভালবেসে বিবাহ। ভালবাসা কথাটার সে ছুটো অর্থ খুঁজতে চাইল। ভালবাসা পরীর মতো, কি এই যে মেয়ে আদুর গায়ে মাঠে অথবা বিলের জলে ভেসে বেড়াত, ভালবাসত সব কিছু নীল আকাশ অথবা মাঠের সস্যক্ষেত্র' চাষিদের বাড়ি ফেরা গরু নিয়ে, সন্ধ্যায় গ্রামে আলো জ্বলে উঠলে শাঁখ অথবা কাঁসির শব্দ, (যেন ঈশ্বর সর্বত্র বিরাজমান, সন্ধ্যায় সূর্য আমাদের বনবাসে রেখে চলে গেছেন, এখন আমরা আমরা ঘন্টা বাজিয়ে ঈশ্বরকে আমাদের পাহারাদার নিযুক্ত করছি) এবং সেই মাঠ পার হয়ে আদুর গায়ে ছোট্ট এক বালিকা নিরন্তর ছুটছে, ওর ভালবাসার সাম্রাজ্য এই সব মাঠ, সস্যক্ষেত্র। আদুর গায়ে সেই মেয়ের মতো ভালবাসা না হয়ে পরীর মতো ভালবাসা অনুর। আপন স্বার্থে অনু তাকে ভালবেসে কেমন এক নিদারুণ ভোগের নিমিত্ত এখন ওর কাছে পরী হয়ে গেল। বস্তুত সুভাষ কেন জানি অনুর জন্য কোন দুঃখ অথবা বেদনা বহন করতে পারছে না। এই যেন তার ভাল হল, সে এক আদুর গাঁয়ে চাষির। এখানে কেউ ওকে বলবে না, আপনার স্ত্রী সিনেমাতে অভিনয় করছে! বড় মারাত্মক অভিনয়। অথবা অনুর বিচিত্র লীলা, সে কোথায় কি করে বেড়াচ্ছে কিছুই এই এমন এক স্থানে পৌঁছে গেলে আর জানা যাবে না। সে নিজেকে বস্তুত, এই সব নির্জন পৃথিবীতে নিক্ষেপ করে নূতন ভাবে বাঁচতে চাইল।

বলাইবাবু বললেন, আপনি কলকাতার মানুষ। দুদিনে হাঁপিয়ে উঠবেন।

—হাঁপিয়ে উঠব কেন?

—এখানে আর কি আছে বলুন।

—কি নেই বলুন।

—ও আর প্রথম প্রথম সবাই এমন বলে-কি গ্রাম্য। তারপর এসে কেমন বিষন্ন হয়ে যায়।

সুভাষ এবারও উত্তর করল না। ওর ঘুম পাচ্ছিল। কারণ যেন দুলছে গাড়িটা। রোদ এসে পায়ের কাছে পড়েছে। দু একজন চাষি মানুষ কে যায় এই গাড়িতে উঁকি দিয়ে দেখার চেষ্টা করল। বলাইবাবু সুভাষের পরিচয়, এবং কখন স্টেশনে এসে বসে আছে সব বিস্তারিত বলছে।

সুভাষ বলল, এ-গাঁয়ের কি নাম।

বলাই বাবু বলল, দূর্গা হাট। বলেই আর একটা গল্প বলতে গেলে সুভাষ বলল, আমাদেরও কিছু পথ নৌকায় যেতে হবে।

—সামনের বড় বট গাছটা দেখছেন, পাশে মসজিদ এবং তারপর এক ঘাট পাবেন। ঘাটে নৌকা বাঁধা আছে।

—আমার মনে হয় দুপুরের ভিতর পৌঁছতে পারব না।

—তা পারা যাবে।

একটা কাক ছইয়ের উপর এসে বসেছে। কাকটা দুবার কা কা করে ডাকল। এখন প্রীতি কি করছে? প্রীতিকে সে দুবার দুটো ফুল দেবে ভেবেছিল। প্রীতি যদি ওর ফুলের অপেক্ষাতে বসে থাকে বরং অনুর চেয়ে ওর প্রীতিকে বেশি মনে পড়ছে। এখন ভিন দেশে সে যথার্থই নিঃসঙ্গ। প্রীতিকে যদি সে এখানে নিয়ে আসে। প্রীতি, ডাক্তার মানুষ। এখন অজ পাড়াগাঁয়ে প্রীতিকে সকলে দেবীর মতো দেখবে। সে দেখ সমস্তটুকু—যখন প্রীতি ট্রেনে তুলে দিতে এসেছিল, বলেছিল সুভাষ, সুভাষের এখন মনে পড়ছে, আপনি কিছু হেসে আমাকে বিদায় দেবেন। চোখে মুখে কোন বিষণ্ণতা থাকে আমি চাই না। প্রীতি কথা ঠিক রেখেছে। সে এতটুকু বিষণ্ণ হয় নি। সে যেন রুমাল উড়িয়ে, যেন সে তার বন্ধুকে বিদায় জানাতে এসেছে, দুদিন পরই আবার কোনো সমুদ্র তীরে বুঝি দেখা হবে এমন চোখ মুখ ছিল প্রীতির। কিন্তু সুভাষ জানত, প্রীতির সঙ্গে দেখা হবার আর সম্ভাবনা নেই। সে বড় একগুঁয়ে মানুষ। ভেতরে ভেতরে যা একবার ঠিক করে ফেলে সেখান থেকে কেউ তাকে নড়াতে পারে না। সে নিজেই একটা ব্যূহ তৈরি করছে। যার সে শুধু প্রবেশ পথটা জানে, বের হবার পথ যেন তার জানা থাকে না। সে অসহায়! ট্রেন ছেড়ে দেবার সময় প্রীতির দিকে চোখ তুলে নিজেই আর তাকাতে পারেনি। সে অন্যদিকে মুখ ঘুরিয়ে বসেছিল। সে সুরুচ মানুষ। দুর্বলতা ধরা পড়লে সে খুব ছোট হয়ে যাবে।

বলাই বাবু বলল, স্যার ঈশ্বরের কি অপার মহিমা!

সুভাষ ভাবল, এত ঈশ্বর ঈশ্বর করছে কেন লোকটা।

—কি মহিমা বলাই বাবু?

—এই যে স্যার না, একটু বর্ষা পেলেই ধান পাটালি গুলো কেমন সজীব হয়ে যায়। যেন ওরা ঈশ্বরের কাছে এই সামান্য বর্ষনের জন্য প্রার্থনা জানায় কেবল। সবুজ মাঠের দিকে তাকালে এখন মনে হয় না আপনার।

আমি অনেকদিন পর সহর ছেড়ে এসেছি, গ্রামের কথা প্রায় ভুলেই গেছিলাম অথচ দেখুন কি আশ্চর্য জন্ম আমার গ্রামে আমাদের পুকুর পাড়ে বড় বড় শিমুল গাছ ছিল, নিচে ঝোপাট, সেই ঝোপাটে অজস্র মালার ধান, পলাশ ধান, বলতে সেই যে লাল রঙ, লাল ফুলে ফুলে ছেয়ে গেছে মাঠ ঘাট, আমি এক ছোট বালক—এমন আগুনের ভিতর লাল আগুন দেখে আশ্চর্য হয়ে যেতাম—আমারও তখন ঈশ্বরের মহিমার কথা মনে হত। কিন্তু পরে ভেবেছি, বড় হওয়ার সঙ্গে, বিশেষ করে যখন বড় সহরে চলে এলাম, অনু এল জীবনে, মিথ্যা অহমিকা নিয়ে অভিমান করে থাকলাম, অনুর জীবনে ফুল ফুটুক এমন আর বলতে পারলাম না তখন ঈশ্বরকে আমার সব সময় কেন জানি একটা কুকুরে তাড়া করা একটা বাঁদরের মতো মনে হত। এসব বলার ইচ্ছা হল সুভাষের। কিন্তু না বলে অন্য কথায় এল। কারণ লোকটা জানে না, সে এখানে কেন পালিয়ে এসেছে। জানলে সেও ওকে করুণা করবে। সে বলল, গ্রামে মাঠে ঈশ্বরকে যতটা ধরা যায়, সহরে তেমন আমরা তাকে তেমন ধরতে পারি না। সহর ঈশ্বরকে খুব মেকি মনে হয়। বলাই বাবু আপনার এত বড় মাঠ দেখে আমার ঈশ্বর নতুন ভাবে যদি কথা বলে বলুক না। তাকে দেখি কের আমি ভালবাসতে পারি না।

বলাই বাবু যেন সুভাষের অসারতার কথা থেকে কিছু ধরতে পারল না। শুধু বলল, তবে কি জানেন স্যার আপনাকে আমি একটা ধন দেখাব। গ্রামের গ্রাম পার হলে একটা নদী পড়বে। নদী পার হয়ে সেই বনে ঢুকে যেতে হয়। একবার যদি সেই বনে প্রবেশ করেন, তবে দেখবেন কি যে সব লতাপাতা, নানা রকমের গাছ, কত বিচিত্র বর্ণের পাখি, কত রকমের ফুল ফল। একবার ঢুকে গেলে আর বের হতে ইচ্ছা হয় না। যেন শেষ নেই অন্বেষণ। মনের রহস্য ধরে ফেলতে পারলে আর এই দেশ ছেড়ে যেতে পারবেন না।

সুভাষ যেন মনে মনে বলল, আমি তেমন একটা জায়গার সন্ধানেই চলে এসেছি বলাই বাবু। তেমন সন্ধান পেলে আর কোথাও যাব না। আপনি আমাকে সেখানে ঠিক নিয়ে যাবেনত!

বলাই বাবু বলল কেন নিয়ে যাব না বলুন।

সুভাষের যেন বলার ইচ্ছা হল, আমি এক রহস্যের ভিতর এতদিন ডুবে ছিলাম, সে শরীরের রহস্য। এখানে এসে, এই শস্যময় মাঠ, ঘাট দেখে ফুল ফল দেখে সে রহস্যময় কথা ভুলে যাচ্ছি। যদি অন্য রহস্যের সন্ধান দিতে পারেন আমি নিশ্চয়ই আর কোথাও যাব না মনে মনে আমিও অন্য এক শরীরের রহস্য বুঁকে বেড়াচ্ছি। এক রহস্য দীর্ঘদিন ধরে বেড়াতে ভালো লাগে না।

—এই ঘাট, নামুন স্যার।

সুভাষ বিলের জলে নৌকায় উঠে ভেসে গেল। স্ত্রী অনু, প্রীতি, অথবা সেই হোটেলের স্ত্রীর অভিনয়ের ছবি চোখে ভেসে উঠল না। সে বিলের জল দেখতে দেখতে কেমন তন্ময় হয়ে গেল। সূর্য মাথার উপরে ছিল, মনে হল মাথার উপর কিছু পাখি, হবুল তাদের বক। পাখিরা বিলের জলে অদৃশ্য হয়ে গেল। সুভাষ এবার যেন মনে মনে বলল, আমরা ইচ্ছা করলেই বনে ঢুকে যেতে পারি না, আপনি আমাকে সেখানে নিয়ে চলুন।

তখনই যেন বিলের জলে ঢেউ উঠল। পালে বাতাস লাগল। নৌকা জলের উপর ওর ওর করে ভেসে চলছে। যেন অনন্ত যাত্রা। এই বিল শেষ হবে না।

নিজের জলে ছায়া প.ড় না ...খোলা জল। রেল লাইন ক্রমে অদৃশ্য হয়ে যাচ্ছে। সুভাষ, সেই জল, হাওয়া এবং রোদের ভিতর ভেউয়ের শব্দ শুনতে পেল। যেন সেই ঢেউ চুপি চুপি সুভাষকে বলছে, রাজা যায় বনবাসে, রাজার প্রাণে ভয়। সব ছেড়ে পালায় রাজা, কোথায় সে পালাচ্ছে। সে তো পালায় নি। সে এবার মনে মনে বলল, আমি কার কাছ থেকে পালাব? আমি তো চেষ্টা করলেই জোরজার করে অনুকে ঘরে আনতে পারি, প্রীতিকে বেঁধে রাখতে পারি, আমি পালাব কেন?

মনের ভিতর থেকে কে যেন জবাব দিল, বাপু তুমি নিজের কাছ থেকে পালাচ্ছ। হয়তো তোমার প্রিয় ছিল। বস্তুত তুমি তোমার পাগলা গারদ তৈরি করে রেখেছ। তুমি যতই দূরে চলে যাও, যতই ভাব বনবাসী হলে তোমার ভালবাসার অনু কি করে বেড়াচ্ছে, তুমি জানবে না, মনে শান্তি আসবে, এটা ঠিক না সুভ, এ ভাবে পালালে সংসার তোমাকে কাপুরুষ বলবে। এবং এ-সময় কেন জানি সুভাষের বার বার প্রীতির চোখ ভেসে উঠল। ওর বারান্দায় যে অস্থির ছিল, সারা জীবন ধরে যেখানে সে এত জল ঢেলেও ফুল ফোটাতে পারল না, আশ্চর্য সেখানে একটা ফুল ফুটে থাকল। ফুলটা সে প্রীতিকে উপহার দিয়ে এসেছে। একমাত্র প্রীতিই জানে সে নিরুদ্দেশে চলে এসেছে। সুস্থির হয়ে অনু কলকাতায় ফিরে এসে দেখবে, যদি সুভাষের খোঁজে আর একবার আসে —তা ছাড়া দোসর রামচন্দ্র আছে, সেই তার মা-মণিকে জানিয়ে দেবে, মা-মণি বাবু নিরুদ্দেশে চলে গেছে—অনু হয়ত সামান্য সময়ের জন্য লোক দেখানো কান্না-কাটি করবে। এই লোক দেখানো সব কিছু, মনের ভিতর আবার একটা মন আছে, সেই মনটা তাকে এখন সব বলতে চাইবে।

বলাইবাবু বলল, স্যার এত চুপচাপ কি ভাবছেন।

—কিছু না।

—নামুন। আমরা এসে গেছি।

সুভাষের যেন ঘুম ভেঙে গেল। সত্যি, এই যেন একটা আলাদা দেশ। কি সবুজ এবং গাছপালা বৃক্ষে একেবারে জড়াজড়ি করে আছে। একটা বড় পথ চট সুতকির। পাশে রেল-লাইন। রেল-লাইন বেঁকে এই গ্রামের পাশ দিয়ে চলে গেছে। পাশে নদী। নদীর পারে সেই বন দেখতে পেল। ফুল বাড়ি ইটের। সামনে সবুজ ঘাসের লন। প্রায় আশ্রমের মতো দেখতে। প্রধান শিক্ষকের নিবাস তার দিকে। ওর সংসার এই বলাই বাবু বিদেশীদের জমি নিয়ে বসবাস করেন। একটা বড় আমলকি গাছের নিচে বলাই বাবু মাঠ-কোঠা বাড়ি বানিয়ে নিয়েছেন।

সে নামতেই গ্রামের মাতব্বর মানুষেরা সুভাষকে অভ্যর্থনা করল। ওরা নিবাসে নিয়ে এল ওকে। সুভাষ দেখল, নানা রকমের ফুল ফুটে আছে। পাঁচিলের ধারে ধারে নারকেল গাছ। বর্ষাকাল বলে কিছু জিনিয়া ফুল নীল হলুদ রঙের, সে বারান্দায় একটা বেত চেয়ারে চুপচাপ বসল। সত্য পৃথিবী থেকে সে যেন কত দূরে চলে এসেছে। নির্জন নিরিবিলি এই জগৎ। সে কলকাতায় থাকলে এখন কোন স্রোতে অথবা প্রীতিকে নিয়ে ঘোরা, এবং সন্ধ্যা হলেই জিরো জিরো লেভেলে চুপচাপ একা একা বসে মদ্যপান, যেন জীবন থেকে সব হারিয়ে গেলে যে নিঃসঙ্গতা জন্মায়, সুভাষের ভিতর তেমনি এক নিঃসঙ্গ ভাব। ওর কান্না পায় তখন। এই নির্জন পৃথিবীতে বসে ওর কেমন সেই সহর কলকাতার জন্য আবেগ বোধ করল।

কিছু রাত হতেই চারিদিকে অন্ধকার ঝাঁ ঝাঁ করতে থাকল। কি কি পোকা ডাকছে। মন্তরী ঘরের ভিতর আলো জেলে দিয়ে গেছে। নিশুতি রাত মনে হয় দূরের সব গাছ পালা বৃক্ষ এক অন্ধকার-মগ্ন জগত সৃষ্টি করে রেখেছে। সে চোখ তুলে তাকাতে পর্যন্ত সাহস পচ্ছে না। বিদ্যালয় ছুটি বলে দু এক জন গ্রামের মাতব্বর মানুষ ছাড়া ওর সঙ্গে কেউ দেখা করতে আসেনি। কাল হয়ত অনেকে আসবে। ওর মনে হয়েছে কেউ কেউ দূর থেকে দেখেই চলে গেছে। রাতে বলাই বাবু ওর বাড়িতে খেতে বলেছেন একমাত্র এই বাড়িটাই ওর আবাসের কাছাকাছি এমন কি চুপচাপ বসে থাকলে বলাই বাবুর কথা শুনতে পাওয়া যায় কাঁচা তারের বেড়া পার হলেই বড় আমলকি গাছটা, গাছটার নিচে কে যেন লণ্ঠন নিয়ে দাঁড়িয়ে আছে। সে দেখল, বলাই বাবু অন্ধকারে টর্চ মেরে এদিকে আসছে। ওর বারান্দায় উঠে এল।—আপনি স্যার একা একা বসে আছেন। তবে যেন ভাল লাগে অন্ধকারে বসে থাকলে নিজেকে চেনা যায়। আমি মাঝে মাঝে স্যার, সবাই যখন ঘুমিয়ে থাকে, তখন চুপচাপ অন্ধকারে বসে থাকি। সেই কবে যেন এই পৃথিবীতে এসেছি মনে করতে পারি না। আমার মাকে মনে করতে পারি না। বাবাকে তবু মাঝে মাঝে মনে হয়, কি করে যেন কি সব নিয়ে বড় হয়েছিলাম। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে আবার সে সব ছেড়ে ছুড়ে দিতে হচ্ছে ঠিক পেঁয়াজের খোসার মতো যত খোলা যাবে তত নিঃস্বের হয়ে আসবে।

সুভাষের জানার ইচ্ছা হল, এই মানুষের সংসারে আর কে আছে। সে বুঝতে পারল, প্রতিবেশি বলতে এই মানুষ তারপরে মাঠ এবং শস্যক্ষেত। তারপর গ্রাম। সুতরাং বিদ্যালয়, ফুল ফল পাখি আর পাশের বড় আমলকি গাছটার নিচে সুভাষকে বাকি জীবন কোনরকমে শরীরের খোসা ছাড়িয়ে বাঁচতে হবে। তারপর শূন্য অন্তহীন এক সমুদ্র। সেখানে কে কার! অনু কে তার! প্রীতির সঙ্গে কি সম্পর্ক তার। সকলেই তখন বুড়োবুড়ি সেজে যেন চরে গরু হারিয়ে গেছে এমন মুখ নিয়ে বসে থাকবে। এ-সব ভাবলেই সুভাষের ভিতর এক দুষ্টু প্রকৃতির মানুষ হেসে উঠে। হেডি-এর বিজ্ঞাপনে অনু এবং অসীমের ছবি তখন কলো কুৎসিত বেড়ালের মুখ মনে হয়।

খেতে বসে সুভাষের বিস্ময়ের আর সীমা থাকল না। সে মুখ তুলে একবার মাত্র তাকিয়েছিল। আর পারেনি।

বলাইবাবু বলল, আমার মেয়ে। বড় মেয়ে।

সুভাষ কিছু বলল না। একটা বড় অরণ্যের ছবি, হাতি ঘোড়ার ছবি এবং বাঘের ছবি কেবল চোখে ভেসে বেড়াতে থাকল।

ভাত ডাল মাছ মেখে খেতে বলল, আপনার প্রাইমারী সেকশানে কাজ করে। হেড টিচার হয়ে আছে। দুজনের আয়ে কোনরকমে চলে যায়।

দরজার ও-পাশে প্রায় সাত আট জনের মুখ। ওরা খুব ফিস ফিস করে কথা বলছে। বলাইবাবু নিশ্চয়ই আরও খবর দেবেন। সে চুপচাপ খেতে থাকল।

বলাইবাবু বললেন, এখানে এসেছিলাম স্যার দুজন। সে তো ফাঁকি দিয়ে চলে গেল। দিয়ে গেল এইসব অপোগণ্ড। মেয়েটা আছে বলে রক্ষে।

এমন পাড়াগাঁয়ে এক নদী জলের মতো মেয়ের লাবণ্য সামান্য লণ্ঠনের আলোতে যার মুখ কলসে উঠছিল, তার দিকে সুভাষের মতো শক্ত সামর্থ মানুষ পর্যন্ত তাকাতে পারে নি, বলাইবাবু খুব নিশ্চিন্তে বড় বড় গ্রাসে এখন খাচ্ছেন, বাপের চোখে ত ঘুম থাকার কথা নয়, ঘুটে পুটে নিয়ে যাবে—তারপর বিলের জলে সাঁতার কাটা অথচ এই মানুষ কি নির্বিঘ্নে বলছে, স্যার স্যার কি মানুষ নিয়ে এলাম, কত বড় পণ্ডিত মানুষ তোরা জানিস না! এবার ভুল দেখবি কি হয়।' কেন এমন এক মানুষ বলই বাবু ধরে এনেছে—যার কাছে মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান—সতীকে বলাইবাবু কাশিরামের মতো মহাভারতের পাঠ শোনাতে থাকলেন।

লণ্ঠনের আলো নিয়ে সতী এসেছিল। সঙ্গে ছোট একটি ভাই। ওর ঘরে জল, বিছানা এবং অন্য সব বড় সামগ্রী ঠিক করে দিয়ে যাবে। সতী চুপচাপ কাজ করছিল। জানালা দিয়ে দেখা যায়। এই নির্জন পৃথিবী কেন জানি আবার সুভাষের কাছে বড় সহজ হয়ে যাচ্ছে। এই মেয়ের কোমল মুখ ওকে বড় বেশি বিষণ্ণ করে দিচ্ছিল, কি আলোক উজ্জ্বল এক বাতি ঘরের স্বপ্ন দেখাচ্ছিল সে বুঝতে পারছে না। কেবল মনে হচ্ছে ক্রমান্বয়ে এগিয়ে যাওয়া—এক সমুদ্রের অন্ধকারে সে সামান্যনাবিক, জাহাজের সব আলো নিভে গেছে। সে এখন দূরবর্তী বাতি ঘরের প্রতীক্ষাতে বসে আছে। সতী এই প্রথম কথা বলল, স্যার আপনার বিছানা করে দিয়েছি। আপনি আর জেগে থাকবেন না। এতটা পথ এসেছেন। এখন শুয়ে পড়ুন। আপনাকে খুব ক্লান্ত দেখাচ্ছে।

সুভাষ দরজা ঠেলে ভিতরে ঢুকে গেলে বলল, ডানদিকের টিপরটাতে জল আছে। আলোটা নিয়ে যাবেন। একেবারে অন্ধকার করে দিলে ভয়ে আপনার ঘুম নাও আসতে পারে।

তারপর সতী চলে গেল। সে আলোটা নিয়ে নিয়ে করে বসে থাকল বিছানাতে এমন আকর্ষণ কেন! মাত্র একটা পথ সে কেবল মনু এবং প্রীতির কথা ভেবেছে। তার আর কিছু মনে হয়নি। অথচ এখন এই বনবাসে পঞ্চবটির মতো এক আশ্রমে এসে সে আরেক মেয়ের চরিত্র আবিষ্কার করে কিছুক্ষণের জন্য কেমন অন্যমনস্ক হয়ে গেল। তার অন্ধকারের কথা মনে থাকল না, এই নির্জন পৃথিবীর কথা মনে থাকল না, কেবল থেকে থেকে দূরে এক ঘণ্টাধ্বনি শুনতে পেল। এই ঘণ্টাধ্বনি তাকে আকাশে ছুটিতে মাবছে।

এই তব
শুভ আশীর্বাদ !

প্রায় পঁয়ত্রিশ বছর আগে গান্ধিজী কথাপ্রসঙ্গে প্রিয় শিষ্য শ্রীসতীশ দাশগুপ্তকে বলেছিলেন, তাঁর বড় ইচ্ছে যে একটি সত্যিকারের ভালো স্বদেশী কালি তৈরী হয়। দেশের মুক্তি আন্দোলনে আত্মনিবেদিত দুই তরুণ "মৈত্র" ভ্রাতা তখন সবে স্কুল থেকে বেরিয়েছেন। সতীশ বাবু তাঁদের দুজনকে ডেকে এই মহৎ কাজের ভার দেন। সহায় সম্পদ বলতে তেমন কিছুই নেই, তবু শুধু নিষ্ঠা এবং দেশপ্রেম সম্বল করেই তাঁরা দুজন এই দুঃসাধ্য ব্রতের ভার মাথায় তুলে নেন। আজকের বিশ্ববিখ্যাত মুলেখা ফাউন্টেন পেন কালির এই হল গোড়ার কথা।

মুলেখার আজ যে এই সুনাম ও সমাদর, এটা গ'ড়ে উঠতে যথেষ্ট সময় লেগেছে। বহু বাধা-বিপত্তি অতিক্রম ক'রে নিরলস গবেষণা, কর্মীদের অকুণ্ঠ সহযোগিতা এবং জন-সাধারণের শুভেচ্ছা ও সমর্থনে এই বিপুল সাফল্য অর্জন সম্ভব হয়েছে।

যাঁর প্রেরণা ও আশীর্বাদ মাথায় নিয়ে আমাদের যাত্রা শুরু, সেই জাতির জনকের পুণ্য জন্মশতবর্ষে, তাঁর উদ্দেশ্যে বিনত নমস্কারে নিবেদন করি আমাদের অন্তরের গভীর শ্রদ্ধাঞ্জলি।

মুলেখা ওয়ার্কস লিমিটেড, মুলেখা পার্ক, কলিকাতা-৩১

কি-না-সামান্য একটা কথার সকাল বেলাটা কড়া হয়ে গেল। দুত্তুরি ছাই, সংসারের নিকুচি করি, বলে মোহন বেরিয়ে পড়ল রাস্তায়। মনটা বিষিয়ে গেছে ওর ললিতার কথার ঝাঁজে। উঃ কি মেয়ে। বাজার থেকে ফিরে এক সেকেণ্ড দাঁড়াতে না দাঁড়াতে একটা ফুলুল কড় তুলে দিল।

ফুটপাত ধরে হাঁটতে হাঁটতে ভাবে মোহন, না ললিতার কথা আর ভাবব না—তবুই সকালের ওই কথাটুকু ওর ক'রে ব্যঙ্গের চিন্তা এসে মোহনকে বিমূঢ় ক'রে তোলে।

কি-ই বা এমন ব্যাপার—এই আজকের ঘটনাটা ; বিচলিত মনে বিশ্লেষণ করতে চায় মোহন—কিন্তু না। কাল থেকেই ললিতা বলছিল, এক গজ শাদা খুব ভাল কাপড় এনে দিও।' মোহন বলেছিল, 'কেন ?'

'দরকার আছে।' সাফ জবাব ওর।

'কিসের দরকার ?'

'রুমাল বানাব।' ললিতা তীক্ষ্ণ চোখে তাকাল।

'রুমাল, রুমাল কি হবে ?' আশ্চর্য মোহন।

'অত কৈফিয়ৎ বাপু দিতে পারব না' বিরক্ত হয়েই বললে ললিতা, 'হাঁ ক'রে তাকিয়ে না থেকে দেবে কি-না বলো।'

চুপ মোহন। স্ত্রীর কথার ভঙ্গীতে হয়েছিল একটু। তবু খানিক চুপ থাকবার পর বলেছিল, 'আর কটা দিন সবুর করো, মাইনেটা পাই।'

বাস, ওই নিয়েই কাল হয়ে গেল আর এক পশলা।

'মাইনে মাইনে।' উত্তেজনায় ললিতার মুখে খই ফুটছিল। 'দেবে না স্পষ্ট বললেই তো পার, তার অত অজুহাত কিসের ? আমি যেন কিছু বুঝি না ?'

মোহন অতর্কিতে চমকে গিয়েছিল। তাড়াতাড়ি স্ত্রীকে শান্ত করতে গিয়ে বলেছিল, 'বিশ্বাস করো, হাতে টাকা নেই। মাসকাবারে হাত পাওলেও পাবনা।' এ-টুকু বলে একটু থেমে আবার কী ভেবে বললে সে, 'তা ছাড়া রুমাল তো রয়েছে। কি হবে শুধু শুধু'—

তির্যক দৃষ্টিতে ললিতা তাকাল মোহনের দিকে। কথাটা শুনেই ওর চোখে আগুন জ্বলে উঠল। একটা বিদ্রূপের ভঙ্গীতে মুখটা বেঁকিয়ে অদ্ভুত ভাবে বললে, 'শুধু শুধু মানে ? তুমি কি মনে করো আর কারো জন্যে আমি রুমাল বানাতে পারি না ? আমার কি আর কেউ নেই ?'

এ-কথার পর মোহনও আর স্থির থাকতে পারেনি। সেও তখন উত্তেজনার মুখে যা এল তাই বলে গেল। বলল, 'তা না থাকলে আর তুমি এ-ভাবে কোমর বেঁধে ঝগড়া কর !'

ওই দু' এক কথার পর স্বামী-স্ত্রীর ভেতর সে এক বিশ্রী কাণ্ড। ললিতার কান্নাকাটি, ধুন্ধুমার। 'আমাকে সন্দেহ করো, হীন নীচ। 'বেশ তো না পোষায় বাপের বাড়ি পাঠিয়ে দাও। যেচে এমন লোকের সঙ্গে কে থাকতে চায় !'

শেষ পর্যন্ত মোহনকেই হার মানতে হল। বউকে সামলে সুমলে অনেক ক'রে বুঝিয়ে ঠাণ্ডা ক'রে বলতে হল 'দেখি পারি তো এনে দেব।' মোহন অফিসে বেরিয়ে গেল। অফিসে গিয়ে আর বাড়ির কথা মনে থাকল না। ফিরল রাত ক'রে। তারপর আজ আবার। সকালবেলাটা। কাল কাজে কর্মে বেমালুম ভুলে গিয়ে মোহন ভেবেছে ললিতাও কথাটা ভুলে যাবে। কেনা যখন হয় নি তখন আর কিনতে হবে না। কিন্তু সকালে উঠেই বাজারে যাওয়ার সময় বলল ললিতা, 'থুব এনে দিলে !'

'কাল মোটেই সময় ক'রে উঠতে পারি নি।' মোহন হাসবার চেষ্টা ক'রে বললে, 'বলেছি যখন ঠিক সময়মতো পাবে।,

গম্ভীর ললিতা। কাপড়ের চেয়ে এখন যেন ওর জেদটাই বড়। তাই বললে, 'অত কথা শুনে আমার লাভ নেই। আজই চাই। উঁহু।' ধমক দিল ললিতা ; তুমি ঠিক ভুলে যাবে, 'গরজ তো তোমার দেখা আছে, বাজারের পথেই নিয়ে আসবে, এমন কিছু হাঙ্গামা নয়।'

'আচ্ছা আচ্ছা।'

ললিতা চা তৈরী করছিল। চায়ের কাপটা নিতে নিতেই মোহন ওকে ভরসা দিল।

তবু যেন ললিতার কথাটা বিশ্বাস হচ্ছিল

না। মোহনকে ওর বিশ্বাস নেই। তাই আবার বললে, 'আজ ভুললে কিন্তু ভাল হবে না বলে রাখছি।'

চা খেতে খেতে জিনিসটায় অত গুরুত্ব আরোপ করল না মোহন। নিজের মনেই ভাবল, 'তারি এক গজ তো কাপড়—কী আর হবে ওই নিয়ে।'

তখন কী ও ভাবতে পেরেছিল কি লাজুকতিক এই মেয়ে। কী বিশ্রী কথাবাটে মেয়ে ললিতা। যে কি না সামান্য একটা ব্যাপার নিয়ে রাত-সকালে এ-ভাবে কলহ শুরু করলে। যার ফলে আজ সমস্ত দিন খেতে মোহন বেরিয়ে পড়েছে রাস্তায়। সংসারের কথা মনে ক'রে তাই মোহন ধিক্কার দিল নিজেকে।

যথারীতি বাজার ক'রে ফিরল মোহন। কাপড়ের কথাটা ভুলে যায় নি সে। তবু কেন যেন পা করল না।

আর ভাবে কোথা! কথার পর কথা। ললিতা যেন মারমুখী হয়ে বসেছিল সুযোগ পেলেই শুরু করবে। ঘৃণা মেশান একটা বিদ্বেষ মিশিয়ে বিকৃত গলায় বলল, 'ছিঃ ছিঃ, এক কৌটা কাপড় কিনে দেওয়ার মুরোদ নেই, তার আবার অত গলা: মেয়ে-কণ্ঠ ললিতার, 'তোমার লজ্জা করে না বলতে?

মোহন ভাবতে পারে না এখন। কী ক'রে কী ভাবে সে তখন স্ত্রীর ওই বিশ্রী বাকাবাণ গ্রহণ করেছে। নিজেও হঠাৎ উত্তেজিত হয়ে কেমন ক'রে একটা হিংস্র পশুর মতো তার গলাকেও সপ্তমে তুলে ললিতার কথার উত্তর দিয়েছে: 'তা নয় তো কি! তুমি তো বলবেই, আমি শালা খেটে-খুটে পয়সা রোজগার করি আর সেই পয়সায় মনের সুখে উপহার বিলিয়ে তুমি সোহাগ করো! লজ্জা আমার করবে, না তোমার! বেশ, বলো খুলে, কাকে রুমাল দেওয়ার এতো জরুরী দরকার, না বললে সাফ জবাব, আমি কাপড় কিনে দিতে পারব না।'

ললিতারও জেদ, 'আমি বলব না। যাকে খুশি দেব আমার ইচ্ছে মতো।'

বলবে না?' মোহনের অসহিষ্ণুতা।

'না, না, না।' রাগে চীৎকার ক'রে উঠল ললিতা। 'তোমার যা খুশি করতে পার।'

'বটে?' দাঁতে দাঁত চেপে বললে মোহন, 'আমার সংসারে থেকে আমার ওপর তুমি! বেরিয়ে যাও এ-ঘর থেকে, যাক তোমার দরদের লোক নিয়ে, আমি চললাম।' দুমদুম ক'রে ঘর ছেড়ে চলে গেল মোহন।

ললিতা শুধু হয়ে তাকিয়ে থাকল শুধু।

তারপর একটা ঝড়ের মতোই ঘর থেকে বেরিয়ে পড়ল মোহন। ললিতা হঠাৎ ওকে চলে যেতে দেখে কী যেন ভেবে গলার সুর নামিয়ে বলল, 'এখন আবার কোথায় চললে, অফিস করবে আমি নাকি?'

'তা দিয়ে তোমার কি দরকার?' মোহন একবার পেছন ফিরে বউর দিকে তাকিয়ে বললে, 'দরকার হলে আমিই করব—দয়া ক'রে তুমি আর মাথা ঘামিও না।

ললিতা কী একটা উত্তর দিতে গেল। ওর মুখ দিয়ে কোনো কথা বেরোনোর আগেই মোহন সদর পেরিয়ে রাস্তায় নামল। হেঁটে চলল অনির্দেশ্য ভাবে।

হাঁটতে হাঁটতে এলোমেলো সব কথা-গুলোকে চিন্তা ক'রে এখন মোহন কিছুতেই ভাবতে পারে না, কোথা থেকে কী ভাবে নিজের স্ত্রী সম্বন্ধে এমন একটা হীন ধারণা তার মাথায় ভর করল। অনেক ভেবেও কোনো কূল খুঁজে পায় না মোহন। ললিতাকে সন্দেহ করার কারণ কি—ওই বা তার ওপর কখনো বিশ্বাস করতে চায় না কেন! এ-ভাবে পোঁজামিল দিয়ে কাটানোর কথা তো কখনো কল্পনা করে নি ওরা।

ওদের বিয়ে হয়েছে দু'বছর। অথচ ললিতা কোনো দিনই এ-রকম ছিল না। হাসিখুশি ফুর্তিতে সে ঊর্ধ্বে বেড়াত সব সময়। থাকত আমোদ-আহ্লাদ নিয়েই। কিন্তু গত তিন মাস ধরে মোহন লক্ষ্য করেছে ললিতার কী যেন হয়েছে। কী-এক গোলমাল হঠাৎ এসে ওর সদাচঞ্চল রূপটাকে গম্ভীর ক'রে তুলেছে। অকারণে থমথমে। এই তিনমাসই ওদের মধ্যে এটা সে-টা নিয়ে খিটিমিটি। তর্ক-বিতর্ক। সব সময় একটা বিশৃঙ্খলার মেজাজ নিয়ে ললিতা ঘুরে বেড়ায়। কোনো কিছুই এখন আর ওর ভালো লাগে না। আগে যে শুধু সারাক্ষণ পাখরার মতো বকবক-বকবক করত সে একে-বারেই চুপ। কথা হাসি ঠাট্টা কিছুতেই ওর মন ওঠে না।

মোহন প্রথমটায় খুবই অবাক হয়ে বেসামাল হয়েছিল। অপ্রস্তুতও। তবু সে ললিতার এই পরিবর্তনে রাগ করেনি। নিজের বুদ্ধিবৃত্তিকে আলগা ক'রে উত্তেজনার মাহুত চড়ায় নি। শুধু ওই বিস্ময়ভরা মনটুকু নিয়ে ওকে বোঝবার চেষ্টা করেছে। সত্যিই কি হয়েছে ললিতার? কিসের অশান্তি, অসুবিধে? কিন্তু স্ত্রীর মনকে বুঝতে গিয়ে যখনই সে এই কথা জানতে চেয়েছে তখনই জল হয়েছে মারাত্মক। একটা অশ্রদ্ধার দৃষ্টি নিয়ে মোহনের দিকে তাকিয়েছে ললিতা। বলেছে—কত তাড়াতাড়ি করতে পার, অসুবিধের কি?

বাধ্য হয়ে মোহন আর কিছু জানতে চায়নি। চুপ ক'রে গেছে। চুপ করেছে প্রতিবারই। এ-ভাবে দু'চার দিন কাটিয়ে মোহন কী ক'রে যেন ব্যাপারটাকে ঠিক সহজ চোখে দেখতে চায় নি। কেমন একটা খটকা তার মনে, এর মধ্যে কোথায় বুঝি গোপন একটা রহস্য আছে—যাতে ললিতা বদলে গেছে, হঠাৎ রূপান্তরিত হয়েছে ভিন্ন এক নারীতে। যে-নারী এখন আর মোহন বলে কোনো পুরুষকে সহ্য করতে পারে না। মোহন যেন এখন ওর দু'চোখের বিষ!

অনেক ভেবেও কোনো নির্দিষ্ট কারণে পৌঁছানো সম্ভব হয় নি মোহনের। একটা 'কিছু না' ভেবে নিয়ে সে মুখ বুজে কাটিয়ে দিচ্ছিল দিন—আর চোখে রাখছিল ললিতাকে। ও কী করে, কি চায়? এক ঘরে খুব কাছাকাছি দু'টো মানুষের দিন এ-ভাবে নীরবে কাটছিল, চুপচাপ দু'টিতেই। শুধু সামান্য দু'চারটে সাংসারিক প্রয়োজনীয় কথাবার্তা হত মাঝে মধ্যে। এ-টা নেই, ও-টা এনো, আচ্ছা, হবে, দেখব এই রকম।

অনির্দেশ্য ভাবে ঝির্জাপুর ষ্ট্রীট ধরে হাঁটতে হাঁটতে অনেক কথা ভাবল মোহন ঠাণ্ডা মাথায় চিন্তা করতে পারল সকালের সমস্ত ঘটনা। কেন যেন মনে হল মোহনের এ-বিস্ফোরণ হবারই ছিল। আজ ঘটে গেল তাই।

আনমনে রাস্তা ধরে এগোতে লাগল মোহন আজ আর কোনো কাজের

তাড়া নেই তার অফিস যাওয়া হবে না। আবার কালকের কথা মনে পড়ল। কাল রুমালের কথা উঠতেই কী ক'রে হঠাৎ একটা নীচ সন্দেহ জেগেছিল মোহনের তবুও সে-ভাব কাটিয়ে তখন সে ললিতাকে চাঙা করেছিল কিন্তু আজকের ব্যাপারে কের ওর মনে হচ্ছে মিথ্যে নয়, কিছু একটা আছেই নয় তো সাত-সকালে— কী আর বলতে বাকি রেখেছে ললিতা—দুরন্ত ঘাঁটি। ফুটপাতে উঠতে উঠতে কথাগুলো মন থেকে ঝেড়ে ফেলতে চাইল মোহন না আর ভাবব না। কি হবে মিথ্যে ভেবে ভেবে। তবু ভাবতে হল তাকে অনেক কথা। ললিতার কথাই নিজের কথা অফিস কামাই। সকাল থেকে এখন পর্যন্ত দিনটার বিশ্রী সময়গুলো এ—ভাবে এলোমেলো কথার মালা সাজিয়ে নিজের অজান্তে মোহন কখন যেন সার্কুলার রোডের মোড়ে এসে দাঁড়িয়ে পড়ল। বড় রাস্তার ট্রামের ঘর্ঘর শব্দে ওর ঘুম ভাঙল। মুখ তুলে, তাকাল মোহন।

রোদের তেজ অনেক বেড়েছে। ট্রাম বাস। ফুটপাত দিয়ে বহু লোক। যে সব কাজে ব্যস্ত একটা কাক শুধু সামনের দিকের চালে বসে মোহনকে দেখছে কী যেন ভাবল মোহন তাকাল এ—দিক ও—দিক তারপর কী মনে ক'রে হঠাৎ হাত দিল জামাটার বুক পকেটে। অফিসের জামাটাই গায়ে। পকেটে হাত দিতে শুরু একটা কাগজ হাতে লাগল মনে পড়ল না। কী খেয়াল হল কাগজটা টেনে বার করল ও। একটা খাম।

এই যা! মোহনের মনে পড়ল। ললিতা একটা চিঠি পোস্ট করতে দিয়েছিল কাল। অফিস যাবার পথে। কালকে এমনিতেই সেই রুমালের কথা নিয়ে সকালটা কেটেছে। তারপর তাড়াহুড়ো কথা কাটাকাটি নিয়ে মেজাজ ভাল না থাকায় অফিস ফিরে খামটার কথা আর মোহনের মনে ছিল না। পোস্ট করা হয় নি তাই। কাল থেকেই থেকে গেছে পকেটে।

এখন হঠাৎ এ-ভাবে খামটা বেরিয়ে পড়তে তাড়াতাড়ি ক'রে একসঙ্গে অনেকগুলো কথা মোহনের মাথায় এসে ভর করল। যে-কথাগুলোর জন্যে মোটেই ও প্রস্তুত ছিল না। ললিতা চিঠি লিখল, কি লিখল। প্রশ্নটা মনে হতেই কেমন একটা শির শিরানি জাগল মোহনের। হাত নিশপিশ ক'রে উঠল। দেখব না কি চিঠিটা। কথাটুকু ভাবতে ভাবতেই হাতের খামটা চোখের সামনে উঁচু ক'রে ধরল মোহন। চকচকে কৌতূহল চোখেই দেখতে পেল সে, খামটার গায় সুন্দর ক'রে ললিতার হাতে লেখা ঠিকানা। গোটা গোটা অক্ষর!

শ্রীসুকমল রায়
পোঃ বহরমপুর
মুর্শিদাবাদ

কে থাকে বহরমপুর? অনেক চেষ্টা করেও আত্মীয়-স্বজন, চেনা জানা কারো কথা মনে করতে পারে না মোহন। তবে? কে এই লোকটা? ললিতার চেনা কেউ? হবে তো। কি রকম চেনা? একটা কথার পর আর একটা কথার ঢেউ। যাকে চিঠি লেখা যায়। কতদিন ধরে এই লোকটাকে ললিতা চিঠি লিখছে, কতদিন? অনেক দিন কি? মনে করতে পারে না মোহন। অদরকারি একটা কথা কিছুতেই মনে আসে না। ললিতার অনেক চিঠিই সে দেখেছে। দেখতে ভাল লাগে নি। ওরোরা সামান্য কথা মাকে বা বাবাকে। কিন্তু এ-চিঠি, এতে কি আছে?

রোদ্দুরে দাঁড়িয়ে একের পর এক কথাগুলো ভাবতে ভাবতে ক্রমশঃ মোহনের মাথা উত্তপ্ত হয়ে ওঠে। আবার মনে পড়ে যায় সকালের সেই কথা। ললিতার বিশ্রী মুখ। কাঠ কাঠ গলা। আচ্ছা কি আশ্চর্য। তিনটে মাস ওর কি হয়েছে? কালকের সামান্য রুমালের ব্যাপার নিয়ে কী কাণ্ডই ক'রে বসল। রুমাল। খামটার দিকে চোখ পড়ল। খামটাও কী রুমালের মতো কিছু···কাকে দেবে ও রুমালটা···এই লোকটাকে না-কি। মোহন আবার হাতের খামটার ঠিকানা পড়তে লাগল। চিঠিতে কী লেখা তাতে ঘুলে যদি পড়ি এখন। ললিতা দেখবে না। দেখতে পারবে না, অথচ সে তো এই মুহূর্তেই এখানে দাঁড়িয়ে ললিতার মনের ভেতরের গোপন বিষটুকুর কারণ জেনে ফেলতে পারে। পারেই তো। আর মোহন এখনই তা জানবে।

খামটা তুলতে গিয়ে হঠাৎ থেমে পড়তে হল। হাত পড়ল না। আর সেই সঙ্গে কেন যেন মোহনের আর এক দিনের কথা মনে পড়ে গেল। এই চিঠির সূত্র ধরেই কথাটা ছবির মতো মোহনের মনে ভেসে ওঠে।

মোহন অফিস থেকে ফিরেছে। মাসের প্রথম দিক। কী মনে ক'রে হঠাৎ ললিতাকে বলল, 'চল একটা নতুন বই হচ্ছে দেখে আসি।' ললিতার কোন ভাব পরিবর্তন হল না। মুখে শুধু একটু জবাব, 'না।'

'না, কেন? চল।'

'কেন আবার কী।' ললিতা এবার মুখ তুলল। ওর চোখে তীক্ষ্ণ এক দৃষ্টি। এতক্ষণ মুখ নিচু ক'রে ও কী একটা চিঠি পড়ছিল। বিকেলের ডাকে এসেছে। মোহনও লক্ষ্য করেছিল ঘরে ঢুকেই। কিন্তু জিজ্ঞেস করেনি কিছু। ললিতা নিজের কথার জের টেনে বলল, "একদিন আপিস-খাতা দেখিয়ে মাসের শেষে আমার হাত জ্বালিয়ে যাবে। দরকার নেই। তার চেয়ে আমাকে সোহাগ না দেখিয়ে ওই পয়সায় দেনা শোধ করো।'

মোহন অবশ্য সামান্য টাকাই মাইনে পেত। তবিও সে-টাকায় ওদের চলে যাওয়া উচিত। দু'টো লোক। স্বামী-স্ত্রী। তবু কিছুতেই কুলোতো না। মাসের শেষে কিছু ধার মোহনকে করতে হত। তা বলে বাজে খরচ কিছু না। ললিতার দু'একটা শাড়ি। দু'টো দিন একটু ভাল বাজার। তা ছাড়া টুকিটাকি সামান্য প্রসাধন সামগ্রী। এতেই মোহন অস্থির হয়ে পড়ত। অথচ ললিতাকে বারণ করতেও মন চাইত না। হাজার হলেও ছেলেমানুষ একটু সখ করবেই তো। প্রথম প্রথম ক'দিন। তারপর ছেলেপুলে হলে সখ আর থাকবে না। অমন সুন্দর বিকেলটা সেদিন মাটি হয়ে গেল। চিঠির মধ্যে ডুবে থাকা ললিতার মুখে ও-ভাবে জবাব পেয়ে মোহন বড়

ছোট হয়ে গেছিল। রোজ তো নয় একদিনই। বউকে নিয়ে একটু ঘুরে আসা। চুপ ক'রে মোহন কী যেন ভাবল। ওর চোখে তখনো ললিতার মুখ ঢাকা কাগজ-টুকুতে। মনে হল ওই চিঠির লেখাটুকুই যত সর্বনাশের মূল। যার জোরে এখন এই ললিতা আর আগের ললিতা নেই। এবার একটু গম্ভীর হয়েই অথচ অবাক লাগা সুরে মোহন বলল, ওটা কার চিঠি! 'আমার এক বন্ধুর।' ললিতার স্পষ্ট উত্তর।

'বন্ধু! বন্ধু কে?

'তা দিয়ে তোমার কি দরকার?' আবার সেই শাণিত চিরে-চাওয়া দৃষ্টি। 'বন্ধু বন্ধু।' মুখ ঘুরিয়ে বললে ললিতা: 'তার সমস্ত বাড়ি-নক্সা তোমাকে বলতে হবে না-কি।'

মোহন বুঝি ধাঁধায় পড়ে গিয়েছিল হঠাৎ। কী বলতে কী হয়ে গেল। কত আশা ক'রে সে তাড়াতাড়ি বাড়ি ফিরল। আর ললিতা তাকে কিছু বুঝবার অবসর দেওয়ার আগেই কার একটা চিঠি পড়ে এ-ভাবে বললে গেল। অথচ এর আগে ওর কত চিঠি সে দেখেছে। ললিতাই নিজে থেকে দেখিয়েছে—কই আপত্তি হয় নি; আর আজ—বিশ্রী ভাবে মাথায় আগুন জ্বলে উঠল মোহনের। বললে, 'না হয় বলতেই, তোমার বন্ধুকে তো আর গিলে খেতাম না।'

'তা জানি।' ললিতাও গলায় ঝাঁজ মিশিয়ে ওর কথার উত্তর দিল, 'কিন্তু এই প্রনুসঙ্কিংসোটা আমার বিশ্রী লাগে। অসভ্যতা।' তুমি আজকাল আমায় সভ্যতাও শেখাবে না-কি।' মোহনের তীক্ষ্ণ বাক্যের খোঁচা।

'একটু না হয় শিখলে, ক্ষতি কি।' বাঁকা হাসি হেসে কথাটা বলে ললিতা ঘর ছেড়ে চলে গেল। মোহন চুপ। শুধু একটা ব্যর্থ ক্রোধে ওখানে দাঁড়িয়েই থরথর ক'রে কাঁপতে লাগল।

ঘটনাটা এখন মনে পড়ায় মোহন কেমন বিচলিত হয়ে পড়ল কেন, কেন সেদিন ললিতা এই দুর্ব্যবহার করেছিল। কেন সামান্য ব্যাপারে বিচলিত করে ও। মোহনের প্রতি বিদ্বেষ ছড়াল —কারণ কি রাস্তার মোড়ে রোধে দাঁড়িয়ে ওরমে ভেতে রাখে কাঁপতে লাগল মোহন। মুখটা দেখতে দেখতে কঠিন হয়ে উঠল লোহার মতো। মনে হল এখন যাদটা খুললেই মুহূর্তের মধ্যে ললিতার মনের স্পর্ধার সব খবর এখুনি সে জানতে পারবে। জেনে ফেলবে সব কিছু। কৌতূহল আর ঘাম! মোহনের চোখের সামনে দু'টোই যেন এক রহস্যের সূত্র। মোহন যাদটা খুলতে যাচ্ছিল। আবার কী ভেবে একটা ঘৃণায় কুঁচকে উঠল আর জ্ব। যাক। পরের চিঠি খুলে এ-চৌর্যবৃত্তি কেন? ললিতা যদি তাকে না-ই চায়, না ভালবাসে, তবে···একবার ভাবল ছিঁড়ে ফেলি চোখের সামনে এ-নাকাবি সহ্য করা ছিঁড়ব কি ছিঁড়ব না চিন্তা করতেই একটু সময় নিল। এমন সময়ই হঠাৎই কেমন করে যেন মোহনের চোখে পড়ল নিজের বেশভূষার দিকে। রাস্তার পাশেই বড় হোটেলটার কাঁচে নিজেকে দেখে চমকে উঠল সে। এ-কি! কী নিজেকে প্রশ্ন করল মোহন। উসখুস-খুসখুস চুল। পরিষ্কার ধবধবে একটা জামা গায় তার সঙ্গে বাজার করতে যাওয়ার একটা ময়লা ধেলচিটে ধুতি। পায়ে ফেড়া সেট বাচার চটিটা। বেরো-নোর সময় সব ভুলে গেছি রাগে। রাস্তায় কয়েকজন লোকের দিকে তাকাল মোহন। মনে হল লোকগুলো অবাক হয়ে তার এই অদ্ভুত চেহারা চেয়ে চেয়ে দেখছে। কী ভাবছে ওরা নিশ্চয়ই ভাবছে আমি একটা পাগল। না বি বি ক'রে উঠল। বিশ্রী লজ্জার মনটা সঙ্কুচিত হয়ে পড়ল। লজ্জায়, ক্রোধে মোহন ভুলে গেল একটু আগের কথা। সন্দেহ। ঘাম। এখন শুধু ভাবল কী ক'রে রাস্তার ওই কৌতূহলী চোখগুলোর সামনে থেকে গা ঢাকা দেওয়া যায়। এখুনি সরে পড়তে হবে এখান থেকে। কোথায় যাব—কোন দিকে? আবার মন তোল-পাড় ক'রে ক'টা কথা ফিরিয়ে দিয়ে গেল বাড়ির কথা। সেই কখন বেরিয়েছি, এখন রাস্তায় রাস্তায় ঘুরছি। অফিস কামাই হল। কাল আবার মিথ্যে কতকগুলো কৈফিয়ৎ! চোকগে।

ভিন্ন ললিতা—কেন যেন চকিতে বউয়ের কথাটা ভাবল মোহন। ললিতা এখন কি করছে, নিশ্চয়ই খায়-দায় নি। নাঃ-ই তো। আমি না গেলে ললিতা খাবে কি ক'রে। এ-ক'বছরে ললিতার এক দিনও তা-ভুল হয় নি। রাঁ রাঁ দুপুর রোধে ললিতার মুখটা কল্পনা ক'রে বড় ভাল লাগল। বিশেষ ক'রে শুকনো মুখ। ললিতা তাকে ভালবাসে, তার কথা ভেবেই ওর দিন গড়ায়। কিমোনো মনে এ-কথা ক'টা ভাবতে ভাবতে একটু আগের মোহনও যেন বদলে গেল। একটা ভুল ভাঙার অনুশোচনা। বুকের মধ্যে ব্যথা ললিতার জন্য। যে মেয়ে এখনো তাকে ভালবাসে—যে মেয়ের ওপরই ঘৃণা ক'রে প্রতিশোধ নিয়ে সে চলে এসেছে। আত্মধিক্কারে ভরে গেল মোহনের মন। আগের চিন্তা-গুলোর কথা ভেবে শিউরে উঠল ও। ও ক'দিন কী একটা বিশ্রী সন্দেহ করেছে ওকে। ললিতা কখনই বলেনি তিনটে মাসের বিচ্ছিন্ন কথা গুলোর যেন একটা মুহূর্তের উপরে ভর ক'রে মোহনের চোখের সামনে ভেসে উঠল। একের পর এক মনে পড়তে লাগল নিজের যত দুর্ব্যবহারের কথা। বিশেষ ক'রে মন থেকে হারিয়ে যাওয়া একটা দিনের কথা মনে করতেই ও যেন হঠাৎ বুঝে ফেলল। মুঁটিয়ে নিজেকে যাচাই করল মোহন। সুবিমল রায়—নামটাও মনে পড়ছে, এ-ক'দিনে ভুলে গিয়েছিল সে। এখন যেন কি-ক'রে একটা বিস্মরণের পরদা আপনা থেকেই সরে গেল। ওই লোকটাকে ঘিরেই যত রহস্যের সমাধান লুকিয়ে ছিল। ঠিক তিন মাস আগের কথা ললিতার পাড়ার সম্পর্কে কী-রকম দাদা। ক্ষীণ চেহারা। ফরসা লাজুক মুখ। চোখ দু'টো ভাসা-ভাসা। খদ্দর পরনে। চুল গুলো এলোমেলো, মার্জিত রুচি, মিষ্টি হাসি, পরিচ্ছন্ন কথাবার্তা।

একদিন অফিস-ফেরৎ বাড়ি ফিরে এই অচেনা ভদ্রলোককে দেখে মোহন আশ্চর্য হয়ে গিয়েছিল। একটা চেয়ারে বসে ভদ্রলোক। ললিতা বসে চেয়ারের হাতলে। হাসছিল দু'জনেই। এমন সময়

একটু ইতস্তত ক'রে মোহন ঘরে ঢুকল দরজা খোলাই ছিল। ওরা এতক্ষণ মোহনকে দেখতে পায়নি। পেছনে পায়ের শব্দ পেয়ে চোখ ফেরাতেই ললিতা হেসে এগিয়ে এল, 'ওমা, কখন এলে তুমি?'

মোহন গম্ভীর। স্থির ওর চোখ দুটো। কোনো কথা বললে না। শুধু চোখে একটা সন্দেহের ছায়া এনে ললিতার দিকে তাকাবার আগেই ওর ললিতা খুশিভরা কণ্ঠে বলল, 'এস, এঁর সঙ্গে তোমার আলাপ করিয়ে দিই। সুবিমলের মামে ভদ্রলোকটির দিকে চোখ ফেরাল ললিতা: 'আমাদের সুবিমলদা.. স্বাসলে সুবিমল রায়—এক পাড়াতেই থাকতেন, বিয়ের সময় ছিলেন না; আজ হঠাৎ কী ভেবে দেখা করতে এলেন। ...র সুবিমলদা চিনিই তো আমার—'

'সে-টুকু বুঝে নিয়েছি ললিতা, ওঁর কথার মাঝে বাধা দিয়ে ভদ্রলোক চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়ে বললেন, 'মোহনবাবু নমস্কার!' 'নমস্কার!' একটা ওকনো প্রতি নমস্কার ক'রেই কী মনে ক'রে মোহন পাশের ঘরে চলে গিয়েছিল।

হ্যাঁ মনে পড়েছে—এমনি মুহূর্তের মতোই সে-দিনের মুহূর্ত, একা ওই ছোট বাড়িতে একটা চাপা আর তীব্র সন্দেহে সে ওদের চিহ্নিত ক'রে নিল। নির্জন দুপুরে আলাপ-রত দুটো মনোরী ওর চোখকে নিভিয়ে দিয়েছিল। সে-দিনে পরে অবশ্য নিজের মনকে মোহন জিজ্ঞেস ক'রে এই ধারণার কোনো উত্তর পায়নি।

সুবিমল তারপর কিছুক্ষণ বাদেই চলে গিয়েছিল। সে চলে যেতেই চোখে-মুখে এক অভিমান জানিয়ে ললিতা এসে বেশ রুদ্ধ গলায় বললে, 'এর মানে কি?'

'কিসের?'

'এ-রকম বিশ্রী ব্যবহার কেন?'

'ভাল লাগল না।' তির্যক জবাব মোহনের।

'কেন কেন! সে কথাই জিজ্ঞাসা করছি। তুমি এ-ভাবে আমাকে অপমান করলে কেন?'

'অপমান!'

'না তো কি?'

অফিস ফেরৎ মোহন এমনিতেই বিরক্ত হয়েছিল। তারপর স্ত্রীর এই কৈফিয়তের তাগাদা শুনে রাগে জ্বলে উঠল। কেমন যেন কঠিন একটা মন নিয়ে চিবিয়ে চিবিয়ে ওর কথার জবাব দিল, 'তা হলে তাই। অপমানই করেছি। আমার কাছে এর বেশি আশা করা তোমার উচিৎ ছিল না। কে-না-কে তোমার পাড়াতো দাদা তার সঙ্গে এত ঘন হয়ে বসে কথা বলা।... মোহন আর কথাটা শেষ করতে পারল না। ললিতাও এরপর আর একটা কথাও বলে নি। চুপ ক'রে চলে গেল। সে-দিন সন্ধ্যে থেকে সেই যে গুম হয়ে গেল ললিতা, এর পর আর কোনো দিনই সহজ হয়ে সে মুখ খোলে নি।

কিছুদিন বাদেই অবশ্য মোহন ভুলে গেছে এ-ঘটনা সম্পূর্ণ। হেসেছে, কথা বলেছে। কিন্তু বেশই লক্ষ্য করেছে ললিতা কেন যেন হঠাৎ-ই গম্ভীর। আগের মতো নেই। এ-ভাব পরিবর্তনের কোনো অর্থ খোঁজে নি মোহন। আবিষ্কার করতে পারে নি কোন রহস্য। তাই মিথ্যে ললিতার ওপর রাগ করেছে। ঝগড়া করেছে। সন্দেহ।

তারপর সেই চিঠি পড়ার দিন। সে-দিনও মোহন ভুলে করেছিল, ভেবেছিল ললিতা বুঝি কিছু গোপন রাখতে চায়। পুরনো কথা একের পর এক ভাবতে ভাবতে সময় কাটে। অনেকক্ষণ বাদে মোহনের আবার হুঁস হয়, তাই তো আজি দাঁড়িয়েই আছি এখনো। পাশেই সে একজন কাকে যেন জিজ্ঞেস করল, 'মশাই কটা বাজে?' 'দেড়টা।'

দেড়টা চমকে ওঠে মোহন। ললিতা এই তো এতক্ষণ আমার আপিস থেকে ভাত ঢেকে ঘুমিয়ে পড়েছে। নয়তো রান্নাঘরে বসে বসে ঝিমুচ্ছে করছে, লোকটা কোথায় গেল।

ললিতার ওপরের সেই রুদ্ধ বসে থাকার ভঙ্গীর কথা ভিন্ন ক'রে বড় ভাল লাগল মোহনের। একটা হাতের পর চিবুক। অগোছাল চুলগুলো দাঁতনে চুঁকে পড়েছে। পায়ের নখের দিকে তাকিয়ে চোখ দুটোয় অকারণ জল। জল নয় জ্বালাও। একটা ভুল বোঝার আর মোহনের নির্দয়তা যেন অসহ্য জ্বালা। এ-বার ললিতাকে এই ঘর থেকে বুকতে পেরে, ওদের মনের দ্বন্দ্বের কারণ জেনে মোহন যেন স্বস্তি পেল। না, না, এখনি বাড়ি ফিরতে হবে।

ফিরতে গিয়ে আবার হাতে চোখ পড়ল। তখনো শক্ত ক'রে ধরা সেই খামটা—ললিতার চিঠি। এখনো যা ওকে দেওয়া হয় নি। ছিঃ ছিঃ, কেমন একটা নিজের প্রতি লজ্জার ভাব এসে ঢেকে দিল রোধে পোড়া মোহনের মুখটা। ঠিকানাটাও চোখে পড়ল: শ্রীসুবিমল রায়। পোঃ বহরমপুর, মুর্শিদাবাদ।

নিরীহ, নির্দোষ লোকটাকে কল্পনা ক'রে সাদাশ্ত হাসি পেল মোহনের। মনে পড়ল ভদ্রলোককে দেখার দিনের কথা। ওকে জড়িয়ে কত বিশ্রী সন্দেহ করেছিলাম। ধার জের চলল তিনমাস ধরে। না, না, মনে মনে হাসল মোহন। হাসতে হাসতেই ততক্ষণে হাতের চিঠিটা সে ফেলে মোড়ের ডাক-বাক্সে। এ-বার বুক ভরে একটা বড় ক'রে শ্বাস টানতে পারল ও। হালকা হল মাথাটাও। আবার মুখ তুলে রাস্তায় তাকালো মোহন। সেই লোকের চোখ। বিশ্রী তার বেশ ভূষা। আর এক মুহূর্তও না দাঁড়িয়ে সে বাড়ির দিকে রওনা দিল।

হেঁটে হেঁটে বাড়ি ফিরতে এখন আর কোন গ্লানি, কোনো অনুশোচনা তার নেই। ললিতাকে বুঝিয়ে ঠাণ্ডা করতে আর কোনো অসুবিধে হবে না। তাড়াতাড়ি হাঁটতে লাগল সে। সহজ সুস্থ মোহন।

সমস্যা পণ্ডিত

(৬৮ পৃষ্ঠার পর)

সাংবাদিকদের। পরেরদিনের ঘরে লিখলেন রাষ্ট্রপতিরা।

তবুও দাঁড়ানো একজন চাপরাশী উঠিয়ে নিয়ে চলে গেল।

পণ্ডিত মনে মনে হাসলেন। তিনি জীবনের তর্কজালের গ্রন্থ, 'সুবর্ণম তর্ক-পঞ্চাননের লেখা, নিজেও তিনি নামের উপাধি পেয়েছেন—কিন্তু সে সব পরিচয়ে এখানে কেউ তাঁকে চিনবে না। পঞ্চানন কুমার যদি এই অফিসের বড়-সাহেবের কাছে আসেন, তবে তা সাহেবের জন্য এক দুঃখের ঘটনা। তিনি কালীতারা মন্দির পাশ্ববর্তী পণ্ডিতেরণী জনে।

একটু পরেই চাপরাশীটা এসে তাঁকে ডেকে নিয়ে গেল। লোহার একটা কপাট দরজার সম্মুখে দাঁড় করালো। লাল-পাতা বৈদ্যুতিক আলোক বিন্দুর কী সব সঙ্কেত লক্ষ করে একটা বোতাম টিপে দিল। মুহূর্ত পরে সেই লোহার দরজাটা খুলে গেল। একটা খাড়াই উঠে দাঁড়ালেন পণ্ডিত। লিফটটা উপরের কোন এক তলায় গিয়ে থামল। আলোকমণ্ডলে একটা সরু গলিপথ অতিক্রম করে আবার একটি কপাট দরজার সম্মুখে তাঁকে অপেক্ষা করতে বলে চাপরাশীটা দ্বার ঠেলে ভিতরে ঢুকে গেল। পণ্ডিত লক্ষ্য করে দেখেন, দরজার উপর একটি কাচের ফলকে লেখা আছে—'মনোনীত ডাইরেক্টার'। তার নিচে আর একটি ফলকে লেখা : ডঃ হে, সাধুখাঁ; এবং তারপর অনেকগুলি ইংরাজি অক্ষর। ঘরে ঘরেই-কখনো যেমন লেখা 'লণ্ডন', 'সিকদার'। ডক্টর যে লেখাপড়া জানা লোক এটাও জানা ছিল পণ্ডিতের, কিন্তু সে যে এতখানি কিবান তাও জানা ছিল না।

একটু পরেই ডাক পড়ল ভিতরে। পণ্ডিত দরজার পাল্লাটা খুলে ঘরে প্রবেশ করলেন। দরজাটা নিঃশব্দে আপনা থেকেই বন্ধ হয়ে গেল। ঘরের ভিতরেও শীতলতা ঠান্ডা। ফ্যান ঘুরছে না কিন্তু।

ডক্টর একটা বেতিও-মত জন্তুর সামনে মুখ রেখে কার সঙ্গে কথা বলছিল। টেলিফোন নয় কিন্তু। বাঁ হাতে তার পাইপটা ধরা আছে, ডান হাতে একটা লাল নীল পেনসিল। বৈদ্যুতিক কপাটকে ডেস্কের ভিতর ঢুকিয়ে দিয়ে এবার ডক্টর মুখ তুলে তাকিয়ে দেখেন, বলেন, ইয়েস, কী চাই?

পণ্ডিতকে ডক্টর বসতে বলেন নি; নিজে থেকেও পণ্ডিত বসেন নি সম্মুখস্থ চেয়ারে। কেবল যেন বিদ্যুৎ খেলে যায়। ডক্টর তাঁকে কি এখনও চিনতে পারছে না? আস্তে আস্তে ধীরে ধীরে বলেন, আমি কলকাতায় থাকব না স্থির করেছি—

—বুঝে ছিলাম ভিলেজ ইউনিভার্সিটির এই কথা জানাতেই কি এখানে এসেছেন? আপনি বোধহয় থাকতেন হার মনে আমার কী সম্পর্ক?

—আজ্ঞে না, আপনি বলেছিলেন, সাউথ্যাল পরগণার কোন আপনার কি একটা কারবার আছে, সেখানে আপনার একজন লোকের দরকার—

—আই সী। চাকরি চাই?

—আজ্ঞে হাঁ।

—বসুন বসুন। অফিসের বাইরেই তো নোটিশ টাঙানো আছে : নো ভেকেন্সি; এমনিতেই এখন মার্কেট খুব 'ডাল'; বোধহয় মোক ছাঁটাই করব আমরা—

হঠাৎ খস্ খস্ করে পেনসিলটা থেমে উঠল।

মাথাদের কথা ঘামিয়ে কথাটা তুলে নিলেন ডক্টর : ইয়েস?

অপ্রস্তুতাবিনীর কথা মন দিয়ে শুনে নিয়ে বলেন, লুক হিয়ার মাস্টার। এ ভদ্রলোক আমার কি চান তাদ্ধ ওঁর চেয়ে নিয়ে তাঁদের আমার কাছে পাঠাও। কম্পানির চাকরির উমেদার পাঠাও না। আমাকেও কিন্তু কাজকর্ম করতে দাও। প্রাঃ? কি বললে? না, 'পাইছো' লিখলে সেটা 'এক্সপেন্স' করবে না। অফিসে আমি পাইছো কার করতে জানি না। তুমি যদি আমার লাঞ্চের সময়ের ঠিকমত 'ডিক্টেশন' করতে না পার, তাহলে বাধ্য হয়ে তোমাকে 'আউট-ডোরে' পাঠাতে হবে।

কথার ঘরে টেলিফোনটা রেখে মুখ তুলে পণ্ডিতকে দেখতে পান, বলেন, আপনি এখনও দাঁড়িয়ে আছেন?

পণ্ডিত চলে যান না। ডক্টর পাইপটা তুলে নিলেন, আগুনটা বোধহয় নিবে গিয়েছিল; লাইটার ছেলে তাতাকরতে আগুন ধরাতে ধরাতে বিকৃত উচ্চারণে বলেন, আর কিছু বলার আছে আপনার?

পণ্ডিতের মুখ চোখ লাল হয়ে উঠেছে তখনও। ঠোঁট দুটো কাঁপতে থাকে। বাক স্ফূর্তি হয় না।

—আর কিছু বক্তব্য না থাকলে আপনি যেতে পারেন, আমি বড় ব্যস্ত।

—যাচ্ছি। একটা শুধু প্রশ্ন ছিল। পণ্ডিত ওভারের পকেটের ভিতর হাত চালিয়ে কী একটা খুঁজতে থাকেন।

ডক্টর যে ওঁকে চিনতে পেরেছেন, এটা বুঝতে অসুবিধা হয় না। তাই ডক্টর আর ওঁর চোখে চোখে তাকাতে পারছেন না, তাই একটা জীবুলের দিকে দৃষ্টি নিবদ্ধ রেখেই বলেন, তুমি শুনে করে সেটা তাড়াতাড়ি বলে ফেললে সুখী হতাম।

—আপনি আমার ছেলেকে একটা কলের পুতুল দিয়ে গিয়েছিলেন মেটার মনে আছে?

হেলে চেয়ার ছেড়ে লাফিয়ে ওঠেন ডক্টর সাধুখাঁ, পুরনো পত্রাপাদিবত জানে-হি: ডাইরেক্টার। পাইপটা ঘরার দিকে নিক্ষেপ করে গর্জন করে ওঠেন—বো। বো! বো আউট।

পণ্ডিত থর থর করে কাঁপছেন তখন।

কাঁপা হাতেই ওভারের পকেট থেকে বার করে আনেন ঘুঁটিমার্কা একটা এক-টাকার নোট। হাতের মুঠোয় সেটাকে দলা পাকিয়ে ছুঁড়ে মারেন ডক্টরের মুখে।

তারপর কাঁপতে কাঁপতে ঘর ছেড়ে বেরিয়ে যান।

পরের দিন সিদ্ধান্ত হবে পালা চন্দ্র-যাদুর।

স্কুল ছুটির পর পণ্ডিতমশাই তাঁকে একান্তিকে ডেকে বললেন, চন্দ্রকান্তবাবু, একটা কথা ছিল।

—বলুন বলুন।

আশপাশে একবার দেখে নিয়ে পণ্ডিত বলেন, অনেক বিবেচনা করে সিদ্ধান্তে এসেছি—আপনার নির্দেশিত পথে গমন করা ভিন্ন আমার গত্যন্তর নাই।

চন্দ্রবাবু খুশি হয়ে বলেন, আমি জানতাম। ইচ্ছা করেই তাড়াহুড়া করি নি, আমার বিশ্বাস ছিল আপনি নিজে থেকেই পত্রোত্তরটা তুলবেন। ছেলেটিকে আর কোথায় রেখে এলেন?

—আমার এক পরিচিতের নিকট। বাঁকুড়ায়।

—ঐ কালিতারা কেমিক্যালের মালিক?

—আজ্ঞে হাঁ।

—ওটা তো একটা মস্ত বোকামী।

পণ্ডিতের মুখটা করুণ হয়ে ওঠে; বলেন, বিবাহযোগ্য নয়; এ ভিন্ন আর কি করতে পারতাম বলুন?

—না না, এ ঠিক হচ্ছে না। ঐ সব পরিবেশে গিয়ে কতকগুলো অসভ্য গালা-গাল শিখবে শুধু। শিশু মনে পরিবেশের বিষয়ের প্রতিক্রিয়া ভাবতে হয় আপনি তো জানেনই সব।

একটা দীর্ঘশ্বাস ফেলে পণ্ডিত বলেন, উপায় কি বলুন?

—উপায় তো অনেকই বলেছি; এতদিনে আপনি রাজিও হলেন। পাত্রী আমি স্থির করেই রেখেছি; আপনি দিন চারেকের ছুটি নিয়ে আমার সঙ্গে চলুন।

—কোথায় যেতে হবে?

—বর্ধমানে। দেবকীপুর স্টেশনে নেমে মাইল তিনেক আমাদের যেতে হবে। চন্ডী-গড় বলে একটা গ্রামে;

—আপনি কি ইতিপূর্বেই সমস্ত স্থির করে রেখেছেন? পাত্রী কবেই বা দেখা তো? আমার বক্তব্য পাত্রীর অভিভাবককে আগাম বিবৃত করেছেন তো?

—আজ্ঞে হাঁ। পাত্রী আপনাকে দেখেছে, তার অভিভাবকও আপনাকে ভালভাবে চেনেন। চন্ডীগড়ের কুলসহায় বাসটি। আপনার মনে আছে?

—অন্যে না। কে তিনি?

—পত্নীমা, মানে আপনার স্ত্রীর সম্পর্কে কাকা হন। তাঁর বাড়িতে তাঁরা চারটিকে পায় করেছেন। এটি পঞ্চম। আপনার

বিবাহের সময় ঐশ্বর্যময়ী, তখন তার বয়স বারো। এরপরে উনিশ-কুড়ি হয়েছে। পড়িমার মত একেবারে অশিক্ষিত নয়। পর বছর হয়তো মেট্রিকুলেশন পরীক্ষা দিয়েছিল, পাশ করতে পারেনি—তারপরে পরীক্ষা দেবার চেষ্টা করছে।

পণ্ডিত তৃপ্তিতে স্বরে বলেন, অতটুকু মেয়েকে—

—অতটুকু কি মশাই? বুদ্ধি শুদ্ধি বয়সে কম হল? লাহিড়ি আপনাকে দেখেছে, আপত্তি নেই। তার বাবা এবং মাও আপনাকে বিবাহের সময় দেখেছিলেন। তাঁদেরও আপত্তি নেই, আগ্রহ আছে। বস্তুতঃ পড়িমার মৃত্যু সংবাদ পেয়েই তাঁরা আমাকে পাঠিয়েছেন, এ বিবাহ হতে পারে কিনা জানতে চেয়েছেন।

পণ্ডিত কোন সিদ্ধান্তে আসতে পারেন না। মনুষ্যের উপর বিশ্বাস হারানো নাকি পাপ, কৃষ্ণসহায়বাবু, তাঁর স্ত্রী প্রবধা তাঁকে জানাতে তিনি সময় চেয়ে নিলেন। তাঁদের তিনি জানেন না চেনেন না কিন্তু তাঁরা পড়িমার আত্মীয়। কৃষ্ণসহায়বাবু, ভাতৃষ্পুত্রীর মৃত্যু সংবাদ পাওয়া মাত্র পত্র লিখেছেন। পাত্রে পাত্রীটি হাতছাড়া হয়ে যায়। তাঁরা কি জানতেন যে পাত্রস্থ পণ্ডিত পূর্ণেন্দু স্ত্রীর চিতার আগুন থেকেই খেপলাই-কাঠির খরচ বাঁচাতে দ্বিতীয়া স্ত্রীর হোমের শিখায় অগ্নি সংযোগ করবেন? কিন্তু অন্যায়ই বা কি করেছেন তাঁরা? পক্ষবালও অতিক্রান্ত হয়নি, এই তো তিনি আজ নিজেই চন্দ্রকান্তবাবুর স্বাস্থ্যন্ন হয়েছেন—

নির্বাচনের গ্লানিতে ক্ষুব্ধ মোক্ষ মনটা ঘোলাল, আচ্ছা ছেড়ে দাও—

—না না, মশাই ভাবনা-চিন্তার সময় আর নেই। এতদিন ভবদেবতার তলা থেকে ফিরে এসেছে, এতদিন পুকুরের জলে ডুবতে ডুবতে বেঁচে গেছে। মেয়েটাকে মেরে ফেলার আগেই লাপনার চিন্তা-ভাবনা শেষ হওয়া ভাল নয় কি?

পণ্ডিত নিষ্পলক হয়ে দাঁড়িয়ে থাকেন।

খুকি সভয়ে করে, ঠাকুরদাদা, আর স্নানে যাবে কেন বাবা?

—কি জানিরে।

—যা তবে জানবে যাবে।

—সীমন্তে ঐশ্বর্যকে তিনি মা-মণি। তুমি লক্ষ্মী হয়ে থেকো তাহলেই মাতৃ-বিলম্বে তিনি আসবেন।

—'মাতৃবিলম্ব' কি বাবা?

—বুঝে পাঁচ।

—জান বাবা, বন্ধুরা আমাকে বিস্কুট খেতে দিয়েছিল, আমি খাই নি।

—উত্তম করেছ মা-মণি। লোভকে সর্বদা জয় করতে হবে। ভগবান শ্রীকৃষ্ণসখা গীতায় বলেছেন, লোভ ; করা পাপ। গীতা জানেন, তবে যে অসাধিত্রাণ তবে পরিত্রাণ শুভ্রতা, অর্থাৎ কিনা—

বাবা দিয়ে খুকু, বলে, না বাবা গীতা কি কিনতে দিলেই যায়।

পণ্ডিত হাসেন, সে গীতার কথা আমি বলছি না মা-মণি। এ অন্য গীতা।

বয়সের সঙ্গে খুকুর মনের কথা জানা বড় হয়ে যা বাবার কথা গুলোই যেন ঠেস-বোঝা যায় না। খুকুর তাই দুশ্চিন্তা—বাবার সঙ্গে কথা বলে আরাম পায় না, বন্ধু আর ছোটনকে সর্বদা এড়িয়ে চলতে হয়; তারা সুযোগ পেলেই চিমটি কাটে, জ্বালা করে দেয়। কেন তা কিছুতেই খুকু উঠতে পারে না খুকু। ঠাকুরদাকুর কথাও সব সময় বোঝা যায় না, তা হোক সে তবু খেলার ছোঁয়া দেয়। তা আর কিছু তো ঠাকুরদাকুও আসছে না। গীতাটিকেও খুকু। সহ্য হয় না। পাঁতাটি বলে, নাকো। বন্ধুরা তখন কিনতে দিল, তুই নিলি না কেন?

খুকু সপ্রতিভ স্বরে, কেউ কিনে২ খুকু দিতে হয়? লোকে হারালো বলবে না?

—উঁহু। হারানো এমনি বললেই হল? মুখে নুড়ো জেলে দেব না? তুই না হয় কিনে নাই খেতি, আমাকে কিনে কিনেই পারতি?

খুকু সমস্যাটা বুঝিয়ে দিতে পারে না গীতাকে। বাবার ইচ্ছেটা যে তার ছোটো জানাই আছে। বিশেষ থাকে তার। কিন্তু কোনদিন তারও কষ্ট কিনু হাত পেতে নেয় নি, সে যে মনে করত। তাই হাত পাতার অভ্যাসটা তার হয়নি, এখন সে বদভ্যাস ছাড়বে কেমন করে। লজ্জায় মাথা থেকে হাতখানাই যদি সে কোনক্রমে পাততে পারে, তবে সেটা খাওয়ার মনা গীতার সাহায্যে তার প্রয়োজন নেই। বলে মা যে বকে—

খিল খিল করে হেসে ওঠে গীতা। বলে, তোর কি বারণা এখনও তোর মা মাগী বকতে আসবে? সে তো মরে ভূত।

খুকু অবাক হয়ে শোনে। বাপারটা বুঝে উঠতে পারে না।

পণ্ডিত বলেন, মা-মণি তোমার মায়ের পরিবর্তে আমি যদি অন্য একজন মা নিয়ে আসি, তাহলে কেমন হয়?

—অন্য মা কেন বাবা? মা কি আসবে না?

—আসবেন মা-মণি, কিন্তু তাঁর বিলম্ব হবে। স্বর্গের দেবতারা তাঁকে অবিতিবিলম্বে পাঠাতে পারছেন না। এ ছেলে মানুষ অন্য একজন জননীকে নিয়ে আসি তুমি কি সন্তুষ্ট হবে?

খুকু একটু ভেবে নিয়ে বলে, অন্য মা মারবে না?

—মারবে না' বলা অনুচিত মা-মণি, বলতে হয় 'মারবেন, না'। না, মারবেন কেন? ভয় আদর করবেন। তোমাকে গল্প বলবেন, ছড়া বলবেন, কাছে নিয়ে শয়ন করবেন।

খুকি সে কথার জবাব না দিয়ে ঘরের অন্য দরজার দিকে চলে যায়; বলে—আচ্ছা বাবা, 'মাগী' মানে কি?

—কী। কে তোমাকে ঐরূপ অভদ্রোচিত ভাষা শিখিয়েছে?

—কোথায় এ কথা?

ভয়ে খুকু, একেবারে কাঁদতে যায়!

—না মানের সাধনে চলবে না সত্য কথা বল।

খুকু গীতার নামটা করবে কিনা খুকে উঠতে পারে না।

—না। পুরুষ মানুষকে বাবহারিক জীবনে উপার্জনক্ষম হতে হবে। সরকার অনুমোদিত পাঠক্রমে অবিদ্যার উপাসনা না করলে অর্থোপার্জন সম্ভবপর নয়। আমার উদ্দেশ্য অর্থ লাভ নয়, অমৃত লাভ—বিদ্যয়ামৃতমশ্নুতে। তাই আমার পাঠচেষ্টা শুধু মাত্র ছাত্রীদের ভিতর সীমিত রাখতে ইচ্ছুক। এমন কি যে সকল ছাত্রী উপার্জনক্ষম হতে চায়, তাদেরও আমি গ্রহণ করি না। আমি শুধুমাত্র সেই সব ছাত্রীকেই আমার নবাচতুষ্পাঠীতে স্থান দিতে চাই, যারা শুধু মা হবে, সংসার করবে, ভবিষ্যত জাতিকে গঠন করবে। বাঙ্গালীর জনসংখ্যার অর্ধেকের উপর স্ত্রীলোক, এবং তার শতকরা নব্বুই তাদের জীবন সংসারের অন্তঃ পাঠটীরে সীমাবদ্ধ। আমাদের জীবন তা শেষ হয়ে গেল। আগামী যুগের বঙ্গ-বালার জীবন নিয়ন্ত্রণ করবে ঐ আগামী দিনের জননীরাই। আমার সাধনা শুধুমাত্র তাদের নিয়ে।

কেউ কেউ হয়তো তা সত্ত্বেও শুধোন হোমে—কিন্তু আপনি একা এই দশ-বারোটি ছাত্রী নিয়ে জাতির ভবিষ্যতে কী অবদান রেখে যাবেন?

—কিছুই নয়। আমি শুধুমাত্র একটি আদর্শকে, একটি সৎ চিন্তাধারাকে বাঁচিয়ে রাখতে চাই।

—তার চেয়ে আপনার পরিকল্পনার কথা সরকারকে বলুন না—এখন তো জাতীর সরকার। একটা আবেদনপত্র করে তুলুন।

পণ্ডিত আবার হাত দুটি জোড় করে বলেন, ইচ্ছা হয় আপনারা সে আবেদন করুন। আবেদনে আমার আস্থা নেই। আমি পুরাতনপন্থী। আপনাদের ঐ ফাস্তা, সোস্যোলজি, ইকনমিকসেও আমি বিশ্বাসী নই। আমাকে নিজ গৃহকোণে শুধুমাত্র এই একটি আদর্শের প্রদীপ শিখা জ্বালিয়ে রাখতে দিন আপনারা।

নব্যপন্থী হয়তো তা সত্ত্বেও প্রতিবাদ করে: কী বলছেন আপনি? অনুশোলন ছাড়া কোন ভাল কাজ হয়? এই ফেমো-কেমোর যুগে—

পাঁচকড়ি আবার হাত দুটি জোড় করে প্রতিবাদ করেন পূর্বেই বলেছি আমি পুরাতনপন্থী। সমাজে আমার আস্থা আছে—কিন্তু সীমিত ক্ষেত্রে, ধর্মনৈতিক ক্ষেত্রে, ধন বণ্টনের ক্ষেত্রে। কিন্তু ঐ সমস্তই জীবনের সকল ক্ষেত্রে আমি সমাজবাদী নয়। জ্ঞানের প্রদেশে আমি গণতান্ত্রিক প্রদেশ-সমূহকে অনুমোদন করি না। জ্ঞান বিতরণের প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা কি হবে সে বিষয়ে সহস্র কণ্ঠের চীৎকারের অপেক্ষা একজন বিদ্যাসাগর, একজন স্যার গুরুদাস অথবা একজন আশুতোষ মুখোপাধ্যায়ের কণ্ঠ-স্বরকে আমি বড় বলে মনে করি।

অন্তরে খুকুমণি বলেছে।

খুকু এখন অনেক বড় হয়ে গেছে। না, খুকু আর সে নয়। বেনী দোলানো বয়-সন্ধি বয়সের মেয়েটিকে গ্রামের সবাই এখন 'সবিতা' নামে ডাকে। সেও পণ্ডিতের ঐ নবা-চতুষ্পাঠীর ছাত্রী। কলকাতা থেকে পালিয়ে এসে ভালই করেছিলেন ন্যায়রত্ন—আর কিছু নয়, গ্রামের খুকু-বাড়ন্ত পল্লবকে খুকু নিঃশেষে নিয়ে বেড়েছে। সোনার গাঁ-বাসী অত অকবুণ নয় যেমন ইয়াসীন নয়। তারা এই মা-হারা মেয়েটিকে বুকে টেনে নিয়েছে। এ বাড়ির বউ তাকে চুলের ফিতে কিনে দেয়, ও বাড়ির বউ তাকে গামছা সেলাই, সে বাড়ির মেয়ে তাকে শাড়ি পরানো শেখায়। পড়াশুনায় মেয়েটি সমস্ত দিন এবাড়ি-ও-বাড়ি, ও-পাড়া ও-পাড়া করে বেড়ায়। বনে কিংবা কচি আম চাখতে চাখতে সে দিব্যি গাছের গায়ে ঠেস দিয়ে কাঠবিড়ালিদের ছোটাছুটি দেখে, বাসের সঙ্গে হাতে হাতে ধামসেন কাজ করে, বাসন মেজে আনে পুকুর থেকে, ছোট খড়ার করে জল ভরে আনে। ঘর-দোর রোজ ঝাট দেয়, মাদুর মাদুর বিছানার চাদর, বালিসের অড়, জামা-কাপড় কাচা নিয়ে ব্যস্ত থাকে। কে বলবে ন-দশ বছরের মেয়ে। তার সবচেয়ে ভাল লাগে ছিপে-ছিপিতে জলে উবুড় করা কলসীটা বুকের তলায় নিয়ে চুপচাপ ভেসে থাকতে। ছিপিতে সুখের এবং নারীর সুখের মিল। ছিপির জলে

নতুন পড়া একটা মেয়ের গায়ের কাঁচুলী খোলা ছেলে ওড়-ওলানী আর লালতে পাতার ঝলমল মুটো ঘাটের রাজবাড়ির চেহারার একটা পারিপার্শ্বিক পর্দা তৈরি হয়েছে। মেয়েদের ঘাটটা ও পাশ থেকে দেখা যায় না। পাড়ার মেয়ে-বউ নির্দিষ্টদিনে সা-খুলে স্নান করে, সাবান মাখে। সবিতা একটা পিতলের ঘড়া তার বুকের তলায় নিয়ে পা-ছুঁড়তে ছুঁড়তে অনেক গভীর জলে চলে যায়। ঘাটের-গিন্নী হয়তো বকুনি দিয়ে ওঠে,—ওলো ও পোড়ারমুখী, অত গাঁয়ের জলে যাসনি মা, ঘাটে বেটাছেলেরা কেউ নেই, জলসী উল্টে গেলে তুলে দেবারিবে।

সবিতা হাত পা ছোঁড়া বন্ধ রেখে বুকের তলটা কুলকুচি করে ফিরিয়ে দেয়। তারপর ঘাটোর্ধ্বিনীকে ওখান থেকেই চিৎকার করে বলে, ঠাকুমা, উচ্চারণ তোমার নিভুল হয় নাই। ও সন্ধ্যটী গাঁয়ের নয়, গাঙ্গীর; গ পূর্ব্বক ছী ধাতুর ত!

ঠাকুর বাড়ির নবীন ঘাটে বসে গায়ে বাতা মর্দ্দাচ্ছিল, সে খিল্-খিল করে হেসে ওঠে, বলে : বয়স। মেয়ের যত শেষ, ঠিক পণ্ডিতমশাই বনতে করছে!

সবিতা জবাবদিহি করে না, আবার হাত-পা ছুঁড়তে ছুঁড়তে ১.ল. বাপরে বাপ, সিপাহি তো ঘোড়, কবে নৌকি তো ঘোড়ি ঘোড়ি।

ছড়াটাতেই ঘাটলাটা মিশ্ধ হয়ে ওঠে। পণ্ডিতমশাইকে প্রায় উঁচুতে হাত উঁচানোর ভয়ে কথা বলতে হয় না। সবিতাই এখন সে দায়িত্বটা নিয়েছে। বাড়িতে গরু আছে। গো-সেবার দায়িত্বটা খুকুর। ধুয়ে নিয়ে আসে নিজের হাতে। ঝিম দু'আনাই সের দুধ দুয়, ফ্যান দিয়ে কখনও ঘন করে, কখনও বা পেরু দিয়ে ছানা করে। ডাক্তারমা বলেছেন, বাবাকে রোজ একটু করে ছানা দিতে। বাত-ব্যামে তো উনি খাবেন না, ছানাটা তাই খাওয়া দরকার। দুই ব্যামোর কারণটা ঘোষপিসির কাছ থেকে ভাল করে লিখে নিতে হবে। ঘোষ-পিসির হাতের ঘইটা অবশ্যভাবে জমে। সেটা ঘোষপিসির কোন বিশেষ গ্রাহকের কল্যাণের জন্য, না ওরে-বাবার কারসাজি, অথবা কোন ভুক্ত-ভাক, কিছু জানেন না সবিতা। তবে পাঁইয়ে পাঁইয়ে ঘোষপিসির কাছ থেকে কারণটা সে লিখে নেবে।

ঘটীবিকাকৃত দেওয়া সেই কলের পুতুলটাকে আর খুঁজে পাওয়া যাবে না। কবে, কেমন করে সে সেটা হারিয়ে ফেলে খুকু জানে না, যেমন জানে না কবে, কেমন করে সে ঐ পুতুল খেলার বয়সটা পার হয়ে এল। ছোটা সংসারটাই যে এখন ওর পুতুলের সংসার। কাঠের পুতুল দিয়ে আর কি হবে! এখন সে যে রীতিমত একটা জ্যান্ত পুতুল পেয়েছে। ঘটীন ডাক্তার দেওয়া সেই কাঠের পুতুলটার মতই এই জ্যান্ত পুতুলটা নিতান্ত অসহায়—খেতে দিলে খায়, শুইয়ে দিলে ঘুমায়। না, কাঠের পুতুলের মত চুপচাপ পড়ে থাকতে জানে না খুকু, লক্ষ করে দেখেছে, মাঝরাতে ওর ক্লান্ত পুতুলটা চৌকির ওপর উঠে বসে আপন মনে বিড় বিড় করে কি যেন বকে যায়। তা হক, মানুষটা পুতুলের মতই অসহায়—কপালের উপর চুলগুলো তুলে সারা রাত খুকুকে দেখে নিতে হয়, বাবা খেল কিনা।

অনেক অনেক দিন পরে বেদনার সমুদ্র অতিক্রম করে পলাশতলা পণ্ডিত আবার এই তীরভূমির সান্নিধ্যে শান্তির সন্ধান পেয়েছেন। এইটুকুই চেয়েছিলেন তিনি: ছোট একটা ঘর, নিজের হাতে গড়া বাগান, কয়েকটি অন্তরঙ্গ মানুষ, একটিমাত্র পরিচারিকা, আর তাঁর খুকুর নিরাপত্তা। ব্যস, আর কিছু নয়। তাই এখানে এসে পেয়েছেন। মন তাঁর অবসাদে কানায় ভরে গেছে। এখানে এই সাত পুরুষের ভিটেতেই যদি শেষ নিঃশ্বাস ফেলতে পারেন, তবে কোন ক্ষোভ থাকবে না আর তাঁর। এই অন্তরঙ্গদেরই একদিন তারক-বন্ধু স্মরণ করে-ছিলেন 'গদাধর তর্কবিত্ত', করেছিলেন, 'অনুদর্শন তর্ক-পঞ্চানন। এই তো তাঁর কাশী, এই তো তাঁর বৃন্দাবন। একটু সুস্থ হয়ে পড়িয়ার ইচ্ছা। আহা, সে বেচারি এই শান্তি-রাজ্যের সন্ধান পেল না। না পাক, সে পেয়ে, বেশ পেয়েছে,—না, কেমন অনু-শোচনা রাখবেন না পণ্ডিত তাঁর মনের কোনে। শুধু শেষ নিঃশ্বাস ফেলার আগে যদি ঐ মা-হারা এক ফোঁটা মেয়েটাকে কোন সুপাত্রের হাতে দিয়ে যেতে পারেন, তাহলে তাঁর আর কোন বাসনা অপরিতাপ্ত থাকবে না। কিন্তু তা কি হবে?

পলাশতলা জ্যোতিষী নিতান্তই ঠুলো পণ্ডিত; কিন্তু কোন কোন বিষয়ে তাঁর চিন্তাধারা রীতিমত প্রগতিশীল। মুখে তিনি বলেন যে, তিনি পরচীন-পন্থী—কিন্তু সেটা ঠিক নয়। তাঁর চরিত্রে এমন কিছু থেকে অন্তত একটা বৈপরীত্য আছে। তাতে অবশ্য বিস্মিত হবার কিছু নেই। যখন যোড়ন তর্কালঙ্কার, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মশাইও তো ঠুলো পণ্ডিত ছিলেন। তাঁদের চরিত্রেও ঐ আপাত-বৈপরীত্য লক্ষ করা গেছে। পলাশতলা পণ্ডিত বাল্য বিবাহের বিরোধী। মা-মণির বিবাহের কথা তাই তিনি এখন চিন্তা করেন না। এই প্রগতিশীল চিন্তাধারা যা থাকলে তিনি তাঁর পাঠকক্রমের মধ্যে সহায়-বিজ্ঞান অথবা রাষ্ট্রনীতিকে অন্তর্ভুক্ত করতেন না নিশ্চয়। তিনি বলতেন, পদার্থ বিজ্ঞান, রসায়ন, জ্যোতির্বিজ্ঞানের মত ও দুটিকে পাশ দিয়েও মেয়েদের মেয়েদের প্রবিন করতে চলে যেতে পারত; কিন্তু তোমাদের স্বাধীন ভারতবর্ষ যে আবার পলাশ ছাড়া মেয়েদের দিয়েছে নির্বাচনের অধিকার।

মোট কথা পণ্ডিত এখন সুখী। না, ভুল হল:—সুখী নয়, তিনি আনন্দময়।

কলকাতা শহরটাকে এড়িয়ে তাঁরা; কবে এসেছিলেন আক্রান্ত হয়ে। একটা পরিণত বেদনাবোধকে অন্তরে বহন করেই যে সেদিন গঙ্গার পথে রওনা হয়েছিলেন, একথা অনস্বীকার্য। বলা চলে, মরম-ব্যথার আকর্ষণে নয়, মানসিক প্রতিক্রিয়ার বিরুদ্ধেই কেন্দ্রচ্যুতা হয়ে ঐ পাপচক্র থেকে ছুটে বেরিয়ে এসেছিলেন সেদিন। সে বেদনাও আত্মমেলনী ধাতুতে গড়া নয়, তাও পরস্বৈপদী। মিত্রের অপমানের জ্বালা তত্তটা বেদনাহত হয়ে নি, যতটা হয়েছিলেন তাঁর আন্তরিক পরিপার্শ্বস্থ ধর্ম হয়ে যাওয়ায়। কী অপরাধ এতদিন? অতগুলি ছাত্রকে শুধু পরীক্ষা সমুদ্রই পার করিয়েছেন।—একটাও মানুষ গড়ে তুলতে পারেন নি। সেদিন ক্লাসের একটা ছেলেও উঠে দাঁড়িয়ে বলেনি —পণ্ডিত মশাই আমাদের পিতৃ, স্বাধীন, তাঁকে দিয়ে এতদিন যাদ করা অপরাধ, অনু-চিত, পাপ। হেডমাস্টার মশাই, অঙ্কমাস্টার, চন্দ্রকোনাস্যার,—এঁরা সকলেই উঁচুতে শিক্ষিত ছিল,— এঁরা সকলেই ছাত্রি গঠনের পাঠ্য বাদ দিয়ে গেছে নিজেদের। পণ্ডিতের সমস্যাটাকে মানবিক বোধ দিয়ে কেউই দেখলেন না। সহানুভূতি নয়, সহৃদয়তা নয় —শুধু যান, শুধু উপহাস, শুধু আঘাত করেই কর্তব্য শেষ করলেন।

তা হোক, তবু সর্বান্তঃকরণে তিনি ওদের মার্জনা করে চলে এসেছিলেন।

মনে আছে, কালিঘাট স্টেশনে মা-মণির হাত ধরে যেদিন ট্রেনে উঠে বসে-ছিলেন, সেদিনটার কথা। গাড়ি যখন প্ল্যাট-ফর্ম ছেড়ে বেরিয়ে এল, তখন শূন্য দৃষ্টি-আকাশ উদ্দেশ্যে তিনি আন্তরিক প্রার্থনা-মন্ত্র উচ্চারণ করেছিলেন—

। যদিহ ঘোরং যদিহ ক্রূরং যদিহ পাপং তাচ্ছান্তং তচ্ছিবং সর্বমেব শান্তং ন:।

বলেছিলেন, পৃথিবীর সমস্ত পাপ-তাপ, ক্লেদ-ক্লেদ, অন্যায়-অকল্যাণ নিঃশেষে বিদূরিত হয়ে যাক। জগতে অবন্ত শান্তি, অবিরাম কল্যাণ, এবং অমলিন আনন্দ চিরবিরাজ করুক।

ওঁ শান্তি:। শান্তি:। শান্তি:।

খুকু এসে খবর দিল, বাবা ডাক্তারমা এসেছেন।

দেবতাদারুতরোপনিষদ গ্রন্থখানা সরিয়ে রেখে দুজন মানুষই উঠে দাঁড়ান। খড়ম পায়ে দিয়ে ঘর ছেড়ে বেরিয়ে আসেন বারান্দায়, অন্ধকার থেকে আলোতে, এসে চোখ দুটো একটু ধাঁধিয়ে যায়। চশমাটা কপালে তুলে দেখেন ডাক্তার বরাবরকার মাপাসে দাঁড়িয়ে আছেন।

—এস, এস ডাক্তার। বস—ওরে মা-মণি ছেলে ডাক্তারদের জন্য একটা জলচৌকি দিয়ে যা।

—জলচৌকির আবশ্যক নেই পণ্ডিত মশাই, আমি এই বারান্দার সঙ্গেই।

—না না, ওতে তোমার অসুবিধে হবে। তোমার ঐ পোষাক এখানকার আসনের উপযুক্ত নয়, অথবা বলা যায় এ আসন ঐ বিদেশীয় পোষাকের উপযুক্ত নয়।

ডাক্তার চশমার ফিতা খুলতে খুলতে হেসে বলে। পণ্ডিত মশাই, আমি কিন্তু পায়ের্যাম তৈল অথবা তৈলাধার পাত্র এ সমস্যা সমাধানের জন্য আসিনি।

হা হা করে অট্টহাসি করেন পণ্ডিত। ডাক্তারের কথাগুলি বেশ।

ইতিমধ্যে খুকু একটা বেতের মোড়া রেখে যায়। ডাক্তার চেয়ারে বসে যাওয়ার উঠে আসে। পণ্ডিত মানুষেই ভদ্রলিখিলেন, ডাক্তার মোড়াটাকে একপাশে সরিয়ে মানুষেই অমন পদ্মাসনে এসে পা-মুড়ে বসে পড়ে। বলে। ডাক্তারখানা থেকে সোজা আসছি, তাই এই প্যান্ট-শার্ট—না হলে আপনার কথে ধুতিচাদর পোষাক পরেই আসতাম।

পণ্ডিত বলেন, তাতে কি? পোষাকটা লজ্জা নিবারণের জন্য, এবং সেটা, রুচি অনুযায়ী হওয়া বাঞ্ছনীয়—বিশেষ তোমাকে সাইকেলে চেপে গন্তব্যস্থলে যেতে হবে। ধুতি-পাঞ্জাবি সাইকেল-আরোহীর উপযুক্ত পোষাক নয়।

ডাক্তার বলে, আপনার এই 'ফরমাল আউটলুক' আছে বলেই আপনাকে এত ভাল লাগে।

পণ্ডিত হেসে বলেন, কিন্তু এবার যে কথাটা বলব সেটা তোমার ভাল লাগবে না।

—কি কথা?

—বিদেশী পোষাকটাকে অনুমোদন করেছি আমি, কিন্তু তোমার বিদেশী শব্দ গুচ্ছোমাটাকে আমি অনুমোদন করছি না। 'ফরমাল আউটলুক' শব্দগুলির পরিবর্তে তুমি অনায়াসে 'আধুনিক দৃষ্টিভঙ্গি' বলতে পারতে।

ডাক্তার ঘাড় নেড়ে বলে, ঠিক কথা। বাংলা বাক্যালাপে অহেতুক ইংরাজি শব্দের প্রয়োগ অবাঞ্ছনীয়। যাক, কাজের কথাটা পথেই বলে নিই। আমার স্ত্রী অবশ্য চতুরদর্শী বলে করেছেন। উদ্দেশ্যটা অত্যন্ত স্বার্থপরের মত; অর্থাৎ আমাকে হাত পুড়িয়ে কুশ ফলে রান্না করে খেতে হবে, অনেকটা এই আপনারই মত। তা সে যাই হোক যতে তিনি একজন সদ্য-বন্ধুকে সেবা করতে চান। বন্ধুজন-তোমনের যাত্রিতটা অত্যন্ত গুরুতর, সেটি আপনাকে নিতে হবে—

পণ্ডিত হেসে বলেন, 'গুরু' বিশেষণটা তার গুণবাচক? যাত্রিতের না ভোজনের?

ডাক্তার হেসে বলেন, সেটা আমার জানার কথা নয়। আমি ভুক্ত নয়। আমি ভেবে রেখেছি, এই সূত্রে একদিন আমার কোয়ার্টারে, মানে আমাদের আপনার পদধূলি পড়তে পারে। এ সূত্রে আপনার চেয়ে নিশ্চয়ান সদ্বন্ধেক্ষণ—

নাছোড়বান্দা ভঙ্গিতে হাত তুলে থামিয়ে দিয়ে বলেন, আজ কথা বলা না ডাক্তার। এখনও নিরোধিত হলাই, নাম্বাধীন মশাই প্রীতিত। তাছাড়া আমার শরীরটাও, ধরো-ছোঁও, মনুষ্যধারীত—

ডাক্তার হাত নেড়ে বলে, কবে কবে, কেন কেউ হলে তর্ক করতাম না; কিন্তু আপনার 'আধুনিক দৃষ্টিভঙ্গি'-র কথা জানা থাকায় একটু তর্ক করব। আপনি বিশ্রাম করে আমার জন্য প্রতীক্ষা করুন।

পণ্ডিত হেসে বলেন, কর তর্ক।

—আমার বক্তব্য আমি প্রথমে এদের স্ত্রী কমকে সর্বশ্রেষ্ঠ বন্ধুজন বলে মনে করি এটা আমাদের দুজনের বাল্যকালের রুচির সমস্যা। সে বিষয়ে আপনার মতামত জানতে চাইনা।

বাদানুবাদের মাঝে ছিলেন বলরাম, সুরুতে ছিলেন সন্দীপন পাঠশালার গুরু-মশাই। আপনি তাহলে 'বাদানুবাদের উপাদান' বলেন কেন? তার পরোক্ষাপক্ষ এবং গুরু-স্থানীয়দের ছেড়ে?

পণ্ডিত স্মিত হেসে বলেন, তোমাকেও একটা উপাধি দান করা প্রয়োজন হয়ে পড়েছে। ডাক্তার নবজীবন তর্কচঞ্চু। বেশ কি বলছিলে বল?

—আপনি জানেন আমরা নৈকষা-কুলীন। আমার স্ত্রী নিরামিষ আহার করেন; পক্ষান্তে মদ-মাংসিও করে থাকেন। তিনি মদ্য দীক্ষাও নিয়েছেন। এখন বলুন, আপনার জন্য কি স্বতন্ত্র আয়োজন করতে হবে?

—না না না। এ কি কথা? তোমার স্ত্রী আমার মায়ের মত। তাঁর স্বহস্তে পাক করা অন্ন গ্রহণে আমার বিন্দুমাত্র আপত্তি নাই।

—বাহ, মাংস, পোঁয়াজ, রসুন আপনি খান না জানি। আমাদের বাড়িতে ও সব আসেও না। আমার স্ত্রীও ও সব খান না। তার কোন বাধা নিষেধ আছে?

—আছে আমি ইষ্টদেবতাকে সমর্পণ করেছি। ওটা যাদ।

—তবে ঐ কথাই রইল। কাল একটু সকাল করে আসবেন। এই এগারোটা নাগাদ। আর আপনি ফিরে এলে আমি খুকুকে নিয়ে যাব। সেও খানিক্ষণ বাড়িতে দুটি সংসার পাবে।

—উত্তম। উত্তম।

ডাক্তার উঠে পড়েছিলেন, হঠাৎ কি ভেবে বলেন, একটা কথা পণ্ডিত মশাই। বাঁধাদিন পূর্বে আপনি কি ভেবে গ্রাম ত্যাগ করে গিয়েছিলেন তা আমি শুনেছি। কিন্তু আপনি আবার গ্রামে ফিরে এসেছিলেন কেন সেটা আমি জানি না।

পণ্ডিত স্মান হেসে বলেন, কলিকাতা ফিরার সময় বলা যাবে ডাক্তার। একদিন তোমাকে সবিস্তারে সমস্ত ঘটনা বলব। আমাদের দিন তো সমাপ্ত হয়ে এল, দেখ, তোমরা যদি মানুষের দৃষ্টিভঙ্গিটা কিছু পরিবর্তন করতে পার। আমি কলিকাতা ত্যাগ করেছিলাম অত্যন্ত দুঃখ আঘাতে। নিদারুণ অপমানে এবং দৈহিক পীড়ন সহ্য করে—

—দৈহিক পীড়ন!

—হাঁ ডাক্তার। মুষ্টাঘাতে আমার একটি দন্ত স্থানচ্যুত হয়েছিল, আমার কিন্তু সমূলে উৎপাটিত হয়েছিল—

ডাক্তার প্রেরকক্ষণ কোন জবাব দেয় না, তারপর বলে—কী হয়েছিল বলুন তো?

—আজ নয় ডাক্তার। অন্য একদিন বলব।

—আপনি কি তাদের ক্ষমা করে এসেছিলেন?

—হ্যাঁ, সর্বান্তঃকরণে।

আবার কিছুক্ষণ চুপচাপ।

পণ্ডিতই আবার বলেন, দেখ ডাক্তার, পৃথিবীটি মানুষের জীবনে তার বাক্তিগত সমস্যা আসে, আমরা আমাদের পূর্ব-নির্ধারিত সামাজিক বোধের সংস্কারে তার যথোচিত বিচার করি না, বা ভ্রান্তিপূর্ণ বিচার। তাই চোর কেন চৌর্যকর্মে প্রবৃত্ত হয়, নারী কেন পতিব্রতাবৃত্তি অবলম্বনে বাধ্য হয় তা আমরা বিচার করতে চাই না। তস্কর এবং পতিতাকে ঘৃণা করি, তার পাপ-বিধানের ব্যবস্থা করেই আমরা সামাজিক কর্তব্য সমাপন করি। আমার জীবনে আমি একটি ভুল কথা বলেছিলাম—কিন্তু তাকে তো কই ঘৃণা করতে পারি নাই? সমাজে সে অবহেলিত, তবু তার অন্তরাত্মার কথন আমি আমার অন্তরে অনুভব করেছিলাম। যা আমরা চর্মচক্ষে দেখি শুধু সেইটুকুই সত্য নয়, সত্য তদপেক্ষা গভীর, তদপেক্ষা বৃহৎ—এবং সেই সত্যের জন্য অবধারিত।

ডাক্তার বলে, কিন্তু মনে হচ্ছে, আপনার দেশে অসতোরই জয় হয়েছিল?

—না। আমি সাময়িকভাবে আহত হয়েছিলাম। সত্য সূর্যের মত; মেঘলোকে সে সাময়িকভাবে আচ্ছাদিত হলেও তার তেজ-মুক্তি অনস্বীকার্য।

ডাক্তার বলে অর্থাৎ আপনি বিশ্বাস করেন, সত্যমেব জয়তে।

পণ্ডিত মৃদু হাসলেন।

এ হাসিকে ডাক্তার চেনে। বলে, মনে হচ্ছে আপনার কিছু আপত্তি আছে?

—তা আছে।

—বলেন কি? ঐ 'সত্যমেব জয়তে' উপনিষদের?

—ঠিক তাই।

—চটা কিন্তু আমাদের জাতীয় মন-কারের পতাকায় বাণী।

—আমি জানি।

—আপনার আপত্তিটা কোথায়?

—আপত্তিটা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি থেকে। ঐ উপনিষদটা একটি শ্লোকের একটি চরণের উদ্গান। পূর্ণ চরণটা হচ্ছে 'সত্যমেব জয়তি নানৃতম্' অথবা পাঠান্তরে 'সত্যমেব জয়তে নানৃতম্।' আমার পক্ষের

মনোভাব এই নিবিড় পাঠের ভিতর আত্ম-বিস্মৃতি ঘটাবে। 'সত্য' স্বীয় মহিমায় অন্তর্হিত হয়। এই কথার ভিতর কি লুকানো আছে একটি মন্ত্রোচ্চারণ—'তুমিই সত্যকে অন্বেষণ করো' আমাদের সবচেয়ে ছুটতে হইবে না। 'চর্যা' পড়ে এ ভ্রান্তির অবকাশ নাই। বিশেষতঃ 'নাথ-গীতি' সম্পর্কিত আমি ভয় হয় কোন মনোভাব থেকে? 'অশ্রদ্ধা' যে অন্তর্হিত হতে পারে না এ কথাটা স্বীকার করার বিনয় কোথায়? নাকি ওটা অন্তর্হিত প্রাণে লুকানো অন্তর্দেশে ইঁদুর গর্তের মত বলতে 'অন্তর্মুখ'।

ডাক্তার উঠে পড়ে বলে—এবার আমার স্নানাহার করাই বোধহয় ভাল।

পণ্ডিত হাসলেন। ডাক্তার বিদায় নিয়ে চলে যায়।

এই ডাক্তার নবকৈশোর সান্যালকে সবার চেয়ে স্নেহ করেন পণ্ডিত। অল্পদিন হল সে এ গ্রামে এসেছে। সরকারী গ্রামোন্নয়ন কেন্দ্রের চিকিৎসক হয়ে। বয়স ছাব্বিশ বছর। ডাগোডগলে জুলফি। ফর্সা সুশ্রী স্বাস্থ্য আর সবচেয়ে বড় কথা মনটা উদার। গ্রামের সবলোকই সে দিয়েছে হয়ে উঠেছে অল্প কয়েক মাসে। পাস করে বের হবার পরে এই তার প্রথম চাকরি। বছর কয়েক হল বিবাহ করেছে। একটি পুত্র সন্তানও জন্মেছে তার। পণ্ডিত ওদের বাড়িতে কোনদিন যান নি। সরকারী ডাক্তারখানা থেকে মা-বাপের জন্য ঔষধ আনতে গিয়ে ডাক্তারের সঙ্গে তাঁর আলাপ। ডাক্তার প্রবলা অনেক বারই এসেছে তাঁর ভিটায়।

সকালবেলা আহ্নিক সেরে ছাতা মাথায় দিয়ে সবার সকালই হাজির হলেন ডাক্তারের সরকারী আবাসে। চিনেমাটির পাকা বাড়ি। হাসপাতাল সংলগ্ন। ডাক্তার ওঁকে আপ্যায়ন করে বসায়। ইলেকট্রিকের বেই. একটা হাতপাখা এনে বাতাস করবার উপক্রম করতেই পণ্ডিত বলেন, পাখাটা আমাকে দাও, না হলে বড় অস্বস্তি হয় আমার। ডাক্তার পরিহাস করে, তাই কি হয়? আমার অতিথি ব্রহ্মার মাতায় হবে তাহলে পণ্ডিত মাথা নেড়ে বলেন, উঁহু, বাক্স পেটরাগুলো তোমার নিস্তার হত নাই তক্ষক। অতএব মাতৃ হীন(তঃ) অতিথি। তুমি অতিথি-ধর্ম পালন করছ না, করছ আতিথেয়তা; আতিথেয়তা অতিথি যে বিলম্বে 'তা'। সুতরাং প্রবলতুক বন্ধ পরোক্ষের পাখা আমাকে নরপশু কর।

পরের ভুল পরোক্ষ যে পণ্ডিতমশাই সহ্য করেন না এ কথা জানা ছিল ডাক্তারের। লজ্জিত সে হাতা পেতে নেয়, পাখাটা পণ্ডিতের হাতে দেয়।

একটু পরেই চাকর এসে খবর দিয়ে যায়, ভিতরে চা'ই করা হয়েছে।

হস্তপদাদি প্রক্ষালন করে পণ্ডিত এসে বসলেন একটি ফুলকাটা পশমের আসনে। পাশেই একটি পাথরের গ্লাসে একটি পাথরের ঢাকা। সম্ভবতঃ পানীয় জল আছে তাতে। আসনের সম্মুখস্থ স্বল্পউচ্চতে ফল ছিটানোই ছিল। ডাক্তারের স্ত্রী এসে নত হয়ে পণ্ডিতের পদধূলি নিলেন গলায় আঁচল দিয়ে। পণ্ডিত আশীর্বাদ করলেন, কল্যাণমস্তু।

তারপর স্বহস্তে অন্নব্যঞ্জনের থালাটি নিয়ে এসে ব্রাহ্মণের সম্মুখে রাখলেন। পণ্ডিত ডাক্তারকে বলেন, তুমি বসবে না?

—না পণ্ডিত মশাই, আমাকে আবার একবার হাসপাতালে যেতে হবে। তারপর ফিরে এসে স্নান করে খাব।

—ও।

পরে সেবককে নিবেদন করে ব্রাহ্মণ আহারে মনোনিবেশ করেন।

একটু পরে ডাক্তার বলে, হাসপাতালটা কেমন হয়েছে?

পণ্ডিত প্রত্যুত্তর দিলেন না, মৃদু হাসলেন।

ডাক্তার গিন্নি একটা হাতপাখা নিয়ে পাশেই বসেছিলেন। কোন সঙ্কোচ না করে স্বামীকে বললেন, ওঁকে বিরক্ত কর না। খেতে বসে উনি কথা বলেন না, বুঝতে পারছ না?

—ও। সরি। মানে, দুঃখিত। আমি বরং এই ফাঁকে একবার হাসপাতালে ঘুরে আসি। উনি যখন কথা বলবেন না, তখন আহেতুক সময়ের মত দাঁড়িয়ে থেকে কি হবে?

পণ্ডিত হেসে সায় দিলেন।

পরেন না করেও পণ্ডিত মশায়ের আহার কার লক্ষ্য করে ছোটেটি একে একে বাঞ্জনগুলো যোগান দিতে থাকে। পণ্ডিত যখন নিতান্ত স্বাদু-ব্যঞ্জনে বাধা দিতে শুরু করলেন, তখন ছোটেটি বললে,—না পরেন পাতে থাকে না। আপনার পসাদ তো আমিও খাব, সস্তিতও খাবে।

তবু হাতেন বাঁধন মুক্ত করলেন না অন্নদাতা পণ্ডিত।

—প্রসন্নতঃ কাউটুকু ফেলে রাখবেন না। আর হিশ্বাদন সমস্ত আমার নিজে হাতে করা—

পণ্ডিত তৃপ্তির হাসি হাসলেন পুনঃ।

আহারান্তে মুখ প্রক্ষালন করে পণ্ডিত একটা ভ্যাল্কসের ইজিচেয়ারে এসে বসলেন। পাথরের রেকাবিতে করে ওরেঞ্জ টুকরা হাতপাখা এনে ডাক্তারের স্ত্রী বসেন, উনি যখন এ গ্রামে চাকরি পেয়ে এলেন তখনও আমি জানতাম না এটা আপনার গ্রাম। অথবা আপনি এখানে থাকেন। তারপর ওঁর মুখে আপনার নাম শুনে বুঝতে পারলাম।

পণ্ডিত একটু অবাক হয়ে এতক্ষণে মেয়েটির মুখের দিকে তাকিয়ে দেখেন। এ পর্যন্ত তার পরের দিকে নজর রেখেই কথা-বার্তা বলেছেন। স্বাস্থ্যবতী সুশ্রী মেয়েটির বয়স কত হবে? বছর পাঁচেক। কোলে একটি শিশু, হাবার আধো-আধো, কপালে একটি সিঁদুরের টিপ।

পণ্ডিত বলেন, আমি কি তোমার পূর্বে পরিচিত ছা?

মেয়েটি ঘাড় নিচু করে বললে, আমি শান্তি।

শান্তি? কোন শান্তি? নামরতা মশায়ে সমস্ত অতীত জীবনটা হোলপাত করেও কোন শান্তিবালিনির কথা স্মরণ করতে পারলেন না। এরমিতে স্মৃতিশক্তি তাঁর অত্যন্ত প্রখর, কিন্তু নামুষের নাম তাঁর মনে থাকে না, বিশেষ স্ত্রীলোকের নাম। স্বীকার করলেন সে কথা, বললেন, আমি তো মা তোমাকে ঠিক সনাক্ত করতে পারলাম না—

—বর্ধমান জেলার চণ্ডীদহে আমাদের বাড়ি। মেয়েদের স্কুলেই নেমে ছেড়ে হয়। আমার বাবার নাম শ্রীকৃষ্ণলাল বাগচি।

অবাক বিস্ময়ে পণ্ডিত অনেকক্ষণ এক-দৃষ্টে তাকিয়ে থাকেন মেয়েটির দিকে। তাঁর বিস্ময় ক্রমে রূপান্তরিত হয় অপরূপ রোমাঞ্চে। অর্গলিত হৃদয়ের দুটো ওরে তাঁর ওলটপালট। হাত দুটি যুক্ত করে তিনি কপালে যেন উৎক্ষেপ করলেন।

শান্তি বলে, এ কথা কিন্তু উনি জানেন মা।

—কোন কথা? ও। বুঝেছি। কিন্তু কেন? তাকে বলনি কেন মা?

শান্তি প্রত্যুত্তর দেয় না। মেঝিনীনিবদ্ধ দৃষ্টিতে চুপ করে অপেক্ষা করে।

পণ্ডিত দুটাঁ হো হো করে অট্টহাসো ফেটে পড়েন। বলেন, কেন? তোমার কি আশঙ্কা হয়েছে যে আমার পরিচয় পেলে সে আমাকে সৈরধ-সমীরে আহ্বান করবে?

শান্তিও হেসে ফেলে, বলে তা নয়, তবে আপনার কথা ভেবেই—

: খুব সাবাস। তুই আমার মেয়ের মত। দেখ্ দেখি কাণ্ড। কী হিমালয়ান্তিক ভ্রান্তির মধ্যেই পড়েছিলাম! ঈশ্বর মঙ্গলময় —তাই মা আজ তোর সব হয়েছে। ঘর, বর সন্তান। বা। বাঃ। কুয়াশা ঘারা নিশিতা ধূরতরা। যুদ্ধকে লাভ করবার পথও যেরূপ কুয়ধার, তাঁর সৃষ্টি রহস্যের মর্মোদ্ধারের পথও তেমনি কুয়ধার। কোন পক্ষেই আমি আমাদের পথে তার আশীর্বাদ আসবে আমরা কিছুই বুঝি না।

বৃদ্ধের চোখে জল এসে গিয়েছিল। চশমাটা চোখ থেকে খুলে পাঞ্জাবির হাতায় চোখদুটি মুছে নেন।

শান্তি গলায় আঁচল দিয়ে আবার পেন্নাম করল তাঁকে। পরক্ষণে তাকে আশীর্বাদ করলেন পণ্ডিত। মনটা জানায় জানায় ভরে গেছে তাঁর। বাড়ি ফেরার পথে বারে বারে মনে মনে পেন্নাম করেছেন সেই অজ্ঞাত শক্তিকে। যা যিশু না বিজ্ঞানীদের। তাঁকে জানি না, তাঁর কথা কেমন করে জানতে হবে তাও জানি না। তবে এটুকু জানি যে তিনি আছেন। তমসার ওপারে তাঁর অস্তিত্ব মর্মে মর্মে অনুভব করেছেন বৈদিক ঋষি কবি। নিজ মহিমা তিনি হিরন্ময় পাত্র দিয়ে আবৃত করে রেখেছেন। তা হক, তবু পণ্ডিতের প্রাণের আহ্বান তিনি শুনেছেন :

UNIVERSITY

মনে হলো সমস্ত ভেঙে। কে তে দুঃখ কল্যাণময় তে তে পলাশি। হে সুখদ। তোমার চোখ কল্যাণের ভেরেছিস্থ প্রসাদগুণ কর, তোমার কল্যাণময় স্বরূপ আমাকে উপলব্ধি করতে দাও, অনুভব করতে দাও।

এই তো তাঁর কল্যাণময় স্বরূপের পরিচয়। চল্লিশের গল্পের অজ্ঞাত যুবক দলের হাতে বন্ধু-বিচ্ছেদ দেখা দিয়েছিল বলেই না পরমেশ্বরের এমন করুণাধারায় সিক্ত করতে চেয়েছেন ঐ তরুণী মেয়েটির উপর। আর তাই না আজ সে তাদের ক্ষমা করার মত ক্ষমায় ক্ষমায় ভরে উঠেছে।

বাঃ বাঃ। চমৎকার। বাসুদেব, তুমিই সত্য।

দিন সাতেক পরে সকাল বেলায় লাই মাছকে ঠিক করে কাঁস দিয়ে বেঁধে বিচ্ছিলেন পণ্ডিত; খুকু এসে খবর দিল—বাবা, তোমার সঙ্গে কয়েকজন দেখা করতে এসেছেন।

নায়েব-কর্তা আর কাছারিঘরের সরিয়ে রেখে সসম্ভ্রমেই পণ্ডিত এগিয়ে এসেন তাঁর বাইরের দিকে। খুকু ইতিমধ্যেই একটি মাদুর বিছিয়ে আগন্তুকদের বসতে দিয়েছে, পান জর্দার ডাবাটা রেখে গেছে। অপরিচিত কেউ নয়—সকলেই নায়েবমশায়ের পরিচিত। তিনজনেই গ্রামের মাতব্বর গেরস্থীর লোক, সমাজের মাথা। অর্থাৎ টাকা পয়সা ওয়ালা লোক। নরেন দত্তের অবশ্যই ধান গ্রাম আছে; কিন্তু তার উপার্জনের বড় গদা তেজারতির খাতে। খুব সোনার গাঁ নয়, আশপাশের অনেকগুলি গ্রামে তাঁর তেজারতি কারবারের বেশ ভাল জাল পড়ে। বড় বড় রুই-কাতলারও সে জাল ছিঁড়ে বেরিয়ে যাবার উপায় থাকে না। ওর গ্রন্থি, ওর ফলক, তার ভেতরের ওঁড় লাল-লাল ছোট্ট-ছোট্ট নানান গ্রন্থের তন্তুজালে বাঁধা পড়ে। নরেন দত্ত সুতরাং গ্রামের একজন নামজা ব্যক্তি।

বিনীতভাবে এগিয়ে এলেন যুবক ললিত চাটুজ্যেমশাই। ইনিও স্বনামধন্য। পূর্ব-পুরুষ কলকাতার সরকারী দপ্তরে উঁচুপদেই কাজ করতেন। উপরন্তু পুনর্বাসন বিভাগের জেনারেল, বাঁ একটা তহবিল তছরূপ না ঘোল তদন্তের ঝামেলায় তাঁর চাকরিটি যায়। বেশ কিছু দিন ধরে পার্টিশন কোর্ট-ঘরের জমাই মামলা লড়তে হয়েছে নাকি। ঘরের জমাই মামলা লড়তে হয়েছে নাকি। সে সময়ে অকূল পাথারে তাঁদের সর্বস্ব-স্বান্ত হতে হয়েছিল। শোনা যায়, দীর্ঘ পাঁচ বছর মামলা চালিয়ে যখন তিনি একেবারে কপর্দকশূন্য তখন হাকিম রায় দিয়ে বলেছিলেন—ললিত চাটুজ্যে বেকসুর খালাস। অনারেবল এাকুইটেড! মনের দুঃখে ললিত চাটুজ্যে বাড়িঘর থেকে নেমে সোজা হিমালয় চলে যান। পুরো একটি বছর তিনি হিমালয়ে তপস্যা করেন। তারপর হিমালয়েই কোন এক মহাপুরুষ তাঁকে সংসারাশ্রমে ফিরে আসতে বলেন। ফিরে এলেন তিনি সোনা মুঠি ধরতে পারতেন। তা সেই সোনামুঠি ধরে নিয়েই ললিত চাটুজ্যে আবার ফিরে আসেন সংসারাশ্রমে। বর্তমানে তিনি বেশ প্রাকটিস জমিয়েছেন গড়মিসমাঠে। নতুন বাজার তুলে-ছেন, গ্রন্থি কিনেছেন, একটা গঞ্জ জাঁকিয়ে বসার ব্যবস্থাও করেছেন। সবই মহাপুরুষের আশীর্বাদে। তবে লোকে আড়ালে বলে থাকে—ও হিমালয়ে টিমালয় কিছু নয়—চাটুজ্যেমশাই এক বন্ধুর বাড়ি যেতেছিলেন, এবং তাঁর অর্ধেক উপেয়ুলে আছে ঐ তহবিল-তছরূপের ব্যাপারটা। তা হলে যাই হোক চাটুজ্যেমশাই বর্তমানে গঞ্জের একটি মাথা।

আর এসেছেন ভবেন চক্রবর্তী। এবার উপনয়নের পুরুকালে পণ্ডিত গঞ্জ ত্যাগ করে চলে গিয়েছিলেন পঞ্চায় বিশ-পঁচিশ বছর পূর্বে।

পণ্ডিতকে নমস্কারের জন্যে ঝুঁকতে দেখে ললিত চাটুজ্যেমশাই সাদর আহ্বান জানান—আসুন আসুন ন্যায়রত্নমশাই।

এই সাত-সকালেই আপনাকে বিরক্ত করতে এলাম।

পণ্ডিত আসন গ্রহণ করে বলেন। বিলক্ষণ। বিরক্ত বিসের? বলুন কি ব্যাপার?

—আপনার সহীর পঞ্জিক কেমন আছে বলুন?

পণ্ডিত হাসামুখে বলেন, না আমার কোন অসুবিধা নাই।

তিনজনের কেউই অবশ্য এ রসিকতায় অর্ধেকটাও করতে পারেন না; মুখের ভাব দেখার প্রতীক্ষা এঁরা কেউই করেন নি।

ভবেন চক্রবর্তী বলেন, সরাসরি কাজের কথায় আসা যাক পণ্ডিতমশাই। আমরা তিনজন আপনার স্বরে পঞ্চায়ী—হাত দুটি জোড় করে সে।

পণ্ডিত এবারও হাসামুখে বলেন, বাজনের স্বরে বলিহারী পঞ্চায়ী?

ললিত চাটুজ্যেমশাই ছাত্রের এক বক্তব্যুত্ব। মহাভারতখানি পড়া আছে তাঁর। তাই ভবাবে বেশ খানিকে নিয়ে বলেন—বিষয়টা যে সাঙ্ঘাতিক। তাই সাঙ্ঘাতিক বাজনের স্বরে আজ রাজসিক বলিহারী এসেছেন। জানাতে আমরা দুজন সমীয়ায়। কি বল হে তুমি?

পণ্ডিত গম্ভীরভাবে বলেন, অবতরণিকা তো হল, এবারে মূল বক্তব্যটা শুনি। ভবেন ইতস্তত করছে দেখে ললিত চাটুজ্যেই বলেন, ভবেনের ইচ্ছা তার স্বর্গত পিতৃদেবের নামে গঞ্জের একটা স্কুলের স্কুল খুলবে। গঞ্জে স্কুলের কোন স্কুল নেই;—কিন্তু শিবহীন যজ্ঞ তো হতে পারে না, তাই আপনার স্বারেই সর্বাগ্রে এসেছে। একা আসতে ওর সাহস হচ্ছিল না, তাই আমাদের দুজনকে চুপিয়ে এনেছে।

পণ্ডিত বলেন, কেন? তবাদাসের একটা আসতেই বা [illegible] থাকতে পারে?

—তাঁর স্মৃতিরক্ষা [illegible] পঞ্চিতা করতে চায়, তিনি [illegible] ঠিক সদ্ব্যবহার করেন নি, তাই ও কুণ্ঠিত হচ্ছিল—

পণ্ডিত মৃদুস্বরে সমে বলেন, আপনি তুলনাতুলে উপ্তি করলেন চট্টোপাধ্যায় মহাশয়; কার স্মৃতিরক্ষার্থে পাঠশালাটি তৈরী হতে চলেছে এ বিষয়ে আমার বিন্দু-মাত্র কৌতূহল নাই—নিঃসন্দেহে এ কার্য সদ্বর্ষবোধেই, তবেন যদি স্বর্গীয়া বিশ্বতাকে স্মরণীয় করতে ইচ্ছুক হয় তবে তাকে আমি সর্বান্তঃকরণে আশীর্বাদ করছি শুধু আশীর্বাদ নয়, সে আমার সন্তানীয় সহানুভূতিও পাবে।

ললিত চাটুজ্যে উৎসাহের আতিশয্যে বক্তব্যের ঠাহরে পঞ্চকে একটা চলচ্চাঞ্চল্য করে বসেন। ঘরের দত্ত পঞ্চায় কাশিয়ে ওঠে। চাটুজ্যে বলেন, এ— এই। আমি তোমায় তখনই বলেছিলাম যা ভবেন ন্যায়রত্নমশাই হচ্ছেন খাঁটি মানুষ। উনি ঐসব ছোটখাটো ছেলেখেলার মধ্যে নেই নিশ্চয়ই বলেছে না—অবশ্যই ব্যয়ের বিধান যা কিছুই তবাদাস। অর্থাৎ যে মহাপুরুষ সাতাত্তরের বিপ্লবান তাঁকে দেখে আনন্দ হয়, তাঁকে শ্রদ্ধা করার কিছু, নেই। তুমি তো ওঁর আসতেই চাইছিলে না।

তবেই নরেনকর্তার মন-উপবনে মনমানা থেকে খপ্ করে এক খাবলা নম তুলে নেন।

পণ্ডিত হেসে বলেন, বড় দুঃখ বাক্ত করলেন তো? এ ব্যথা কোথায় পেয়েছেন? শরৎকালে না পূর্বাচলে সাঁঝে বেলাভূমীর্ষে?

ললিত চাটুজ্যে মনের ঠিকটা মনে মনে মাপতে চেষ্টা করছিলেন, তাঁর হেসে পাড়ে বলেন, কেন বলুন তো কিছু ভুল বলেছি আমি?

—না, তেমন কিছু নয়। সেরাতেই অর্থ, মনে হয় আমি যা অনুধাবন করেছি—এ গ্রহণে : আমলকে তিনি ভেবেছেন তাঁর হৃদয়ের তাঁত হল না!

—ওতো একই কথা। বলে, ভবেনের সম্মুখে মনমানাকে মনমাঝে পাচার করে-ছেন।

ভবেন এসব সূক্ষ্ম আলোচনার বড় পাচ্ছিল না; তবু খুশী হয়েছে সে পাকাপাকা পণ্ডিতদের যে এত সহজেই তার কথা বোঝে সেটা সে আন্দাজ করেছে। উৎসাহের আতিশয্যে সে সিরকম পাঞ্জাবির পাশ পকেট থেকে সিগারেট এবং দেশলাই বার করে। কিন্তু, সামনে লক্ষ্য একটা ধর্মা-স্তিক শিরশ্চালনে হুঁকার খেয়াল হয় তার। থাক, দরকার নেই। খেয়েকালে সিগারেট খেতে দেখলে বুড়োটা না আবার বিগড়ে যায়। বুদ্ধিমানের অনুশাসনগুলো আবার

পাঞ্জাবির পকেটেই পাচার করে। বেশ কিনা? তাবে বলে, ইস্কুলটা আমরা একেবারেই তুলতে চাই পণ্ডিতমশাই। আপাতত ক্যাশ হেডের আর ফাইভ। ললিতবাবু ইংরাজি পড়াবেন ঠিক হয়েছে। অবৈতনিক আবশ্যিকভাবে আর ফিফথটাও। এখন আপনি যদি ফার্স্টক্লাসের আর সাবসেক্সটাও—

—'ফার্স্টক্লাসের আর সাবসেক্সটা' কেন বাবা? আমরা কেউই তো এখনও সাহেব নই। ও দুটো আপাতত বাংলা আর সংস্কৃতই থাক না।

—আজ্ঞে হ্যাঁ, তা ঐ বাংলা আর সংস্কৃতটা যদি আপনি পড়ান—

—বিদ্যারতনের গুরু—

—আজ্ঞে আমি আমাদের কাছারি-ঘরের বর্ণপরিচয়ের ঘর ছেড়ে কিছুদিন। ত্রয়ি-লহরী হবার পর আমলা-গোমস্তা-মোক্তারদের তো সব বিদায় দিয়েছি। ছত্রগুলোর এখন আছে শুধু চামচিকে।

—বিদ্যারতনের পরোপকারক কে হবেন?

ললিত চাটুজ্যে এবার আমি আমিত্বের বলেন: সেই যার উপাধিটা আপনাকে করে দিতে হবে। সত্যি কথা বলতে কি এখেন ছাড়া অন্যদের কোন দিন পড়ে নি। তবে অভ্যেসটা ও আমিই মানে। আমিও ইংরাজিটা ছোটবেলায় পড়েছি। কিন্তু শিক্ষকতার অভিজ্ঞতা আমাদের কারও নেই। আপনি এই নিয়েই ঠাকুর দাঁড়িয়েছেন। আপনিই পরোপকার-নিযুক্ত হবেন; তবে হ্যাঁ, পদের পদের অবশ্য আপনাকে কিছু কিছেলা করতে হবে।

—বিবেচনার অর্থ?

—অর্থাৎ ঐ অর্থ কিছুই বিবেচনা। মানে আপনাকে পুরো মর্যাদা পদমর্যাদার ওজন দিতে পারবে না। আপাতত মনে পঞ্চাশটি মুদ্রা পরিমাণ দেবে। আপনাকে কিন্তু কিছু বেশী টাকার রসিদে সই দিতে হবে।

পণ্ডিত অবাক হয়ে বলেন, সেকি? এমন কাণ্ড করার অর্থ?

—আজ্ঞে অর্থ নয়, অনর্থ। এবার সরকার আইন করেছেন শিক্ষকদের একটা ন্যূনতম বেতন দিতে হবে। না হলে প্রোভি-ডিরেক্সনের ফান্ড বরখাস্ত পুরো হবে না। সরকারী সাহায্যও পাওয়া যাবে না। কিন্তু ওজনের আর্থিক মর্যাদা এখন এমন নয়, যে আমাদের তিনজনকেই সে পুরো মর্যাদা দিতে পারে।

—আপনারা দুইজন কি ও ভাবে মাহিনা গ্রহণ করবেন?

—উপায় কি বলুন?

—উপায় অবশ্য দেখুন, বিদ্যারতন একটি পবিত্র স্থান; তার মূলেই এমনও ওজনটা থাকতে পারে না তাহলে বিদ্যমান আমাদের মার্গ হতে যাবা। আমি বরং কিছুদিন পড়াবার মাহিনা,—আমি অবৈতনিক পরোপকারক হিসাবে চতুর্থ পত্রপাঠে স্বীকৃত; কিন্তু, অন্যান্য সকলকে সরকার-নির্ধারিত ন্যূনতম বেতন দিতে হবে।

—তা সরকার নারায়রত্নমশাই, আমরা তো আর মাহিনা নিতেই যাচ্ছি আছি।

—কিন্তু, প্রতিষ্ঠানের পরোপকারক হিসাবে আমি যে তা পালন করতে স্বীকৃত নহি!

ললিতবাবু, এবং ললিত চাটুজ্যের দৃষ্টি বিনিময় করেন: এ আবার কি নতুন অঘোরা।

পণ্ডিত আবার বলেন, তা ভিন্ন এত দক্ষিণাতেই বা কি পড়েছেন? আসুন না, আমরা সর্বপ্রথমে মনের গুরুত্বে গিয়ে কিছু, বুদ্ধিগুদ্ধি সংগ্রহ করি।

ললিত চাটুজ্যে বলেন, তাতে দুটো প্রব্লেম আছে পণ্ডিতমশাই। পড়বার পাঠ্যদের কাছে টাকা দিলে ইস্কুলের নামকরণ নিয়েও পাঠ্যদের মতামত নিতে হবে। 'সুরেন্দ্রনাথ গার্লস স্কুল' পাঠিতও করা হয়তো শেষ পর্যন্ত সম্ভবই হবে না—

—না হয় নাই হল। নামটা সোনার পাথর বাটিকা। বিদ্যালয় হলেই বা ক্ষতি কি?

—বাঃ! তাহলে ভবেনবাবুরা এর মধ্যে মাথা গলাবে কেন?

পণ্ডিত গম্ভীর হয়ে বলেন, বুঝলাম। এরা শিক্ষার্থ অন্তর্বিরোধী?

—ভবেন আমাদের বন্ধুর এই কেন্দ্র থেকে প্রায়েরালি ইলেকসনে দাঁড়াচ্ছে। তার আগেই স্কুলটা খুলতে পারলে একটা সুবিধাজনক হয়। ইলেকসান পার হয়ে গেলে সবস্ত দৌড়াদৌড়িটাই হবে পণ্ডশ্রম।

নারায়রত্ন গাত্রোত্থান করেন। মৃদু হেসে বলেন, এতক্ষণে আপনাদের পূর্বাভাষের নির্মিলিতার্থ আমি সম্পূর্ণরূপে হৃদয়ঙ্গম করতে পেরেছি। আচ্ছা আসুন আপনারা। আমি একপক্ষের ইষ্টকাঙ্ক্ষিতার চিন্তও নাই।

তিনজনেই চমকে ওঠেন। ইহাঁর এভাবে অন্তর্ধানের মর্মার্থটা নেবে আসতে সময় এঁরা কেউ আশঙ্কা করেন নি।

ললিত চাটুজ্যে অবাক হয়ে বলেন, ওটা কি হল পণ্ডিতমশাই? আপনি এখন হঠাৎ মত পরিবর্তন করে বসলেন যে?

ম্লান হেসে পণ্ডিত বলেন, আজ্ঞে না। মত পরিবর্তন আমি করি নাই। আমার উপলব্ধিতে কিন্তু, ভ্রান্তি ছেড়ে গিয়েছিল। আপনাদের কাছে যা চোখ আমার কাছে তাই ছিল ধুলো, এবং আপনাদের কাছে যা ধুলি ছিল মূল্য আমার নিকট তাই মনে হয়েছে সোনা। এইমাত্র।

—আপনি কী বলছেন তার মাথা মুণ্ড; আমরা কিছুই বুঝতে পারছি না।

—আরও পরিষ্কার করে বলব? আমার ছিলেবেলার সুরেন্দ্রনাথ চক্রবর্তী এখন কিন্তু পত্রপাঠযোগ্যের ব্যক্তি ছিলেন না, যে তাঁর স্মৃতিরক্ষার জন্য আমার কিছুমাত্র আগ্রহ থাকবে এবং শ্রীমান ভবানন্দের এখন যেন চরিত্রগুণে আমি মুগ্ধ হই নাই যাতে সে এই কেন্দ্র থেকে আমাদের পার্টিনার্থিত করতে পেরিয়ে না হলে আমি মর্মাহত হব। আমার নিকট ঐ স্থানীয়তা বিস্তারের আয়োজনটাই ছিল একমাত্র আকর্ষণ, যা নাকি আপনাদের আমার পাওনায়।

তখন এবার আর অবোধ বন্ধুর দিকে তাকায় না। পাঞ্জাবির পকেট থেকে সিগারেট এবং দেশলাই বার করে একটি সিগারেট ধরায়। এত দুঃখ যোগায় ছেড়ে গেল, আবার সামনেই আপনি আমার বাবার সম্বন্ধে এত বড় কথাটা বললেন?

চাটুজ্যে বলেন, আহা থাক না ভবেন, ভাবনারই কথাটা কিছু, নয়!

ভবেন গর্জন করে ওঠে, আপনি চুপ করুন। আপনাকে কে ওকালতি করতে ডেকেছে? আমি পণ্ডিতমশায়ের কাছে কৈফিয়ৎ চেয়েছি।

পণ্ডিত সিগ বন্ধুর আদেশের একটি ছিলের কথা মনে পড়ে যায় মুখে পণ্ডিতের বলেন—কৈফিয়ৎ! কৈফিয়ৎ কিসের তথা-ভ্রম? সুরেন্দ্রনাথ তোমার পিতা, তিনি তোমার পূজ্য; কিন্তু, সত্যই কি তিনি পত্রতাস্বরূপীর ব্যক্তি ছিলেন? এ অপিসে সাতের ওপরোচনায় কেন ছেড়ে বাধা করছ আমাকে?

রাগে কাঁপতে কাঁপতে ভবেন বলে, আপনি ভয়ঙ্কর বড় পণ্ডিত আমি দেখে নেব। আপনি ভুলে যাবেন না, আমার বাবাই আপনাকে ঘাড় ধরে গলাধাক্কা দিয়ে বার করে দিয়েছিলেন, আপনি ভাববেন না, পরোয়াজন হলে আমিও আপনাকে ছিটেফোঁটা ছেড়ে উচ্ছেদ করতে পারি। আমিও বাবুদের ছেলে। আমিও ঘেন্নাপাশ দিতে পারি।

এবারও হেসে পণ্ডিত বলেন, কথাটা 'ঘেন্নাপাশ' নয় 'ঘৃণাপাশ'। তা ও উচ্চা-রণ তো তোমার ছিলেবেলা আসবে না বাবা। কিন্তু, ভবানন্দ—

ওঁকে মাঝপথে থামিয়ে দিয়ে ভবেন বলে, বেশ দেখা যাবে। আমিও দেখে নেব আপনি কত বড় পণ্ডিত।

পরমন্ত পণ্ডিত। এ নামটা ভুলেই গিয়েছিলেন নারায়রত্ন। তাই তো, এ নামটা তো তাঁর আজও ঘুচল না।

ক্ষুব্ধের কণ্ঠস্বরে সম্বিৎ ফিরে পান আবার। দেখেন, আগন্তুকরা কখন চলে গেছেন। শুধু, বলছে, তখাবাকে না চটালেই পারতে বাবা। ওর বা চক্ষুলে হাল, একটা কুরুক্ষেত্র কাণ্ড করবে।

পণ্ডিত ধরুন, হেরা পায়ে দিতে দিতে শুধু, বলেন, 'কুরুক্ষেত্র' বলিল কেন রে? কথাটা 'কুরুক্ষেত্র'।

শুধু, কিছু, বলে বলে নি। ভবেন তার পিতার উপযুক্ত পুত্র হয়ে উঠেছে ইতিমধ্যে। প্রতিবাদী তার নেই, কিন্তু, প্রতি-বাদের মেজাজটা আছে। কমতাটাও। ভূবাধি-কারীর বাগানবাড়িকে কমতার দাপটে তার পিতা পিতামহ সমাজের মাথায় চড়ে বসে একদিন অবৈচ্ছাচার করেছেন; যান অন্যেরা খেয়াল-খুশীতে, আমার-উপরে করেছেন

গলায় গামছা দিয়ে। যাহোক বাকি পড়ার ধরে পণ্ডিতকে বেঁধে ফেলেছেন জমাদার-বাড়ির ঝাড়ের সঙ্গে। তবেদের বাবা সুরেন্দ্রনাথের লাঠিয়াল বাহিনী সর্দারকে না চেনে কে? যেমন ওজনের ছিল তার কাঠামো তেমনি নির্মম ছিল তার অন্তঃকরণ। কর্তাদের হুকুমে হাতায়াতি গামছাকে গলার আগুন ফেলে পাকিয়ে দিয়েছে। সে মহেশ সর্দার আজ এখন নেই—গ্রামিমারী হস্তান্তরের সঙ্গে সঙ্গে তাকেও বিদায় দেওয়া হয়েছে। তবু, তবেদের হুকুম তামিল করবার লোকের অভাব নেই। গামছার নতুন মোহাবন্ধের হাতে বেঁধে সে শক্তি সঞ্চার করেছে; সে গ্রামে আর উত্তরাধিকার সূত্রে নয়, আপন অধিকারে তাকে সমাজের মাথার উপরে বসতে হবে। তাই সে এবার এই কেন্দ্র থেকে নির্বাচনে দাঁড়াতে চায়। কোন পক্ষের টিকিট পাবে তা সে ভাবে না; সেটা বড় কথা নয়। বেয়াৎ না হলে নির্দলীয় হয়েও দাঁড়াবে সে। বলে তো ভোট দিলেই হল। আসল কথা নির্বাচনে প্রার্থী হওয়া। বিধান-সভায় গিয়ে বসবার অধিকার পাওয়া। তার-পর কি করে কি করতে হয়, সেটা তার ভাল রকমই জানা আছে। তবেদের অসুবিধা হচ্ছে এই যে তার নামে বিস্তর বদনাম রটে গেছে এ অঞ্চলে। সকলেই জানে সে অত্যন্ত বেশী পরিমাণে ঘুষ খায়। ঘ-তারাস্ত আরও কিছু আনুষঙ্গিক দোষও তার আছে। তা থাক। সে তো অনেক অনেক মহাপুরুষেরই আছে। ভোটাররা তো আর তাকে জামাই করছে না। ছোট কথা আগামী বছর নির্বাচনে প্রার্থী হতে হলে তাকে সপ্তাহে কিছু ভাল ভাত এখন থেকেই করে ফেলতে হবে। ইউনিয়ন বোর্ডের সড়কটা পাকা করানোর জন্য সে উপর মহলে খুব লেখা-লেখি ছোটাছুটি করেছে। গ্রামের স্বাস্থ্য-কেন্দ্রের জন্য ছয় বিঘা জমা ছাঁই সর-কারকে দান করেছে। ওটা অবশ্য বন্ধ। জমা ছাঁই, ফসল হত না কিছু লাভ তা ছাড়া তাকে নামে খাজনাটুকু এত দিনও দেয় না। এ ভালই হয়েছে। এবার সে চেয়েছিল মেয়েদের জন্য গ্রামে একটি স্কুল খুলতে। অন্ততঃ বছরখানেক চলেও যদি কাজ হয়ে যায় তাহলে তার কার্যোপযোগী হতে পারে। সে হিসাব করে দেখেছিল এ কয় মাস স্কুলটা জমা-মাহিনায় চালালে তার এমন কিছু খরচ হত না। তারপর অর্থাভাবে নির্বাচনের পর স্কুল যদি উঠে যায় সে কি করতে পারে? গ্রামের জনৈক পণ্ডিত পদস্থ ভট্টাচার্যকে সবাই সম্মান করে। তাঁর নামটা প্রধান শিক্ষক হিসাবে দেখাতে পারলে কাজ হত; কিন্তু বুড়ো কিছুতেই রাজি হলেন না। বেল, সেও দেখে নেবে এক হাত। সেও বাপ কা বেটা।

দিন সাতেক পরের কথা। পণ্ডিত বসে বসে একটি পুঁথি পড়ছিলেন, তাক পিয়ন একখানি চিঠি দিয়ে গেল তাঁকে পণ্ডিত প্রথমে হলেন। চিঠিখানি তাঁর নামে এবে-বারেই আসে না। তিন কুলে তাঁর কেউ নেই। তার যা কলকাতায় কেউ পত্রলেখন করে না। আর কলকাতে বা তাঁর আছে কোথায়? কখ থাকা। উল্টে পাল্টে দেখলেন। মোটা মোটা হরফে তাঁরই নাম লেখা আছে বটে। খুব, গরু, দুইতে মোহরও দেছে। পণ্ডিত চিঠিখানি খুলে পড়লেন।

অবাক কাণ্ড। মেয়েলি হাতের হস্তা-ক্ষরে অজ্ঞাতনামা এক ব্যক্তি তাঁকে লিখছে, যে সে অত্যন্ত অসৎ উপায়ে বিপুলভাবে ধনশালী হবার বন্দোবস্তের মেয়ে; তাই এই বাইশ বছর বয়সেও সে অবিবাহিতা। পিতা-মাতা গত হয়েছেন। ভাইয়ের সংসারে থাকার সম্পত্তি ভাইও তার সম্পত্তিভাগের দাবিত্ব নিতে অস্বীকার করেছে। তাই সে পণ্ডিতমশায়ের কাছে আশ্রয় ভিক্ষা করছে। লিখেছে, 'আপনি আমাকে চিনিতে পারিবেন না। আমাকে হয়তো দেখিতা থাকিবেন। আমি এ গ্রামেরই মেয়ে। আপনি আমাকে শ্রীচরণে স্থান দিলে আমি আপনার পরি-চারিকা হিসাবে থাকিতে পারি। তাহার বেশী দাবী করিবার সাহস আমার নাই।'

পণ্ডিত দুর্গতিহর বিচলিত বোধ করেন, না হলে হুঁকোটা তুলে নিয়ে তখনই বর্ণাশুদ্ধিগুলি সংশোধন করতে বসতেন। পত্রখানি তিনি লুকিয়ে ফেলেন। কে এই যুবতী? পরিচয়হীনা সকলেই তাঁর পরি-চিতা। কেন, ব্যাহ্মণ পরিবারে এ রকম একটি মেয়েকে দেখেছেন বলে তো মনে করতে পারেন না। তিনি কী সাহায্য করতে পারেন? তাঁর গৃহে ঐ মেয়েটিকে স্থান দেওয়া চলে না। অনাত্মীয় ঐ বয়সের একটি মেয়েকে আশ্রয় দিলে সেটা দৃষ্টিকটু হবে। তিনি নিজেকে চেনেন, সেদিক থেকে অবশ্য মেয়েটির কোন বিপদের আশঙ্কা নেই; কিন্তু গ্রামাসমাজ এটা অনুগ্রহে দেখবে না। সেজন্য পণ্ডিত সমাজকে দোষও দেন না। তিনি তো সামান্য ঘরস্থানমুখ, স্বয়ং সাঁতা দেবীও অগ্নিপরীক্ষার সম্মুখীন হয়ে সমাজের দাবী মিটিয়ে ছিলেন। তাছাড়া মেয়েটি পত্র শেষে লিখেছে: 'আপনার অনুমতি পাইলে আপনার শ্রীচরণে প্রণাম করিতে যাইব।' কিন্তু অনুমতি তিনি দেবেন তাকে? দেবেন কেমন করে? একবার মনে হল মা-বাবার সঙ্গে পরামর্শ করেন। কিন্তু সে বেচারি নিতান্ত শিশু। সে তাঁকে কী পরামর্শ দেবে? একবার মনে হল তারাতারাকে চিঠিখানা দেখান —কিন্তু তাতেও কেন কেন মন থেকে সায় পেলেন না। স্থির করলেন, এ বিষয়ে তাড়াহুড়ো করা কিছু নয়, দু-চার দিন চিন্তা করে কি করণীয় তা স্থির করবেন।

কিন্তু চিন্তা করবার অবকাশ তিনি পেলেন না। তিন দিনের মাথায় ঐ অপরি-চিতা মেয়েটি আবার একখানি পত্রাঘাত করে বসল। এবার তার দাবী অরেও চেপেছে। এবার দুর্গতিহর পেরেশন লিখেছে যে খোলাখুলি লিখেছে, পণ্ডিত যদি তাকে পায়ে স্থান না দেন, তার নারীত্বের ক্ষতি করে নেন, তবে সে আত্মঘাতী হবে।

কী আশ্চর্য! মেয়েটি কি পাগল? নিজের নাম সে লেখে নি। ঠিকানা লেখে নি, তাহলে পত্রের উত্তর সে আশা করছে কেমন করে? সে কি করে নিশ্চয়ে পণ্ডিত তাকে চিনতে পেরেছেন? এ তো দয়া ভিক্ষালাভ পত্র দেখা। পণ্ডিতমশাই এখন এমন ধাঁধায় পড়েছেন যে এ পত্র আর কুকুরকে অথবা ডাক্তারকে দেখানো চলে না। অথচ কিন্তু একটা তো করতে হয়।

দুদিন পরের কথা। গামছা আর বড়া নিয়ে বুকু, শিবাঁই দিকে চলে গেল। পণ্ডিত পাটি পাতবার জোড়া খুঁজে ফিরছিলেন। হঠাৎ একটি ছেলে এসে বেড়ার গায়ে সাইকেলটা ঠেকিয়ে রাখল। সেই খুলে ভিতরে এসে পায়ে হাত দিয়ে প্রণাম করল পণ্ডিতকে। ছেলেটিকে তিনি চিনতে পারলেন না, বললেন—কে বাবা তুমি? আমি তো ঠিক—

—না স্যার, আমাকে আপনি চেনেন না। কিন্তু কথা ছিল, মনে আছে কি?

একটু বিস্মিত হয়েই পণ্ডিত মাথের উঠে বসলেন। ছেলেটি তার ঝোলা সাইকেলের পকেটে হাত চালিয়ে একখানা খাম বার করে আনল, বললে, আপনার একখানা চিঠি আছে স্যার।

—কার চিঠি?

—খুলে পড়লেই বুঝতে পারবেন।

পণ্ডিত আপত্তি করেছেন আপাতত। বলেন, সেটা পরিধান করেছি পরে, কিন্তু তুমি এ পত্রখানি কোথায় পেলে?

—খুলেই দেখুন না স্যার। আমি তো আর চালিয়ে যাচ্ছিনে।

পণ্ডিত আর বাক্যব্যয় না করে খামটা খুলে ফেলেন। হাঁ, যা আশঙ্কা করেছিলেন তাই। এবার মেয়েটি পত্রলেখার নিজের নামও লিখেছে—'রত্না'। লিখেছে, 'আপনার পত্রের জবাব না পাইয়া এই ছেলে-টিকে পাঠাইলাম। আপনার মতামত এর মারফতে জানাইবেন।'

পণ্ডিত আশ্চর্যান্বিত হলেন, 'রত্না কে? তোমার কোন আত্মীয়া?

—হাঁ স্যার, এক রকম আত্মীয়াই। আমার দিদির মত।

—কোথায় থাকেন তিনি

—এই কাছেই।

—তাঁর ঠিকানা কি?

—সবই বলব স্যার, আগে বলুন আমার দিদিকে কি আপনার চরণে ঠাঁই দেবেন?

পণ্ডিত গম্ভীর হয়ে বলেন, তোমার দিদিকে বলবে বিরুদ্ধমতিভ্রান্তির সঙ্গে আমার কোন সম্পর্ক নাই।

ছেলেটি দাঁত দিয়ে নখ কাটতে কাটতে বলে, সে কথাটা আপনি নিজেই তাঁকে বললে ভাল হয় না স্যার?

একটু ভেবে নিয়ে পণ্ডিত বলেন,

ঠিক বলেছ তুমি। আমি নিজেই তাকে বুঝিয়ে বললে ভাল হত; কিন্তু এ স্থানে তার যাওয়া বাঞ্ছনীয় নয়।

—না মামা, এখানে ওসব ঝামেলা তো হতেই পারে না। এখানে জলবায়ু ভেদে থাকে। আপনি যদি অনুমতি দেন আমি কাল ওকে আপনাকে রত্নমালির বাড়ি দিয়ে দিতে পারি।

—আর কে আছেন সেখানে?

—আর কে থাকবে? রত্নমালি ছেলে একাই থাকে। দিনকুলে তার কেউ নেই।

—তথাস্তু। তাই যাও তুমি। তবে ছোকরার সঙ্গে আমি যখন থাকলাম তখন তখন তোমাকেও উপস্থিত থাকতে হবে।

ছেলেটি ঘাড় চুলকাতে চুলকাতে লাজুক মুখে বললে, এ কী একটা কথা হল মামা? হুকুম হল আপনি আমার বাপের বয়সী; আপনি যদি রত্নমালিকে দুটো মনের কথা বলেন, সেখানে আমার থাকাটা কি ভাল দেখায়?

—কী লোভন আর কী অশোভন তা আমাকেই স্থির করতে দাও। তোমার উপস্থিতিতেই আমি তোমার শিষ্যকে কয়েকটি উপদেশ দিতে চাই।

—বেশ তাই হবে মামা। কাল ঠিক সন্ধ্যেবেলায় আমি আসব।

—উত্তম!

পণ্ডিত স্থির করলেন ও বাগানের একটা আলাদা করা দরকার। সন্ধ্যে কোথায় চলেছে? ঐ ছেলেটি কেমন করে এতদূরে নিরক্ষরের মত বুদ্ধিমান পত্র পাঠাচ্ছে, লিখতে পাঠাচ্ছে? ও কি কোন মনের অসুখে ভুগছে? সে কি সত্যই বিভ্রান্তচিত্তা? না কি সংসারজনের তাড়িতে অন্তরঙ্গ-মন্ত্রা-সহচর কোন বোধ আর ওর অবশিষ্ট নেই? তাই ভোর তিনি ছেলেটিকে সব কথা বুঝিয়ে বললেন। হাঁ, এক সময়ে পাঁচ বছরের একটি শিশুকে মানুষ করে তোলবার পরোক্ষভাবে তিনি স্বিতীয়বার দারপরিগ্রহে স্বল্পই স্বীকৃত হয়েছিলেন। কিন্তু তাও আর পাঁচ বছর আগেকার কথা। না-মণি এখন আর শিশু নয়; সে এখন অনেক বড় হয়ে উঠেছে। তার আর অভিভাবিকার প্রয়োজন নেই। সে নিজেই এখন জননী—ন্যায়রত্নই এখন তার অসহায় সন্তান। ওঁর জীবনে নারীসঙ্গের প্রয়োজন ফুরিয়েছে। সে প্রয়োজন অবশ্য কোন দিনই অনুভব করেন নি। এছাড়া অবশ্য সেই ছেলেটির প্রয়োজনের কথা তার পূর্ণ পরিচয় জেনে নিতে হবে। কোন সৎপাত্রের হাতে তাকে সমর্পণ করা যায় কিনা দেখে দেখতে হবে। সেটা সম্ভব না হলে কোন অসচ্ছলের পরিবারে ছেলেটির যোগাযোগটি গড়েপিটে দেবার ব্যবস্থা করা যায় কিনা সে চেষ্টাও করে দেখবেন। ছেলেটির পাঠানো যে তীব্র ঘৃণা পত্রব্যবহারে ছেলেটির সেটা করে এসেছে, সেটা মনে করলেও মুখোপাধ্যায় হয়ে যাচ্ছিল অকারণ। তত বড় পত্রোত্তরের আগেই একটি বন্ধুজনী অন্তরে লম্বা-সরল কাগজখানিতে বিনাশ্রমে দিতে পারে সেটাও তো ভেবে দেখতে হবে।

পরদিন ঠিক মোকুলি বেলায় ছেলেটি এসে হাজির হল। সাইকেলে চেপেই। হাতে তার একটি টর্চ। খুব পরিশ্রম করে, কোথাও চড়ে যায়?

—এজ্ঞে, পত্রোত্তরে আছে না। তাই পালাই। সুখে করে যাও।

সন্ধ্যের পর আজকাল আর সচরাচর বাইরে যান না, খুব একটি বিস্মিত হল হচ্ছে; কিন্তু দ্বিতীয় পত্রোত্তর করল না। পাখা বন্ধ করে দিল ভিতর থেকে।

পত্রমা বলপথ দিয়ে টর্চ ফেলতে ফেলতে ছেলেটি আসছে চলেছে। পণ্ডিত নিঃশব্দে তাকে অনুসরণ করছেন। লোকালয়ের বাইরে এসে ছেলেটি বললে, একটা কথা মামা, রত্নমালি ছেলেটা লাজুকই ভাল, ছোকরা নিরক্ষর সে নয়; তাকে বকবকি করবেন না তো?

পত্রোত্তর পণ্ডিতের মনটা কঠিন হয়ে ওঠে, বলেন,—না তিরস্কার করব না। বুঝিয়ে বলব শুধু।

—ওকে আপনার চরণে ঠাঁই দেবেন তো মামা?

—সে পত্রোত্তর তোমার শিক্ষার সঙ্গেই আলোচনা করব।

ছেলেটি আড়চোখে একবার মুখের দিকে তাকায়। অন্ধকারে তাঁর মুখটা ভাল দেখা গেল না।

—এ কোথায় চলেছ তুমি?

—এই এসে পৌঁছি মামা; ঐ যে আলো দেখা যাচ্ছে।

পত্রোত্তরের এখনে যে কতকগুলি ঘুটীর ছিল তা পণ্ডিতের জানাই ছিল না। সকলের পত্রোত্তরে একটা বাগানের কতকগুলো লোক উঠে হয়ে বসে প্রতীক্ষা করছে। একটা উৎকট গন্ধ নাকে গেল পণ্ডিতের। এ গন্ধ তাঁর চেনা। কালিতারা ফোঁকেন এ গন্ধ তিনি ইতিপূর্বেও পেয়েছেন। পেয়েছেন তেঁতুলের গন্ধে। পণ্ডিত বুঝতে পারেন এটা একটা ঘরের দোকান। পাড়াটা ভাল নয়। ঐ ছেলেটির কর্মস্থলী, কী কোন নাম তার, তার পক্ষে এ পাড়ায় এ রকম অবস্থিতি একটা ধারা ঠিক নয়। পণ্ডিত সেই ভাবেন। মেয়েটির জন্য আরও একটু উৎকণ্ঠিত বোধ করলেন।

এ পথ সে পথ দিয়ে ছেলেটি এগিয়ে চলে। খুব একটি ঘরে বাতি জ্বলছে। একটি কুটীরের পাশে দুটি ছেলে দাঁড়িয়ে ছিল। —পণ্ডিতকে আসতে দেখে তারা দুজনে ছেলে এ ওর গায়ে লুটিয়ে পড়ল হয়ে কয়েকটি আসায় তারা দরজাটা বন্ধ করে দিল।

সাইকেলটা একটা ঝোপের ধারে ঠেকিয়ে রেখে ছেলেটি অনুচ্চস্বরে ডাকল —রত্নমালি!!

ঘরের ভিতর আলো জ্বলছিল। এক ওদিকেই সাড়া পাওয়া গেল। মহিলাটি বোধহয় ওই আহ্বানের প্রতীক্ষাতেই ছিল এতক্ষণ। খুট করে দরজাটা খুলে গেল। পরমুহূর্তে একটি মেয়ে এসে দাঁড়াল খোলা দরজার ওপাশে।

—রত্নমালি, ইনিই পণ্ডিতমশাই।

মেয়েটি পথ ছেড়িয়ে বললে,—আসুন।

ভদ্রচালিতের মত পণ্ডিত পায়ে পায়ে এগিয়ে এলেন।

ঘাটির ঘর। ঝকঝক তকতক করছে। নিঃশব্দ হুকুম মোকর দিয়ে নিকানো। ঘরে একটি চৌকি পাতা। বালপাশে মাদা চাদর বিছানো আছে। পাশাপাশি দুটি মাথার বালিশ—বেশ চওড়া চৌকিটা। ওপাশে একটা কুলুঙ্গিতে লক্ষ্মীর পট। কাল বৃহস্পতিবার, তাই। লক্ষ্মীর পটে গাঁদার মালাটা এখনও শুকিয়ে যায় নি। চৌকির মাথায় কয়েক একটা নিচু কাঠের টুল। তাতে একটি পিতলের সেকাকিতে কিছু ফুলই ফুল। তার সৌরভে মনটা স্নিগ্ধ হয়ে যেন পণ্ডিতের। ওপাশে একটি ঘড়ি টাঙানো আছে, তাতে ঘানকম পাঁচ, সাড়া তুলছে। ঘরের এপাশেতে একটি হারমনিয়াম।

মেয়েটি সতরঞ্চিটাকে মাদুর কুলুঙ্গির উপর। তারপর একখানা মাদুর বিছিয়ে দিয়ে বললে, বসুন।

পণ্ডিত চটিজোড়া ঘরের বাইরেই খুলে এসেছিলেন। মেয়েটির দিকে এখনও চোখ তুলে তাকিয়ে দেখেন নি। পত্রোত্তরের মুখ অবস্থায় তিনি শুধু দেখেছিলেন আলতা-রাঙা। দুটি শুভ্র চরণ আর সেই চরণযুগলকে বেষ্টন করা একটা সোনালী প্রতিপাড় শাড়ি।

পণ্ডিত পা মুড়ে মাদুরের উপর বসে বললেন।

মেয়েটিও বসল মাদুরের অপর পত্রোত্তরে, বেশ দূরত্ব রেখে। সেখান থেকেই মৃদু হেসে বললে—আপনি যে শেষ পর্যন্ত আসবেন তা অবশ্যই ভাবি নি আমি।

এবার পণ্ডিত চোখ তুলে তাকালেন মেয়েটির মুখের দিকে এবং তৎক্ষণাৎ মুখ ঘুরে গেলেন। তাঁর বুকের ভিতরে মোচড় দিয়ে উঠল। আহা। এ যে সাক্ষাৎ লক্ষ্মীপ্রতিমা! এরই জন্য উপযুক্ত পাত্র জুটছে না? দেবের মানুষে কি অন্ধ? টানা-টানা কাজলকালো দুটি দীর্ঘায়ত চোখ, কপালে একটি সিঁদুরের টিপ, গলায় একটি পুঁতির মালা। আট ঘরে বাঁধা খোঁপায় জড়ানো একছড়া বেলফুলের মালা।

পণ্ডিত এতক্ষণে স্থিরচিত্ত হয়ে পড়েছিলেন যে, খেয়াল করেন নি তিনি ঘরে পদার্পণ করা মাত্র ঘরের একমাত্র দরজাটি বন্ধ হয়ে গিয়েছিল। আগন্তুক ছেলেটি আদৌ ঘরে পদার্পণ করে নি, সেটাও খেয়াল হল না বৃদ্ধের।

পরমুহূর্তেই পণ্ডিত দৃষ্টি নত করলেন। কালী মাসীমাকে ওর অলক্ষ্যে-প্রীতম চন্দ্রনাথের দিকে তাকিয়ে পণ্ডিত হঠাৎ এক নিঃশব্দতায় অনেক কথা বলে গেলেন, বললেন—বা রে। কেন তুই এমন পাগলামি করছিস মা? আমি বৃদ্ধ, ব্রহ্মণ-পণ্ডিত। তুই কি ধর্মবিশ্বে তোর নিজ পরিচিতির কোন দিন খোঁজ নাই? তুই যে পুরোর পুরুষ রে। তুই আমার ব্রহ্মকন্যা, নচেৎ তোকে পূজার করতাম আমি। তোর ঐ রূপের জন্যে আমি যে সাক্ষাৎ চামুণ্ডাকে দেখতে পাচ্ছি মা।

মেয়েটি কেমন যেন ভয়চকিত হয়ে যায়। বলে—আমি ঠিক বুঝতে পারছি না, আপনি...মানে...আপনিই পণ্ডিতের ভাগ্নে-চার্য তো?

—হ্যাঁরে পাগলি। তুই তখনকে চিঠি লিখেছিলি।

—কিন্তু আপনিই কি আমার বাবার আগে আমাদের ডাক্তারবাবুর সঙ্গেই বিবাহ করতে চেয়েছিলেন?

হা হা করে হেসে ওঠেন বৃদ্ধ, বলেন, ওই তো অনেক সংবাদ রাখিস রে। তা প্রমাণ দে—

—তাহলে...আর মানে—

মেয়েটি লজ্জাসঙ্কোচে থেমে যায়।

পণ্ডিত বলেন, সুশীল ওর কথা, সে তার দুঃখের কথা। দুঃখের কিন্তু আনন্দের। কাউকে কখনও বলি নাই। আজ তোকে বলব। তুই যে আমার মা। মায়ের কাছে না বললে আর কাকে বলব? আর তাছাড়া তোর এসব কথা জানাও দরকার—

অকপটে পণ্ডিত সব কথা বলে গেলেন, দীর্ঘ সময় ধরে কোন প্রশ্ন বোধ করলেন না, কোন সঙ্কোচ বোধ করলেন না। কিসের লজ্জা-সঙ্কোচ? ও মেয়েটিও তো লজ্জা-সঙ্কোচ বিসর্জন দিয়ে তার সন্তানের কথা পণ্ডিতকে অকপটে জানিয়েছে। তিনি ওকে 'মা' বলে ডেকেছেন; মায়ের কাছে লজ্জা কিসের? তাছাড়া পণ্ডিত চেয়েছিলেন ডাক্তারের স্ত্রীর প্রকৃতকথা জানতে পারলে এই অসহায়া মেয়েটি মনে বল পাবে। মুক্তির বাই যাই বলতে বলতে পণ্ডিত কিন্তু তন্ময় হয়ে গেলেন। মুক্তলেন, মনের একটা কোণে দীর্ঘদিন একটা নিরুদ্ধ অভিমান পুঞ্জীভূত হয়েছিল—কারও কাছে মন খুলে বলতে পেরে মনটা হালকা হয়ে গেছে। পণ্ডিতমার মৃত্যুর কথা থেকে শুরু করে একে-একে সব কথাই বললেন। মা-মণিকে নিয়ে কিভাবে স্বামীর ঘরে আশ্রয় ভিক্ষা করে ফিরেছেন। শ্বশুরবাড়ির নির্যাতন, ঘুলোকের ঘরের ভাসানো বললেন, চন্দ্র-কান্তের কথা, ডাক্তারের কথা। শেষে বললেন, চণ্ডীগড়ে ফিরে যাবার বিষয়ে কথা যাবার কথা। রেলস্টেশনের সেইদিন কেন তাঁকে কিভাবে চন্দ্রনাথ ফেলে পণ্ডিতে দিয়েছিল, ফুলের মালা গলায় দিয়েছিল তার বলতে ভুললেন না। তারপর সেই ব্রাহ্মণকন্যার নিজস্ব পরিচয়। শেষে পণ্ডিতের হাত ছেড়ে দিয়েছিল, সন্ন্যাস নিয়া উপার্জিত করেছিল। চক্ষুতাকে অবশ্যই তিনি কেমন করে ফিরে এসেছিলেন তাও বললেন সবিস্তারে। এই তারপর সেই পুত্রের জন্মদান যেমন করে তাঁর উঁচু মাথাটা ধুলায় লুটিয়ে দিয়েছিল।

এত দিন এ নিরুপায় অপরাধের কোন মীমাংসাকরণ হয় নি, আজ কি জানি কেন তাঁর অন্তরের অন্তঃস্থলে যে সঞ্চিত নিরুদ্ধ বেদনাই মূর্ত হয়ে উঠল, বাঙ্ময় হয়ে উঠল। বৃদ্ধ জানতেও পারলেন না, তাঁর শীর্ণ গাল বেয়ে কতবার এল ধারা নেমে এল। মেয়েটি কাঠের পুতুলের মত বসে আছে একেবারে নিঃসাড়। স্তম্ভিত হয়ে গেছে সে। বোধ করি সে নিঃশ্বাসও ফেলছে না, পাছে ব্যাঘাত হয় বাল্ক অশ্রুতপ্ত কথনের। দীর্ঘ কাহিনী শেষ করে বৃদ্ধ বললেন, তবেই দেখ মা, সেই ডাক্তারবাবুর কলাটির আজ সব হয়েছে, সে স্বামী পেয়েছে, সন্তান পেয়েছে, সংসার পেয়েছে। তুই-ই বা এমন ছেড়ে পড়াশিস কেন? আমি নিশ্চয় করে বলছি, ঈশ্বরে বিশ্বাস রাখ, তোরও সব হবে, তোর এমন চন্দ্রনাথের মত বল—

হঠাৎ মুখ তুলে পণ্ডিত দেখেন তাঁর পোড়ার ভাই গানে নেমেছে পরমোৎসাহে বাবা। কী একটা কথা বলতে গেলেন তিনি, কিন্তু, তার আগেই বাইরে একটা কোলাহল শোনা গেল।

চমকিত পণ্ডিত সহসা বাস্তবে ফিরে আসেন। উঠে দাঁড়ান। বলেন, এত কোলাহল কিসের?

পরক্ষণেই দ্বার খুলে গেল। বিস্ময়াহত পণ্ডিত দেখেন দ্বারের ও পাশেও কুড়িজন লোক ঠেলাঠেলি করে দাঁড়িয়ে। তাদের পুরোভাগে তবেন চক্রবর্তী।

ওরা ঘরে পা দেয় না। তবেন বজ্রগম্ভীর কণ্ঠে বলে—বাঃ বাঃ বাঃ! তুমিও এসে জুটেছ এ পাড়ায়? এ্যাঁ? নারায়ণ! নিকিরি নিকিরি চিরকাল ওধারে।

নরেন বলে—এর মানে কি? আপনাকে আমরা সচ্চরিত্র বলে জানতাম।

তৃতীয় একজন বলে—বেশ্যাকে আপনি ব্রতনার ঘরে রাত কাটাতে এসেছেন? ঘেন্নাপিত্তি! ছি ছি ছি ছেলে-পড়লেন একটা বেলাপল্লীতে।

—কী! কী বললে? —স্তম্ভিত হয়ে শুনছেন পণ্ডিত।

তবেন বলে, শালা ব্রাহ্মণ পণ্ডিত।

—শালা পাষণ্ড পণ্ডিত।

ভট্টাচার্য মশাই মেয়েটির দিকে মুখ ঘোরান। তার মুখোমুখি দাঁড়িয়ে চেয়ে-চোখ তেকে বলেন, তুমি তুমি.

কথাটা তাঁর শেষ হয় না। তার আগেই তবেন পিছন থেকে পণ্ডিতের টিকিটা চেপে ধরে ঝাঁকুনি দিতে। বাকিরা একটা মজার ব্যাপার ঘটে যাবার আগেই হাততালি দিয়ে তবেনের সঙ্গে যোগ দিল। হাসি এল।

তবেন মদ্যপান করে এসেছিল, জ্ঞান ছিল তার ঈষৎ। মুহূর্তে তার থেকেই আলস্য হয়ে গেল। এবার ব্রতনার মুখোমুখি হয়ে বললে: বড় স্পর্ধা তোর। তুই আমার মদ্য দিস্।

এক পা এগিয়ে আসে সে। চমকে ব্রতনা সরে যায় চৌকির ও পাশে। কিন্তু তবেনের হাতের তখন ঘন চেপে গেছে। অকস্মাৎ একটা অমানুষিক গালাগাল দিয়ে মুষ্টিবদ্ধ হাতে সে এগিয়ে যায় ব্রতনার দিকে। ব্রতনা সেখান থেকেই চিৎকার করে ওঠে—মহেন!

মুহূর্তে ঘরে প্রবেশ করে পড়ে একজন মধ্যবয়স্ক লাঠিয়াল। বলিষ্ঠ গঠন তার, খালি গা, মাথায় একটা গামছা বাঁধা, গলায় একটা শিঙলের মালা, হাতে তেলপাকা একটা লাঠি। সেখান থেকেই বজ্রগম্ভীর স্বরে বলে,—মা?

—এই লোকগুলোকে মার করে দাও।

মহেন ঘরের ভিতর চলে আসে। বাঁ হাতটা তখনও মুঠিতে তবেনকে ধরে রাখে। ডান হাতে তবেনকে ঠেলা দিয়ে ব্রতনার কাছে এনে বলে: ছোট কর্তা। একটি কথা নয়, বাইরে আসেন।

তবেন গর্জন করে ওঠে

এমন নেমকহারামি করলি?

মহেন হা হা করে তার মুখে হাসি বলে—এটা কি কইলেন ছোট কর্তা? ওরে আপনি নিমকহারামি কন? যখন চরিদার সরকারে কাম করতাম, আপনের হুকুমের মানুষের জামা নিছি। তখন এই দিদিঠাকরুনের নিমক খাই—এঁদেরে হুকুমে আপনের নিলার পারি। আসেন, বাইরে আসেন।

তবেনের গলে, ছোকে আমি—

তার কথাটাও শেষ হয় না। মহেন ওর হাতে ঝাঁকুনি দিতে তবেনের কব্জিটা ছেড়ে গেল। ঘরে একটা হুড়োহুড়ি ঢাল মারে। তবেনের হুকুমে হরিদল, হাত ধরাধরি এ একটি কথা কইলে ঘাড় ধরা যাবে ওরুন কিন্তুক।

তবেনের মাথা নিচু করে বেরিয়ে গেল ঘর ছেড়ে। তার অনুচর সঙ্গীও গেল পিছু পিছু। মহেন সর্দার গেল তাদের সঙ্গে।

বৃদ্ধা পণ্ডিত মশায়ের দিকে ফিরে বলে, বাড়ি যান পণ্ডিত মশাই, কেউ আপনার গায়ে হাত দেবে না।

—কিন্তু মা, তুমি কি তুমি কি.

—হ্যাঁ পণ্ডিতমশাই আমি তাই! ভুল আপনার হয়েছিল, ভুল আমারও হয়েছিল ওরা আমাকে বলেছিল একজন ফিরে পাগল। গুরোকে নিয়ে ওরা নির্মোহ মজা করতে চায়

আমি আপনার দুঃখের কথা কিছুই জানতে চাই না। আমি জানতাম না, ওরা আপনাকে এতখানি কষ্ট দিতে পারবে। আপনাকে একবার দেখতে চাই।

বৃদ্ধ বলেন, ও-সব কথা থাক। তবে যাই না।

—একটু দাঁড়ান। আপনাকে একবার প্রণাম করব আমি।

—থাক থাক আবার প্রণাম কেন?

মেয়েটি এসে এগিয়ে হাত বাড়িয়ে তাঁর সম্মুখে গলায় আঁচল দিয়ে প্রণাম করতে গিয়েও থেমে পড়ে। উর্ধ্বমুখে প্রশস্ত ললাট চোখের দৃষ্টি পণ্ডিতের দিকে মেলে ধরে বলে, আপনাকে ছোঁব পণ্ডিত মশাই?

পণ্ডিত তার শিরোদেশে দৃষ্টি রেখে মাথায় হাত রেখে তার চোখমুখের মায়া স্নেহমাখা মমতাময় স্পর্শ করেন।

হঠাৎ মিতার ওঠে মেয়েটি। তার মাথাটা নেমে আসে নাগরাহের দুঃখভারের উপরে। পণ্ডিতের পায়ের পাতায় লাগে সিঁদুরের দাগ, আর চোখের জল। পণ্ডিত বলেন, কাঁদছিস কেন মা?

মেয়েটি মুখ তোলে, ফুঁপিয়ে বলে—সে আপনি বুঝবেন না পণ্ডিত মশাই। আমি খারাপ মেয়ে মানুষ। নিতা দু বেলা আমি মুখের গালাগাল শুনি। কিন্তু কিছুই না বলে আজ আপনি আমাকে যে মর্যাদা দিয়েছেন তা আমি জীবনেও পাই নি। জানি, এখন আর ও কথা বলবেন না আপনি; এখন সব সময় পর—

পণ্ডিত ওকে থামিয়ে বলেন—ও-সব বলিস না। আমি অন্তর্যামী নই। আমি এখনও ভুল করি। আমি এখনও হয়তো ঘাটছি তোর জন্যে আমি সন্ধ্যেতে রাস্তাটাকে দেখে গেলাম। মনমরা হোস নে। শান্ত হ। তোর কল্যাণ হবে।

পণ্ডিত বেরিয়ে গেলেন ঘর ছেড়ে। তিনি জানতেও পারলেন না, বৃদ্ধপায়ের ওপরে মাথা রেখে লুটিয়ে পড়ে ফুলে ফুলে তখন কাঁদছিল বারো।

ডাক্তারবাবু যখন দিয়ে মিত্র আসছিলেন নাগরাহে। তিনি যেমন যেন বিহ্বল হয়ে পড়েছেন। সমস্তটাই তাহলে একটা বিরাট বড়যন্ত্র? গয়না সমাহে তাঁকে ছেড়ে পালিয়েছে করতে, তাঁর উঁচু মাথাটা ধুলোয় লুটিয়ে দিতেই এভাবে জব্দ আজ এক সপ্তাহ ধরে একটা বড়যন্ত্রজাল বিস্তার করে চলেছে। মানুষ এত নীচ! তবে তো পশুদের সঙ্গে মানুষেরও কোন পার্থক্য নেই। কিন্তু এত বড় দুনিয়ার কি শান্তির ছায়া কোথাও নেই, যেখানে তিনি তাঁর মা-হারা মা-হারাকে নিয়ে জীবনের বাকি ক'টা দিন শান্তিতে কাটিয়ে যেতে পারেন? যেখানে ষড়যন্ত্র নেই, চক্রান্তকারীরা নেই, জবা-নবরা নেই?

পায়ে পায়ে বাড়িতে এসে ঢোকেন এক পহরে রাতে। কৃষ্ণা পঞ্চমীর চাঁদ তখন সবে উঁকি মারছে পুবে-আকাশে। ঘর অন্ধকার। মা-মণি ঘুমোয় তাহলে কি কেন? না কি সে ঘুমিয়ে পড়েছে? দাওয়ায় উঠে দাঁড়িয়েছেন কি দাঁড়ান নি হঠাৎ দরজা খুলে ছুটে বেরিয়ে আসে খুকু। কোথাও কিছু নেই, হঠাৎ সবলে বাবাকে জড়িয়ে ধরে হু হু করে কেঁদে ফেলে। বৃদ্ধ পণ্ডিত সেই কান্না পঞ্চমীর স্নান জ্যোৎস্নালোকে তার অশান্ত-বিশ্ব কিশোরী মুখটি তুলে ধরে বলেন, কী হয়েছে রে, অমন করছিস কেন?

খুকু, চুপ করে দেয় না। আবার মুখটা বাবার বুকের মধ্যে গুঁজে দিয়ে ফুলে ফুলে কাঁদতে থাকে।

পণ্ডিত ওকে বাধা দিলেন না। গভীর-স্বরে কেঁদে ওকে মনটা হালকা করতে দিলেন। তারপর বললেন, বলবি মা, তোকে কি কেউ কোন কটুকথা বলেছে?

খুকু মাথা কাঁকিয়ে বলে, হুঁ।

—কে বলেছে?

—আমি তাদের চিনি না। চার পাঁচটা ছেলে এসেছিল একটু আগে। তোমার নাম করে তাদের আমি সেই বয়সে ভুলে বসেছি—

খুকুর মুখে ছুটে ওঠে বুঝতে, দাঁতে দাঁত চেপে বলেন, তোর গায়ে স্পর্শ করে-ছিল?

আবার ডুকরে কেঁদে ওঠে খুকু।

পণ্ডিত ধীরে ধীরে বসে পড়েন দাওয়ায়। মনে পড়ে যায় অনেক দিন আগেকার কথা। সেদিন স্কুল থেকে ফিরে এসে তিনি দেখেছিলেন দুঃখবারে মাথা ঠুকতে ঠুকতে তার পাঁচ বছরের মেয়ে রাতে ডাকছিল আর বলছিল—আর দুষ্টুমি করব না আমি। মা গো তুমি ফিরে এস। আর একজন অপেক্ষামান কক্ষে খুকু কি করছিল তিনি জানেন না। সেদিনের মতই কি মাথা খুঁড়ছিল দুঃখবারে? সেদিন সেই পাঁচ বছরের মেয়েটি তার লজ্জার কথা বাপের কাছে স্বীকার করতে পারে নি—সে ছেকে এনেছিল কাকুদিদিকে। আজ খুকু তার লজ্জার কথা কাকে বলবে?

খুকুও বসে পড়ে বাবার পায়ের কাছে। তাঁর দুটি হাঁটুর মধ্যে মাথাটা গুঁজে দিয়ে বলে —জান বাবা, ওরা তোমার নামে খুব খারাপ কথা বলছিল, খু—ব খারাপ কথা। বলছিল, তুমি যেখানে গিয়েছ সেখানে নাকি....মানে তুমি নাকি.....

খুকু কথাটা শেষ করতে পারে না।

কান্নায় আবার ভেঙে পড়ে সে।

বৃদ্ধ তাঁর বলি রেখাঙ্কিত দুটি হাত ওর মাথায় বুলাতে বুলাতে বলেন, শোন, তুই যখন সপ্তমবর্ষীয়া বালিকামাত্র তখন আমাকে কয়েকটি ছেলে পত্রপাঠ পত্রার করে-ছিল। মনে আছে তোর?

খুকুর কান্না থেমে যায়।

—তিনচার দিন আমি লজ্জাশায়ী হয়ে পড়েছিলাম। ওরা আমার একটি দন্ত উৎপাটিত করেছিল, আমার শিখা নির্মূল করেছিল, মনে নেই?

কেশ প্রসাধনের শ্রেষ্ঠ উপকরণ

বেঙ্গল কেমিক্যালের

ক্যান্থারাইডিন

হেয়ার অয়েল

এই অনুপমীয় সুরভি কেশ তৈল চুলের রোগা নষ্টের ও পরিপুষ্ট রাখে, কেশ-গুচ্ছকে ঘন, সুদীর্ঘ ও মসৃ-ণ করে তোলে এবং চুল পড়া বন্ধ করতে সাহায্য করে।

বেঙ্গল কেমিক্যাল

কলিকাতা • বোম্বাই

কানপুর • দিল্লী

খুকু উঠে বসে। মুখ উঁচু করে মা বাবা চেয়ে তাকিয়ে থাকে।

পণ্ডিত আসন ছেড়ে বলে যান, সোনা তুই কিছুই পরিষ্কার করতে পারতিস না। তবু আমাকে পরশুদিন জিজ্ঞেসও করেছিলি—বাবা ওরা তোমাকে এমন করে পাঠাতে চাইল কেন? তুমি কি কিছু দুষ্টুমি করেছিলে? আমি তোর কাছে স্বীকারও করেছিলাম, বলেছিলাম—না মা-মণি কোন দুষ্টুমি আমি করি নাই। তবে ভুল করেছিলাম; কী মনে পড়ে?

এবার খুকু মাথা নেড়ে সায় দেয়।

—সেদিন তুই তার উত্তরে কিন্তু না খুকুই বলেছিলি—আর কখনও তাহলে ভুলও কর না বাবা। আমি পরিষ্কার হতে বলেছিলাম, বলেছিলাম—না মা, আর কখনও এমন ভুলও করব না। আমি আমার পরীক্ষা-শুদ্ধি ভঙ্গ করি নাই রে। সেবার একটা প্লানিতে আমার অন্তঃকরণ পূর্ণ হয়ে গিয়েছিল। এবার, না, এবার কিন্তু মাত্র প্লানি অনুভব করছি না। হাঁ, আমি বেলা-ভূমিতেই গিয়েছিলাম মা, সেখানে একজন দেবীকে দেখে এলাম।

—দেবী!

—হাঁ মা-মণি! সাক্ষাত জগদ্ধাত্রী! তুই আর ছোটটি নস্। সমস্ত বৃত্তান্ত এবার তোকে সবিস্তারে বলব। আয় ঘরে আয়।

রাত্রে খুকুকে পাশে নিয়ে শুয়েছিলেন পণ্ডিত। সমস্ত কথা খুলে বলেছেন তাকে। পণ্ডিতের কথা, বক্তার কথা। মনটা হালকা হয়ে গেছে তাঁর। রাত অনেক হয়েছে, তবু বুঝতে পারেন খুকু এখনও ঘুমোয় নি। চুপ করে শুয়ে আছে। বাইরে বাবার হাত ধরে বেরোতে যেতে হলেন, ভাবছিলাম, ওরা তো আমাদের ছাড়বে না। আমার মধ্যে এখন ক্ষমতা নাই যে ঠেকে রক্ষা করি; অবশ্য স্থির নিশ্চয় আমি তাহলেও ওরা শুধু তোকেই থাকতে বলবে। আমি পিতা, তোর রক্ষণাবেক্ষণ করা আমার কর্তব্য। কিন্তু, আমি অধর্ম, আমি পশু!

খুকু উঠে বসে। বলে—চল বাবা, আমরা এখান থেকেও চলে যাই।

—আমিও সেই সিদ্ধান্তে এসেছি যে আর একটি দিনমানও এখানে থাকতে চলবে না। এরা মানুষ নয়, পিশাচ! যে কোন মুহূর্তে ওরা তোর চরম সর্বনাশ করে বসতে পারে। তবেন এই গ্রাম সমাজের মধ্যমণি। তার বিরুদ্ধাচরণ করতে কেহই সাহসী হবে না। না! বেশ বুঝতে পারছি—কলকাতা শহরের মত এই গ্রামটাতেও বিষক্রিয়া শুরু হয়েছে! এও সংক্রামক ব্যাধিতে ভুগছে। কিন্তু, মা, এমন তো হবার কথা নয়, এমন তো হতে পারে না।

—কেন বাবা?

পণ্ডিত চুপ করে যান। তেমন করে তিনি বোঝাবেন তার মা-মণিকে, তিনি যে বিশ্বাস করেন গ্রামদেবতার বলিষ্ঠমানি ভূতানি গ্রামেতে। স্বার্থান্ধ কোথাও না কোথাও নিশ্চয় আছে। এই ভূমিষ্ঠাতেই আছে—যেখানে সবই থাকবে ঘন, যেখানে বাতাস মধুর, যেখানে সমস্ত মধুময়, যেখানে গোপাট-ওষধি-বিনায়ক-সূর্য সমস্তই মধুময়। শুধু কলকাতা নয়, আর বাঙলা দেশের একটা গ্রাম দেখেই তিনি কেন ভাবছেন যে সেই সার্বভৌমটা স্বপন। সে কেন নিশ্চয় আছে কোথাও না কোথাও। তাঁরা ঠিকমত খুঁজে বার করতে পারছেন না। কিন্তু, খুঁজলে হয় বার করতেই হবে!

—চল বাবা, কাল সকালেই আমরা চলে যাই। আতঙ্কগ্রস্তাড়িত খুকু বলে বসল।

—তাই যাব। সমস্ত তালাবন্দ করে যাব। ঠিক যেমন সেবার কলকাতা ত্যাগ করে বেরোতে পেরেছিলাম শুধু পশ্চাদ্দেশের সূর্যে মঙ্গলকে দেখিয়ে দিয়ে যদি তাড়াতাড়ি বাড়ি।

—সেই ভাল বাবা। পণ্ডিত মহাশয় বাড়ুয্যে একটু ঘুরে পড়ে।

—এবার তাহলে ঘুমিয়ে পড়, মা।

খুকু, চোখ বোজে। এবার আর খুকু ঘুম আসছে কিনা কথা বলে না।

এবারও কিন্তু তালাচাবি দিতে তাকিয়ে দেখছিল সেই সিমেন্ট তালাটা।

পরদিন সকালে দেখা গেল বাপ-মেয়ে পোঁটলা কাঁধে নিয়ে রেল লাইনের ধারে ধারে ডিসপেনসারি হাসপাতালের পাশ দিয়ে কোথায় যেন হেঁটে চলেছে!

সূর্য উঠছে।

পশ্চিমবঙ্গ সরকারের

সচিত্র সাপ্তাহিক পত্রিকা

পশ্চিমবঙ্গ

এখন অনেক বেশী লোক পড়ছেন বর্তমানে প্রচার সংখ্যা ১১,০০০

বিক্রয়—সংখ্যা
প্রতি সপ্তাহে

অগস্ট, ১৯৬৬	৪৭৫
অগস্ট, ১৯৬৭ *	৫,৫৯৫
অগস্ট, ১৯৬৮,	১,২৭৯
অগস্ট, ১৯৬৯ *	৯,৩৯১

(*যুক্তফ্রন্ট সরকারের আমলে)

আপনিও নিয়মিত পড়ুন। প্রতি সংখ্যা : দশ পয়সা

'পশ্চিমবঙ্গ' পত্রিকায় বিজ্ঞাপনও নেওয়া হচ্ছে। বিজ্ঞাপন প্রচারের একটি উপযুক্ত মাধ্যম 'পশ্চিমবঙ্গ'
বিশদ বিবরণের জন্য নীচের ঠিকানায় লিখুন বা যোগাযোগ করুন :

বিজ্‌নেস ম্যানেজার, তথ্য ও জনসংযোগ বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার, রাইটার্স বিল্ডিংস, কলিকাতা—১

প. ব. (তথ্য ও জনসংযোগ) বি ৩০১৩ * ৬১

ঘুম পাড়ানি মাসী পিসী যাও, পালিয়ে যাও

দূরবীণ খাঁ

রবীন্দ্রনাথ একবার লিখেছিলেন—"বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদী এল বান এই ছড়াটি বাল্যকালে আমার নিকট মোহ মন্ত্রের মতো ছিল এবং সেই মোহ এখনো আমি ভুলিতে পারি নাই। আমি বালকের সেই মনের ভাব অবিকল স্মরণ করিয়া এ লেখাকে স্পষ্ট বুঝিতে পারিব না, ছড়ার মাধুর্য এবং উপযোগিতা কী। বুঝিতে পারিব না, কেন এত মহাকাব্য এবং খণ্ড-কাব্য, এত ইতিবৃত্ত এবং নীতিপাঠের, মানবের এত পরাভবের কথা, এত গলদ্ঘর্ম তাহার পরিণতি বার্থ এবং বিস্মৃত হইতেছে, যখন এই সকল অসংগত অর্থহীন মেঘচুম্বকৃত লোকাতীত লোক স্মৃতিতে চিরকাল পুরোহিত হইয়া আছিতেছে।"

আর ছড়ার এই চির নবীনতার কারণ নির্ণয় করে লিখেছিলেন—"ভালো করিয়া দেখিতে গেলে কিন্তু ইহার মতো পুরাতন আর কিছুই নাই। বেদ কাল নিজা পড়া অনুসারে কত নূতন পরিবর্তন হইয়াছে, কিন্তু শিশু তত সহজ, বয়সের পূর্বে যেমন ছিল আজও তেমনি আছে; সেই অপরিবর্তনীয় পুরাতন বালকের মানবের মনে নিত্য নূতন হইয়া ছন্দ গঠন করিতেছে—অথচ সর্বপক্ষের ছিল সে যেমন নবীন, যেমন অকৃত্রিম, যেমন মধু, যেমন মধুর ছিল, আজও ঠিক তেমনি আছে। এই নবীন চিরত্বের কারণ এই যে, শিশু পকৃতির সৃজন; কিন্তু বয়স্ক মানুষ বহুল পরিমাণে মানুষের নিজকৃত রচনা। তেমনি ছড়াগুলিতে শিশু-সাহিত্য, তাহারা মানব মনে আপনি জন্মিয়াছে।"

কিন্তু আজকের ছড়া—কস্মিনকালেও ছড়া নামে যা লেখা হচ্ছে তা পকৃতি থেকে অনেক দূরে। এমন কি যাঁদের দ্বারা এগুলি লেখা হচ্ছে—তাঁদেরও মনের ঠিক কতটা কাছাকাছি তা সঠিক ভাবে বলা চলে না। ছড়া ছোটদের জন্য লেখা, কিন্তু যাঁরা লেখেন তাঁরা পায়ই বয়স্ক। আর এই ছড়ায় সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক পরিবেশে ছড়া লেখার মূলে সর্ত সেই শিশু মনটাই কল্পনাই হারিয়ে ফেলেছেন। তাই আজকের ছড়ার বিশেষ করে পূর্ব পাকিস্তানী ছড়ায় শিশু মনের ছোয়া বয়স্কের চাপেই অনেক বেশী দাঁকিয়ে। হয়তো এটাই স্বাভাবিক—কেননা, আজকের দিনে যখন সবাই সাহসের দিকে ছুটে চলেছেন, তখন কোথায় পিছু ফিরে তাকানো সম্ভব। তাই সমকালীন ভাবনায় আজকের পূর্ব পাকিস্তানী ছড়া লোচ্চার। আর ঠিক এই কারণেই পূর্ব পাকিস্তানী ছড়া, আমার প্রাপ্তিকের ছড়া হলেও ছড়া বলতে আমরা যা বুঝে আসছি ঠিক তা নয়।

পূর্ব পাকিস্তানী ছড়া পড়ার আগে পূর্ব পাকিস্তানের স্বনাম ধন্য কবি শহীদ কাদরীর একটা ছড়া ভূমিকা হিসেবে উল্লেখ করছি।

"ঘুম পাড়ানি মাসীপিসী
যাও পালিয়ে যাও
পূর্ব দুলুকে জাগলো সবাই
পাড়া কি আর পাও।"

বস্তুতঃ এই ছোট্ট ছড়াটি পূর্ব পাকিস্তানের ছড়া সাহিত্যের মোড় বদলের সূচনা করেছে। ছেলে ভোলাবার ছলা, ঘুম পাড়ানি মাসী পিসী তাড়াবার ছলাই ছড়া। কিন্তু সেই ঘুম পাড়ানি মাসী পিসীকেই পালাতে বলেছেন কবি, কেননা, 'পূর্ব দুলুকে জাগলো সবাই'। পূর্ব পাকিস্তানের আর যারা ছড়া লিখছেন—তাঁরা জাগরণীকেই তুলিয়ে রাখতে চাইছেন। ফলে ছড়ার গায়ের সুর বদল ঘটেছে।

যদি বলা যায়, ১৯৫২ সালের ফেব্রুয়ারী মাসের ভাষা আন্দোলনের সময় থেকে পূর্ব পাকিস্তানের নবজাগরণ শুরুলিম সমাপ্ত নয়, বাঙালী সমাজের স্বাধীনতা প্রচেষ্টার শুরু হয়েছে—তবে বোধকরি সেই ব্যাপ্তি করবেন না। সাংস্কৃতিক ভাই-দের রহমান লিখেছিলেন—"একুশে ফেব্রুয়ারী যদিও ভাষা আন্দোলনের স্মৃতি-বাহক, তবুও এ কেবল ভাষা আন্দোলনেরই দিবস নয়, একুশে ফেব্রুয়ারী আমাদের সমস্তান্তিক সংগ্রামের পতীক দিবস।.... আমরা বুঝতে পেরেছিলাম মুখের ভাষা কেড়ে নেওয়া হলে আর কোনো কিছুই কেড়ে নেওয়ার বাকী থাকে না। আমরা তাই সমবেত হয়েছিলাম—ভাষের পক্ষে শিক্ষক, পক্ষের পক্ষে বুদ্ধিজীবি, আমরা দাঁড়িয়ে-ছিলাম একের পিছনে অন্যে, একের পাশে অন্য। পূর্ব বাংলার জনসাধারণ গড়ে তুলে-ছিল সংগ্রাম পরিষদের।....আমরা পকৃতে বরবাদায়, পকৃতের বিরুদ্ধে বাঁচতে হলে আমাদের প্রেরণ পথ'। কিন্তু চূড়ান্ত ফল আমরা জানি না। তাই পূর্ব পাকিস্তানে সংস্কৃতির সংগ্রাম চলেছেই চলেছে। আর ছড়া সাহিত্য এই সংগ্রামেরই হাতিয়ার। পূর্ব পাকিস্তানের এক ছড়া সমালোচক লিখে-ছেন—"ছড়া আজকাল জুড়ি হয়ে উঠেছে। তাইল বদলে যাচ্ছে ছড়ার শরীর। এক সময় এখনকে যে সব ছড়া লেখা হত তার বেশীর ভাগই ছিল মিষ্টি মিষ্টি শব্দের দোলায় দোল খেলার ঘুম ঘুম আবেশের। এখন ছড়া ঘুম ভাঙানিয়া।"

পাকিস্তানের সাম্প্রতিক ইতিহাস ঔতে এসে ছড়ে ধরা আর সমস্তান্তিক বাঙালীদের ইতিহাস। এই ধারাদের ছড়ির বিশ্লেষণ করে কবি শামসুর রহমান একটি ছড়ায় লিখেছেন—

"দুই বাঁশি এক ধারা
তখন হবে ধারা।
ধারায় ধারে ধারে
উঠবে পাড়া কেঁপে।
দুইন ভাঁজন ফেপে
সাড়া দেব ভবে।
সাজনে পাবো ঘরে
ভবে ভবে ভবে।"

সত্তাকাল নদী আরও তীক্ষ্ণ হয়ে-ছেন—

"ঢাকত এসে বলে রাজন
কি ধারণা আছ বিরাণী?
কটমটিয়ে চাইলো রাজা
বলে, পত্রোর শির আনি?
ওতেও রাজার অনুচি তাই
'এখন সে-না হলে কি ভাই
বলে, পত্রোর শির আনি?
মুচকি হেসে রাজা এবার
ছিয়ান ফেলে ছিয়ানই।"

এই ধারার ছড়াকে, বলা বাহুল্য সে যুক্তফ্রন্টের দলই ধাঁচতে পারে। কিন্তু মনস্তাত্ত্বিক ও ফ্রোহকুফ্রতে একটা বিভেদ রয়েছে। সেই জন্যই সবাই 'ফ্রোহকুফ্র'দের নয়। শামিত বসে শামসুর রহমান লিখে-ছেন—

"পক্ষ, দেখো এই অবয়বকে
যদি ধরা যায় পাঁজরেই
তবে, কেন হায় করলে না তুমি
তোতা পাখি আবদেই?
খাঁচায় বসে ভাসে কিসের মতো
নাড়তায় লেজখানি
তীক্ষ্ণ আদুরে ঠোঁট দিয়ে যেন
খুঁটিতায় দানাপানি।

ছিলতো সুযোগ কত ধারের
কথা বলি কুড়োবার
বইতে হতো না নিচের
কথা বলবার ঘুরেফিরে।'

'সত্যের দিব [illegible] বাক্যের ধারা
গল্পের মূল কথা এমনি। একজনের
বিনিময়ে পেতে চাই আর একজনের সম্মতি।
মোহাম্মদ মোস্তফাও একটি ছড়াতে
বলেছে—

'খুলে তোমার এই ভালো কলের হৃদয়
ওতে যন্ত্রের দুষ্টু কুলির বন্ধন
ধারহারা ভাঙ্গ ছেদের প্রতিশ্রুতি
এর ফলে হয় মন-মেজাজের স্বাধীনতা।

সুখে থাকো এমন মোদের
মেহিন সম্রাট-ছেলেরা ধরণীতলের তাই যে যেই
বরঞ্চো বুদ্ধিমানী কথা চুড়ে বলতে পারে,
কিন্তু আসল সাধকুলে নবী লিখেছেন—

'সত্য কেউ যে বলেই থাকে
সবাই কুপুত্র বাড়িয়ে হাত।
বললে কিন্তু এবার কেউ
আকাশ থেকে পড়বে ভাত
যেন সবাই।'

এখনকার উন্মাদ
গল্পের ধরন লিখেছেন—

'বাহিম চাচা বুদ্ধিন
পাগলি ভাত
চিমসে পেটে বোলায় পড়ে,
ঠান্ডা হাত।
আসল কালো আঁধার ঘরে
এই বয়েই ঘুমুরে নরে
দেখার ছেলেও বাম বাহিমের
শুনোপাত।
সব আসরের সেরা
এও এক আসর ঘাত।'

পুরোনো দিনের গল্প বদলে [illegible] যারা আর বার বদলে বেড়াত তাদের এরা লিখেছেন রফিকুল হক—

'সাগর আমার হাওড়ালালে
ছিল হাওড়া রে
নাট পরে মুর্তি আমি চৌদ্দলী
নাচিরে
বাবার প্রাসাদে ঘোড়াশালে
ছিল ঘোড়ারে
কত ঘুরে আছ ছোটে ছোটে
পা যে ঘোড়া রে।

কিন্তু পাক রাজা কি তাঁর পুত্রদের
দেশ কিছুই করেন নি? নিশ্চয়ই করেছেন।
পরিকল্পনার পর পরিকল্পনা করেছেন,
আশ্বাসের পর আশ্বাস দিয়েছেন, ছেড়েছের
পর ছেড়ের দিয়েছেন, সর্বশেষ চেরেন উন্মাদের
একটি ছড়ায়—

'বিশ্বটা চড়াই বলছে
হেসে চড়াই রে
চাষ খুলবে খালি
ছেলেরা চলাই
এলাম ঘরের
মেয়ে কাছে
সমান আছে টাকার
সাহসের ফলছে।
আসছে বছর প্রথমের দল
যেন ভালো
হবে না আর দীন দুঃখীর
মুখে কালো
চড়াই বলে এই মতে
কী যে কাম
বাঁচলে এবার তবেই ভিন
বছের নাম

এর কারোর নিজের [illegible] কোটি মানুষের আর কিছু, না থাক, ভিন ভাষা ভাষা মানুষ ভাষা ভিন্ন, আর তারা [illegible] চায়ও না নিজে ছেলেমিলো, ভিন্ন ভিন। [illegible] ভিন্ন এক [illegible] পুরো [illegible] দাবিদাওয়া—[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

'[illegible] এখন [illegible]
[illegible] ছেলের [illegible]
[illegible] [illegible] [illegible]



নাকি সোনার ছেলে
ঘুমোচ্ছে, চিনতে
পারলুমনে প্রাণ দিলো যে
মাকেও বাঙাল কিনতে।

পাহাড়তলীর ঘরে চড়োয়
বাঁশ দিলো আঁশি
চেহারাটার লোকের নজর
লাগলো তাতেই ফাঁসি।

পড়োতরেণী। পড়োতরেণী
ঘুমাচ্ছ নেমে মাঠে
আমার ঘরণ, আমি
চলেছি এই বাটে।"

সমকালীন সাহিত্যের চোখ ফিরেছে বিচ্ছিন্নতার দিকে। সেখানে চাঁদের না ঘুমোনো—শরীর না ঘুমে এই পরিচয়ের চেহারাটা হয়েছে। শুধু কবিতাগুলোর ছত্রগুলোরা ফিরে-ফিরে দিকের পানে তাকিয়েছেন—পাকিস্তানের একটি

"দিন ঘুমুলে ওরা
মেঘনা ধারা বোনা
ছেলে মরণ ছেলে
বাড়ি করে ভাই এসো।
০ ০
বলি ওরে তারা
দিন ঘুমুলে মারা
ওদের কাছে জানি
নেই মানুষের দাম
পড়ছে ছিটেফোঁটা।"

সমাজ চেতন উদ্দীন তোয়াজউদ্দীন সাহেব লিখেছেন—

"চলমান জাও কী
আরও বেশী চাও কি
উঠল নাথ শিশু ফেলে
মা বোন বাপ ফেলে
পড়ে আছে শূন্য ঘাট
তাও চাও আও কি
চলমান জাও কী।"

আজকে এই ১৯৬৯ সালের আগস্ট-সেপ্টেম্বর মাসে কোনো কবি কি লিখতে পারবেন—

আয় আয় চাঁদ মামা টি দিয়ে যা
চাঁদের কপালে চাঁদ টি দিয়ে যা

—বোধহয় না। কিন্তু, কি লিখবেন আজকের ছড়াকার চাঁদ নিয়ে—যদিও সহীদের ওপর "ঘুম পাড়ানি ছড়া উপহার করি—

"চাঁদমণী যদি মাগো নিতুই যাবে
বলতো খোকার মা
আয়রে চাঁদা আয়
আয়রে খোকার মামা
চড়বি খোকার সাথে:
আমার সোনা ঘুম যদি না
একলা সোনার ঘুম পাবে না
আয়রে নেমে আয়
হাওয়ায় চড়ে আয়—
আয়রে চাঁদা ভাই,
ঘুম দিয়ে যা খুকুর চোখে
চুমু দিয়ে যা নিখিল মুখে
তোর গায়েতে ছিটিয়ে দেবো
দেবো-আসতো গন্ধ
আয়রে চাঁদা ভাই
আয়রে চাঁদা আয়
খোকার কল্লে আয়
আয়রে খোকার মামা
চাঁদমণী এখন নয় যে তেমন আর
নয়তে তেমন অবাক কিছু
চাঁদের বুড়ি নিছক মিছে
সবই জানা দেখছি তবে
তবুও শুধু যাও
সবাই এখন জানছে তারে
থাক না তবেই সুদূরে পাতে
আজকালকী সব আজব কথায়
ভুলবে না কেউ আর।

তাই তো এখন হয়তো খোকার মা
বলবে না চাঁদ টিপটা দিয়ে যা—
বলবে বুঝি,
লক্ষ্মী সোনা, খোকন সোনা
ঘুমিয়ে পড়ো রে,
ঘুমিয়ে পড়ো সোনার দাদু
ঘুমিয়ে পড়ো রে,
ঘুম ফুরোলে রাতের শেষে
তোমায় দেবো চাঁদের দেশে
ঐ সুদূরে হাওয়ার ভেসে
চাঁদ তরীতে চড়ে,
সেখানে থেকে ফিরবে যখন
নোতির মালা পরবে তখন
হাসবে লোকে ভালবাসায়
ভুবন আলো করে।
ঘুমিয়ে পড়ো সোনার দাদুরে
ঘুমিয়ে পড়ো সোনার যাদুরে
ঘুমিয়ে পড়ো রে. ."

মাত্র কয়েকজনের ছড়া বেছে নিয়েছি কিন্তু আরও অনেকে আছেন যাঁরা ছড়াকে সৃষ্টি করেছেন, ঘুম পাড়ানিয়া গানকে রূপান্তরিত করেছেন ঘুম ভাঙানিয়া গানে। নাম কেউ বহু দিন পরে স্বাধীনতা-পরবর্তী পূর্ব পাকিস্তানের ইতিহাস লিখতে বসেন, তবে লেখকের এই ছড়াগুলিই হবে তার মহান উপকরণ।

আমার বাবা ও আমি

—মুর্তজা বশীর—

আজ আমার আর কোন লজ্জা নেই যদি কেউ আমাকে পরিচয়ের শেষে বলেন, আমি মহম্মদ শহীদুল্লার ছেলে।

কিন্তু এককালে করতাম। তাঁর মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত। সেই পরিচয়ে আমি ক্ষুণ্ণ হতাম। আমার অহমিকায় বেশ আঘাত লাগত। আমি সবসময়ে চাইতাম আমার নিজের পরিচয়ে পরিচিত হতে। মুর্তজা বশীরের পিতা ডঃ মহম্মদ শহীদুল্লাহ এটাই আমি চাইতাম। ডঃ মহম্মদ শহীদুল্লাহর ছেলে মুর্তজা বশীর এই পরিচয় কোনদিন আমার কাম্য ছিল না। অথচ, শৈশবে তাঁর পরিচয়ে আমি ছিলাম গর্বিত, অহঙ্কারী। আমার চালচলন কথাবার্তা সবকিছুর মধ্যে সেই গন্ধটা ছিল। ক্লাসের ছেলেদের কাছে আমি ছিলাম এক বিস্ময়কর বস্তু। সবাই আমার বন্ধুত্বে সৈক হতো। আমি হয়েছিলাম তাদের কাছে এক অমূল্য সম্পদ। আমি তাতে বেজায় খুশী হতাম। অন্যের পয়সায় কিছু খাওয়া আমার আত্মসম্মানে লাগত। কিন্তু কিনে নিজের পয়সায় খাওয়া সম্ভব ছিল না। বাসা থেকে টিফিন আসত। হাতে বাড়তি পয়সা দেওয়া হতো না। যদি কোনদিন কিছু চেয়েছি অমনি বন্ধুদের মধ্যে রীতিমত কাড়াকাড়ি হতো কে আমাকে দেবে বলে।

পড়াশুনা করার মন একেবারেই আমার ছিল না। পরীক্ষা না দিলেও পাশ করতাম। ম্যাট্রিক পরীক্ষার সময় আরবী পরীক্ষায় আমার চোখ একেবারে কপালে। কিছুই বুঝতে পারি না, জানি না। আমাকে একটা বই এনে দিলেন পরীক্ষার হলে শিক্ষক। আমি দেখে দেখে লিখলাম। আর তিনি দরোজায় দাঁড়িয়ে পাহারা দিলেন। আরবী আমার এমনিতে ভালো লাগত না। ষষ্ঠ শ্রেণীতে যখন বাধ্যতামূলকভাবে আরবী, ফার্সী, উর্দু বা সংস্কৃত নিতে হতো তখন বাবু অবশ্য চেয়েছিলেন আমি সংস্কৃত পড়ি। কিন্তু আমার মা চাইলেন না।

আর ছেলে, এই অধিকারে ছোটবেলায় আইকে আমি কোনোক্রমেই করতাম না। অনেক সময় অশোভন ব্যবহারও করতাম। কেননা আমি ভাল করেই জানতাম আমাকে কেউ কিছু বলবে না, বলার সাহস নেই। ঠিক এ সময় একজন লোকের কথায় আমার সমস্ত সত্তা যেন কাঁচের মত গুঁড়িয়ে গেল। আমি নিজেকে দেখলাম। একটা অপদার্থ মূর্খ ছাড়া আরও কিছুই আমি নই। নিজের ওপর ধিক্কার এল। ভদ্রলোক বলেছিলেন, এমন কিছু করো যাতে লোকে তোমাকে চেনে। তোমার বাবা কদিন বাঁচবেন। তাঁর মৃত্যুর পর কেউ তোমাকে পুঁছবে না। যে সম্মানে তুমি আজ তৃপ্ত সেটা তখন মাটিতে মিশে যাবে। তোমার বেয়াদপীতে কেউ কটু কথা বলে না কারণ, তাহলে তোমার বাবাকেই বলা হবে।

ঘরে এসে আমি কেঁদেছিলাম। রাত্রের মুকুট পরে আমি হাটতাম, হঠাৎ যেন আমি ভিখারী হয়ে গেলাম। বাবু আমার কীর্তি-কলাপ শুনতেন। কেউ কেউ তাঁর কাছে আমার সম্বন্ধে নালিশও করতেন। তিনি বেশ মুখ করতেন। আমাকে ডেকে আপসোস করতেন। একবার দশম শ্রেণীতে পড়ার সময় প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির দাবীতে স্কুলে গোলমাল সৃষ্টি করেছিলাম। হেডমাস্টার আমার উপর বিরূপ হয়েছিলেন। তিনি বাবুর কাছে আমার ব্যাপারে অভিযোগ করতে চেয়েছিলেন। আমি জানতাম, তিনি এতে অপমানিত বোধ করবেন। সেই লজ্জায় আমি বাড়ী থেকে পালিয়ে গিয়েছিলাম। মাসের প্রথম দিন ছিল। সংসারের সব টাকা মার বেরাজ থেকে নিয়েছিলাম। আর বাবার সুটকেস থেকে আরো কিছু টাকা। লক্ষ্ণৌয় চলে গিয়েছিলাম। কিন্তু আবার ফিরে এসেছিলাম। বাসার জন্য মন খারাপ হয়েছিল সাংঘাতিক। বাবু আরাম কেদারায় বসে বই দেখছিলেন। আমাকে দেখে উঠে দাঁড়ালেন। আমার ভীষণ ভয় করছিল। হয়ত তিনি মারবেন। কিন্তু তিনি মারলেন না।

ধীর গলায় প্রশ্ন করলেন, কোথায় গিয়েছিলে?

মাথা নিচু করে জবাব দিয়েছিলাম,—লক্ষ্ণৌ পর্যন্ত।

আমার জবাবে তিনি ক্ষুণ্ণ হলেন। বললেন, আগ্রায় গিয়ে তাজমহল ও দেখতে পারতে।

তারপর দৃঢ়কণ্ঠে বললেন, আমার ছেলে তুমি। নটোরিয়াস বা ক্রেমাল হবে। মাফামাফি কিছু হও আমি তা চাইনি।

এ-কথার পর থেকেই নিজে চেয়েছি আপন নামে পরিচিত হতে। স্বাবলম্বী হয়ে দাঁড়াবার প্রেরণা পেয়েছি। এর পরেই নামের শেষ থেকে 'উল্লাহ' শব্দটা নির্দয়ের মত মুছে দিয়েছি। ছুঁয়ে একটা মুক্তির স্বাদ পেয়েছি। তৃপ্তিতে গর্বিত হয়ে উঠেছি। অবশ্য আমার এই পারিবারিক চিহ্নটুকু ছুঁয়ে ফেলা বাবু সহজভাবে গ্রহণ করতে পারেননি। অসন্তুষ্ট হয়েছিলেন।

আমার ওকটা চিঠি এসেছিল। বাবু তখন ষ্টাডি লাইব্রেরী ঘরে বইয়ের পাতায় নিমগ্ন। পিয়ন তার সম্মুখে চিঠি রাখতেই তিনি চোখ বুলিয়ে চিঠিটা ফেরৎ দিলেন পিয়নকে। ঘটনাচক্রে আমি তখন সেখানে ছিলাম। কৌতূহলী হয়ে চিঠিটা হাতে বাড়িয়ে নিয়ে নাম পড়তেই দেখলাম এটা আমার। বাবুকে বললাম।

তিনি সোজা আমার তাকালেন।

সে দৃষ্টি এত রুক্ষ যে তাকান যায় না সেদিকে।

আপসেই মাথা নীচু হয়ে যায়। সেই মুহূর্তে আমাকে মনে হয়েছিল নিরপরাধী

আবেগভরে। পিতা শাহজাহানের সম্মুখে নতজানু।

অকম্পিত গলায় বললাম, 'উন্নাই' কেটে দিয়েছি। নিজের পরিচয়ে দাঁড়াতে চাই। আপনার পরিচয়ে নয়।

অনেকক্ষণ তিনি তাকিয়ে থাকলেন আমার দিকে। আমি সেখান থেকে পালিয়ে তবে বেঁচেছি।

মা অনুযোগ করতেন, তুই কি তোর বাপের চেয়ে বড়? এত দেমাক কেন তোর?

তাকে কিছুতেই বুঝাতে পারতাম না এটা অহঙ্কার নয়। এটা আত্মবিশ্বাস।

বাবু কিন্তু কোনদিন মেনে নিতে পারেন নি আমার এই নতুন নাম। তিনি সব সময় লিখতেন দুর্তজা বশীরুল্লাহ ওরফে দুর্তজা বশীর। কচিৎ তিনি লিখতেন দুর্তজা বশীর। তবু তিনি আমার নামের বানান সংশোধন করে দিয়েছেন। আমি দুতে দীর্ঘইকার দিতাম। তিনি একদিন ডেকে বললেন, মূর্খের দীর্ঘইকার হয়। তুমি ত মূর্খ নও। তুলি লিখবে দুতে হ্রস্বইকার দিবে।

রবীন্দ্রনাথ ঠাকুরের নাম প্রথমে আমি শুনেছিলাম আমার মার কাছে। শুনেছিলাম এক অদ্ভুত ঘটনার ভেতর দিয়ে। আমাদের ঘরে রবীঠাকুরের ছবি ছিল দেয়ালে টাঙানো। সে ছবি দেখিয়ে মা জিগ্যেস করেছিলেন হাসির ছলে, বলত কে ইনি!

আমি চট্ করে জবাব দিয়েছিলাম কেন বাবু। মা হেসেছিলেন, দূর বোকা। ইনি ঠাকুর। রবীন্দ্রনাথ ঠাকুর। একটা আশ্চর্য মিল ছিল তার সঙ্গে বাবুর চেহারার। আমি কিছুতেই সেদিন বিশ্বাস করিনি মার কথা। বহুদিন পর্যন্ত আমার খোলমাল হতো ছবি দেখে। কোনটা যে কার ঠিক ঠাহর করতে পারতাম না।

বাবু যখন বাসায় থাকতেন আমাদের হৈ-চৈ করা বারণ ছিল। আমার মা তার কাছে আমাদার যেতে দিতেন কম। তাই যা কিছু আবদার সব ছিল মাকে ঘিরে। আমি যখন ইতালিতে ডিক্লমা সম্পর্কে পড়বো ঠিক করেছিলাম সে খবর মাকেই আমি প্রথম জানাই। মা বাবুকে বলতে তিনি ডেকেছিলেন আমাকে। বড্ড ভয় পেয়ে গিয়েছিলাম আমি। এবং তিনি যখন জিগ্যেস করেছিলেন আমি মেকু মিয়ে কথা বলেছিলাম। যাকে যে-কিছু বলেছি তা অস্বীকার করেছিলাম। বাবু তা সত্ত্বেও আমাকে দু'বছর পড়ার টাকা দিয়েছিলেন। না করেন নি।

জীবনের প্রথম সিনেমা দেখেছি তার সঙ্গে। রমনা এলাকায় থাকতাম তখন আমরা। আমি তখন স্কুলের নীচু ক্লাসে পড়ি। আমাকে ব্রিটানিয়া হলে দেখিয়েছিলেন, সুইস ফ্যামিলি রবিনসন ছবিটা। ছবি দেখে আমি ও বাবু ফিরছিলাম ঘোড়ার গাড়ী চড়ে। হঠাৎ তিনি আমাকে প্রশ্ন করেছিলেন, সিস বাজাতে পারো? সিস বাজাতে আমি জানতাম না। তিনি সিস দিলেন মৃদুভাবে। আমি কিছুতেই পারিনি। অনেক করে তিনি আমাকে দেখাবার চেষ্টা করলেন।

যখন পারলাম তার সারা চোখমুখ আনন্দে উজ্জ্বল হয়ে উঠল। তারপর তিনি বললেন, সিস যখন তখন দিও না। এটা করা খারাপ। নতুন একটা আবিষ্কার তখন আমি করেছি; কিন্তু তার দিকে তাকিয়ে সিস দেওয়া ভুলে গেলাম। মন আমার খুব খারাপ হয়ে গেল।

বাবু আমাকে হাকেজ করতে চেয়েছিলেন। মৌলানা এসে আমাকে কোরাণ দুরুস করাত। প্রায় দু সেপারা আমি কণ্ঠস্থ করেছিলাম। মফস্বলে বদলীর সজায় তিনি আমাকে সংগে করে নিয়ে যেতেন। সেই সজায় আমাকে আজান দিতে হতো। বাবু খুব খুশি হতেন। কিন্তু আমি চাইতাম আর্টিস্ট হতে।

তাই ম্যাট্রিক পরীক্ষা পাশ করার পর আমার আর্ট কলেজে ভর্তি হবার বাসনা কিছুতেই বরদাস্ত করতে পারলেন না তিনি। যখন দেখলেন আমি হাফেজ হতে চাই না তখন তিনি আলিগড়ে আমাকে ভর্তি হতে বললেন। আমি আমার মতে অটল থাকলাম। বাবু অসুখী, বাবুর চিরজার আমাকে সন্তুষ্ট করতে পারল না তিনিও এক কঠিন ধর্মের সম্মুখীন হলেন। ধর্মীয়বিধানের বাইরে কোন কিছু করতে তিনি মনে প্রাণে সায় দেবেন না। প্রথমে তাঁর ঘোর বিরোধিতা করলেন। রাগারাগি করলেন তীব্রভাবে। তবুও আমার একগুয়েমী মনোভাব এবং জেদ কিছুতেই ভাংতে পারলেন না। মা অনেক করে বুঝালেন। পরিবেশের দোহাই দিলেন। বাবু আমার সঙ্গে কয়েকদিন কথা বললেন না। রোজ নামাজ পড়তে ডাকতেন, তাও ডাকলেন না।

একদিন ডাকলেন। জিগ্যেস করলেন তা'হলে কি ঠিক করলে?

আমি আমার মতামত জানালাম।

তিনি শান্ত কণ্ঠে বললেন, সখের জন্য শিখবে, বেশ ভাল। বি-এ পাশ করে নিয়ো। আমি প্যারিসে ছিলাম, আর্টিস্টরা দেখেছি না খেয়ে মরে। আমি জবাব দিয়েছি শখেতে আমি শিখছি না। অর্থের মোহ আমার নেই। কিছুক্ষণ চুপ করে বললেন, বেশ। তবে সিনারী এঁকো। আমার হাতে টাকা তুলে দিলেন। আমি আর্ট কলেজে ভর্তি হলাম। আমার মনোভার রইল না।

বাবুর কথায় অবশ্য আমি রাখিনি, প্রাকৃতিক দৃশ্য আঁকতে আমার কোনদিনও ভাল লাগেনি। মানুষ অনন্ত। তাদের হাসি, কান্না, দুখ, দুঃখ, ভালবাসা প্রেম হয়েছে আমার ছবির বিষয়বস্তু। শেষের দিনে মানুষের হতাশা নিয়ে ছবি এঁকেছি প্রচুর।

ইতালিতে দু'বছর পড়ার জন্য খরচ দিয়েছিলেন তিনি। অনেকে এ-জন্য তাকে অনেক কথাই বলেছে। তার ধর্মীয় বিশ্বাসে আঘাত দিতেও কার্পণ্য করেনি। বিদেশ থেকে আমি ফিরে আসার পর তিনি এ সব আমাকে জানিয়েছিলেন। শুনে আমি আহত হয়েছিলাম।

বলেছিলাম, আপনার কি তাই বিশ্বাস? এ প্রশ্নের জবাব আমাকে তিনি দেননি। শুধু বলেছিলেন, তোমার ভরণপোষনের জন্য আমি খরচ বহন করেছি। কিন্তু আমি জানতাম, বেশ ভাল করেই উপলব্ধি করতাম এটা তার মূলের কথা নয়। দেরিয়েল বয়সবন্দিনে আক্রান্ত হয়ে যখন তিনি বারবার জানতে চাইতেন, আমি কি করছি। সে সময় ছোট ব্যাগে মুরাল করছিলাম। মা মারা যাওয়াতে কাজে বিঘ্ন ঘটেছিল,

কিছুতেই মন বসাতে পারছিলাম না। তিনি প্রবোধ দিতেন, মন বসাতে হবে। কাজ করে যেতে হবে। বাবুর কথায় আমার চোখে পানি এসে জড়ো হয়েছিল। বলেছিলাম, দোয়া করবেন।

তিনি সেই কৃশ পক্ষাঘাতগ্রস্ত— হাত কষ্ট করে উঁচু করলেন দোয়া চাইলেন। কত পড়লা পাব শুনে পিঠে মৃদু চাপড় দিয়ে বলেছিলেন, নাউ টাই আর এ রীচ ম্যান।

নয় নম্বর কেবিনে তাঁর দর্শনার্থী সেদিন ছিলেন ডঃ এনামুল হক। তাঁর সঙ্গে পরিচয় করিয়ে দিলেন আমাকে। সবশেষে বললেন, আর্টিস্ট। ডঃ এনামুল হকের সঙ্গে আমার এর আগে সামনা-সামনি পরিচয়ের সৌভাগ্য হয়নি। তিনি সস্নেহে বললেন, বেশ নাম করেছে। বাবু হাসলেন। সারা মুখমণ্ডলে ছড়িয়ে গেল সেই রেখা। পরিতৃপ্তির সংগে ক্লান্ত চোখজোড়া বুজলেন।

আমি ধন্য হলাম: মুদ্রাবন্ধের আমার চিত্র প্রদর্শনীর উদ্বোধনীতেও তিনি আসতেন। পত্রিকায় আমার উপর লেখা প্রতিটি প্রবন্ধ মনোযোগ দিয়ে পড়তেন। তার ক্লিপিংও সযত্নে রাখতেন। একবার এক ইংরাজী দৈনিকে এক প্রবন্ধে আমার নাম ভুল লেখা হয়েছিল। তিনি সেই পত্রিকার চিঠিপত্তর বিভাগে আমার নাম সংশোধন করে চিঠি দিয়েছিলেন।

বাংলা একাডেমীতে সমকালীন চিত্রকলা নামে এক প্রদর্শনীতে আমার তেজ লিজার্ড নামে একটি ছবি ছিল। তিনি ছবিটা দেখেছিলেন। বাসায় এসে তিনি সোজা আমার ঘরে ঢুকে বলেছিলেন; জানো তোমার সেই ছবিটা আমি কিছুতেই ভুলতে পারি না। আমার ভেতরটা নড়ে ওঠে। সেদিন আমার মনে হয়েছিল, আমার পক্ষে এরচেয়ে বড় সম্মান হয় না। আমি এখনও বিশ্বাস করি, আর কোন সম্মান এটাকে ম্লান করতে পারবে না। এ সম্মান সর্বত্রেই অতুলনীয়।

আমি জবাবে বলেছিলাম, সেই মৃত টিকটিকিটা এই ক্ষয়িষ্ণু সমাজে মানুষের প্রতীক। আমরা যেখানে জীবনমৃত। আমি আপনি সবাই। আমরা প্রেতাত্মা, অশরীরী। আমরা চলছি বলছি শুধু আমাদের মাঝে প্রাণ নেই।

আমি বোধকরি বেশ উত্তেজিত হয়ে পড়েছিলাম। তাঁর সেই উজ্জ্বল চোখজোড়া আমাকে অবাক হয়ে দেখছিল। সে দিকে চোখ পড়তেই আমার মনে হলো আমার সব জড়তা নিমিষে মিলে গেছে।

বাবু কি যেন বললেন, আমি ঠিক বুঝতে পারলাম না। এর কয়েকদিন পর আধুনিক চিত্র ও আধুনিক শিল্পী এই নামে এক আলোচনা সভায় এ, কে, রোকী তাঁকে প্রশ্ন করেছিলেন, আপনার ছেলেও একজন আধুনিক শিল্পী?

জবাবে হেসেছিলেন তিনি, আধুনিক চিত্রের মতই আমার ছেলে দুর্বোধ্য। কালেভদ্রে আমার ঘরে আসতেন তিনি এবং দরজায় শব্দ না করে ঢুকতেন না। একদিন আমার ঘরে ঢুকে দেওয়ালে টাঙ্গানো আমার এক ছবি দেখে বললেন, এসব ভূত কেন আঁক? আর্টিস্ট তুমি, সুন্দর জিনিস আঁকবে। তাঁর অযাচিত উপদেশে আমি বিরক্ত হয়েছিলাম। ক্ষুব্ধ হয়ে জবাব দিয়েছিলাম, সুন্দরই যে আঁকাতে হবে তার কোন মানে নেই। আমার কথায় এক কৌটাও বিব্রত হননি। বলেছিলেন, প্যারিসে ল্যুভে আমি দেখেছি। কত চমৎকার শিল্পকলা। সেগুলো সুন্দর।

ল্যুভ এবং অন্যান্য মু-জিয়মের চিত্রকলার প্রচুর রিপ্রোডাকশন ছিল তাঁর কাছে। ছোট বেলায় সেগুলো আমি চুরি করে দেখতাম। আর্ট কলেজে ভর্তি হবার পর সেসব তিনি আমাকে ডেকে আমার হাতে তুলে দিয়েছিলেন। প্যারিসে আমি যখন ল্যুভিয়মগুলোতে ঘেমি আমার বারবার মনে হয়েছে এসব আমার চেনা। এগুলো কোনটাই নতুন নয়।

কিন্তু আমার মনে সবচেয়ে দুঃখ ছিল আমার ছবি বিক্রির টাকা তিনি কখনো গ্রহণ করতেন না বলে। সংসারে আমি কিছু আমার তরফ থেকে টাকা দিতাম আমার খাবার খরচ বাবদ। বাবু অবশ্য জানতেন না। আমি জোর করেই আমার মাকে দিতাম। সংসারে গলগ্রহ হয়ে আছি এ কথাটা কিছুতেই ভাবতে পারতাম না। বিবেকের কাছে খোঁচা খেতাম।

বাবার একবার সাংঘাতিক টনসুলেটিস হয়েছিল। তিনি আমার মাকে ডেকে জিজ্ঞেস করেছিলেন সংসারে আমি কোন টাকা দেই কিনা। মা জবাবে জানিয়েছিলেন, আমি দিই। শুনে তাড়াতাড়ি তিনি বলেছিলেন, ওর টাকা নিওনা ওটা হারাম।

তারপর আমি সংসার থেকে আলাদা হয়ে গিয়েছি। একই বাড়ীতে ভিন্ন হয়ে থাকা যদিও আমি ভাবতে পারিনি, তবুও আমাকে হতে হয়েছিল। আমাকে আমি পেয়েছিলাম ঠিকই, তবে তাঁর স্নেহের সংসারে আমি তাঁটা হয়ে থাকতে চাইনি, তাই আঘাত বুক পেতে সহ্য করেছিলাম।

এমনি আরো আঘাত আমি পেয়েছি। আর্ট কলেজে পড়াকালীন সাম্যবাদী রাজনীতির প্রতি ঝোঁক আমার ছিল। তিনি রাজনীতি জিনিসটা কখনো পছন্দ করতেন না। আমাকেও সে জন্যে সুনজরে দেখতেন না। বহুদিন তিনি আমাকে ঘরে ঢুকতে দেননি। শীতের রাতে কনকনে ঠাণ্ডায় আমি বাড়ীর বারান্দায় বসে রাত কাটিয়েছি। আমাকে একবার মেরেছিলেন। ছেলে যখন দু'মাস অন্তরীণ ছিলাম, তিনি একবারও দেখতে আসেননি। চিঠিও দিতেন না। এমনিতে প্রচণ্ড ঘৃণা ছিল তাঁর রাজনীতির প্রতি। অথচ, একবার তাঁর এক অদ্ভুত রূপান্তর আমি দেখেছিলাম যা আমার কাছে মনে হয়েছে একটা স্বপ্নের মত। অবিশ্বাস্য।

১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারীতে আমি যখন রক্তাক্ত কাপড়ে ঘরে এলাম তিনি ছুটে এলেন। আমার কাছ থেকে প্রতিটি ঘটনা আগ্রহের সঙ্গে শুনলেন। তারপর তাঁর এক কালো আচকান ছিঁড়ে টুকরো কাপড়টা বেঁধে দিতে বললেন তাঁর বাঁ হাতে। আমার হাতেও নিজে বেঁধে দিলেন। বললেন, নিজের মাতৃভাষার জন্য যদি তোমার প্রাণও যেত আমার কোন দুঃখ থাকতো না।

স্কুলে প্রতিটি পরীক্ষায় বাংলায় কম নম্বর পেলে তিনি রাগ করতেন। আর কোনও বিষয়ে পাশ করি চাই না করি বাংলায় প্রথম শ্রেণীর মার্ক না পেলে নিস্তার ছিল না। বাংলায় প্রথম শ্রেণীর

মার্ক কোন দিন আমার ভালো চাহেনি। তাই বন্ধুনীর অভাব ছিল না। তাঁর বন্ধুনিকে আমি যজ্ঞ বেশী ভয় করতাম। ইতালী থেকে ফিরে আসার পর যখন চাকুরীর জন্য নানা জায়গায় দরখাস্ত দিয়েও চাকরী পাচ্ছি না তখন আমার মনে সন্দেহ জাগল, তিনি আমাকে বকলেন। আমাকে ভাবতেন অপদার্থ। একটা অপরাধ বোধ সব সময়ই আমাকে ঘিরে থাকত।

আমি পালিয়ে পালিয়ে বেড়াতাম সহজে তাঁর সুমুখে আসতে চাইতাম না।

একদিন তাঁর সঙ্গে মুখোমুখি দেখা হয়ে গেল। তিনি সোজাসুজি প্রশ্ন করলেন, কি চাকুরী পাও না তুমি? সবে পনেরো দিন হয় বিদেশ থেকে এসেছি, এমন সময় তাঁর এ প্রশ্নে আমার অভিমান হলো। আমি মনে মনে ঠিক করলাম চলে যাবো এখান থেকে।

করাচী যাবার টিকিট কিনে নিয়ে সুটকেসে কাপড় ঠিক করছিলাম আমাকে দেখে তিনি চমকে উঠলেন। আমাকে অনেকক্ষণ নিরীক্ষণ করে তারপর বলেছিলেন, কোথায় যাচ্ছ?

: করাচী।

: সেখানে কি করবে?

: জানি না।

হঠাৎ যাচ্ছ' আমাকে বলা প্রয়োজন মনে করো না? আমি নিরুত্তর হয়ে কাপড় গোছাতে লাগলাম। তিনি বললেন, আমি তোমার বাবা, এটা তুমি ভুলে যেও না।

আমি নিজের পায়ে দাঁড়াতে চাই, জবাব দিলাম আমি। আমাকে স্বাবলম্বী হতে দিন।

স্বাবলম্বী হওয়ার প্রয়াস তাঁর মনে কোন আক্ষেপ সৃষ্টি করতো না। তিনি চাইতেন, আমি আত্মনির্ভরশীল হই। আমি যখন লাহোরে ছিলাম, তখন মাঝে মাঝে আমাকে চাকায় চলে আসতে লিখতেন এবং এও লিখতে ভুলতেন না মনে আমি স্বাবলম্বী হই।

তিনি সব সময় বলতে ভুলতেন না, তুমি বিদেশে থাক। আমি তোমাকে দেখছি না। কিন্তু খোদা তোমাকে দেখছেন। তাঁর কথা মনে সর্বদা রাখবে। নামাজ পড়বে, রোজা করবে। নামাজ এবং রোজা আমি করার উৎসাহ পেতাম না। তাই বহুবার তিনি বিছানাপত্তর বেঁধে বাড়ী থেকে চলে যেতে চেয়েছেন। মা তাঁকে নিরস্ত করেছেন। আমিও আমার অর্থ সঙ্কটের জন্য বাড়ী থেকে চলে যেতে পারিনি। আমার অর্থ-সঙ্কট তাঁকে সব সময়ই পীড়িত করত। লাহোরে আমার বাসায় যেতে চেয়েছিলেন তিনি। দেখতে চেয়েছিলেন কিভাবে থাকি আমি। আমি থাকতাম সামনাবাদে। ঘর বলতে একটা খুপরি। না আছে এতে চুনকাম। আসবাবপত্রেরও বালাই নেই। ক্যানভাসের কোনে কাপড় থাকে ঝুলে। মেঝেতে রাখা আট দশটি ইটের স্তূপের ওপর পাশী রেখে বসি। তাই আমার ইতস্ততের শেষ ছিল না। লজ্জা অবশ্য আমি পাচ্ছিলাম না মোটেই। আমার ঘরের দৃশ্যে কি ভাবে তিনি দুঃখিত হবেন তাই ভেবে কষ্ট পাচ্ছিলাম।

টাঙ্গায় আমরা যাচ্ছিলাম। কেউ কোন কথা বলছিলাম না। হঠাৎ খাপছাড়া ভাবে বলে উঠলেন তিনি, জীবনে যদি উন্নতি করতে চাও তবে তিনটে জিনিষ থেকে বিরত থেকো। তিনি কি বলতে চেয়েছিলেন আমি বুঝতে পারিনি। আমাকে নীরব থাকতে দেখে কের বললেন, অবশ্য তুমি কিছু মনে করো না। তিনটে জিনিষ হলো ওয়াইন, ওয়ার এবং ওম্যান, মেয়ে মানুষ, বিবাহ আর মদ সব জাহান্নামে যাক।

আমার ঘরের ভিতর ঢুকে তিনি মাঝখানে দাঁড়ালেন। চারধার ভাল করে দেখে হাসলেন। বললেন তুমি একটা একসেনট্রিক। ঘরের দেয়াল ঘেঁষে চারপেয়ে। তারওপর একটা সতরঞ্চি ও চাদর পায়ের কাছে ছিল গুটানো। তাড়াতাড়ি পেতে দিয়ে তাঁকে বসতে বললাম। তিনি বললেন উটের ওপর। কোমরে তিনি বাঁধতেন চাওড়া চিটা পাঞ্জের বেল্ট। তার ভেতর থেকে তিনি একশ টাকার একটা নোট বের করে আমার দিকে বাড়িয়ে দিলেন। আমি নিতে সঙ্কোচ বোধ করছিলাম। এ দান গ্রহনে আমার মন সায় দিচ্ছিল না। এ যেন অনুগ্রহ, অনুকম্পা।

আমাকে চুপচাপ নিশ্চল থাকতে দেখে বিছানার ওপর নোটটা সযত্নে রাখলেন। তারপর মৃদু স্বরে বললেন, যখনই তোমার টাকার দরকার হবে আমাকে লিখবে।

মনে রেখো আমাদের সম্পর্ক পিতা-পুত্রের।

তিনি আজ বেঁচে নেই।

বেঁচে থাকলে হয়ত তাঁর পরিচয়ে আমার পরিচয় ক্ষুণ্ন করত আমাকে। কিন্তু আজ আমার বলতে মোটেই দ্বিধা নেই— আমি মুর্তজা বশীর, ডক্টর মুহম্মদ শহীদুল্লার পুত্র। কোন কুণ্ঠা আজ এতে নেই।

একথা আর তিনি কোন দিনও জানতে পারবেন না। জানবেনও না। আমি চীৎকার করে বললেও শব্দ সে তাঁকে ঘিরে ধরবে না। তাই আজ, চিরদিন এক অপরিসীম বেদনারমহীরুহ আমার হৃদয়ে শুধু যন্ত্রণার অগ্নিবান ছড়াবে। ছায়া দেবে না।

• পূর্ব পাকিস্তানের 'দৈনিক পাকিস্তানের' সৌজন্যে।

ডক্টর মুহম্মদ শহীদুল্লা

স্কেচ : মৃণালা বসীন

স্বয়ং নায়ক

শান্তিরঞ্জন বন্দ্যোপাধ্যায়

[illegible] ঘুষ্টি খুক, কিম্বা একটা ঘুঁত, এমন একটা-কিছু খুঁত দুই চোখ ধরে জীবনটাকে ফ্র খোপার মত পেটাপট আছাড় মেরে খোপাদুরস্ত করে ছেড়ে দেবে।

পঁয়তাল্লিশ বছরের চেনা মা বিশ বছরের চেনা বউ আঠারো ষোল ছোঁড় বারো বছরের চেনা ছেলেমেয়ে একঘেয়ে হয়ে গেছে মামুলী হয়ে গেছে নামতার মত মুখস্থ হয়ে গেছে। দুইয়ের নামতার মত।

এর চেয়ে কিটাকে মা বানিয়ে কেসলে প্রাক্তুতকি ফের উথলে উঠবে। বয়েসে বছর পনেরোর ছোট কিটাকে। মেথরানিটাকে বউ করে নিলে ফুলশয্যার রাত ফিরে আসবে। বছর খানেকের জন্য মেথরানিটাকে।

'সেই সাথে মধু চৌধুরীর ওল পুরুল-ঘার্কা নাভিনাভনীগুলোর বাপ হয়ে বসলে তা সোনার সংসার।

কিন্তু কতদিন? সেই সোনার সংসারও কতদিন।

সব সংসারেই মোড়ায় , মোড়ায় লাগার ফলেও শেষ অব্দি সোনার থাকে কোন্ সংসার?

একঘেয়ে হয়ে যায় মামুলী হয়ে যায় দুইয়ের নামতার মত মুখস্থ হয়ে যায়।

ব্যবহৃত ব্যবহৃত ব্যবহৃত হয়ে

হয়ে যায় ওরোরের মাংসের মতন।

অফিসের, ক্লাবের বন্ধুবান্ধব আত্মীয়-স্বজন ওই ওরোরের মাংস। মা ষষ্ঠ ছেলে মেয়ে ওই ওরোরের মাংস। বাজে শেক্সপীয়র হাসি কান্না কাজ আড্ডা ওই ওরোরের মাংস। সব ওই ওরোরের মাংস। সব সব সবকিছু।

খবরের কাগজ চমক আনে—লটারিতে লাখ! চাঁদে মানুষ।

কিন্তু হাতে আচমকা পাঁচ লাখ এসে গেলেও এই দুনিয়াতেই তো থাকতে হবে! চাঁদে পাড়ি দিলেও ফিরে তো দুনিয়াতেই আসতে হবে?

এর চেয়ে পৃথিবীকে যদি এক লাথিতে চাঁদে পাচার করা যেত। তাই ওরোরের মাংসের মতন এই পৃথিবীটাকে।

'পৃথিবীটাকে চাঁদে?' দু চোখ রাজীবের ঠিকরে বেরোয়।

গম্ভীর চালে বলে 'উঁহু, তাতেও লাভ হবে না। পৃথিবী বানচোৎ আমাকেও চাঁদে নিয়ে তুলবে।' ধমকা শ্বাস ছাড়ে,' আবার যে-কে সেই।'

'তোর কী হয়েছে বলতো? কদিন ধরেই দেখছি'—

না তাকিয়েও টের পায় ভাষাচাকা-খাওয়া কৃপালকে লোকনাথ ইসারায় থামতে বলছে। তার দিকে আড়ে তাকিয়ে নিজের মাথায় আঙুলের টোকা দিতে দিতে বাকি সবাইকেও মুখ খুলতে মানা করছে।

হায়, ওরা ভেবেছে মাথায় আমার গোলমাল দেখা দিয়েছে। কিন্তু ওরা কি ভুলে গেল সাত দিনও হয়নি স্পেশাল ইনক্রিমেন্ট পেয়েছি? খানিক আগেই এঘরে এসে আমরা কালকের স্টেটমেন্টের তারিফ করে গেছে যেমন? ওদেরই সামনে করে গেছে?

আসলে ওরা এই জীবনের কেবা গোলাম। প্যাকলজের কুকুর। পাশ থেকে চুন পললেই ওদের জ্বালা।

বেকুবের দল বাঁচতে ব্যাকুল।

কিন্তু বাঁচাটা কি এতই জরুরী? জীবনের ছেঁড়া টেনে চলার চেয়ে কষমারি

কিন্তু আছে? গলায় দড়ি দিয়ে ঝুলে পড়া বা ঠেসে ঘুমের বড়ি গেলা কি বেশি রোমাঞ্চকর নয়? বেঁচে থাকার চেয়ে ঢের-ঢের বেশি রোমাঞ্চকর?

ছটার মাস ঘরে থেকে বেঁচে ওঠা অবিশ্যি সবার সেরা রোমাঞ্চ। কাশ্মীর-রাণীখেতে ঘুরে আসার মত।

কিম্বা কারো সাথে জীবনটা বদলা-বদলি করে নেওয়ার ব্যবস্থা যদি থাকত! ছটার মাসের জন্যে বদলাবদলি করে নেওয়ার ব্যবস্থা।

থাকলে কার সাথে বদলাত?

রাষ্ট্রপতি গিরি থেকে বেহারা ভানু অব্দি জনাপঞ্চাশেককে বাতিল করে ভবতোষকে বেছে নেয়। পা-কাটা ভবতোষকে।

সকলের দুটি পা, ভবতোষের দুটোই হাঁটু থেকে হাঁটাই। এমনটি আর কোথাও খুঁজে পাবে না কো তুমি।

দিনরাত বিজ্ঞানাবলী। প্যান না ধরলে পেজ্ঞাপ করতে পারে না। ঘুম না বাড়ালে ঘুমো খেতে।

ঘুমিয়াটাকে তালাক ঠুকেও ঘুমিয়ার কাছ থেকে নিজের পাওনাগণ্ডা উসুল করে নিচ্ছে ষোল আনা। সাবাস ভবতোষ! সাবাস!

ভবতোষ হলো মালতীরও স্বামী? পা-ওলা ভবতোষের প্রেমে পড়ে পা-কাটা ভবতোষকে বিয়ে করে মালতী তার প্রেমের পরাকাষ্ঠায়, মানে নিখাদ বাহাদুরির প্রমাণ দিয়েছে। স্বামীর পা গজালে নির্ঘাত সে খুশিতে পাগল যাবে। নক্সা বেরুলার ইন্টারভিউয়ের জন্যে রিপোর্টাররা শুকুনের পালের মত ঘিরে হামলে পড়বে।

ওভারটাইমের নামে এর-ওর সাথে সিনেমা-রেস্তরাঁ-হোটেলের ঘরে যাওয়া ছাড়ান দিয়ে আগের মত স্বামীর সাথে মালতী হররোজ অফিস থেকে সোজা বাড়ি ফিরবে। হরগৌরী হয়ে ফিরবে।

কিন্তু জ্যোৎস্না কী করবে? পা-কাটা ভবতোষ স্বামীগিরি-ফলানোর জন্যে চড়াও হতে বললে জ্যোৎস্না কী করবে? লজ্জাবতী জ্যোৎস্নারাণী? সতীলক্ষ্মী জ্যোৎস্নারাণী?

'এই যে শশাঙ্ক—শোন শোনো।' ভাবনা মুলতুবি রেখে হাঁকডাক শুরু করে দেয়। 'বোসো। সিগারেট খাও।'

'সিগারেট—'

'আমি অফার করছি—দোষ নেই—খাও।'

নিজেই শশাঙ্কর মুখে সিগারেট গুঁজে দেয়। ধরিয়েও দেয়।

'আচ্ছা ভাই, তুমি তো বিজ্ঞান বোঝো, প্রবন্ধটবন্ধ লেখ, রেডিওতে টক দাও—আচ্ছা বলো তো ভাই বিজ্ঞান কি এমন-কিছু ইনভেন্ট করতে পারে যাতে মানুষ কিছু দিনের জন্যে মরে গিয়ে

আবার বেঁচে উঠবে, কিম্বা প্রাণ চাইলেই কারো সাথে জীবনটা বদলা-বদলি—'

'মানুষ আদৌ মরবে কেন বলুন?' নাকে-মুখে গল-গল করে ধোঁয়া ছাড়তে ছাড়তে শশাঙ্ক অভয় দেয়, 'ভবিষ্যতে বিজ্ঞান এমন ব্যবস্থা করবে—'

'মানুষ মরবে না?'

'দরকার না হলে মরবে না। যতদিন খুশি বাঁচবে।'

'যতদিন খুশি বাঁচবে?'

'যতদিন খুশি। ছটার শো বছর'—

'ছ-চার শো বছর বাঁচবে?'

'নিশ্চয়। স্কিজোফ্রেনিক্যালি মানুষের ছ চার-শো বছর বাঁচা কিছু আশ্চর্য না।' শশাঙ্ক সোজা হয়ে বসে। 'মানুষ মরে কেন? শরীরের যন্ত্রপাতি অকেজো হয়ে যায় বলেই তো? সেটা বদলে নিলেই ল্যাঠা চুকে গেল। এখন যেমন ব্লাড কিনতে পাওয়া যায় মানুষের পার্টসও তখন কিনতে পাওয়া যাবে।'

'ধুর!' কয়েক সেকেণ্ড চুপ করে থেকে ওধায়, 'তা তোমার কবে নাগাদ মানুষের পার্টস বাজারে বেরোবে?'

'সেটা বলা শক্ত দাদা। তবে বিজ্ঞান যেভাবে এগোচ্ছে—'

'কিন্তু মানুষের যেসব পার্টস চোখে দেখা যায় না—যেমন মন, আত্মা, বিবেক—সেগুলো? সেগুলোও কিনতে পাওয়া যাবে তো?'

শশাঙ্ক থাই যাবড়ে।

'কী? কথা বলছ না যে? মন আত্মা, বিবেক—'

'ওগুলো তো এখনই কিনতে পাওয়া যায়রে। তোর অন্তত জানা উচিত।'

রাজীবের কথায় কান না দিয়ে দুহাত শশাঙ্কর কাঁধ চেপে ধরে, 'ও ভাই। জবাব দাও—ওগুলোও কি একদিন বাজারে বিক্রি হবে?'

'আমি আসি দাদা'! জোর করে হাত ছাড়িয়ে নিয়ে শশাঙ্ক উঠে দাঁড়ায়,সরে পড়ে।

ভারি ঘমে যায়। না তাকিয়েও বোঝে লোকনাথ ইসারা করেছে। তার দিকে আড়ে তাকিয়ে নিজের মাথায় টোকা দিতে দিতে ইসারা করেছে।

হায়, ওরা ভেবেছে মাথায় আমার গোলমাল দেখা দিয়েছে। কিন্তু ওরা কি ভুলে গেল সাতদিনও হয়নি স্পেশাল ইনক্রিমেন্ট পেয়েছি? খানিক আগেই এ ঘরে এসে আমার কালকের স্টেটমেন্টের তারিফ করে গেছে যেমন? ওদেরই সামনে ওরে গেছে।

আসলে শশাঙ্কটা জানে না যে মন আত্মা বিবেক মুক্তির ধার ধারে না। বিজ্ঞানের জারিজুরিও তাই খাটবে না।

এই মন নিয়ে এই আত্মা নিয়ে এই বিবেক নিয়েই ছ-চারশো বছর তবে কাটাতে হবে?

নতুন নতুন পার্টস কিনে দেহের খোল-নলচে পাল্টে ফেললেও ওগুলো থাকবে ইনটাক্ট?

সেরেছে!

আতঙ্কে দিশে হারায়ছিল, আইডিয়াটা হঠাৎ মাথায় উঁকি দেয়। চকিতে উঠে দাঁড়ায়। ঘর থেকে বেরিয়ে সোজা অ্যাকাউন্টসে গিয়ে ঢোকে। শশাঙ্কর চৌদ্দিলে ঝুঁকে পড়ে।

হরিসের দূতে বলে 'একবার যাইবে এসো।'

'আ-আমি এখন খুবই ব্যস্ত দাদা।' লজ্জায় হয়ে যায় নাকাশ।

'জরুরী ব্যাপার, এসো।'

'ছুটির পরে—'

'না, এখুনি—'

'কিন্তু এখন যে—'

'চাটুয্যের পারমিশান নিতে হবে? চাটুয্যে আমাকে দেখেছে। আমার সাথে বেরোলে ওর বাপও কিছু বলতে পারবে না। কিন্তু, আমার কথা যদি না শোনো—যেমন আমার হাতের মুঠোয়—'

'চলুন। তবে তবে লজ্জায় উঠে দাঁড়ায়। পেছন পেছন আসে।

করিডরে তার কাঁধে দুই ধাক্কা বসিয়ে শুধায়, 'আচ্ছা ভাই বিজ্ঞান তো এমন ব্যবস্থাও করতে পারে—'

'আমি বিজ্ঞানের কিছুই বুঝিনা দাদা। বিশ্বাস করুন—আপনি ঐতিহাসিক লেখক আর আমি সারাদিন ভাইরেক্ট পড়ে—কাঁদে লাগবে। লজ্জায় কেঁদে ফেলার যো করে। 'আমায় ছেড়ে দিন—আপনার পায়ে পড়ি—'

'আঃ। ন্যাকামি কোরো না।' সরোষে হরিস হাঁচকি জোরসে কাঁধে এক ঝাঁকানি দেয়। 'লজ্জাটা আগে শোনোই না ভাই। ধরো, মনের সাথে খুনিবনা হচ্ছেনা—আমি এক ডোজ বিষ খেয়ে মনটাকে খুনি করে ফেললাম। তারপর মাংসের লোভ বাড়ার মত বেড়ে, ভালো করে বুঝে ডিসাইডেড হয়ে ফের নিজে ফেললাম। বিবেকটা বাগড়া দিচ্ছে—আমি একটা ছুঁচ খোলাস নিয়ে সেটাকে বের করে আনলাম—'

'হয়েছে। ওকে ছেড়ে দিয়ে এখন বাড়ি চলো।'

'মানে'? ঘুরে দাঁড়িয়ে রুখে ওঠে'। 'তোরা? তোরা কেন—'

'বাড়ি চল।'

রাজীব আর লোকনাথ আচমকা দুজন ছেলে আর্মস ধরে টানতে শুরু করে দেয়।

'কী হচ্ছে কী। ছেড়ে দে—ছেড়ে দে বলছি।'

'যেমনকে বলা আছে—'

'যেমন কালই বলেছিল দরকার হবেনা—'

'ছেড়ে দে—নইলে কিন্তু—ভালো হচ্ছে না মাইরি।'

'যেমনই তার গাড়িতে বাড়ি পৌঁছে দিতে বলেছে।'

'অফিসের ডাক্তার কাল বাড়িতে যাবে, তারপর—'

'তোরা কি ক্ষেপেছিস—'

রাজীব বলে, আমরা কিছুই জানছি না দাদার। ডাক্তার যা ম্যানেজমেন্ট ভাববে। পেয়ারের লোক যখন—'

লোকনাথ বলে, 'নেহাত কলিগ, অনেক দিন একসাথে যে কাজ করছি—'

'ডাব না। কক্ষনো আমি—'

'সিন ক্রিয়েট করিস না, সবাই জানে—এখুনি ভিড় জমে যাবে।'

'তখন পাড়োয়ানরা এসে ছ্যাংলোলা করে—চল্ ভালোয় ভালোয়।'

আক্রোশে অপমানে বাধা দলদল করে। সত্যি সত্যিই সবাই তাকে পাগল ভেবেছে? সাতদিনও হয়নি যে স্পেশাল টনিক্রিমেন্ট দিয়েছে, সকলের সামনে কালই যে তার স্টেটমেন্টের তারিফ করে গেছে সেই যেমন পর্যন্ত?

অফিস-কাটিয়ে প্রতিবাদ করতে গিয়েও সামলে নেয়। সে হবে আরও কেলেংকারি। আমি মাতাল নই বলে মাতালের দলাবাজির মত কেলেংকারি।

'আমিও এর শোধ তুলব।' হিসিয়ে ওঠে। 'নইলে আমার নামে কুকুর পুষিস।'

ঝটকা মেরে নিজেকে ছাড়িয়ে নিয়ে গটমট করে এগিয়ে যায়।

রাজীব আর লোকনাথকে ঘড়িসার্ভ বানিয়ে গটমটিয়ে যায়।

জাম্পিস ট্যাক্সিটা পেয়ে গিয়েছিলাম। বাড়ি আনতে রাজীব গ্যারাজে-আর সিগারেট কিনতে লোকনাথ দোকানে গেলে খালি ট্যাক্সিটা চোখে পড়েছিল জাম্পিস।

নইলে অফিসের ছোট সাহেবের গাড়িতে অফিসের দুই বন্ধু অতদূরে পৌঁছে দিলে ব্যাপারটা নিশ্চয়ই অন্যরকম পড়ে যেত।

ক'দিন ধরেই আড়ালে আড়ালে যা ফিসফাস চলছে। ক'দিনেই মুখগুলি সবার যেমন আমসি হয়ে এসেছে।

মা সরাসরি করেও আমল না পেয়ে 'তোমার কী হয়েছে বলো তো?' বলে কাল রাত্তিরে জোৎস্না কোঁপানি শুরু করেছিল. 'আমার কী হল গো।' বলে এখন শুরু করে দেবে ভিরেই আত্মা।

বউ কাঁদলে মা শিহিরে থাকবে না। কান্নার সাথী হওয়ার ভয়ে ইস্কুল-কলেজ থেকে ছেলেমেয়েদেরও জরুরী তলব করা হবে। যেমনের গাড়ি নামতে রাজীব লোকনাথই হয়ত তাদের নিয়ে আসবে।

দরদ দেখানোর এমন মওকা পাড়া-পড়শীই কি ছাড়বে। মুকুন্দে দরদ দেখানোর এমন মওকা।

সে হবে এক হিড়িকিড়ি কাণ্ড। যাচ্ছেতাই ব্যাপার। ভাগ্যিস ট্যাক্সিটা পেয়ে গিয়েছিলাম!

কিন্তু রাজীব লোকনাথ এখন যদি বাড়ি গিয়ে হাজির হয়? সবাইকে হুঁশিয়ার করে দেওয়ার জন্যে?

কাল যদি অফিসের ডাক্তার গিয়ে যায়?

ট্যাক্সি থেকে নেমে তবল ডেকারের সামনে হাঁপিয়ে পড়বে?

হায়! মরেও কি পার আছে। অপঘাত! মৃত্যুর যে পোস্টমর্টেম হয়। এক্সাক্টমর্টেম হলে যে—

হু হু হাওয়াতেও ঘাম ছোটে।

'কাঁহা যানা সাব?'

'বিশুকা পাস।'

'জী?'

'মানে—আরএকটু আগে—দাদুনের মোড় যে।'

বিশু ছাড়া এখন গতি নেই। আজটার জন হাফপ্যান্ট বয়েসের বন্ধু। সেই বয়েসের যাবতীয় কীর্তির কমরেড। বিশুর কাছে লজ্জা কিসের।

সর্দারজীকে আড় একটা টাকা বকশিস দিয়ে গলিতে ঢোকে।

কলিং বেল ঠেলে ধরে।

দরজা খোলে চাকর। 'কাকে চাই'?

'ডাক্তার বাবু আছেন?'

'এখন তো—'

'বলো, জরুরী দরকার—ভীষণ জরুরী দরকার—আমি ওর ছেলেবেলার বন্ধু—আমার নাম—'বলতে বলতে নিজেই 'বিত!' 'বিত!' বলে হাঁক শুরু করে দেয়। চাকরকে ঠেলে ঘরে ঢুকে পড়ে। 'বিত—বিত—'

বিত এসে বলে, 'আরে লেখক যে! কদ্দিন পরে! এই মাত্র ফেরে উঠলাম। তুই না হলে—যাক, তারপর আছিস কেমন? বোস বোস। রত্ন, তুই যা। বোস না।'

বেওয়াজ মাফিক মুখখানাকে হাসি হাসি করে তুললেও ভেতরে ভেতরে অস্বস্তি বোধ করে যাকুন।

ক বছরেই কী বদলে গেছে! চেহারার কী চেকনাই। বাড়িতেও শার্টট্রাউজার পরে থাকে। পাক্কা সাহেব।

এই বিত কি সেই বিত ইস্কুলে যে নাকের সিকনি আঙুলে নিয়ে আচারের মত চাটত?

'ওপরে যাবি? চল। ওয়ে ওয়ে গল্প করা যাবে।'

'তোর বউ কোথায়?'

'ওপরে, ডাকব?'

'না না না।' ওপরে যাওয়ার আগ্রহে হঠাৎ ঝপ করে বসে পড়ে। হাঁটু মুড়ে বসে।

'ও কিন্তু তোর ভীষণ অ্যাডমায়ারার। আমি অবিশ্যি আজকালকার লেখার পাঁচটাচ্যাচ—'

'মামিমা—?'

'মা তো গত বছর—'

যাক! খানিক স্বস্তি তবু। লোকার পা এলিয়ে দেয়। 'আমি বড্ড বিপদে পড়ে—'

'বিপদ?' বিত পাশে বসে। 'কিসের বিপদ?'

'হাসপাতালে যাওয়ার কথা ভাবতেই পারি না, চেনাজানা ডাক্তারের কাছে যাওয়ার প্রশ্নই ওঠে না, আবার গ্যাসে ব্ল্যাকমেল করে সেই ওষুধ অচেনা ডাক্তারদের কাছে—'

'হয়েছেটা কী?'

'মাসখানেক ধরে যে আমার কী ভাবে কাটছে বিত। চব্বিশ ঘন্টা দুশ্চিন্তা! রাতে ঘুম হয় না, কেবল দুঃস্বপ্ন দেখি, জেগে স্বপ্ন দেখি, আবোল-তাবোল ভাবি, কাউকে সহ্য হয় না, কিছু ভালো লাগেনা—ভবিষ্যত ভেবে—কী যে ভেজারাস কণ্ডিশান-রে বিত'!'

'যেত্তেরি! ব্যাপারটা খুলে বলবি তো।'

'ব্যাপারটা—।' ভেবেছিল ঘরোয়া করে কথা বলতে বলতে কথার তোড়ে বলে ফেলবে, কিন্তু সেটা না হয়ে ওঠায় চোখ মুখ প্রাণপণে কাতর করে তোলে। সাথে সাথেই আবার হাসে এক ঝলক। 'ব্যাপারটা—'

'হ্যাঁ, ব্যাপারটা কী? কী হয়েছে?'

'তুই ডাক্তার, ছেলেবেলার বন্ধু—'

'অফকোর্স'।'

'ব্যাপার এক কাণ্ড!'

'মানে?'

'চল-কি অফিসে স্ট্রাইকের সময় হঠাৎ কিছু টাকা হাতে এসে গেল—'

'স্ট্রাইকের সময় টাকা এসে গেল?'

'ও কথা যাক। যা বলছিলাম—ভাবলাম এবার নতুন সাবজেক্ট নিয়ে নতুন টেকনিকে একটা উপন্যাস লিখব, তাই জার্নিক এক্সপিরিয়েন্সের জন্যে—কিন্তু এভাবে ফেঁসে যাব ভাবতেও পারিনি। প্লিজ-ওয়াকার হলেও মেয়েটাকে দেখে একবারও—'

'আচ্ছা।'

'তুই হাসছিস বিত।' কঁকিয়ে ওঠে।

'হাসব না! পাতোল কাঁহাকা। মৃত্যুর হাত থেকে বাঁচতে হলে ম্যাক্সিমাম পরে বেরোতে হয় জানিস না? ভিজলে সর্দি তো হবেই।'

'সর্দি?'

'ও আজকাল সর্দির মতই। একটা কি ছুটো কোসে'ই—'

'অ্যাঁ!'

চটপট সোজা হয়ে বসে। 'আর আমি কি না সুইসাইড করার কথা পর্যন্ত ভেবেছি। শুধু পোস্টমর্টেমে সব জানা-জানি হয়ে যাবে বলেই—'

'শালা এই বুদ্ধি নিয়ে গল্প বানাস! তুই একটা বোকা পাঁঠা। আস্ত বোকা পাঁঠা।'

মানানসই গালাগাল দিয়ে বন্ধুর পিঠে বন্ধু হাত বুলোয়, 'ভয় নেই রে ভয় নেই—তোকে ওরি। ব্লাডটা আজ দিয়ে যা, কাল থেকেই—চল, বউয়ের কাছে যাই।'

বন্ধু বন্ধুকে টেনে তোলে।

জোর পর্যন্ত একতলা থেকে ছাদে উঠবার সিঁড়িটি হল। পনের বছর ধরে এই ভাড়াটে বাড়িতে বাস করছেন প্রিয়রঞ্জন। এ বাড়ির ছাদ আছে কিন্তু ছাদে উঠবার সিঁড়ি নেই। আরো অনেক কিছুরই অভাব ছিল বাড়িতে। বাথরুম ছিল না, রান্না ঘর ছিল না। একে একে সবই করে নিয়েছেন প্রিয়রঞ্জন। সপরিবারে বাস করতে হলে এ সব করে নিতেই হয়।

বাড়িওয়ালা পরেশবাবুকে বার বারের অনুরোধ করে দেখেছেন প্রিয়রঞ্জন, সবই তো করে দিলাম এবার আপনি সিঁড়িটা করে দিন।

পরেশবাবু বলেছেন "মাফ করবেন মশাই। রিটায়ার করবার পরে শুধু একটি সিঁড়িই আমি তৈরি করতে পারি। রাবণের স্বর্গের সিঁড়ি। সে আপনার বসে থাকলে আপনার ছাদে ওঠা হবে না।"

প্রিয়রঞ্জন হেসে বলেছেন, 'আরো অনেক উঁচু জায়গায় উঠতে হবে এই তো?'

পরেশবাবু বলেছেন, 'তার অনেক দেরি আছে। আপনি আমার চেয়ে অন্তত বিশ বছরের ছোট। আপনার অনেক আগে সেখানে গিয়ে আমি সিঁড়ি তৈরি করতে শুরু করব। আপনি ধীরে সুস্থে আসবেন।

যে রাজ্যের কথা পরেশবাবু বললেন সেখানকার ডাক অমন বয়সের হিসাব ধরে আসে না সে কথা প্রিয়রঞ্জন জানেন। তবু বিদ্যা আর অর্থ চিন্তার সময় নাকি নিজেকে অজর অমর ভাবতে হয়। যদিও এর কোনটাই প্রিয়রঞ্জন বাবুকে তীব্রভাবে আকর্ষণ করেনি তবু মনটেতনে অজর আর অমর হবার বাসনা করে না থাকে? প্রিয়রঞ্জনেরও হয়তো আছে!

প্রাণপনে চাইবার শক্তি নেই কিন্তু তাই বলে কি বহু বাসনার হাত থেকে কেউ নিস্তার পায়? প্রিয়রঞ্জনও পাননি। সেই বাসনার সহস্রধারার একটি ছিল সিঁড়ি।

কিন্তু এ বাড়ির সিঁড়ি সে হবে না তা প্রিয়রঞ্জন প্রায় ধ্রুব বলেই জেনে নিয়েছিলেন। এই ছোট বাড়িটি পরেশবাবুর একার নয় ভাগের। আরো দুই অংশীদার আছেন, তাঁর ছোট ভাই আর মৃত মেজ ভাইয়ের ছেলে। তাদের মা বেঁচে থাকলে গলা পায় না, তাদের বাড়িও তেমনি এতদিন সিঁড়ি পাচ্ছিল না। সে বাড়ি আবার ভাড়াটে বাড়ি। যে ভাড়াটেকে আজকাল আর সহজে তোলা যায় না। যখন তখন বলা যায় না 'না পোষায় চলে যাও।'

তাই এ বাড়ির পরিবর্তন পরিবর্ধন নিয়ে কখনোই ওঁরা মাথা ঘামাতেন না।

কিন্তু পনের বছর বাদে মাথা ঘামাবার ভার শেষ পর্যন্ত প্রিয়রঞ্জনের উপরই পড়ল। দুঃখকর ঘটনা ঘটল একটি।

পরেশবাবুর ভাইপোর অকাল মৃত্যু হল। তারপর নানা ঘটনা পরম্পরায় প্রিয়রঞ্জন বাড়িটি কিনে নিলেন। সস্তায় নয় বরং একটু চড়া দামে। ভাবলেন আবার কোথায় যাব। থেকে যাই এখানেই।

এ যেন পনের বছর ধরে একটি মেয়ের সঙ্গে ঘরসংসার করবার পর ম্যারেজ রেজিস্ট্রারের অফিসে গিয়ে তার স্বামীত্বের অধিকার নিয়ে আসা। নবপরিণীতার সঙ্গে শুভদৃষ্টি এখানে নেই, নববধূর সঙ্গে ক্রমে ক্রমে সম্পর্ক গড়ে তোলার রহস্য এখানে অনুপস্থিত। এ শুধুই মৃত স্বামিত্বের আকস্মিক প্রসাদ। অধিকার বোধের কিঞ্চিৎ পরিতৃপ্তি। তবুতো কিছুদিন। এটুকুও তো না হতে পারত। তাঁর মত অনুচ্চাভিলাষী মধ্যবিত্ত মানুষের পক্ষে এই বিত্তটুকু ব্যর্থ হয়।

প্ল্যান টাল্যান্ পাস করাবার পর প্রিয়রঞ্জন এবার একটি সিঁড়ি তৈরীর কথা ভাবলেন। বৃদ্ধ এক ইঞ্জিনীয়ার ভার নিলেন সেই অবতরণিকার আর দ্বিতলে একখানি দুখানি ঘর নির্মাণের। তিনি বললেন, সিঁড়ি বেয়ে শুধু খালি হাতে উঠে লাভ কী। ঘর তৈরি করুন বাস করবেন। নতুন করে গৃহপ্রবেশ হবে। আমার হলোব্লকের কারখানা আছে। অন্তত টুকি জাইস পার্সেন্ট কম খরচ পড়বে।' তাছাড়া বাস করেও সুবিধে পাবেন। ঘরের দিকে ঠাণ্ডা, শীতের দিনে গরম থাকবে ঘর।

প্রিয়রঞ্জন মনে মনে হিসাব করে দেখলেন তারপর বললেন, 'আচ্ছা করুন। সিঁড়িটি কিন্তু আগে চাই।' সিঁড়ি তৈরির আগে বাড়ির সামনে শিয়রে বাঁশের ভারা বাঁধা হল। সেই ভারা বেয়ে মিস্ত্রীরা ওঠে, ওঠেন প্রিয়রঞ্জনের অত্যুৎসাহী স্ত্রী অঞ্জনা, আর ওঠেন সত্তর বছরের বৃদ্ধ ইঞ্জিনীয়ার ভদ্রলোক। কিন্তু যাঁরা জুতো পায়ে কালো রংয়ের ট্রাউজার আর সাদা সার্ট পরে তরতর করে তিনি বাঁশের ভারা বেয়ে উপরে উঠে যান। কখনো কখনো বা ফিরে তাকিয়ে বলেন, 'আসুন মিঃ রায় দেখবেন আসুন। আপনিও তো বাঁশের ছেলে। এত ভয় কিসের।'

প্রিয়রঞ্জন বললেন, 'তার না, আপনি সিঁড়ি তৈরি করে দিন। সেই সিঁড়ি বেয়ে উঠব।'

ডঃ দত্ত হেসে বললেন, 'সিঁড়ি ছাড়া বুঝি ছাদে উঠতেন না? আচ্ছা, 'সিঁড়িই আপনার আগেই করে দিচ্ছি।'

মিস্ত্রী লাগিয়ে শক্ত ছাদের শক্ত সিঁড়ি একটা খাড়া করে দিলেন ইঞ্জিনীয়ার দত্ত। রেলিং রেলিং পরে হবে। আগে তো প্রিয়রঞ্জন ছাদ দেখে আসুন।

প্রিয়রঞ্জন প্রাক্তন 'মাস্টারমশাই পরেশ বাবু দিয়ে বললেন, 'বোস মশাই, সিঁড়ি একটা কোন রকমে খাড়া করেছি! আপনি এসে উদ্বোধন করুন।'

পরেশবাবু আরো বৃদ্ধ হয়েছেন। একটু হেসে বললেন, 'সব কমপ্লিট করুন তারপর যাব। দূর থেকে আশীর্বাদ করছি এ সিঁড়ি আপনার উন্নতির সিঁড়ি হোক।' বন্ধুই বছরের বৃদ্ধা মাকে বললেন প্রিয়রঞ্জন, 'মা তুমি কি উঠতে পারবে? যেতে পারবে ছাদে?'

মা এখনো হেঁটে চলে বেড়াতে পারেন কিন্তু সিঁড়ি বেয়ে ওঠা তাঁর পক্ষে সম্ভব নয়। তিনি সিঁড়ির গোড়ার কাছে এসে একবার ওপরের দিকে তাকালেন। তারপর হেসে বললেন, 'কত বছর আগে যদি এসব করতে বাবা তাহলে হয়তো যেতে পারতাম। এখন আর পারব না। তোমার বাবা থাকলে'—প্রিয়রঞ্জন বললেন 'বাবা থাকলে যেমন করেই হোক লাঠিতে ভর দিয়ে উঠলেও উঠতেন। তোমাকেও আমি আস্তে আস্তে হাত ধরে নিয়ে যেতে পারি।'

মা বললেন, 'না বাবা। শেষে একটা হিতে বিপরীত হবে। মরবতোনা হাত পা ভেঙে অচল হয়ে পড়ে থাকব। তোমরা ওঠো, 'আমি দেখি। তোমরা উঠলেই আমার ওঠা হবে।

প্রিয়রঞ্জন স্ত্রীকে বললেন, 'যাও এবার কলসী কাঁখে নিয়ে সিঁড়ি বেয়ে ওঠো।'

অঞ্জনা বললেন, 'সোনার কলস এনে দাও তবে তো কাঁখে নেব!'

প্রিয়রঞ্জন জানেন তাঁর ওঠাও বাকি নেই যাওয়াও বাকি নেই। কিন্তু সোনার কলস কেন ভালো পিতলের একটি কলসও এখন আর নেই বাড়িতে। জলতুলবার জন্যে আছে শুধু পলিথিনের বালতি। পিতলের কলসী মাটির কলসী সবই এখন অতীতের সোনার স্মৃতিতে জড়ানো। তাদের আর যাবতবহোগ্যতা নেই তারা এখন আর্টের সামগ্রী।

ছোট ভাইকে কিছু বললেন না প্রিয়রঞ্জন। সে ভাবে লাগার এসব আদিখ্যেতা। যুবক ছেলেকে কিছু বললেন না প্রিয়রঞ্জন। সে ভাবে বাবার এসব ছেলেমানুষী। তিনি সান্ত্বনা দিয়ার জন্য প্রচুর বাক্য করছেন। যা তুচ্ছ করতে পারতেন তাকে মূল্যবান করে করছেন।

তরুণ ভাইপো টিকলুর ছাদে ওঠা-নামার বিরাম নেই। ছাদ দেখা তার এই প্রথম নয়। দশ বার বছর বয়সে পাইপ বেয়ে সে ছাদে উঠেছে। এখন সিঁড়ি বেয়েও উঠছে।

ইঞ্জিনিয়ার দত্ত বললেন 'ভাই মশাই চলুন ছাদে তখন যে খুব গরম দেখছিলেন এখন মিইয়ে গেলেন কেন।'

প্রিয়রঞ্জন একটু হেসে বললেন চলুন। দেখি গিয়ে আপনার কীর্তি।'

ইঞ্জিনিয়ার বললেন 'কীর্তি আর আপনাকে দেখাতে পারলাম কই। তবে আশা আছে একদিন পারব।'

এখনো আশা আছে। প্রিয়রঞ্জন লক্ষ্য করেছেন এই সত্তর বছরের বৃদ্ধ যেন সাতাশ বছরের যুবকের মত উৎসাহ নিয়ে কাজ করছেন, কথা বলছেন। প্রিয়রঞ্জন দেখেন আর অবাক হয়ে ভাবেন এই উদ্যম উৎসাহের উৎস কোথায়?

প্রিয়রঞ্জন ইঞ্জিনিয়ারের সঙ্গে সঙ্গে ঘুরে ঘুরে ছাদ দেখলেন। একই পরিচিত পরিবেশ। শুধু একটু উপর থেকে দেখা। খানিক দূরে পূর্বদিকে দেখা গেল বড় রাস্তার একটি ছোট্ট অংশ। গাড়ি অশ্বত্থ অশ্বত্থ শুধু মধ্য ভাগটুকু দৃষ্টি গোচর। যাত্রী বোঝাই একটি বিভল বাস সেই পথখণ্ডটুকু পার হয়ে চলে গেল।

মিস্ত্রীরা এসে বকশিস চাইল, আমাদের কিছু জল খেতে দিন। প্রথম উঠলেন সিঁড়ি দিয়ে।'

প্রিয়রঞ্জন পাঁচটাকার একখানা নোট ওদের হাতে দিলেন।

ওরা খুশী হয়ে চলে গেল

ইঞ্জিনিয়ার বললেন 'রামদেরকে ভালো করে কাজ করে ওরা। বাবু তোমাদের আগে খুশী করে দেবেন।'

প্রিয়রঞ্জন ভাবলেন সিঁড়ি ওদেরও। কেউ হাত দিতে সিঁড়ি গড়ে, কেউ ভাঙতে সেই সিঁড়ি ভেঙে ভেঙে ওঠে। কেউ বা আসার পড়িয়ে পড়িয়ে পড়ে। সিঁড়ির আর এক নাম অবতরণিকার সিঁড়ি শুধু-উর্ধারোহনের নয় অবতরণেরও। আমরা একদিক থেকে উঠি আর একদিক থেকে পড়ি শ্বাস-প্রশ্বাসের মত এই উত্থান পতন যুগপৎ চলে।

মিস্ত্রীরা ঘর তৈরী করছে ভালো করে দেয়াল গাঁথছে। কালো কালো বড় বড় ইট। মাঝখানে ফাঁকা। এক একটি ব্লক দশখানি ইটের সমান।

ইঞ্জিনিয়ার ঘুরে ঘুরে সব দেখে এলেন। ফিরে এসে প্রসন্ন মুখে বললেন 'বেশ কাজ চলছে

অনেকগুলি ইট একদিকে জড় করা রয়েছে। প্রিয়রঞ্জন তার ওপর বসে পড়লেন, বললেন 'আসুন ডঃ দত্ত? বসুন এসে এখানে।'

বৃদ্ধ ইঞ্জিনিয়ার তাঁর ফোকলা দাঁতে হেসে বললেন 'কী ব্যাপার। এরই মধ্যে টায়ার্ড হয়ে পড়লেন? চলুন তা হলে নেমে যাই।'

প্রিয়রঞ্জন বললেন 'না না বসুন একটু চা খাবেন? চা আনতে বলব?'

ইঞ্জিনিয়ার হেসে বললেন 'না না এই অসময়ে চা খাব না। খেয়ে খেয়ে বেরিয়েছি। আমার সব কটিন বাঁধা। আপনাদের মত নিরঙ্কুশ: ধরবার মতো আর নেই। আপনি কি খুশী হননি মিঃ রায়? যা দেখছেন এতো শুধু স্ট্রাকচার কাজ শেষ হোক তখন খানিকটা কারুকার্য দেখতে পাবেন। আপনার ভালো লাগবে।

আকাশে দুপুরের মেঘডাকা রোদ কিন্তু ইঞ্জিনিয়ার সব সময় ছত্রপতি। তিনি ছাতাটি খুলে প্রিয়রঞ্জনের মাথায় মেলে ধরলেন।

একটু বাদে প্রিয়রঞ্জন বললেন ডঃ দত্ত আমি আপনার জীবন কাহিনী শুনেছি।

সেই মাটিতে এ আপনি জার্মানী থেকে উৎখাতই হয়ে এসেছেন। চল্লিশ বছর বয়সে আপনার জীবন ছোর জীবন-সংগ্রাম। আপনি হলো ব্লক নিয়ে কাজ করেছেন, মাটি আর বাঁশের তৈরি বাড়ি নিয়ে।

ইঞ্জিনিয়ার বললেন, 'এই গরীবের দেশে বেশি ব্যয় করবার ক্ষমতা কটা লোকের আছে বলুন? আমি সম্প্রতি ভাল ব্যবস্থা করতে চেয়েছি।'

প্রিয়রঞ্জন বললেন কিন্তু আপনি আজও উপযুক্ত স্বীকৃতি পাননি?'

ইঞ্জিনিয়ার বললেন, 'কই আর পেলাম। টাকার অভাবে কিছু করতে পারছিনে। গভর্নমেন্টের কাছে লাখখানেক টাকা চেয়েছিলাম, পঞ্চমমত একটা ফ্যাক্টরি করব। কিন্তু আদায় করতে পারিনি। এখনো হাঁটাহাঁটি, ঘোরাঘুরি, লেখালেখির পালা চলছে। দিনের মধ্যে বেশী দুই ঘন্টা আমার রেসপণ্ডেন্স আর টাইপ করার কাজে।'

প্রিয়রঞ্জন বললেন 'কিন্তু আপনার ওই পরিতৃপ্তির উৎস কোথায় বলুন তো? আপনি তো তেমন কিছুই পাননি।

ইঞ্জিনিয়ার সোজা হয়ে বললেন তারপর প্রিয়রঞ্জনের দিকে চেয়ে হেসে শান্তভাবে বললেন 'কে বলে পাইনি। টাকা হয়নি, বাড়ি-গাড়ি হয়নি।

কিন্তু নিজে, আমি এখনো খাটতে পারি, কাজ করতে পারি, কাজ করে আনন্দ পাই। আমি ঈশ্বরে বিশ্বাস করি মিঃ রায়। তিনি যা করেন তাই হয়। তিনি যা দেন আমরা তাই পাই। কিন্তু ভিখারীর মত হাত পাতলে হবে না, ওই মিস্ত্রী মজুরের মতই আমাকে খাটতে হবে। নিজের উপর আমার বিশ্বাস আছে মিঃ রায়। এই বিশ্বাস আমাকে তিনিই দিয়েছেন।'

প্রিয়রঞ্জন কোন কথা বললো না। এই বৃদ্ধের জটিল ইঞ্জিনিয়ারিং তত্ত্ব আর সরল আধ্যাত্ম বিশ্বাস দুইই তাঁর কাছে দুর্বোধ্য। জীবন কি এতই সহজ সরল? কে জানে? সবাইর জীবনের প্যাটার্ন তো এক রকম নয়। কারো সোজা কারো বাঁকা। যে না কখনো সোজা কখনো বাঁকা, কোন বিষয়ে সোজা কোন বিষয়ে বাঁকা?

আরাম চেয়ারে বসে বৃদ্ধ ইঞ্জিনিয়ার তাঁর নিজের কথা বলতে লাগলেন, 'তা ছাড়া জানেন মিঃ রায়, আমি আমার ফ্যামিলির কাছ থেকে অনেক সাহায্য পেয়েছি। তারা আমার জন্যে যথেষ্ট স্যাক্রিফাইস করেছে। আমার স্ত্রী আমার ছেলেমেয়েরা। তারা আমার কাজকে বাতিক বলে মনে করেনি শুধু খেয়াল বলে উড়িয়ে দেয়নি। তারা আমার কাজকে যোগ্য মর্যাদা দিয়েছে।

প্রিয়রঞ্জন পরিতৃপ্ত পরিতৃপ্ত বৃদ্ধের দিকে বিস্মিত ভাবে তাকালেন। একটু হেসে বললেন 'আপনার ছেলেমেয়ে যেন কটি?'

ইঞ্জিনিয়ার হেঁসে বললেন, 'আপনাকে একবার বলেছিলাম। ভুলে গেলেন? আপনি ফিগার অফ স্পীচ নিয়ে ব্যস্ত। অঙ্কের ফিগার মনে রাখেন না। ছেলে-মেয়ের সংখ্যা অনেক। বুড়ো বয়স পর্যন্ত ছেলেমেয়ে হয়েছে মশাই। সংহারের বিদ্যা জানি। তবু সেদিকে যাইনি। পালন-পোষণ করেছি। যথাসাধ্য লেখাপড়া শিখিয়েছি। বিয়ে থা কারো দিতে পিরিনি। তবে চেষ্টা করছি। কিন্তু ছেলেমেয়েরা মাথা পাতে না। বলে বাবা তুমি আগে দাঁড়িয়ে নাও। কথা শুনুন। এখনো ওরা আমাকে নিজের পায়ে দাঁড়াবার জন্য ভরসা দেয়, পিঠ চাপড়ায়।"

ইঞ্জিনিয়ার হাসলেন। দু'তিনটি দাঁত নেই মুখে। প্রিয়রঞ্জন একদিন জিজ্ঞাসা করছিলেন, 'বাঁধিয়ে নিচ্ছেন না কেন?'

ইঞ্জিনিয়ার হেসে বলেছিলেন, 'তা'হলে লোকে ভাববে আমার সবগুলি দাঁতই বুঝি বাঁধানো। আমার এই উনসত্তর বছর বয়সে উনত্রিশটি দাঁত যে এখনো অকৃত্রিম লোকে তা বিশ্বাস করবে না। তা ছাড়া খেতেটেতে কোন অসুবিধা হয়না। পাঁঠার হাড় মুরগীর ঠ্যাং দিব্যি চিবিয়ে খেতে পারি। শুধু কথাটা একটু অস্পষ্ট হয়ে গেছে। কিন্তু মরছি স্পষ্ট করে বলি নে এই জেনারেশনের ছেলেমেয়েরা কি আর আমাদের সব কথা বুঝবে? চলুন ওঠা যাক।'

সিঁড়ি দিয়ে নামতে নামতে ওঠার কথাই বলতে লাগলেন ইঞ্জিনিয়ার। তাঁর কাজ দেখে এ পাড়ার কেউ কেউ এসে খোঁজখবর নিচ্ছে। একজন যুবক ইঞ্জিনিয়ার এসে তাঁর সঙ্গে আলাপ করে গেছেন। খুব উৎসাহ দেখিয়েছেন। এই পাড়াতেই আরো দু একটা কনট্রাক্ট পাবার আশা পেয়েছেন ইঞ্জিনিয়ার।

তিনি মুখ ফিরিয়ে বললেন, 'ভাববেন না, মিঃ রায় এই সিঁড়ি আপনি আরও বাড়াতে পারবেন। তিন তলা অবধি নিয়ে যেতে পারবেন। আমিই করে দেব সেই কাজ।' আমাকে কিছু কাজের সুযোগ দেবেন মিঃ রায়। আমি কাজ করতে পারলেই খুশী।'

প্রিয়রঞ্জন ভাবলেন, 'কাজ তো আমিও করতে চাই। কিন্তু আমার মধ্যে আর একটি অকাজের লোক যে বাসা বেঁধে আছে তাকে তাড়িয়ে তোলা বড় কঠিন। সেই দু'জনের সংঘাতকে দিয়ে আমি যদি জোর করে কাজ করাতে যাই সে অকাজ করে বসে। আমার সৃষ্টিকে সে অপসৃষ্টির অপমানে কলঙ্কিত করে। স্তরে স্তরে অনাসৃষ্টির উপহাস ছড়িয়ে দেয়। এই বৃদ্ধ ইঞ্জিনিয়ারের মত সরল বিশ্বাস আমার নেই অমন কর্মঠ জীবন আমার নেই। নেই অমন অধ্যবসায় আর অটুট মনোবল। অমন অখণ্ড ক্ষমতা আমি কোথায় পাব। আমার বিভিন্ন বাসনা যেন বিভিন্ন ব্যক্তি সত্তার সামিল। আমি মনে মনে একটি উর্ধ্বারোহনের সিঁড়ি আঁকি তার মধ্যে। যদিও জানিনে সেই সিঁড়ি কিসের। সীমিত গণ্ডীর মধ্যে যশের না অর্থের না প্রেমের? না অধ্যাত্মবোধের আত্মোপলব্ধির? না কি একই সঙ্গে চতুর্বর্গ ফলের। আমি কী পেতে চাই জানিনে, কোথায় উঠতে চাই জানিনে। উঠতে চাই কিনা তাতেও আমার সংশয়। কারণ অবরোহণে অপচয়ে অক্ষয়ে আত্ম-হননেও আমার উল্লাস কি কম? আমি নিরন্তর এই আরোহন অবরোহনের খেলা নিয়ে আছি। কখনো খেলা, কখনো তা দুঃখ যন্ত্রণা। আমি কখনো দর্শক কখনো পাঠক, কখনো বা আত্মচরিতের লেখকও।'

ইঞ্জিনিয়ার বললেন, 'কী হল মিঃ রায়। থেমে পড়লেন যে? চলুন।'

প্রিয়রঞ্জন বললেন, 'হ্যাঁ চলুন। এবার নামা যাক।'

আমাদের মেয়ে

জসীমউদ্দীন

এ মেয়ে সাগর দিয়ে পাড়ি
মাটির মায়াবী চাঁদ
ভেঙে সে যাবে আষাঢ় ;
ডাকে সে অনেক দূর
ধরণীর শেষ প্রান্ত ছাড়ি।

এ মেয়ে সাগর দিয়ে পাড়ি।
সোনার তরঙ্গ ফণী
মাথায় ফেলিল মণি,
চরণ রাখিয়া তার পরে

চলিবে চির নির্ভয়
আরোহী জগতের হুঁশ ;
টাপাবে দিগন্ত রেখা
দীপ্ত পদ ভরে।

আকাশ অশনী ধায়
ছিন্ন মেঘের গায়,
লিখিবে গরল লেখা
বিদ্যুৎ অক্ষরে।

ধরি তার কেশবাস
গ্রলয় হানিবে শ্বাস,
জ্বালাইয়া কালানল
আকাশ গহ্বরে।

এ মেয়ে ফুলের ঘায়
মরিও মূরছা যায়,
কাঁদিয়া আকুল হয়
সামান্য কারণে।

তবু এই ভীরু মেয়ে
সাহসিকা সব চেয়ে
এ মেয়ে ধরিবে খড়্গ
অসুর নিধনে।

গলায় নরমুণ্ড মালা
ললাটে মার্তণ্ড জ্বালা,
সমাজ সবের পরে
নাচিবে তাণ্ডবে।

ভাঙিবে বিধি বিধান,
ধর্মে ধর্মে বাধবান
বৈষম্য বিশৃঙ্খলা
খণ্ডিত এ ভবে

এ মেয়ে আনিবে নব ঊষা,
ঊষর তারার বুকে
দাঁড়াবে দিগন্ত পথে,
মেঘেরা হানিবে তারে
সোদিতাক্ত চুমা।

বুভুক্ষার হাহাকার
খর্পরে ঝালিবে তার,
জ্বলিবে অভাব বহ্নি
খড়্গের ফলকে।

নাচিবে যে ভয়ঙ্করী
নিজ ছিন্ন মুণ্ড ধরি,
ছড়াইবে রক্ত বীজ
গোলকে গোলকে।

সেই রক্তধারা পরে
জনমিবে ঘরে ঘরে
শত শত বহ্নিনাগ
দীপ্ত চক্ষু ভরে।

শারদীয়া ধ্বনি, ১৩৭৬

তাদের হুঙ্কার ধ্বনি
দিগন্তে উঠিবে রণি,
পালাবে তামসী নিশি
আকাশ পরশে।

এ মেঘে বাঁধিবে পুনঃ ঘর,
এবারে নদীর রেখা
রুপালী আঁখরে লেখা,
কত না সুখের কথা
তরঙ্গে গাহিবে অহরহ।

ছোট সে কুটিরে তার
সোহাগ ধরে না আর
সোণালী রোদের ঝর
কলার পাতায় নাচে ঘুরে।

উঠানে সবজী লতা
তাহার মনের কথা,
মেলিয়া কোমল পাতা
দোলায় লাউলাখানি ঘুরে।

ঘর ভরা সুখ তার
মন ভরা খুশী তার,
গানের পাখায় তার
হইয়া হকাবে সুরে সুরে।

উঠানের ফুলগুলি
তাহার আদরে দুলি
সুবাস কোঠরা খুলি
দিবে সে সবার বুকে পুরে।

দুটির ঘাস

সুভাষ মুখোপাধ্যায়

দুটি আমার দুটি।

বাজলে ডৌ—
হাত ধোবো
আলপনা ক'রে দুটি!

দুটি আমার দুটি।

বাঁধে যে ভিত
ঘরে নীড়
তারই তাকে দুটি।

দুটি আমার দুটি

রইল বুক
যা হয় হোক
ঢেলে দিয়েছি দুটি।

দুটি আমার দুটি।

ফুলের ঘাড়
নামায় ভাঁড়
ঝলক বন্ধু উঠি।

দুটি আমার দুটি।

ঠিকরে পা
আছাড়ে আঃ
বুজব চোখ দুটি

দুটি আমার দুটি।

ফিরে যা তুচ্ছ
যা, পিছু নিস্ না—
ফিরে যা রে হিংসুটি।

আমি সকলের সঙ্গে

কৃষ্ণধর

আমি সকলেরই সঙ্গে সঙ্গে, সঙ্গমিত্র তেপান্তরে
বিরহে অমনা, পাশাপাশি, কাছাকাছি
বিবৃতিবিহীন কথায়, উজ্জ্বল তরঙ্গে ভেসে ভেসে
ভঙ্গুর ভেলায়।

আমি মানুষেরই মুখ দেখে সর্বক্ষণ আলস্যে কর্মে ও নিদ্রায়
জাগরণেও আছি, দশটা পাঁচটা ট্রামে বাসে
পাদানিতে ঝুলে নৈমিত্তিক জবাতায়, কখনো বা
দাঁতে দাঁতে ক্ষোভ চেপে, আমি প্রতিদিন।

গ্রীষ্মের প্রখর নখে-ক্ষত থেকে অবিরল রক্ত ঝরে পড়ে
আষাঢ় শুকোয় এমনি এমনি হাওয়া লেগে
তখনও আকাশে খুঁজি মেঘ আর ছায়া
শান্তির সিঞ্চিত জল দিতে পারে প্রাণের আরাম
দুই হাতে তুলে নেই ভীষণ তৃষ্ণায়।

ফুল ফুটলেও আছি, থাকি মরু বিস্তৃত বালুতে
উন্মুখ কাশফুলে, কাঁটা ঝোপে পাথুরে জমিতে
বৃষ্টি বা পায়ের শব্দে ঘুমটুকু ভেঙে যায়
এ জন্মের ওরে গ্রেনেডের প্রচণ্ড আওয়াজে
কাঁদানে গ্যাসের ধোঁয়ার অনিচ্ছায় কান্না আসে চোখে
যৌবনের দুর্বহ লজ্জা, কোলাহলে কান পেতে থাকি
ফুটপাথে জন্ম নেয় অন্নদিন থাকে নিয়ে থাকতে হবে
আমাকেই এইভাবে তরঙ্গে তরঙ্গে ভেসে ভেসে
ভঙ্গুর ভেলায়।

কবিতা

শংকর চট্টোপাধ্যায়

দশদিকে ঘুরে যাই
দশদিকেই তোমার চিত্রের উদ্বোধন
যেন বাগান, তুমি জনপ্রিয় কুসুমটি হয়ে ফুটে আছো
গাতার চাপে ঢাকা পড়ছে হাত তোমার, মাথা তোমার
দেখছি পদতল কখনো রাঙানো
দেখছি বর্মহীনা বলেই, প্রভু তোমায় ঘিরে দিচ্ছেন দশ দিকে।

দশদিকে ঘুরে যাই
মনে মনে জলযন্ত্র খুলে পথিককে ডাকি
'কে আছো উন্মাদী
কে তুমি আমার চোর ?
চোখের জলেই মিলন হবে আমাদের।'
আমার সমর্পণ তাই পথের লালধুলো উড়িয়ে দিগ্বিদিকে ছুটছে
আমার নির্বাচন তাই প্রতিটি বস্তুকেই উল্টে পাল্টে বাজিয়ে দেখছে,
এমন বর্মপ্রাণ করেছ আমাকে, যাতে দশদিকই ক্রমাগত টলে যাচ্ছে।

বিফল অসুখ নয়

দেবারতি মিত্র

ওদের দালান কেন করি, ধুলো ঝরে মানুষের পাতে
এ দীন হৃদয় কেন বেঁচে থাকে জানায় আমাকে !
একটি অত্যন্ত দামী ক্ষীণ সুতো তুমি ছিঁড়ে যাও
একবার পাশ ফিরে শুলে, দুলোধা অসুখ থেকে
সেরে উঠে কোনদিন প্রতিরোধ থাকে না সকালে।
হয়তো ঝরেছি মুখ মানুষের আমি ভগ্নজানু
প্রায় মরে যাই আজো কোনও চোখ অপাঙ্গে চাইলে।
রহস্যের অসঙ্গত ফল সে কি কেবল শরীর,
ইন্দ্রিয় কি পিতামহ উত্তর পুরুষ অন্ধকার।
কেন তুমি বারবার জেনেও অলীক ভয় আনো
আমাকে কাঁদিয়ে শোনো আবর্তন একই সঙ্গীত ?
এত বেশী শীত লাগে, আমার আঙুল ভুল করে
জীবনের ভালোবাসা তবু ভেঙে দেয় এই বুক,
তোমার উপমা নয় প্রত্যয়ের বিফল অসুখ।

শারদীয়া অমি, ১৩৭৬

অংকুরের সাথে কথোপকথন

গৌরকিশোর ঘোষ

এখন সংগ্রাম বড়ো
এ মাটি কঠিন
জীবন নির্মম
তাই নীরসের সাথে যাও
দুপাশে বিস্তার কর
শাখা যত পার
প্রশাখা বাড়াও
অযুত পল্লব
শিকড় ঢুকিয়ে দাও
গভীরে পাতালে
যেখানে রসের উৎস
স্বার্থপর হও
এ মৌসুম অনিশ্চিত
বায়ুর প্রভাব
এই আছে এই নেই
প্রাণের ভাঁড়ারে
অল্পই সঞ্চয়
অগণন প্রতিদ্বন্দ্বী
বৃদ্ধ অক্ষয়
কে বাঁচে কে মরে
নিজের চিন্তাতে
স্থির হবে
ওঠো মাথা তোল
স্বার্থপর হও
বড় হও আরও বড়
আকাশ নিরীক্ষ
ডাল পালা ছেটে ফেল
দীর্ঘতর দীর্ঘতম হও
সকলের আগে
সূর্যের আলো ছোঁও
এবার নিশ্চিত বলে
প্রতিদ্বন্দ্বী পরাভূত
জীবন মৌরসী তাই
শীত গ্রীষ্ম
বায়ুর ভ্রূকুটি
খেলা খেলা মনে হবে
হে বৃক্ষ হে বট
এবার উদার হও
এবার আশ্রয় হও
অকাতরে ছায়া দাও।

সেই মৃত গাছ

রাম বসু

সান্ধ্যলীন রোদের নিলিপ্ত
মৌন বৃন্তে ঝরা গাছ
আমার হৃদপিণ্ড কে উপড়ে এনেছে
আমি স্নায়ু গাছের তলায়।

মৃত গাছ, জন্তু
কুরুক্ষেত্রের আকাশ শিহরনে
এখনো রক্তের গন্ধে ভরা
আমি বিষাদে আবৃত
খুরের ধুলোয় ঢাকা ঝুঁড়ে।

শুকনো ডাল বুকে মাথা তুলে
আকাশে মানুষ বুঝি এইভাবে দাঁড়াতো দুরন্তায়
লক্ষ খাবার গন্ধ জমানো-সময়ে।

অথবা সে ঈশ্বরের একমাত্র পুত্র, যিনি
দিবাতাপ তুলে দিয়ে আকাশ কপোত, আজ
আমাদেরই মতো ভগ্ন, নিরর্থক।
মুখ
রঙ-চটা টিনের তোরঙ্গ
জিভে
কাচ ফুটে আছে বহুদিন
দেহে
সব বাহীর বিষাদ
আমি গাছের তলায়।

বুকে হাটে ঝিরঝিরি-আঁধার
গুড়ি গুড়ি বৃষ্টি পড়ে
ইঁদুরের সাদা দাঁত সে যেন শিকড়ে।

কেউ যদি বলে এই গাছের তলায়
ভালবাসি, অযুত হতো না, সোনা
মনে হয় আমি যেন বাড়ি যেতে পারবো, এই ভেবে,
এখনো রয়েছে কেউ আর পাছে শিকড়ের কথা
পৃথিবীর সমতলে ছড়তো বা অঙ্কুরিত হবে একদিন
মাঝরাতে আমি হয়তো স্বপ্ন দেখবো অনন্ত পাখির।

মৃত মৌন গাছ আমার শিয়রে।

শারদীয়া ধ্বনি, ১৩৭৬

নিশির ডাক

সুনীল গঙ্গোপাধ্যায়

ছিলাম ঘুমন্ত, কে যেন আমার নাম ধরে স্পষ্ট ডাকলো
তিনবার, শিয়রের খুব কাছ থেকে
বাঘ, চেনা কণ্ঠস্বর—
ধড়মড় করে উঠে বসি, আমি-সমেত খুব অন্ধকার ঘর
খোলা জানলার পাশে নিঝুম রাত
তার পাশে স্থির আকাশ।
দরজা খুলে বারান্দাতেও উঁকি মেরে দেখলাম
কোথাও কেউ নেই, বাতাস ও জ্যোৎস্নার মেশামেশি
পৃথিবী ও পৃথিবী ছাড়িয়ে অপরীরী স্তব্ধতা—
অথচ স্পষ্ট ডাক শুনেছিলাম, চেনা গলা অথচ নাম জানি না!
কের বিছানায় শুয়েও খটকা যায় না
তবে কি আমারই আত্মা ডেকে উঠেছিল আমাকে
ঘুমের মধ্যে?
অত্যন্ত ব্যস্ত ডাকে কোনো একটা জরুরি কথা বলতে চেয়েছিল?
কি?
শুধু ঘুমের মধ্যেই সে কথা বলা যায়?
জেগে উঠে ভুল করেছি!

সব সময় মনে হয়, আমার একটা ক্ষমা চাইবার আছে
কিন্তু অপরাধটা ঠিক চিনতে পারি না
সব সময় মনে হয় আমি একটা বিশেষ জরুরি কাজের কথা ভুলে গেছি
অথচ মনে পড়ে না
প্রেমের মধ্যে কোনো ছলনা, অশোচরে কোনো পাপ
বুঝি ঘটে যাচ্ছে যে-কোনো সময়
ঘুমের মধ্যে আমার বিস্মৃতির ওপার থেকে ভেসে আসছিল
সেই কণ্ঠস্বর!
কেন জেগে উঠলাম?

[illegible]

শক্তি চট্টোপাধ্যায়

অন্ধের সমস্ত মন যেমন চাক্ষুষ
তেমন নিয়ম, বন্দী, মুক্তিজলপুর
এই দেশে, শস্যক্ষেত্র পর হয়ে দূরে গ্রাম, মানুষের ভীড়
এখনো নিষ্পাপ প্রেমে…
তবুও কোথায়
শুকনো খোল, জলের কাঙাল নদী নিরবধি
যে দাতা সে সবকিছু দেয় না যেহেতু
এইসব মৃদু কান্না, ক্রমবর্দ্ধমান ভেদাভেদ
মানুষের মনে এসে সত্তা ও কঠিন হতে থাকে
অন্ধ শুধু তেমনই চাক্ষুষ…
দূর থেকে শুরু ক'রে একদিন সমগ্রে পৌঁছায়।

নাগরদোলা

শরৎকুমার মুখোপাধ্যায়

ঘুরনডাঙার মাঠে সেবার মেলা হয়েছিল খুব
সারিসারি নাগরদোলা সারাদিন এক অদ্ভুত শব্দ করতে করতে
ওপর থেকে নিচে, নিচু থেকে ওপরে
চঞ্চল মানুষের ঘোরাফিরা—
ভুলে বান্ধবীর পাশে দাঁড়িয়ে সেই প্রথম
মানুষের উত্থানপতন দেখার অভিজ্ঞতা।

তারপর কখন সঙ্গে হয়ে গেছে—
হাত ছাড়াছাড়ি হয়ে গেছে বান্ধবীর সঙ্গে
কখন নিজেই নাগরদোলায় উঠে বসেছি জানি না,
কিংবা বসি নি;
কিন্তু একটা অদ্ভুত ঘর্ঘর শব্দ
আমার শিয়র ঘরে রয়েছে এখন—
মাটি ছুঁতে-না-ছুঁতে তুলে দিচ্ছে ওপরে
খোলা আকাশে নিশ্বাস নিতে-না-নিতে ফেলে দিচ্ছে মাঠে।

চিৎকার শোনা যায় না, এমন একটা ঘর্ঘর শব্দ
সারাদিন সারারাত।

আর্তারক্ত

বিজয়া মুখোপাধ্যায়

জন্মের সময়
ঈশ্বর আমার হাতে এক অতিরিক্তকে
গুঁজে দিয়েছিলেন।
শিশু বয়সে সে আমার চোখের জলে বাস করত,
যৌবনে সে আমার কণ্ঠলগ্ন ক্ষীরের পুতুলি,
বার্ধক্যে আমার সমগ্র সত্তায় ব্যাপ্ত হবে তার
অতি সন্নিধান।

মৃত্যুর দিন ঈশ্বরের কাছে সে ফিরে যাবে।
তার আগে আমরা কেউ কারুর হস্তচ্যুত হব না।
লোকে বলে তার নাম অভিমান।
কিন্তু তার কি অন্য নাম হতে পারত না, যেমন—
অহংকার, শুদ্ধ বিবেক কিংবা ভালবাসা?

কথা ঠিক দিতে পারছি না

সুধেন্দু মল্লিক

আবার ছাখো ওরা আমাকে মাটিতে রোপন করছে
আমি কি পাচ্ছি আলোকস্নান ?
বাগান বা রাস্তার শোভা
বাড়াবো পরক্ষ মতো !
আবার ছাখো ওরা আমাকে কেবল জড়িয়ে রেখেছে।
দুখের সন্ধানে যাওয়া দুহাতের খোলাপ গুচ্ছ
সে আমার ইহজীবনের পরমার্থে ছুট পড়েছে।
আজীবন অন্ধকারাগার তার আবার ফিরেব পত্তর !

এই যে দূর বাড়ির থেকে তোমাদের কলধ্বনি
কলহের সংমিশ্রণ অথবা প্রেমের জোয়ার
ঘ। কিন্তু ভাসতে ভাসতে বেখেয়াল তীরভূমিতে
লাগছে নৌকার মতো তাতেই কৃতজ্ঞ থাকছি।
আবার আমাকে কেন। প্রয়োজন কার প্রয়োজন ?
আচ্ছা সে দেখা যাবে, না, কথা ঠিক দিতে পারছিনা।
বলতে বলতেই ছুট একেবারে খাঁখা বাড়িতে
যেখানে বারান্দা ধরে খুলতা দাঁড়িয়ে রয়েছে—
আবার ছাখো ওরা আমাকে মাটিতে রোপন করছে।

নিরপেক্ষ ঘরনা

সত্যানন্দ ভট্টাচার্য

প্রথাসিদ্ধ—কৃষ্টির তাত্ত্বিক আলোচনা।
করে চলন
বিশুদ্ধ সংবাদের—আর্থে উদাসীন,

চলে অভিসার
বাস্তবাধূল, যজনহীন শিল্পের নিশানা।
কিন্তু দিশা তার, না হয় নির্ণয়
উল্লিখিতের হরফ কালো
সত্যাসিদ্ধ দেখে, তাকে প্রতারণা।

নিরপেক্ষ—তান শুধু, মুখোস পরা বীভৎস কুরূপ
জনলোভা ঐকামেল করা
গোপন হিংসা ঐ মহলের
থাকে অবগুণ্ঠনে—ব্যক্তিচার প্রজ্ঞার অজানা।

কপট—নিভৃতে হানে প্রতিকারহীন উদ্যত অশনি
ভ্রূকুটিতন্ত্রে তারে তরঙ্গিত দেখি
আনন্দঘন কৃষ্টি প্রতিভাত পনি।
কিন্তু ভাষার ছন্দে কম্পিত না হয় বক্ষিতের ঘর
নিরালয় শিল্প-সাহিত্য-বার্তা শুধু নক্সীর হলনা।

যে রকমই কথা ছিলো

অমিতাভ দাশগুপ্ত

যেরকমই কথা ছিলো
ফিরে যেবে, তা দিয়েছি তার বহু গুণ।

শালের পাতায় ভরে যদি দিই দীর্ঘশ্বাস
হবে পোড়ামাটি দিয়ে গড়ে তোলা
সবাক-প্রতিমা,
যদি একটিল
আবেগ-প্রবণ হই
বয়ে যাবে নদী,
তর্জনির ইষৎ হেলনে
তছনছ করে যেবে
ঘর বাড়ী তোরঙ্গ আলিম—
যে রকমই কথা ছিলো ফিরে যেবে ঢের, বহু গুণ।
এখনও প্রত্যাশা ঘোরে মাথার ভিতর জানাজানি,
তিন সন অজন্মার পরও বসে আছি,
ফুটি-কাটা খেত,
উদ্ভিদ ওঠে না জেগে—কাঁকা মাঠে জাগে না সঙ্কেত,
তিন্ দেশে ভেসে যায় ভেলা—
অথচ নির্দিষ্ট ছিলো, খেলা হবে। কবে হবে খেলা ?

পাঁচ বিষয়ে

তরুণ সান্যাল

এক সময় সকলেই তারা
সবাই যে-যার পথে চলে গেল
পড়ে রইল
তিনটি ঝুমো কালিপড়া ইঁট, গাদা ছাই
টুকরো টুকরো কাঠ কয়লার কুচি
ভাঙা সরা মাটির পাতিল

সময় অনেকে বলে
এমনি করে কাটে
পুরনো বন্ধুরা অন্য পথে, কোন দিকে চলে যায়
এমন-কি সঙ্গিনীরাও একে একে

তিনটি ইঁটের পারে
কালো হয়ে আসা ও আকাজ্জাগুলি তোরে
নবর শিশিরে শিউরে ওঠে

এই বর্তমান
ভূত ভবিষ্যৎ
আ কেমন উপরপর উপরপর ফুটছে
চলপিণ্ডে আমারও

চন্দন পাতাটি ঘুরছে ফিরছে, হাওয়া
অন্যমনে ফুটো ছিঁড়ছে
বি-মনা নিঃশ্বাসে ঘামকা, ধুলোয়
কাপট তুলছে, ওরা
এখন এখানে থাকলে
ও-পাতাটি ফটপট ছটফট ডানা
লাফ দিতো তিনটি ইঁটের জ্বালাঘুঁচিতে, অথচ
পচনে ও বিস্মরণে ওরাতো সবাই গেল
আরও কিছুক্ষণ পরে বৃষ্টি ধুয়ে দেবে সবকিছু।

নবীন বর্ষাচিন পাঠে যখন

শান্তি লাহিড়ী

দেবালয়ের সিঁড়িতে দাঁড়িয়ে তুমি ঘণ্টাধ্বনি করবে
রোজ সন্ধ্যায়।
এলাচ লাকচিনির গন্ধে বিভোর দিনশেষের নৌকোয় বসে
আমি তা শুনতে পাব।

পথের গোপন আড়ালে তুমি যখন আলোর জন্য কাঁদতে
আমি শুনতে পেতাম।
আমি শুনতে পেতাম জলতরঙ্গের সঙ্গের সঙ্গে মিশে মিশে
একাকার সমুদ্রের বুকের তলে পাথর ভাঙার শব্দ—
যাবজ্জীবন কারাবাসে পাতাল মাথা কুটছে
স্বর্গকে ছাপিয়ে উঠবার।

আমি এখন বালিয়ো চলেছি।
বুকের আঁচলে যে আগুনের দীপ জ্বেলেছে
তার নেশা আমাকে ঘরে বাঁধতে পারে না—
দূরে প্রবালের লাল নেশা রক্তে ভয়ঙ্কর দোল খায়।

যতদিন না ফিরি
দেবালয়ের সিঁড়িতে দাঁড়িয়ে তুমি ঘণ্টাধ্বনি কোরো।

ঘুম ভেঙে কেন

সমরেন্দ্র সেনগুপ্ত

শিশুর শোয়ার ভঙ্গি বড় অসহায়
তাই ঘুম এসে তাকে আক্রমণ করে।
সে সময় অবয়ব অহরহ বদলে যায়, আর
অযুত হাসিকান্নার পরস্পর বিরোধী রেখায়
ফুটে ওঠে বিগত জন্মের সব অসমাপ্ত কথা।
তোরে, ও। জবাকুসুম সঙ্কাশ সূর্য
পাখি হয়ে এসে তাকে জানালায় ডাকে।
ফুল গন্ধ মিশে সমস্ত শরীর জুড়ে
অবিরল ফুটতে থাকে;

অবশেষে জননীর অগোচরে একদিন জেগে উঠে শিশু
"হাঁটি হাঁটি পা পা" ক'রে প্রত্যন্ত চৌকাঠে বাধা পেয়ে
দুএকবার আছাড় খায়; তারপর পৃথিবীর
ধুলো পথে একবার ধরা দিলে—হায়!
সে আর চায়না ঘুম, তার জন্ত বেড়ে ওঠা শিক্ষার্থী শরীর
পথিকের মতো প্রাণবন্ত ঈর্ষায় হাঁটে, ভিড়ে মিশে যায়।

খাটে হয়

মোহিত চট্টোপাধ্যায়

ভালো ক'রে জড়িয়ে না রাখলে, সব মেয়েদেরই ঠাণ্ডা লাগে
সারা রাত ধরে কাশে।
পাগলাটে ধরনের খানিকটা বাতাস আঁচলে বেঁধে দিতে হয়
যাতে পূর্ণিমার দিকে শাড়িটা উড়ে গিয়ে জ্যোৎস্নার গরম হতে থাকে
ফলে ভালো ঘুম হয়।

ভালোবাসলে মেয়েদের রোমকূপ আরো একটু সিক্ত হয়
গায়ে খানিকক্ষণ জ্যোৎস্না পড়ে থাকলে আস্তে আস্তে চামড়ার ঘসে যায়
কোথাও জমে একটু ধাক্কা লাগল
টুং-টাং শব্দগুলো হাঁটুর কাছে মাথামাথি হয়ে লেগে থাকে
এমন কি কপালে উড়ন্ত পাখির ছায়া পর্যন্ত আটকে যায়
উথলে-ওঠা নদীর কেনা কোমরে মোটের মতো কেঁপে থাকে।

এ-সব কিছুই কুসর্গের ঘটনা
গায়ের শিরক কিংবা হৃদমূল থেকে শোনা।
পত্র-পল্লবে অনেক কিছুই রটনা হয়—
মাটির ভিতরে সোনার কলসিতে
ঈগরণ করে ফুটছে খাঁটি রসের আসল রস,
চুমুক দিতে হয় তো ঐখানে।

পরীণ হবার কথা ছিল

পবিত্র মুখোপাধ্যায়

প্রবীণ হবার কথা ছিলনা কি আমাদের ?
প্রবীন হবার কথা ছিল
অথচ এখনো মুঢ় শৈশব গেল না—
প্রিয় পৃথিবীর মুখে বার্ধক্যজনিত ক্লান্তি
চোখের তারায়
প্রজ্ঞানপথের স্পষ্ট মানচিত্র
ঠোঁটে
সহবেদনার ম্লান হাসি
কতো অসহায় প্রিয় পিতামহী
প্রবীণ হলোনা দেখে অবসন্ন পিতাসূর্য অন্তরে ঘুরায়

যোজন যোজন পথ পার হয়ে এসেও মানুষ
প্রবীণ হলোনা—
তাই অপরের বুকের স্পন্দন
কেমন বোঝে না
তাই অপরের হৃদপিণ্ডের তলে—
প্রোথিত ফলকে কোন্ অক্ষয় খোদিত
তাহা জানার সাধনা—
মানুষের নেই
তাই প্রতিবেশিদের বুক থেকে
জলন্ত পাঠকাঠি এনে জ্বালাতে পারে না নিজ নিস্তব্ধ উনুন
আপন ছায়াকে বিশ্বছায়া ভেবে খেলা করে শিশুর মতন
সন্ধ্যার অরণ্য ফেলে দীর্ঘ শ্বাস
একাকী বৃক্ষের ছায়া কাঁপে ইতস্তত:

আহারে এমন অঙ্গে

জিল্লার আলি

আহারে এমন অঙ্গে ধূলোর প্রলেপ
কে গড়ায় মর্মরে অঙ্কিত চিত্র সুবিশাল
বাহু মেলে কার মুখ নির্দেশিত করে।

কা'র মুখে ভালোবাসা
উদ্ভাসিত পশ্চিম আকাশ
কা'র মুখে কামনার পীতা ক্ষুণ্ণ নিপুণ বিকৃতি
দিন নেই রাত্রি নেই
গ্রীষ্ম-বর্ষ-বসন্ত বলয়ে
দুর্বার ধনুক তারে দু'পায়ে মাড়ায় তবু
কা'র মুখ
দু'পায়ে মাড়ায় তবু বিদর্ভিত স্মৃতি—

আহারে ধূলোর অঙ্গে চেয়ে দেখ .
জন্ম আছে প্রীতি।

অমা সূর্যাস্ত

রবীন সুর

দিনান্তের সূর্যমুখী বেঁকে আর বিসর্জনের ঘাটে জলন্ত পশ্চিমে
সারাদিন লণ্ডভণ্ড সময়ের ভস্মাকার চিতাভস্মগুলি
ক্রমশঃ ধিতিয়ে এসে ঝাড় করে বিলম্বিত গ্রীষ্মের বাতাস
সমস্ত দিনের ক্রমাগত রক্তপাত
ভবঘুরে জীবনের অন্তহীন ক্ষুধার সুস্থতা
দিগ্বিদিকে হতাশ্বক উল্কাগুলি কান্না হাহাকার
এখন নদীর মধ্যে সম্মিলিত কুশীলব একে একে নিঃসঙ্গে দাঁড়ায়
এবং তরল এই গোধূলির রক্ত মাখা বিশাল শরীর
ধীরে ধীরে বাষ্পায়িত মাইল মাইল ব্যাপ্ত দিগন্ত সীমান্ত
দিগন্ত পেরিয়ে স্তাখো রক্তে রক্তে অলৌকিক মেঘকে ভাসায়

একটি দিন শেষ হলে
একটি সূর্য অন্তের তিমিরে
আমাদের দুঃখহীন সুখগুলি
আমাদের সুখহীন দুঃখগুলি আরও রক্তে সিক্ত হয়ে গেল
তবুও প্রার্থনাগুলি অবিনাশ বাহুর উত্থানে
যেখানে প্রাক্তন স্মৃতি যন্ত্রণার ধূপে
সময়ের অন্ধকার পার হয়ে আরও বহুদিনের অন্বেষা
বুকের ভিতর রাখে। যখন দিনের
আলোয় উজ্জ্বল মুখ মানুষের সঙ্গে মানুষের
প্রাত্যহিক দিনগুলি
ঘরের ভিতরে ঘর
যখন নদীর জলে রক্ত নেই সুরের মেঘের সমাহারে
শ্বেতাভ সুন্দরতম বাসনার তৃপ্তির প্রহর
জলে পা ডুবিয়ে
পার্থিব দিগন্ত রেখা অপার্থিব স্বপ্নের শৈশব
খেলা করে নিশ্চিন্তির প্রার্থনায় গোধূলির দাস্ত চরাচরে
কারণ পিয়নে তার কেউ নেই হত্যাকারী কোনও অন্ধকার
উদ্যত কৃপাণ হাতে জেগে নেই মূর্তিমান শোনিত পিপাসা।

শারদীয়া ধ্বনি, ১৩৭৬

সে খেয়ালী ছেলেটি কোথায়?

দীনেশ গঙ্গোপাধ্যায়

এক ঝালি ছায়া নদী-নীল-ধারা নাম কাজল :
দুধারে বালুর চর ঝিরিঝিরি শান্ত দুপুর
এলো মেলো বন-কাউ, ফুল-পাকা গন্ধ
ঘন্ত ফাটিত রোদে দুধ-সাদা কাশফুল উড়ায় চুলছে !

কেঁপে সে রুপালি বালু-মুচমুচে, উষ্ণ, কোমল
কে ছেলেটি চলে ঐ একাএকা রোদের দুপুরে ?
এক মাথা এলো চুল, পকেটেতে নুন আর লঙ্কা,
ঘুরে ঘুরু রেল-পুল আকাশের উজ্জ্বল নীল রোদে কাঁপছে !

চলছে তো চলছেই কে ছেলেটি নিজের খেয়ালে
পার হয়ে বন ছায়া ছমছম্ দুর নির্জন ?
দুপুরের নিঃশ্বাসে দুরু দুরু নদীটির বুক
ছোট ছোট ঢেউগুলি মসৃন ভিজে বালি ভিত্ত দিয়ে চাটছে !

শতস্ত পাখিরা বোবা : মাছরাঙা পাখি নয়, ছবি :
ঘুম-ঘুম নিঝুম, যেন কোন্ উদাসীর স্বপ্ন :
চুল চুল-বন কাউ, কিম ধরা বন-লতা গুল্ম :
গুমগুম্ রেল-পুল, উড়িয়ে ধোঁয়ার চুল রেলগাড়ী চলছে !

সে দুপুর আজো আছে : আজো আছে সেই বালুচর
নির্জন নীলকাশে আজো নামে সেই নীল রোধ :
নিঃসাড় বালুতটে বন-কাউ এখনো কিম্বায় :
পারের কিনার ঘুঁষে স্রোতের নুপুর আজো নদীকূলে বাজছে !

কেবল পকেটে নিয়ে নুন ঝাল, এলো মেলো চুলে
বালুচরে ঘুরে মরা সে খেয়ালী ছেলেটি কোথায় ?
তারে আর দেখিনা তো। সে কোথায় হলো পলাতক !
তার কি দুপুর শেষ ?—বালুচরে কুদু কুদু কাজল কাঁদছে।

এই ঘরে

তপন দাশ

বিশ্বাস অবিশ্বাসের তাড়া খেয়ে যাও ওঁজে
আমাকে চলে আসতে হয়
আমি সেই মাত্র দেখেছিলাম
আয়না মুছে সবুজ তোয়ালে
তুমি টিপয়ের ওপর রাখলে—
এবং শংকর
অথবা শংকরের আত্মা সেভিং লোশনে
বলে গেল এই ঘর বড়ো অসহায়
আমি রাত্রে আলাদা বিছানা অন্য কারো সান্নিধ্য
ঘরে পেতে চাই—সে কে ?
কোন নারী আমার শরীর বেদ কুন্তলে ঘুচে নেয় ?

সে বড়ো দুরারোগ্য কঠিন অসুখ
এই ভালবাসা
এই ঘুনঘুড়ি···ঠাণ্ডা হাসা
বরাবর চলে গেলে সেই আদিকেন লেপের ভিতরে
মৃত্যুর স্বাদ পাওয়া যায়।

দয়া পরবশ কোন বন্ধুর কেউ চায় না
তবু যাও ওঁজে শবদেহের গন্ধ পেতে আমাকে
এই ঘরে
বারবার আসতে হবে—এই ঘরে
স শরীরে না ভুলে প্রেতের অসুখ পোষাকে
এই ঘর আয়না মোক্ষম বিছানায়।

ভোরের মনে

শ্যামলেন্দু রায়

ক্যানভাসে এঁকে রাখি তোমার প্রতিমা।
হালকা তুলির দাগে
তোমার ঠোঁটের পাশে
সেই সেদিনের মতো লেখা
হাসিটির ছায়া—
আমলকীবনে পথ চলতে গিয়ে
হঠাৎ ঝলকে পড়া
যেন এক ফালি অন্ত সোধূলির
রাঙা রৌদ্রের মায়া।

কতোদিন আমি ঘুম দেখিনি
আয়নায়, কতোদিন আমি স্নান করিনি
কতোরাত্রি তোমার কথা ভেবে ভেবে
আকাশের তারাকে অভিসম্পাত দিয়েছি।
কাজল দীঘির ওপারে
তুমি এসে থমকে দাঁড়িয়েছিলে,
তোমার চোখের কোলে ঝলোঝলো
বেদনার তরংগ, তোমার ঠোঁটের পাশে
বকুলতলার মিষ্টি হাসির বন্যা।
আমার বুকের মধ্যে উথাল পাথাল ঢেউ—
যেন শেষ রাতে লঙ্কের মৃত্তীব্র হুইস্‌ল্
কেঁপে কেঁপে ওঠে।
রক্তের মধ্যে তোমার গুঞ্জন।
ক্যানভাসে এঁকে রাখি তোমার প্রতিমা।

আমার এই দেশকেই ভালো বেসে

বিজয়কুমার দত্ত

অনন্ত মুহূর্তময় বিজড়িত ধ্বনির
আকাশ বিস্তৃত ভাষা ভরে যাবে ব'লে
আমি আছি কান পেতে আজ কতকাল—
কোথাও মধুর কণ্ঠে তবু গান কেন যে শুনি না।
বুকের অনার্দ্র, নীল লাঞ্ছিত শিরায়
সব রক্ত জমে যায় শারদ সন্ধ্যায়।

প্রত্যহ বিক্ষোভ ঘানা বেঁধে ওঠে বিচিত্র এখন
আমি ভাবি এইবার হবে বিস্ফোরণ
বন্যার দুরন্ত জলে রাসেরিক অপমৃত্যু, ধ্বংস-জরা-ক্ষত
আমাদের অনিবার্য অযোঘ নিয়তি—
যদিও জেনেছি, তবু অজর তৃষ্ণায়
দেহ-মনে যুদ্ধ করি, ভেঙেপড়ি, রক্তমাংসে আচ্ছন্ন হাদুর
অনুভবে আভাসিত প্রতিমা তোমার।

সম্রাজ্ঞী : তোমার শ্রাবিমা

অরুণ কর

বহুদিন স্বপ্ন ও নিদ্রার মধ্যে পাই ঘুম, বহুদিন
দ্বিধা ও অস্থির জলে সূর্যের শরীর দেখে ফেরা
এখন স্বেচ্ছায় তাই ভেতর কবাট, খিল তোলা—
বাঁধন বিহীন রাধা হোল
ফুলের শরীর ঘেটে
বিষ ও রক্তের জলে স্নান শেষ হোল, শীতল
রাত্রির কাছে শোক, সন্তর্পিত দুখ কেন
অসম্ভব পিছিল হয়ে ওঠে
প্রেমের মতোন পাপ
আলিঙ্গন ছিঁড়ে যায়, ঘাম ও বীর্যের কণা হায়
স্নায়ুতেই মেরুর প্রাচীর অব্দি উঠে আসে, যেন
আমি সুবর্ণমিনার থেকে করে গেছি, ভীষণ পাতাল
তীব্র হাত মেলে আচ্ছন্ন করেছে যেন
মার্বেল মহিমা ছুঁড়ে ফেলে আমি
ঘন, জমে ওঠা মেঘ ও আগুন
নিয়ে খেলা করছি

মিছিলে উড়েছে ধূলো, অন্তঃপুর, সম্রাজ্ঞী
তোমার শ্রাবিমা আমি পার হয়ে যাব

খাঁচার ভিতরে

শিবেন চট্টোপাধ্যায়

সমস্ত প্রদীপগুলো একে একে নিভে যাচ্ছে
দেউটি অন্ধকার
সকালের হরবোলা কখন নিশ্চুপ হয়ে
খাঁচার ভিতরে
পড়ে আছে।

চারিদিকে আজ বড় অন্ধকার আঁকালো সময়।

তবুও এখন কারা ঘুম মাঠে হাহাকারে কাঁদে
ভবিষ্যৎ দিনরাত্রি আলেয়ার আলোর আড়ালে
পাতা করলে
ভূমিকম্পে
কেঁপে ওঠে
অরণ্যের রাত।

ঘরে ঘরে আজ তাই ঘুনের প্রাচীন গন্ধ
অতীতের দীর্ঘশ্বাসে দোলে
দেউটি ঘুড়ে তীব্র অন্ধকার
সমস্ত প্রদীপগুলো একে একে নিভে যা
নিভে যাচ্ছে
ঘুরন্ত হাওয়ায়
সকালের হরবোলা এখন নির্ঘর দেহে
খাঁচার ভিতরে
পড়ে আছে।

শুনি এক ফৌজ

শান্তিকুমার ঘোষ

শুনি এক ফৌজ আক্রমণ করে যেন
কাঁপ-দিই ঘ-পড়া অশ্বগুলি, উচ্চ নাদ, মুখ থেকে ফেনা
পিছে তার কালো বর্মে উদ্ধত দাঁড়িয়ে রক্ত রথী
লাগাম অবজ্ঞা ক'রে, নিয়ে আন্দোলিত কশা

তারা যুদ্ধের আহ্বান হাঁকে রাত্রির গহনে
নিদ্রায় গোঙাই আমি, শুনি দূরে কোথা বেগে পাক খায় হাসি
তারা ঘুঁড়ে চলে হৃদয়ের বিষাদ
যা মেরে' হৃদয়ে এই—যেন তা নেহাই

আসে তারা বিজয় উল্লাসে হাঁকা দিয়ে দীর্ঘ কেশদাম
তারা সিন্ধু থেকে উঠে আসে, রব তুলে যেতে যায় ভূমিময়
হে হৃদয়, নেই জান কোনো যা দ্বারে তোমার ঠেকাতে হতাশা ?

অকস্মাৎ/ঈ

বেলাল চৌধুরী

যোদ্ধার কোন শত্রু নেই বলে, আমি
কেটে দিলুম আমার জিভটা
কালার সঙ্গে তাকে বিবাদ হয় না
জেনে, আমার কান দুটোতে ঢেলে দিলুম তপ্ত সীসে

অন্ধের কিবা দিন কিবা রাত্রি
তবে উপড়ে দিলুম চোখের মণি দুটো
কিন্তু দেখি হায় কী কপাল
সবই কেমন কাকতালীয়

যোদ্ধারও শত্রু মেলাই আছে
কালার সঙ্গে ঝগড়া করতে লোক লাগে বেশীই
আর অন্ধ হেঁজিপেজি সে তো ভারী বেচারা
ওৎ পেতে আছে লক্ষজন
বাগিয়ে নিয়ে তার যষ্টিটি

আমাকে উদাসীন হতে বলো না

ফিরোজ চৌধুরী

শব শব গুলোকটা হত্যাকাণ্ডের পর আমি খানিকটা স্তিমিত হয়েছি বটে
তবে এমন কিছু পালটাইনি যাতে বিনিময়ে
দু'বাহু প্রসারিত করে বলা যায়—এই তো আমি :
আমার আরো কিছু সময় দাও
কিন্তু উদাসীন হতে বোলো না।

স্মৃতিরা চোখের ওপর সারাক্ষণ সঙ্কেত মেঘের মতন ভাসছে
শব শব ছবি—ছবির পর ছবি
চারদিক ওভারলীফ লীওরা ছাড়িয়ে যেন দ্বিতীয় জগৎ নেই
প্রতিটি কথা এখন লঘুছন্দে নেচে ওঠে
প্রতিটি মুহূর্ত কী ভয়ানক শরীরী
চিঠির বাক্সে হাত রেখে ফেলে উঠি
প্রতিকৃতির দিকে বেশীক্ষণ তাকাতে পারি না
আমার এত সব ছিল কোথায়!

সময়ের সাথে পাল্লা দিতে
আমি
পরাজিত নায়ক হতে চাই
আমাকে উদাসীন হতে বোলো না।

স্কেচ : রথীন মণ্ডল

মাতৃমন্দির পুণ্য অঙ্গন করো মহোজ্জ্বল আজ হে

কলকাতা মেলা ১৯৬৯ ১৫-২৩ অক্টোবর

মিলনের সুরই বাঙালীর শারদীয় উৎসবের মর্মবাণী। সেদিন ভাইয়ের সঙ্গে মিল হয় ভাইয়ের; মুছে যায় ধর্ম-বর্ণ-সম্প্রদায়ের ভেদ।

এবারে পূজার সময় আমরা মহোৎসবের আয়োজন করেছি কলকাতায়, ভারত-বর্ষের মহোত্তম মিলন-কেন্দ্রে। বাঙালীর সমাজ সংস্কৃতির পরিচয় দান এ-উৎসবের লক্ষ্য। বাংলা দেশের সঙ্গীত, নৃত্যনাট্য, যাত্রা, চিত্রকলা, চলচ্চিত্রের বিচিত্র অর্ঘ্যে সাজানো হয়েছে অনুষ্ঠান-সূচী। বিদেশ থেকে এবং ভারতের নানান রাজ্য থেকে যাত্রীরা আসবেন কলকাতা-মেলায় যোগ দিতে।

ভিনদেশী বন্ধুদের স্বাগত জানান। সপরিবারে ও সবান্ধবে আপনিও যোগ দিন এই সর্বজনীন মিলনোৎসবে।

বিশদ নির্দেশনার জন্য যোগাযোগ করুন

ট্যুরিস্ট ব্যুরো
পশ্চিমবঙ্গ সরকার
৩/২ ডালহৌসী স্কোয়ার (ঈস্ট) কলিকাতা-১
ফোন:২৩-৮২৭১ গ্রাম:'TRAVELTIPS'

IPC-TB-920BEN

আন্তর্জাতিক
অর্থ-সঙ্কট !
ইন্দিরা
ভারতে নকশালের
সাংঘাতিক
বাংলাদেশে
পূজার ঢক্কানিনি

১৯-- সালে কি রুশচীন যুদ্ধ বাধবে ?

নিত্যপ্রিয় ঘোষ



রাশিয়ার সঙ্গে চীনের ক্রমবর্ধমান বিরোধ কি শেষ পর্যন্ত যুদ্ধের পর্যায়ে পৌঁছিবে, অথবা যদি রুশচীন যুদ্ধ বাধে তাহলে সেই যুদ্ধের দিন কি ঘনিয়ে এসেছে, এই প্রশ্নের সন্তোষজনক উত্তর বোধহয় কেউই প্রত্যাশা করেন না। কিন্তু রুশচীন সঙ্ঘর্ষ শুধু যে মৌখিক তর্ক এবং গালাগালির পর্যায় ছাড়িয়ে উঠেছে, সেবিষয়ে অনেকের নিঃসন্দেহ ধারণা জন্মাচ্ছে। এই দুই কমিউনিস্ট দেশের বিরোধ শুধুই ভাবাদর্শ নিয়ে নয়; শুধুই সীমান্তসংঘর্ষ নিয়ে নয়; শুধুই পৃথিবীময় প্রভাব বিস্তারের চেষ্টা নিয়ে নয়, বরং এই সবকটি বিরোধ নিয়ে এবং আরো কিছু। এবিষয়ে স্পষ্ট কোন ধারণার জন্য যুদ্ধ সম্পর্কে রাশিয়ার এবং চীনের বক্তব্য এবং সেই বক্তব্যের পার্থক্য পরিষ্কার জানা উচিত।

যুদ্ধ ও শান্তি

১৯৪৩ সালে আণবিক বোমা বিস্ফোরণের পর যুদ্ধ এবং শান্তি সম্পর্কে রাশিয়ার ধারণা পুরোপুরি পালটে গেছে। এর আগে তার ধারনা কী ছিল তা নিয়ে আলোচনা না করে বরং তার পর ধারনাটি কী হয়েছে সেবিষয়ে আলোচনা করাই বোধহয় আজের হবে। রাশিয়ার বর্তমান ধারণা হল এই :

(১) পৃথিবীর সভ্যতা এবং আজিত মানুষকে বাঁচাতে হলে, বিশেষ করে সমাজতন্ত্র গড়ে তুলতে হলে শান্তি অত্যাবশ্যক।

(২) শান্তির জন্য সমাজতান্ত্রিক ও অসমাজতান্ত্রিক রাষ্ট্রের মধ্যে শান্তিপূর্ণ সহাবস্থান প্রয়োজন। অবশ্য ভাবাদর্শের লড়াই চলতে পারে। জাতীয় মুক্তির লড়াইও চলতে পারে। অভ্যন্তরীণ উপায়ে বিপ্লব সংঘটিত হলে ভালোই।

(৩) যুদ্ধ না হলে, সমাজতান্ত্রিক ও ধনতান্ত্রিক সমাজব্যবস্থার মধ্যে শান্তিপূর্ণ প্রতিযোগিতা চলবে। এবং যেহেতু সমাজতান্ত্রিক ব্যবস্থা উন্নত ধরণের সেই হেতু ধনতান্ত্রিক ব্যবস্থার ধ্বংস ঘটবে।

(৪) ধনতন্ত্র থেকে সমাজতন্ত্রে উত্তরণের জন্য যুদ্ধ থেকে শান্তিপূর্ণ উপায় অনেক শ্রেয়। শান্তিপূর্ণ সহাবস্থান এবং প্রতিযোগীতার ফলে এটা এখন সম্ভবও বটে। রাশিয়া বিশ্বাস করে বটে যে সশস্ত্র বিপ্লব হতে বর্তমান বিশ্বেও সম্ভব, কিন্তু বুর্জোয়া এবং ঔপনিবেশিকেরা যদি সমাজবাদীদের সশস্ত্র সংগ্রামে নামতে বাধ্য করে তাহলেই সশস্ত্র বিপ্লব করা উচিত। কিন্তু শান্তিপূর্ণ উত্তরণ যদি সম্ভব হয়, তাহলে তা-ই কাম্য।

রাশিয়ার এই বক্তব্য, বিপ্লবের চাইতে শান্তি ভালো, চীনের মতে অমার্কসীয়। যুদ্ধ যে অবশ্যম্ভাবী এটা চীনও বিশ্বাস করে না, এমন কি সাম্রাজ্যবাদীদের সঙ্গে সমাজবাদীরা মুখোমুখি দাঁড়ালেও, যুদ্ধ হবে না। তার কারণ চীন মনে করে সাম্রাজ্যবাদীরা আসলে কাগুজে বাঘ, বাহ্যাড়ম্বর যতই থাক তার কোন শক্তিই নেই। আর যুদ্ধ যদি বাধেই তাহলেও সমাজবাদীর জয় অবশ্যম্ভাবী। সাম্রাজ্যবাদীদের আছে আণবিক বোমা, কিন্তু সমাজবাদীদের আছে আদর্শ এবং আদর্শের জন্য লড়াইয়ের প্রেরণা, যা আণবিক বোমার চাইতে অনেক বেশী শক্তিশালী।

যুদ্ধ সম্পর্কে চীনের এই ধারণা, রাশিয়ার মতে, সম্পূর্ণ অবাস্তব। যুদ্ধ বাধলে শুধু আদর্শের প্রেরণা বাস্তব অবস্থাকে অতিক্রম করতে পারে, এটা সে বিশ্বাস করে না। বাস্তব অবস্থাটা কী ? সেটা হল আমেরিকার প্রচণ্ড সামরিক শক্তি। তাকে কাগুজে বাঘ মনে করা নেহাৎই বালোচিত। দ্বিতীয়ত, যুদ্ধ যদি বাধে তাহলে চীনের ধারণা, সেই যুদ্ধ অনেকদিন চলবে এবং সমরের সঙ্গে সঙ্গে দুর্বলতর শক্তিগুলো ক্রমশই সবল হয়ে উঠবে এবং সবল শক্তির জয় হতে হতে ক্ষয় হয়ে যাবে। এই ধারণার জন্য অ্যাটমাইজেশনের দিকটিকে রাশিয়া সম্পূর্ণ ভ্রান্ত করে, তার ধারণা, অ্যাটমাইজেশনের ফলে দুর্বল শক্তি দুর্বলতর হতে হতে সম্পূর্ণ নিস্তেজ হয়ে পড়ে, সবল আরো সবল হয়ে ওঠে।

লোকসংখ্যাকে চীন একটি বিরাট অস্ত্র মনে করে। কিন্তু রাশিয়া মনে করে, লোকসংখ্যা কোন অস্ত্রই নয় যদি না তার সঙ্গে সামরিক অস্ত্র এবং সেই যুদ্ধকে চালানোর মতো অর্থনৈতিক শক্তি না থাকে। ব্রিটেন মুষ্টিমেয় জনবল নিয়ে ভারতবর্ষ জয় করেছিল। ১৮৯৪ সালে জাপান চীনকে দমন করেছিল, সুতরাং জনবল কোন বলই নয়। চীন যে বলে ১৯৪৩ সালে জনবলের দাপাদাপি চীন জাপানকে পর্যুদস্ত করেছিল, তা সম্পূর্ণ ভ্রান্ত। জাপান সে সময় যদি প্রশান্ত মহাসাগরে নানা জায়গায় আটকে না পড়ত যদি না আমেরিকা যুদ্ধে না নামত, যদি না রাশিয়া উত্তর ও উত্তরপূর্ব চীনে জাপানী সৈন্যবাহিনী ধ্বংস করে না দিত, তাহলে তার অগণিত লোক নিয়েও চীন আবার

জাপানের কাছে ধরাশায়ী হত। সুতরাং মাও সে তুঙ কথিত 'জনবলই একমাত্র বল' নেহাৎই চপলতা।

দ্বিতীয় মহাযুদ্ধ পরবর্তী বিশ্বে রাজনৈতিক সামরিক স্ট্র্যাটেজি নির্ধারণ করার জন্য সবচাইতে গুরুত্বপূর্ণ কথা হচ্ছে, কীভাবে আণবিক যুদ্ধ এড়ানো যায়—এই হল রাশিয়ার মূল বক্তব্য। চীন বলে রাশিয়া এখন মার্কসবিরোধী তত্ত্বে বিশ্বাস করে। কেননা যুদ্ধের ফলে ধ্বংস কতটা হবে তাই দিয়েই সে যুদ্ধের প্রকৃতি বিচার করে, যুদ্ধের অপরিহার্যতা স্বীকার করে না। মার্কসীয় দৃষ্টিভঙ্গি হল যুদ্ধকে বিচার করা তার শ্রেণীচরিত্র দিয়ে। যুদ্ধ ছাড়া সাম্রাজ্যবাদ ধ্বংস করা যাবে না। এই মূল মার্কসবাদকে অস্বীকার করা অর্থ মার্কসকে অস্বীকার করা। রাশিয়া বলে, আণবিক যুদ্ধের পরিণাম কী হতে পারে তা দিয়েই বিচার করতে হবে যুদ্ধের শ্রেণীচরিত্র। যেহেতু যুদ্ধের ফলে সমাজবাদী রাষ্ট্রের ধ্বংসের সম্ভাবনা। সুতরাং যুদ্ধকে এড়ানোই একমাত্র মার্কসবাদী কর্তব্য। যুদ্ধের জন্য সদা প্রস্তুতি এখনই দরকার এই চীনা তাদ্বকে রাশিয়া আত্মঘাতী মনে করে। মাওসেতুঙ যে বলেছিলেন, আণবিক যুদ্ধ হলে জগতের অর্ধেক লোক মারা যায় যাক, বাকি অর্ধেক সমাজবাদে উত্তীর্ণ হবে। এই আশাকে রাশিয়া নেহাতই অবিমৃষ্টকারিতা বলে বিবেচনা করে।

রাশিয়ার ধারণা ধনতন্ত্রবিরোধী সংগ্রামের কেন্দ্রবিন্দু অর্থনৈতিক প্রতিযোগিতা। চীনের ধারণা, জাতীয় মুক্তির সংগ্রাম। চীনের আরো ধারণা, দেশে দেশে জাতীয় মুক্তির যুদ্ধ সর্বত্র ছড়িয়ে দেওয়া উচিত। রাশিয়ার ধারণা, সমস্ত দেশে জাতীয় মুক্তির যুদ্ধ শুরু এখনই সম্ভব নয়। যেখানে যেখানে যুদ্ধ করা উচিত এবং সেখানেও যদি শান্তিপূর্ণ উপায়ে বিপ্লব সম্ভব হয় তাহলে সেটাই শ্রেয়।

চীন ও রাশিয়া মোটের উপর যুদ্ধ ও শান্তি বিষয়ে সম্পূর্ণ ভিন্ন মত পোষণ করে। চীনের ধারণা আমেরিকার আণবিক যুদ্ধের ভয়ে রাশিয়া ধনতন্ত্রের কাছে সম্পূর্ণ নতিস্বীকার করেছে। শান্তিপূর্ণ সহাবস্থান, অর্থনৈতিক প্রতিযোগিতা করে ধনতন্ত্রের ধ্বংস সম্ভব নয়। রাশিয়ার ধারণা, চীন পেতি-বুর্জোয়া মনোভাবে ভোগে। তার নেতারা সবাই অ্যাডভেঞ্চারিস্ট। চীনের যুদ্ধ সম্পর্কীয় মূল বক্তব্য সম্পর্কে রাশিয়ার বক্তব্য :

(১) যুদ্ধবিজ্ঞান সম্পর্কে চীনের বক্তব্য সম্পূর্ণই অ্যাডভেঞ্চারিজম্,

(২) ধনতান্ত্রিক রাষ্ট্রগুলো যে তাগুজে বাঘ, এই ধারণা যুক্তিপ্রমাণিত নয়, সম্পূর্ণ ভ্রান্ত,

(৩) দীর্ঘদিন সামরিক যুদ্ধ চললে তার পরিণতি সমাজতন্ত্রের পরাজয়,

(৪) যুদ্ধ সম্পর্কে চীনা তাত্ত্বগ্রহণ করলে জনসাধারণের দুর্গতির সীমা থাকবে না,

(৫) পারমাণবিক যুদ্ধের পর শুধু চীনারাই বেঁচে থাকবে। এই আশা চীনের রাজাত্যাহংকার ছাড়া আর কিছু না। চীনের এই গর্ব অতীতাশ্রয়ী, ভবিষ্যৎনির্ভর নয়।

(৬) চীনারা যে শুধু অমার্কসীয় দর্শনে বিশ্বাস করে তাই নয়, তারা জানেও যে তারা অমার্কসীয় তত্ত্বে বিশ্বাস করে। সংখ্যা এবং আদর্শ বর্জে, অর্থ নৈতিক বাস্তব অবস্থাটা কিছু নয়, চীনের এই ধারণা সম্পূর্ণ মার্কসবিরোধী।

সোভিয়েট সামরিক পত্রিকায় সালে এই জন্যই লেখা হয়েছিল,

"The Chinese theoreticians seperate war a form of extreme violence from its material base and convert it into exclusively an act of will. Engels wrote that violence is not a simple act of will but demands very real pre-requisites for its accomplishment, especially certain well-known tools, of which the more advanced hold an advantage over the less advanced and further that these tools must be produced."

পারমাণবিক তর্ক

যুদ্ধতত্ত্ব বিষয়ে, বিশেষ করে সংখ্যা

বনাম অর্থনৈতিক শক্তি, আদর্শ বনাম বাস্তব অবস্থা এই তর্কে, সোভিয়েট চুক্তি অনেক বিশ্বাসযোগ্য হলেও, আন্তর্জাতিক ঘটনাতে অবশ্য সোভিয়েট রাশিয়া চীনের কাছে পদে পদে বেকায়দায় পড়েছে। কিউবার ঘটনা, ইউরোপে ঠাণ্ডা যুদ্ধের অবসান ঘটিয়ে রাশিয়া আমেরিকার কাছে নতি স্বীকার করছে, সাম্রাজ্যবাদীদের সঙ্গে হাত মেলাচ্ছে, এই ধারণা নিতান্ত ভুল নয়। রাশিয়ার নেতাদের অবশ্য 'মহাবস্থান'এর তত্ত্ব আছে। কিন্তু পারমাণবিক অস্ত্র নিরোধ চুক্তি বিষয়ে রাশিয়া একেবারেই স্বার্থপরের মতো কাজ করেছে এটা অমূলক সন্দেহ নয়। যুক্তি এবং ব্যবহারে, রাশিয়া অনুমোদিত পারমাণবিক পরীক্ষা বর্জন ব্যবস্থা কোনমতেই সমর্থনযোগ্য নয়, সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করলে। এবিষয়ে চীনের ধারণা কী ?

চীন বলে, পারমাণবিক যুদ্ধ কাম্য নয়, এটা ঠিকই। এবং রাশিয়া যে বলে চীন পারমাণবিক যুদ্ধ চায়, তার চাইতে ভুল ধারণা আর কিছু নেই। কিন্তু চীন বিশ্বাস করে, পারমাণবিক যুদ্ধ ছাড়া বাঁচার আর কোন গতি নেই, তাকে বাঁচতে হলে পারমাণবিক যুদ্ধ করতেই হবে, এবং সেই যুদ্ধ হলে মানুষজাতি নিশ্চিহ্ন হবে না, বরং নিশ্চিহ্ন হবে ধনতন্ত্র সমাজব্যবস্থা। কিন্তু যেহেতু পারমাণবিক যুদ্ধ ঘটবেই সেই হেতু, সমাজতান্ত্রিক পারমাণবিক অস্ত্র নিয়ে তৈরি থাকা উচিত। তাহলেই ধনতান্ত্রিক রাষ্ট্রগুলো এই অস্ত্র ব্যবহার করতে সুযোগ পাবে না, তাদের শক্তি কাগুজে বাঘে পরিণত হবে।

কিন্তু পারমাণবিক পরীক্ষা বর্জন চুক্তি করে রাশিয়া চাইছে, কেবলমাত্র রাশিয়া আর আমেরিকারই পারমাণবিক অস্ত্র থাকুক। বাকি সব রাষ্ট্র তা হলে হয় রাশিয়া বা আমেরিকার তাঁবেদার হয়ে পড়বে। যদি সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলির শক্তিবৃদ্ধিই রাশিয়ার কাম্য হয় তাহলে পরীক্ষা বর্জন চুক্তি সই করতে বাধ্য করে তাদের পারমাণবিক বোমা বানাতে নিরস্ত করা হচ্ছে কেন? আর এই চুক্তিতে যেহেতু মাটির নিচে পরীক্ষা বর্জিত নয়- তার ফলে আমেরিকার পারমাণবিক শক্তিবৃদ্ধি থামার কোন সম্ভাবনাই নেই, সুতরাং সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলির পারমাণবিক ভীতি আরো বেড়ে যাবে! কোন্ যুক্তিতে রাশিয়া বলছে যে কেবল রাশিয়াই যাবতীয় সমাজতান্ত্রিক রাষ্ট্রের হয়ে পারমাণবিক অস্ত্র বানাবে? প্রকারান্তরে, রাশিয়া কি আমেরিকার মতোই সাম্রাজ্যবাদী হয়ে উঠছে না? সমস্ত পৃথিবীকে দুই ভাগে ভাগ করেই রাশিয়া আর আমেরিকা নিজেদের মধ্যে ভাগবাঁটোয়ারা করে নিচ্ছে না? পারমাণবিক চুক্তি রুশচীন সম্পর্ককে সম্ভবত সবচাইতে বিষাক্ত করে তোলে।

উত্তরী রণাঙ্গনে যুদ্ধে ব্যস্ত সৈন্যের পরাজয়

সীমান্ত সংঘর্ষ

রাশিয়ার সঙ্গে চীনের সীমান্তরেখা প্রায় চার হাজার মাইলের উপর। পৃথিবীতে এত বড়ো সীমান্ত রেখা, দুইদেশের মধ্যে, আর কোথাওও নেই। এর উৎপত্তি হয়েছিল যখন অষ্টাদশ ও ঊনবিংশ শতাব্দীতে রাশিয়ার জারেরা মধ্য এশিয়া দখল করে, সাইবেরিয়া দখল করে প্রশান্ত মহাসাগর পর্যন্ত রাশিয়ার সীমা বিস্তৃত করে। এর অনেকটাই চীনের মাঞ্চু সাম্রাজ্য থেকে ছিনিয়ে নেওয়া। এই বিস্তৃত সীমারেখা অবশ্যই বেশির ভাগ স্থানে অস্পষ্ট, ফলে সংঘর্ষের কারণ। যতদিন পর্যন্ত সোভিয়েট রাশিয়া এবং ধনতান্ত্রিক চীনের মধ্যে সদ্ভাব ছিল ততদিন পর্যন্ত এই অস্পষ্ট বিস্তীর্ণ সীমারেখা নিয়ে কোন গুরু সংঘর্ষের সূত্রপাত হয় নি। ভাবাদর্শগত বিরোধ প্রসারের সঙ্গে সঙ্গে সীমান্ত সংঘর্ষের চেহারাও ক্রমশ পালটে যাচ্ছে। তার ফল বর্তমান বিষময় রুশচীন সম্পর্ক। উসুরী নদীতে চেনপাও দ্বীপ নিয়ে মার্চমাসে যে সঙ্ঘর্ষ তা আর শুধু সীমান্ত সংঘর্ষ বলে উড়িয়ে দেওয়া যায় না। সবচাইতে বিপজ্জনক পরিস্থিতি এই জন্যই উদ্ভূত হয়েছে যে চেনপাও দ্বীপ নিয়ে কোনো অস্পষ্টতা বা বিবাদ আগে ছিল না। চেনপাও দ্বীপ সম্পর্কে রাশিয়া কোন ম্যাপ বহির্জগতে প্রকাশ করেনি, করেছে চীন। সেই ম্যাপে চীন উসুরি নদীর উপর বেশ কয়েকটি দ্বীপ রাশিয়ার অন্তর্গত বলে স্বীকার করে নিয়েছে, কিন্তু চেনপাওকে দেখিয়েছে চীনের বলে। শুধু তাই নয়, চীন একথাও বলছে যে, ১৯৬৪ সালে রুশচীন সীমান্ত আলোচনার সময় রাশিয়া চেনপাও যে চীনের তথা স্বীকার করে নিয়েছিল। কিন্তু ১৯৬৯ সালে চেনপাও আক্রমণ করে রাশিয়া পূর্ব শর্ত লঙ্ঘন করেছে।

উসুরি নদীর উপর সীমান্ত নির্ধারিত হয়েছিল ১৮৬০ সালে। পিকিঙ চুক্তি অনুযায়ী জারের রাশিয়া সে সময় চীনের উপর খবরদারি করে এই চুক্তির শর্ত ঠিক করে। দুবছর আগেকার চীনরুশ আইগুন চুক্তি বিষয়ে রাশিয়ার আপত্তি হয়ং মার্কস বলেছিলেন, "ইংরেজদের দয়ায়, প্রথম আফিঙ যুদ্ধের ফলে, রাশিয়ার হাতে এই চুক্তি আসে যার ফলে আমুর নদীতে রাশিয়া নৌবহর চালানোর সুবিধা পায়। তাছাড়া আরো পায়, চীনে বাণিজ্য করার অবাধ সুযোগ। দ্বিতীয় আফিঙ যুদ্ধের ফলে রাশিয়া আরো পেল টাটারি গালফ থেকে বৈকাল হ্রদ পর্যন্ত বিস্তীর্ণ এলাকা। এই

পার্টিয়েরের এলা পরেও চীনা বাহিনী

এলাকার উপর সবচেয়ে জারেরই দীর্ঘদিনের লোভ ছিল।"

১৮৫৮ সালের আইগুন চুক্তি অনুসারে উসুরি নদীর পূর্বদিকের অঞ্চল রাশিয়া ও চীনের যৌথ কর্তৃত্বে থাকবে স্থির হয়। যতদিন না পর্যন্ত এর সীমা রেখা নির্ধারিত না হয়। দুবছর পর রাশিয়া জোর করে ঐ অঞ্চল দখল করে নেয়। আরও নেয় আমুর নদীর উত্তর তীরের কিছু অঞ্চল। এই জোর করে নেওয়া জমির পরিমাণ প্রায় চার লক্ষ বর্গ মাইল। ব্রিটিশ সাম্রাজ্যবাদীর এক চূড়ামণি লর্ড কার্জন রাশিয়ার এই কৃতিত্বে ঈর্ষান্বিত হয়ে বলেছিলেন, এত সস্তায় এতবড়ো ডোমিনিয়ন পাওয়া ভাগ্যের কথা। ১৮৫৯ সালেই, অর্থাৎ পিকিঙ চুক্তি সম্পাদিত হওয়ার আগেই, রাশিয়ার সৈন্যরা একটি চীনা বন্দর দখল করে নিয়ে তার নাম দেয় ভ্লাডিভোস্টক যার অর্থ, পূর্বদিকের প্রভু। বর্তমানে রাশিয়ার নেতারা যখন ভ্লাডিভোস্টককে তাঁদের পবিত্র সীমারেখা বলে দাবি করেন তখন তাঁরা নিশ্চয়ই ১৮৫৮-৬০ সালের জারদের অসৎ কর্মের কথা মনে করে বলেন না।

১৯১৭ সালে বিপ্লবের পর অবশ্য সোভিয়েট নেতারা বারবার বলেছিলেন তাঁরা জারের উত্তরাধিকারী নন, তাঁরা জারের অন্যায়ের সংশোধন করবেন। তাঁরাই চুক্তির অন্যায় শর্তগুলি জেনে চীনের জনসাধারণ যখন হতবাক, কেননা চীন সেই যুদ্ধের অংশীদার না হলেও, চীনেরই অংশ দানটুক প্রদেশ মিত্র জাপানকে দিয়ে দিল মিত্র শক্তিরা, তখন ১৯১৭ সালের বিপ্লবী নেতাদের আশ্বাস পেয়ে তাঁরা আশ্বস্ত হলেন, বহুদিনের অন্যায় এবার দূর হবে।

১৯১৮ সালে রুশচীন ধসড়া মৈত্রচুক্তি তৈরি হল, তাতে বলা হল।

"The Government of the Russian Socialist federated Soviet Republic declares null and void all the treaties concluded with China by the former governments of Russia, renounces all seijures of chinese Icritory and all Russian concessions in china, and restores to china, without any compensation and forever, all that had been predatonily seized from her by the Tsarist Government and the Russian bonrgeoisie."

আশ্চর্যের বিষয়, সোভিয়েট নেতাদের এই আশ্বাস শেষ পর্যন্ত কাজে পরিণত হয় নি, সীমান্ত রেখাও নতুন করে নির্ধারিত হয় নি। ১৯৪৯ সালে গণতান্ত্রিক চীন প্রতিষ্ঠিত হবার পরও নয়। তারপর থেকে এ বিষয়ে চীনের নেতৃবৃন্দ দাবি করছেন: ইতিহাসের উত্তরাধিকার হিসেবে যে সীমান্ত সমস্যা চীন ও রাশিয়াকে বিব্রত করছে, তার মীমাংসা আলোচনার মাধ্যমেই করতে হবে, যতদিন তা মীমাংসা না হয়, ততদিন স্থিতাবস্থা চালু থাক।

চীনের অভিযোগ, চীনের এই যৌক্তিক দাবি রাশিয়া কখনোই মানে নি। রাশিয়া বার বার চীনের ভূমি দখল করেছে, সশস্ত্র প্ররোচনার সৃষ্টি করেছে। লোক হত্যা করেছে। প্রমাণ, চেনপাও দ্বীপ। ১৯৬৭ থেকে ১৯৬৯-এর মধ্যে রাশিয়ার সৈন্য ষোলবার চেনপাও দ্বীপ আক্রমণ করেছে, সীমান্ত চৈনিক সৈন্যদের আহত করেছে এবং চীনের অস্ত্রশস্ত্র লুঠ করেছে। পক্ষান্তরে রাশিয়াও বরাবর সীমান্ত চীনের প্ররোচনামূলক কাজের অভিযোগ করেছে। কিন্তু চীন কোথায় কেবে কীভাবে সীমান্ত সংঘর্ষে লিপ্ত হচ্ছে তার কোন স্পষ্ট প্রমাণ দাখিল করছে না। চেনপাও দ্বীপ অবশ্য বৈদেশিক নিরপেক্ষ এমন কি ধনতান্ত্রিক জাপানেরও সাংবাদিকেরা গিয়ে স্পষ্টতই রাশিয়াকে দোষী সাব্যস্ত করেছেন। সীমান্ত সংঘর্ষে চীন যে দোষী সে কথা স্বীকার করতে বুডাপেস্ট ও মস্কো কমিউনিস্ট শীর্ষ সম্মেলনের কমিউনিস্ট নেতারাও রাজি হন নি।

সীমান্ত সম্পর্কে রাশিয়ার একটি বক্তব্য অবশ্যই যুক্তিপূর্ণ। রাশিয়ার বর্তমান সীমারেখা সবটাই সোভিয়েট রাশিয়া কর্তৃক নির্ধারিত হয় নি, হয়েছে ইতিহাস কর্তৃক, যার বেশির ভাগের জন্যই দায়ি পূর্বতন জারেরা। তেমনি চীনের বর্তমান সীমান্ত নির্ধারিত হয়েছিল চীনের পূর্বতন জন্মী সাম্রাজ্যবাদীদের দ্বারা। যেমন রাশিয়া, তেমন চীন, উভয় দেশেরই পূর্ব প্রভুরা অন্যায়ভাবে তাঁদের দেশসীমা আপন ইচ্ছায় বাড়িয়ে গিয়েছিলেন। সুতরাং রাশিয়া চীনের কোন অংশ কার হওয়া উচিত তা বর্তমান সীমা দিয়ে বোঝা উচিত নয়। একথা চীনও স্বীকার করে। চীন সেজন্যই রাশিয়া-অধিকৃত চীনের সমস্ত অংশই দাবী করছে না। চীনের দাবি, রাশিয়া শুধু একথা স্বীকার করুক যে,

চীনের সঙ্গে রাশিয়া ১৯১৭ সালের আগে পর্যন্ত যে-সব চুক্তি করেছিল, তা জোর করে করেছিল। এই সব চুক্তি যে অন্যায় ভাবে হয়েছিল তা ১৯১৭ সালের বিপ্লবী সোভিয়েট নেতারা স্বীকার করেছিলেন। সেকথা স্মরণ করে আলাপ-আলোচক সুরু হোক। চীনের এই দাবি অন্যায় তা কেউই বলেন না, রাশিয়াও না। কিন্তু রাশিয়া এই দাবি কাজে পরিণত করছে না।

এশীয় নিরাপত্তা চুক্তি

আফগানিস্থান থেকে জাপান পর্যন্ত বিস্তীর্ণ এলাকা নিয়ে ব্রেজনেভ যে এশীয় নিরাপত্তা চুক্তির প্রস্তাব করেছেন, তাতে চীন সোভিয়েট সাম্রাজ্যবাদের স্বরূপ উদ্‌ঘাটিত হতে দেখছে। এবং এই চুক্তির কল্পনা যে হঠাৎ একদিনে গজিয়ে ওঠেনি, বরং গত দশ বছর ধরে সোভিয়েট নেতারা যে-ভাবে এগুচ্ছেন তারই পরিণতি, এ বিষয়ে চীনের বিন্দুমাত্র সন্দেহ নাই। বিপ্লবাত্মক জনযুদ্ধের পরিবর্তে নিরপেক্ষ বুর্জোয়াদের সঙ্গে হাত মেলানোর চেষ্টা সুরু করে রাশিয়া দশ বছর বা তারো আগে। ভারতবর্ষের মত প্রধান প্রধান দেশীয় এবং বৈদিশিক নীতির প্রতি রাশিয়া সমর্থন জানিয়ে এসেছে, নেহেরুকে এবং নেহেরুর কংগ্রেসকে রাশিয়া বরাবরই অভিনন্দিত করেছে, এবং নেহরু যে গণতন্ত্রবিরোধী নেতা হিসেবে কাজ করছেন সে বিষয়ে রাশিয়ার কোন সন্দেহ ছিল না। নিরপেক্ষ রাষ্ট্রগুলোর সঙ্গে রাশিয়ার দহরম-মহরম এমন পর্যায়ে ওঠে যে ১৯৫৮ সালে ক্রুশ্চভ যে উচ্চপর্যায়ের বৈঠক ডাকার কল্পনা করেছিলেন তাতে ভারতবর্ষকে গ্রহণ করলেও চীনকে বাদ দিয়েছিলেন। চীনের সঙ্গে ভারতবর্ষের সংঘর্ষে রাশিয়া ভারতবর্ষকে সমর্থন জানিয়ে ভারতবর্ষের সমরসজ্জার জন্য প্রভূত পরিমাণে অর্থসাহায্য করেছিল। চীনের পক্ষে রাশিয়ার ওই আচরণ ভুলে যাবার কথা নয়।

চীনের বদ্ধমূল ধারণা এশীয় নিরাপত্তা চুক্তির উদ্দেশ্য চীনকে ঘিরে ফেলা ছাড়া আর কিছু নয়। ভারতবর্ষে সোভিয়েট প্রভাব এখন সুদূর প্রসারী। এরই সঙ্গে রাশিয়া চেষ্টা করছে দক্ষিণ পূর্ব এশিয়ার অন্যান্য দেশে প্রভাব বিস্তার করতে। বর্মা, থাইল্যাণ্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ফিলিপিন, দক্ষিণ কোরিয়া জয়েন্তাজার রাশিয়ার কূটনীতিকেরা এখন অত্যন্ত তৎপর। জাপানে রাশিয়ার প্রভাব বিস্তৃত হলেই এই বিশাল অঞ্চল রাশিয়ার কুক্ষিগত হবে। সাইবেরিয়ার প্রাকৃতিক সম্পদ ব্যবহার করার লোভ দেখিয়ে রাশিয়া বর্তমানে জাপানের সঙ্গে যে অর্থনৈতিক সহযোগিতা করছে, তা থেকেই রাশিয়ার উদ্দেশ্য সাধিত হচ্ছে, অনুমান করা যায়। চীনের সন্দেহ, রাশিয়ার কুক্ষিগত এই বিস্তীর্ণ এলাকায় ভারতীয় জনসাধারণকে রাশিয়া ব্যবহার করবে

কাকিটের ভূমধ্যস্থ ঘাটিতে উদ্যত ক্ষেপণাস্ত্র

কাজানের গোলন্দাজ হিসেবে আর জাপান গোলাবারুদ হিসেবে সামরিক প্রয়োজনবিদ্ধ।

এশীয় নিরাপত্তা চুক্তি সম্পাদন করতে রাশিয়ার সম্মান বহুগুণে বেড়ে যাবে। বুডাপেস্ট এবং মস্কো কমিউনিষ্ট শীর্ষ সম্মেলনে রাশিয়ার উদ্দেশ্য ব্যর্থ হয়েছে, পৃথিবীর সমাজতান্ত্রিক শক্তিগুলোর পূর্ণ সমর্থন সে পায় নি সেখানে! চেকোস্লোভাকিয়ায় রাশিয়ার উপস্থিতি পৃথিবীবাসীর কাছে তাকে হেয় করেছে। সুতরাং এশীয় নিরপত্তা চুক্তি করতে পারলে রাশিয়া তার হৃত সম্মান পুনরুদ্ধার করা সম্ভব হবে, এই রাশিয়ার বিশ্বাস।

এশীয় নিরাপত্তা চুক্তি ফ্রান্সের সামরিক চুক্তি হলেও তাকেও অর্থনৈতিক সহযোগিতার ছত্রছায়ে ঢেকবার প্রাণপণ চেষ্টা করেছে রাশিয়া। পূর্ব ইউরোপে কমোকোনের আকালে রাশিয়া যে পূর্ব ইউরোপকে সম্পূর্ণভাবেই করতলগত করেছে—রাজনৈতিক, অর্থনৈতিক, সামরিক সব দিকেই—সে বিষয়ে আজ আর কোন সন্দেহ নেই। কমেনকে যে ভাবে পূর্ব ইউরোপকে রাশিয়ার তাঁবেদার করেছে ঠিক সেইভাবেই এশীয় নিরাপত্তা চুক্তি এশিয়াকে তার তাঁবেদার করে তুলবে। শুধু পার্থক্য এই, ইউরোপে রাশিয়াকে আমেরিকার সঙ্গে ভাগ নিতে হচ্ছে, এশিয়ায় রাশিয়া অবিসংবাদী নেতা। শুধু গণ্ডগোল চীন। তাই প্রয়োজন চীনকে ঘিরে ফেলা।

রাশিয়ার এই খেলা নতুন নয়। চেকোস্লোভাকিয়া আক্রমণ করার সময় রাশিয়া তারস্বরে চিৎকার করে সে পশ্চিম জার্মানী চেকোস্লোভাকিয়া আক্রমণ করতে উদ্যত হয়েছে। এখন রাশিয়ার সুর অন্য রকম। কখনও সে বলে চীন আমেরিকার সঙ্গে হাত মেলাচ্ছে, কখনও বলে চীন পশ্চিম জার্মানী, চীন ইংল্যণ্ড ষড়যন্ত্র চলছে। রাশিয়ার ধারণা, এই ধরণের প্রচার রাশিয়াকে কম্যুনিষ্টদের আত্মাভাজন করে তুলবে রাশিয়াই যে কমিউনিজমের ধারক-বাহক সে বিষয়ে কারো কোনো সন্দেহ থাকবে না। দুঃখের বিষয়, রাশিয়ার বহু গোপন কর্ম ফাঁস হয়ে যাওয়ায়, রাশিয়ার উদ্দেশ্য বিষয়ে আর কারো কোনো সংশয় নেই। চেকোস্লোভাকিয়া আক্রমণের পূর্বাহ্নে আমেরিকাকে জানিয়ে দিয়েছিল তার উদ্দেশ্য। এই বছর মার্চমাসে আমুর-উসুরি সংঘর্ষের সময় রাশিয়া চীনকে আলাপ-আলোচনার জন্য যে প্রস্তাব পাঠায়, সেই প্রস্তাবের অনুলিপি আগেই আমেরিকায় পাঠাতে হয়েছিল, যাতে আমেরিকা ভুল না বোঝে। সুতরাং রুশ-মার্কিন সোস্থি সম্পর্কে চীন যদি বিরুপ ধারণা করে, তাহলে সঙ্গতভাবে চীনকে সন্দেহবাতিকগ্রস্ত বলা যায় না।

এশীয় নিরাপত্তা চুক্তির এই ব্যাখ্যা শুধু যে চীন করছে তাই নয় মার্কিন সাংবাদিক জোসিফ অ্যালসবেরিরও একই ধারণা। তিনি অবশ্য রাশিয়ার উদ্দেশ্য সাধিত হবে

বলে মনে করেন না। চীনের প্রস্তাবিত সোভা এবং দাঁতাচোঁ চুক্তিরও উদ্দেশ্য ছিল চীনকে ঠেকিয়ে রাখা। চীনকে ঠেকিয়ে রাখা হয়ে নি, বরং সোভা এবং দাঁতাচোঁট এখন চুরমার। রাশিয়ার এশীয় নিরাপত্তা চুক্তিরও ঠিক তাই দশা হবে বলে ক্রালসবেরির আশঙ্কা। কারণ, এশিয়ার জনসাধারণ গত পনেরো বছরে অনেক বেশি রাজনীতিতে সচেতন হয়ে উঠেছে। ক্রালসবেরি এবিষয়ে বলছেন, 'শুধু মজার কথা এই যে ওয়াশিংটন পনেরো বছর আগে যে-খেলা খেলে বিপর্যস্ত হয়েছে, পনের বছর পর রাশিয়া সেই একই খেলা খেলে জয়ী হবার স্বপ্ন দেখে।

এশীয় নিরাপত্তা চুক্তির উদ্দেশ্য কী, সেবিষয়ে হরত তর্ক আছে। চীন হরত রাশিয়ার সব কাজকেই চীনের স্বার্থবিরোধী বলে মনে করছে। সেটা প্রধান কথা নয়। প্রধান কথা হচ্ছে এশীয় নিরাপত্তা চুক্তির প্রস্তাব রুশচীন সম্পর্কে আরও ঘোলাটে করে তুলেছে। এবং এরমধ্য দিয়ে চীন দেখতে পাচ্ছে সোভিয়েট রাশিয়ার একটি সমাজতান্ত্রিক-সাম্রাজ্যবাদী শক্তি হয়ে উঠার সুস্পষ্ট চিহ্ন। তার বক্তব্য, পুরাতন জারেরা ঠিক যেভাবে সাম্রাজ্যবিস্তার করার প্রয়াসী ছিল, ঠিক সেভাবেই লেলিনের বংশধরেরা সমাজতান্ত্রিক আদর্শ ভুলে গিয়ে সাম্রাজ্যবাদীতে পরিণত হচ্ছে। সাম্রাজ্যবাদীদের বাঁচবার উপায় বৈদেশিক বাজার দখল করা। বলতান্ত্রিক সাম্রাজ্যবাদীদের প্রতিভূ আমেরিকার পতন উদ্‌ঘাটিত হয়েছে ভিয়েতনামে। সুতরাং তাদের কোন সম্ভাবনা নেই এশিয়ার প্রভাববিস্তারে। সেই দায়িত্ব নিয়েছে রাশিয়ার সোস্যাল-ইম্পি-রিয়ালিষ্টরা। উদ্দেশ্য এবং পরিণতি অবশ্য সেই একই সাধারণ জনগণকে শোষণ করা।

এশীয় নিরাপত্তা চুক্তির দর্শ কী আজও জানা যায় নি। এটা সামরিক, অথবা অর্থনৈতিক অথবা মোটাই পঞ্চশীল ধরনের শান্তির আশা? তবে এটা ঠিক, চীনকে বাদ দিয়ে এশীয় নিরাপত্তা চুক্তির কল্পনা অনেক চীনবিরোধী লোকের কাছেও বিরাট হাস্যকর ঠেকছে।

শেষের কথা

রাশিয়া আর চীনের মতভেদ যে দুস্তর আকার নিয়েছে, একথা এখন পরিষ্কার। কিন্তু এর পরিণাম কতটা দূর? কোসিগিন-চৌএন-লাই সাক্ষাৎকারের অর্থ কী? যুদ্ধ প্রায় লেগে যাচ্ছিল, কোনমতে থামান গেল। অথবা, যুদ্ধ এড়াবার শেষ চেষ্টাও ব্যর্থ হল?

যাঁরা কমিউনিষ্ট নন, তাঁরা বিশ্বাস করেন না যে দুই কমিউনিষ্ট এভাবে পরস্পর মারামারি করে শক্তিক্ষয় করে ফেলবে। তাঁরা অবশ্য সোভাতেই ভুল করেছেন। চীন রাশিয়াকে কমিউনিষ্ট মনে করে না, রাশিয়া চীনকে কমিউনিষ্ট মনে করে না। সুতরাং দুই দেশই পরস্পরকে আন্তর্জাতিক কমিউনিজমের পক্ষে অশুভ বলে বিবেচনা করে। সুতরাং যুদ্ধ যদি লাগেই সেটা আন্তর্জাতিক কমিউনিজমের জন্যই করা হবে, এটাই দুই দেশের ধারণা। শুধু একটি জিনিস পরিষ্কার, যে আমেরিকা ভিয়েতনামে তলিয়ে গেছে সেই আমেরিকা এই রুশচীন ঠাণ্ডা লড়াইয়ের ফলে আবার নিজেকে গুছিয়ে তুলছে।

সৈয়দ নৌসের আলি—শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায়

ও

দুইটি ঐতিহাসিক রুলিং

কৃত্তিবাস ওঝা

পশ্চিমবঙ্গ বিধান সভার ইতিহাসে দুইজন স্পীকার সৈয়দ নৌসের আলি ও শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায় দুইটি রুলিং দিয়ে দুইটি সরকারের পতন ঘটান। স্পীকারের রুলিং এর ফলে সরকারের পতন পরিষদীয় রাজনীতিতে অভিনব। স্পীকারের রুলিংএ প্রথম সরকারের পতন হয়ে ১৯৭৩ সালে মার্চ মাসে। ১৯৭৫ সালের ২৮শে মার্চ—কৃষিখাতে বাদ বরাদ্দ আলোচনায় Snap ভোটে সরকারের পরাজয় ঘটে—পরদিবস স্পীকার সৈয়দ নৌসের আলি বিধানসভা অনির্দ্দিষ্ট কালের জন্য মুলতুবী করে দেন, ফলে ৩১শে মার্চ স্পীকারের রুলিং মেনে নিয়ে তৎকালীন গভর্ণর স্যার আর, জি, কেসি ১৯৩৫ সালের ৯৩ ধারা অনুসারে প্রদেশের শাসনভার নিজের হাতে নিয়ে নেন। ইতিহাসের চাকা ঘুরলো বাইশ বৎসর পর ১৯৯৭ সালের ২৯শে নভেম্বর। স্পীকার শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায় যুক্তফ্রন্ট সরকারের পদচ্যুতি ও ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষের মন্ত্রিসভার শাসন গ্রহণের এক অগ্নিগর্ভ রাজনৈতিক পরিবেশে বিধান সভায় ঐতিহাসিক রুলিং দিলেন যে বিধান সভাই মন্ত্রিসভা তৈয়ারী তাকে নাকচের অধিকার একমাত্র বিধান সভারই আছে—এই পট ভূমিকায় বিধান সভা অনির্দ্দিষ্টকালের জন্য মুলতুবী ঘোষণা করা হল। সেইদিন ২৯শে নভেম্বর বিধান সভার দ্বারে যে তালা ঝুললো সেই তালা খুলেছিল ১৪ই ফেব্রুয়ারী ১৯৬৮ সালে কিন্তু সেইদিনও সেই রুলিংএর পুনরাবৃত্তি করলেন স্পীকার শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায়—তারপর আর বিধান সভার দ্বার খুললো না—ছয়দিন পরে ডঃ ঘোষ মন্ত্রিসভার পতন ঘটলো—রাজ্যপাল শ্রীধর্মবীর রাষ্ট্রপতিশাসন বলে নিজের হাতে শাসনভারগ্রহণ করলেন। সেই ২২ বৎসর আগে ১৯৭৩ সালের ৩১শে মার্চ ও ২২ বৎসর পরে ১৯৯৮ সালের ২০শে ফেব্রুয়ারী দুইটি দিনের দিনলিপি তুলে ধরছি অতীত দিনের পৃষ্ঠা থেকে।

অবিভক্ত বাংলার ব্যবস্থাপক সভায় তখন চাঁদের হাট। বাংলাদেশের শ্রেষ্ঠ পার্লামেন্টারিয়াগণ তখন ব্যবস্থাপক সভার সদস্য। স্যার নাজিমুদ্দিন রাজ্যের প্রধান মন্ত্রী। ১৯৩৫ সালের মার্চমাস বাজেট অধিবেশনে লক্ষাওয়ারী আলোচনা শুরু হয়েছে। ২৮শে মার্চ রাজ্যের কৃষিমন্ত্রী খান বাহাদুর মোহাম্মদ মুজিবুদ্দিন হোসেন কৃষিখাতে অর্থ বরাদ্দের প্রস্তাব ব্যবস্থাপক সভায় পেশ করলেন। ভোটের ফলাফলে দেখা গেল যে, সরকার পক্ষে ভোট পড়েছে ৯২ আর বিপক্ষে ১০৬। ভোটের ফলে টেজারী বেঞ্চের মুখ শুকিয়ে গেল আর বিরোধী হর্ষধ্বনিতে ফেটে পড়ল। বিরোধীপক্ষের নেতা আবুল কাশেম ফজলুল হক উঠে দাড়িয়ে বল্লেন ভোটে পরাজিত মন্ত্রিসভার পদত্যাগ চাই—অবিলম্বে পদত্যাগ চাই। সরকার পক্ষের এই পরাজয়ের কারণ ছিল উহার ২১জন সরকারপক্ষের সদস্য দলত্যাগ করে বিরোধীপক্ষে ভোট দিয়েছেন। পশ্চিমবঙ্গের আইন সভার ইতিহাসে এই হল সর্ব্ববৃহৎ দলত্যাগের ঘটনা। ভবিষ্যতে ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষের নেতৃত্বে বা শ্রীশঙ্কর দাস বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে দলত্যাগ ঘটে তার সংখ্যা একদিনে আকস্মিক ভাবে ২১ জন হয় নাই। তাছাড়া পরবর্তীকালের দলত্যাগের কারণে নূতন রাজনৈতিক দলের সৃষ্টি হয়েছিল—কিন্তু এই ক্ষেত্রে তা হয় নাই দলত্যাগ ছিল সম্পূর্ণ আকস্মিক। এ, কে, ফজলুল হকের বক্তৃতার পর মুখ্যমন্ত্রী স্যার নাজিমুদ্দিন উঠে দাঁড়ালেন এবং বল্লেন স্নাপ ভোটে সরকারের পরাজয় হয়েছে তবে এটা অনাস্থা ভোট নয় তবু অবস্থা গুরুতর এই অবস্থায় আমি নূতন করে আর কোন বাধাবরাদ্দ পেশ করতে চাই না আমি মাননীয় স্পীকার মহাশয়কে অনুরোধ করছি তিনি সভা মুলতুবী ঘোষণা করুন। স্পীকার জনাব নৌসের আলি সভা মুলতুবী ঘোষণা করলেন ২৯শে বেলা ৭টা পর্যন্ত। ২৯শে বেলা চারটায় বিধানসভার অধিবেশন বসল। সেইদিন কি বিধানসভার ভেতরে কি বাইরে তীব্র উত্তেজনা। সভা সুরু হতেই শ্রীপ্রমথ নাথ বন্দ্যোপাধ্যায় একটি বৈধতার প্রশ্ন তুলে বল্লেন পূর্বকাল ভোটে পরাজিত হবার পর মন্ত্রিসভার কোন অস্তিত্ব থাকতে পারে না। শ্রীনলিনাক্ষ সান্যাল বলেন যে, পূর্বকালের ভোটের ফলের পর বর্ত্তমান মন্ত্রিসভার এক মুহূর্ত্ত গদীতে বসবার বা কোন সরকারী কাজ করবার অধিকার নেই। সরকার পক্ষ থেকে বলা হল যে, সরকারী পক্ষকে যদি পরাজিত করার ক্ষমতা বিরোধী পক্ষের থাকে তবে তারা সরাসরি অনাস্থা প্রস্তাব আনুন আজ আবার নূতন করে ভোট গ্রহণ করা হোক। স্পীকার সৈয়দ নৌসের আলি বিরোধী পক্ষের 'বৈধতার প্রশ্নের জবাব দিলেন—রুলিংএর মাধ্যমে। স্পীকার বল্লেন, নূতন মন্ত্রিসভা গঠিত না হলে বর্ত্তমান বিধান সভার কাজ চলতে পারে না! স্পীকার বল্লেন—এটা এমন একটা ব্যাপার যে ট্রেজারী বেঞ্চে বিরোধী চলা করা দরকার। স্যার নাজিমুদ্দিন

প্রাকৃতিক ছোট অনাস্থা ছোট নয়—আমার মনে হয় সাংবিধানিক অবস্থাটা উপযুক্ত ভাবে বোঝা হয় নাই। মন্ত্রিসভা হচ্ছে সভার সৃষ্টি-সভা মন্ত্রিসভাকে গঠন বা বাতিল করতে পারে অন্য কোন পদ্ধতিই গণতন্ত্রের একেবারে মূলে আঘাত করবে। প্রাকৃতিক ছোট বড় কথা নয়-সমগ্র মন্ত্রি-সভা ছোক অথবা একজন মন্ত্রির বিরুদ্ধে অনাস্থা প্রকাশের স্বীকৃতি পর হল কোন মন্ত্রির বায় বরাদ্দের দাবী অনুমোদন না করা বা অগ্রাহ্য করা। এইভাবে একজন মন্ত্রির বিরুদ্ধে অনাস্থা-সমগ্র মন্ত্রিসভার বিরুদ্ধ অনাস্থা প্রকাশের-সামিল। এই অবস্থায় নূতন করে আস্থা প্রকাশের ও কোন অবকাশ দেওয়া যেতে পারে না এবং এই অবস্থায় কোন মন্ত্রী কাজ চালাতে পারেন কি না সেটাও গুরুতর সন্দেহের বিষয়। বৃহিবাতে বায় বরাদ্দের দাবী অনেকে সভার সিদ্ধান্তের মধ্যে সংখ্যা পরিষ্কের মতামত প্রতিফলিত হয়নি বলে বলা হচ্ছে মন্ত্রিসভার বিরুদ্ধে একবার রায় প্রকাশিত হবার পর এই জাতীয় পরেষনার কোন অবকাশই থাকতে পারে না। মন্ত্রিসভা হচ্ছে-বিধান সভার সৃষ্টি বিধান সভাই মন্ত্রিসভা বাতিল করতে পারে অন্য কোন পদ্ধতি গণতন্ত্রের উপরে আঘাত হানবে। সেইজন্য আমি এই মন্ত্রিসভাকে এই সভার মন্ত্রিসভা হিসাবে কাজ করতে দিতে পারি না তাই সভা অনির্দিষ্ট কালের জন্য মুলতুবী রইল।

৩১ মার্চ স্পীকার রুলিং দেবে বিধে বাংলা দেশের তৎকালিন গভর্ণর মিঃ আর ডি. কে সি, ১৯৩৫ সালের ভারত সরকারের আইনের ৯৩ ধারা প্রয়োগ করে শাসন ক্ষমতা নিজের হাতে নিলেন। তার পরের রাজা রাজনীতির ইতিহাস, দেশ ভাগের ইতিহাস, মাঝে সামাগ সময়ের জন্য রাজ্যের শাসন ভার গ্রহণ করেছিলেন সহীদ সোরাবর্দী খাজা নাজিমুদ্দিন মন্ত্রিসভার খাদ্যমন্ত্রী তারপর বিধায়। কিন্তু একই ইতিহাস ঘটনা বাইশ বৎসর পর। খাজা নাজিমুদ্দিনের খাদ্যমন্ত্রী সোরাবর্দী যেমন এক স্পীকারের রুলিং মন্ত্রিসভা পতনের পর ক্ষমতায় এলেন তেমনি ১৯৬৭ সালে শ্রীঅজয় মুখোপাধ্যায়ের নেতৃত্বে গঠিত মন্ত্রিসভার খাদ্যমন্ত্রী ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ অজয় মুখার্জী মন্ত্রিসভার পতনের পর ক্ষমতায় এলেন। খাজা নাজিমুদ্দিনের মন্ত্রিসভার পতন ঘটেছিল স্পীকারের রুলিং ও ২১ জন সদস্যের দলত্যাগের পর আর ১৯৬৭ সালে অজয় মন্ত্রিসভার পতন ঘটলো ১৭ জন সদস্যের দলত্যাগের পর তবে এই ক্ষেত্রে স্পীকারের রুলিং এল পরে।

১৯৬৭ সালের ২১ শে নভেম্বর রাজ্যপাল শ্রীধর্মবীর—রাত ৮-১০ মিনিটে এক আদেশ জারী করে শ্রীঅজয় মুখোপাধ্যায়ের মন্ত্রি-সভা বাতিল করে দিলেন আর ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষের নেতৃত্বে এক নূতন মন্ত্রিসভার শপথ গ্রহণ করলেন ডঃ ঘোষের নেতৃত্বে নূতন মন্ত্রিসভা গঠনের পর ২৯ শে নভেম্বর বিধান সভার অধিবেশনের আহ্বান করা হল। রাজা রাজনীতিতে সে আর এক ঐতিহাসিক মুহূর্ত লয়। ২১শে নভেম্বর অজয় মন্ত্রিসভা বাতিলের পর জনমনে পরেষনার অন্ত ছিল না বিধান সভায় কি হবে। স্পীকার শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায় বলছিলেন তিনি পরিহসীয় রাজনীতির মর্যাদা রক্ষা করবেন। বেলা একটায় বিধানসভার অধিবেশন বসলো কিন্তু দশ মিনিটের মধ্যে অধিবেশন শেষ হয়ে গেল। স্পীকার শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায় রুলিং দিয়ে বল্লেন প্রাথমিক। তাতে তার মনে হয়েছে বিধান সভার অগোচরে অজয় মন্ত্রিসভা বাতিল ও ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষকে মুখ্যমন্ত্রী রূপে নিয়োগ এবং ডঃ ঘোষের পরামর্শে বিধান সভার অধিবেশন আহ্বান সংবিধান বিরোধী ও অকার্যকর। বিধানসভার প্রিভিলেজ রক্ষার জন্য আমার কি করা উচিত তা ভেবে দেখবার জন্য আমার সময়ের প্রয়োজন তাই বিধানসভার অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতুবী রইলো। বিধানসভা মুলতুবী ঘোষণার পরই বিধানসভা ভবনে শুরু হল লঙ্কাকাণ্ড। মুখ্যমন্ত্রী ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ আহত হলেন একখণ্ড কাঠে আঘাতে, একটা বালিশ ছুড়ে মারা হল ডঃ ঘোষের উদ্দেশ্যে একটা লাল কালির দোয়াত ছোড়া হল—ছোড়া হল বই ডেস্ক প্রভৃতি। ডঃ ঘোষের বাঁ চোখের নীচে আঘাত লাগলো বেশী। স্পীকার শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায় এইদিন যে রুলিং দেন এবং পরবর্তীকালে ১৪ই ফেব্রুয়ারী ১৯৬৮ সালে সেই রুলিংএর পুনরাবৃত্তি ঘোষণা করে বিধানসভা পুনরায় মুলতুবী করে দেওয়ায় ডঃ ঘোষ মন্ত্রিসভার পতন ঘটলো। স্পীকার তার ঐতিহাসিক রুলিং দিয়ে সেই দিন ২২ বৎসর আগে স্পীকার সৈয়দ নৌসের আলির রুলিংএর উল্লেখ করেছিলেন। স্পীকার শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, এই সভার স্মরণ থাকতে পারে গত ৩রা আগষ্ট বিধানসভা মুলতুবী রাখার সময় মুখ্যমন্ত্রী শ্রীঅজয় মুখোপাধ্যায়ের নেতৃত্বে মন্ত্রিসভা গঠিত ছিল। সংবিধানের ১৬৪ (২) অনুচ্ছেদ অনুসারে মন্ত্রিসভা বিধানসভার কাছে যৌথ ভাবে দায়ী ছিলেন। কোন মন্ত্রিসভা বহাল থাকবে কিনা তা স্থির করার অধিকার একমাত্র বিধানসভারই আছে। এই কারণে আমার পক্ষে ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষকে মুখ্য-



মন্ত্রী হিসাবে, বঃ শ্রীঅরেন্দ্র চন্দ্র মজুমদারকে ও ডঃ জাফির আলিকে মন্ত্রিসভার সদস্য হিসাবে স্বীকৃতি দেওয়া সম্ভব নয়। ১৯৬৩ সালে তৎকালীন স্পীকার সৈয়দ নৌসের আলি বলেছিলেন, "রাজ্যপাল বিধানসভার সিদ্ধান্ত রেকর্ডিস্ট করার কর্তৃপক্ষ মাত্র অন্য কোন পথ গ্রহণ করা হলে গণতন্ত্রের মূলে আঘাত করা হবে।" এই মহান বিধানসভার অগোচরে সভার নিকট দায়ী মন্ত্রিসভাকে অপসারণের জন্য যে পদ্ধতির আশ্রয় গ্রহণ করা হয়েছে তা পরীক্ষা করে দেখা দরকার ১৯৬৭ সালের ২১শে নভেম্বর রাজ্যপাল এক আদেশ জারী করেন যার ফলে শ্রীঅজয় মুখার্জীর নেতৃত্বে গঠিত মন্ত্রিসভা বাতিল হয়। সংবিধানে রাজ্যপালের উপর এইভাবে মন্ত্রিসভা বাতিলের কোন ক্ষমতা ন্যস্ত হয় নাই। অতএব রাজ্যপাল কর্তৃক মন্ত্রিসভা বাতিলের কোন আইনগত ভিত্তি নেই। সংবিধানস্থ এই প্রশ্নটি প্রাথমিক পরীক্ষার পর শ্রীঅজয় মুখার্জীর নেতৃত্বে গঠিত মন্ত্রিসভা ভেঙ্গে দেওয়া আইনসঙ্গত ও বৈধ বলে স্বীকার করে নেওয়া সম্ভব নয়।" বিধানসভা মুলতুবী হয়ে গেল এবং এই দিন রাত্রে রাজ্যপাল ধর্মবীর এক আদেশ জারী করে পশ্চিমবঙ্গ বিধানসভার অধিবেশন সমাপ্তি ঘোষণা করলেন।

১৯৬৮ সালের ১৪ই ফেব্রুয়ারী আবার বসলো বিধানসভার অধিবেশন। রাজ্যপাল শ্রীধর্মবীর বিধানসভার বাজেট অধিবেশন উদ্বোধন করতে এসে বিধান সভার দ্বারদেশে যুক্তফ্রন্ট সদস্যদের বাধা, সভার অভ্যন্তরে শালো পতাকা, ধর্মবীর ফিরে যাও ধ্বনির মধ্যে দুই মিনিট ভাষণ পাঠ করে ধস্তাধস্তি হট্টগোলের মধ্যে সভাকক্ষ ত্যাগ করে যান। পরে স্পীকার শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায় বিধানসভার অধিবেশন অবৈধ বলে পূর্বের রুলিং বহাল রেখে সভা মুলতুবী ঘোষণা করেন। বিধানসভা শেষ হয়ে যায় তারপর সৃষ্টি হল ইতিহাসের পুনরাবৃত্তি। রাষ্ট্রপতি রাজ্যের শাসনভার নিজের হাতে গ্রহণ করে রাজ্যে রাষ্ট্রপতি শাসন কায়েম করলেন। তারপর এল মধ্যবর্তী নির্বাচন। পরাজিত হলেন ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ আবার ক্ষমতায় এলেন শ্রীঅজয় মুখোপাধ্যায় এবার স্পীকার হলেন শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায়। পশ্চিমবঙ্গ বিধানসভার ইতিহাসে সৈয়দ নৌসের আলি শ্রীবিজয় বন্দ্যোপাধ্যায়ের দুটো পরিবর্তে দুটো মন্ত্রিসভার পতন অবশ্যই হয়ে থাকবে।

বহুল প্রচারিত জনপ্রিয় উপন্যাসের অনবদ্য চিত্ররূপ

সৌমিত্র·তনুজা

অভিনীত

প্রথম কদম ফুল

কাহিনী·অচিন্ত্যকুমার সেনগুপ্ত

রূপায়ণে: শুভেন্দু·তরুণ·সুব্রতা·ছায়াদেবী

অনুভা·পদ্মাদেবী·ভানু·অজিতবন্দ্যো·মিহির·সাধনা

চিত্রনাট্য·পরিচালনা·ইন্দর সেন

সংগীত·সুধীন দাশগুপ্ত

ইন্দ্রাণী সিনেমায় নিবেদিত ● সীমা নিবেদন পরিবেশিত

শারদীয়ার পরবর্তী আকর্ষণ :

শ্রী : প্রাচী : ইন্দিরা

"বিদ্বেষ করিয়া করিয়া জগৎ অবসন্ন। জাতিসমূহ বিদ্বেষের ফলে ধ্বংসোন্মুখ। বিদ্বেষের অনুশীলনে মানব সমাজের কোন কল্যাণ সাধিত হয় না। আজ ভারতের মহা সৌভাগ্য—সে জীবনযাত্রার নতুন প্রণালী দেখাইয়া দিক এবং জগতকে নতুন মন্ত্রে দীক্ষিত করুক।"

গান্ধীজী

গান্ধী জন্ম-শতবর্ষে
প্রণাম

বেঙ্গল এনামেল ওয়ার্কস লিমিটেড

৪১, চৌরঙ্গী রোড। কলিকাতা-১৬

যুগের আলোয় গান্ধীজী

নিমাই বসু

নিশ্চিত বিশ্বাস নিয়ে বলা যায় মোহনদাস করমচাঁদ গান্ধী ব্রিটিশ ঔপনিবেশ ভারতের ধরার অন্তর ঘরে টান দিয়েছিলেন। যুগ চেতনা বলে যদি কিছু থেকে থাকে, তবে তার আত্মপ্রকাশ ঘটাতে দুধা অংশ নিয়েছিলেন গান্ধীজী। হয়ত তাঁর চিন্তাধারার মধ্যে বুর্জোয়া সমাজ-সম্পর্কের নিস্তরঙ্গ স্তর ছিল, যা তিনি বহু প্রচেষ্টাতেও অতিক্রম করতে পারেননি, তবু এ কথা সত্য সামন্ত-রাজনীতিকে গণ-রাজনীতিতে রূপান্তর করতে তিনি ব্রতী হয়েছিলেন। রাজায় রাজায় লড়াই নয়, 'প্রজা'র সঙ্গে রাজার লড়াই—অধিকার সুপ্রতিষ্ঠিত করার লড়াই ভারতের সার্বিক মনমানসে এই লড়াই-বোধ ঐতিহাসিক বলে পরিচিত হবেই। গান্ধীজী বলতেন, "আমি অদ্বৈতে বিশ্বাসী। আমি মানুষের অন্তর্নিহিত অভিন্নতায় বিশ্বাসী। শুধু তাই নয়, সকল প্রাণী-জীবনের অভিন্নতায় তথা ঐক্যে বিশ্বাসী। সুতরাং আমি মনে করি, একজন মানুষ যদি আধ্যাত্মিক উন্নতি লাভ করেন, সমগ্র পৃথিবীর মানুষ তাতে লাভবান হয়। তেমনি, যে পরিমাণে একজন মানুষের অবনতি হয় সমগ্র পৃথিবীর মানুষ সেই পরিমাণে অবনত হয়।" গান্ধীজী সমগ্র ভারতবাসীকে সবরকমের শ্রেণীবোধের, সাম্প্রদায়িকতার, বর্ণীয় ভেদাভেদের ঊর্ধে থেকে, এক সূত্রে সকলকে বেঁধে ফেলার যে বীজমন্ত্র উচ্চারণ করেছিলেন, ভারতীয় রাজনীতিতে তা যেমন ছিল আকস্মিক, তেমনি ছিল আগামী দিনের সুখবদ্ধ ভারতের নির্দেশক। ইতিহাসের বাণীই, এগিয়ে চলার আর এগিয়ে চলার নামই প্রগতিশীলতা,—গান্ধীজী সেই এগিয়ে চলার কথাই ভেবেছিলেন। ভেবেছিলেন, রাম-রাজ্য প্রতিষ্ঠিত হবে, যেখানে—

'দৈহিক দৈবিক ভৌতিক তাপা
রামরাজ নাহি কাহু হি ব্যাপা।'

অর্থাৎ, 'রামরাজ্যে কোন ব্যক্তির দৈহিক দৈবিক ও ভৌতিক দুঃখ নেই।' ভেদাভেদ ভুলে, স্বার্থপরতা ভুলে নিয়ে মানুষ পরস্পরের সম্প্রীতি ও বন্ধনের মধ্যে আবদ্ধ হবে। সবলকে একসূত্রে বেঁধে ফেলার বীজমন্ত্র উচ্চারণ তাঁর পূর্বেও হয়ত অনেকে করে-

শারদীয়া ধ্বনি, ১৩৭৬

ছিলেন, কিন্তু সম্ভবতঃ তিনিই প্রথম যিনি এই ধারণাকে একটি রাজনৈতিক স্তরে উপনীত করে প্রয়োগ করেছিলেন। জনগণের চেতনার স্তরে যে অরাজনৈতিক ধ্যান ধারণাগুলি একটা দুর্বলমান অবস্থান এবং অবস্থগত অনুভূতির কারণ হয়ে উঠেছিল, সেগুলিকে অতিক্রম করে ভারতে তিনিই বোধহয় প্রথম বললেন, অস্পৃশ্যদের কল্যাণেই ভারতের কল্যাণ। বিবেকানন্দ প্রমুখ প্রবক্তাদেও এ কথা বলেছেন, কিন্তু তাঁদের থেকে তাঁর বক্তব্যের মূল পার্থক্য হোল, তিনি তাঁর চিন্তাধারাকে একটা রাজনৈতিক ভিত্তিতে উপস্থাপিত করতে পেরেছিলেন। সম্ভবতঃ হরিজনরা, মুখ্যতঃ অস্পৃশ্যরা যে জাগতিক সুখসৌন্দর্যের কারণ, এবং তাদের একত্রিত করে গণ আন্দোলনে রূপ দেওয়া যায়, তা তিনি বুঝেছিলেন। ব্রিটিশ সাম্রাজ্যবাদী, প্রতিহিংসাপরায়ন, তা জানা সত্ত্বেও তিনি বুঝেছিলেন, ভারতবাসী সংঘবদ্ধ হলে ব্রিটিশের মত শত্রুকেও হঠান যাবে। রাজনৈতিক দিক থেকে বিচার করলে জনগণের চিন্তার শিক্ষক হিসাবে তিনি সামাজিক-রাষ্ট্রিক-আর্থিক ব্যবস্থার পূর্ণাঙ্গ রূপান্তরের বিষয়টিকে স্থান দিয়েছিলেন সবার আগে। বলেছিলেন, 'জাতির সমাজ-জীবন সত্যই যদি এমন নিখুঁত ভাবে গড়ে তোলা সম্ভব হয় যে সমাজের সকলে নিজের শক্তিতে নিজেকে শাসন বা নিয়ন্ত্রণ করতে পারে। তবে জাতির শাসন কার্য পরিচালনার জন্য জনপ্রতিনিধি নির্বাচন ক'রে শাসকমণ্ডলী গঠনের প্রয়োজন হবেনা। এমন রাষ্ট্রকে বলা যায় সুনীতিনিয়ন্ত্রিত অরাজকতার (enlightened anarchy) রাষ্ট্র। ব্যক্তি এমন ভাবে নিজেকে শাসন করবে যে সে তার প্রতিবেশীর জীবনের কোন অধিকারের বিরুদ্ধে বাধা হয়ে উঠবে না। সুতরাং পরিকল্পিত এই চরমোন্নত আদর্শ রাষ্ট্রে রাজনৈতিক ক্ষমতার অধিকারী হয়ে বিশেষ কোন জনসংঘের থাকবে না, কারণ সত্যি ক'রে 'রাষ্ট্র' বলে কিছু এখানে নেই। কিন্তু এই রকম একটা পরিকল্পিত পূর্ণ আদর্শকে তো সম্পূর্ণরূপে বাস্তবে প্রতিষ্ঠিত করা যায় না। এই কারণেই থোরোর সেই উক্তিটি ঐতিহাসিক খ্যাতি লাভ করেছে—'যে সরকারই সবচেয়ে কম শাসন করে, সেই সরকারই হলো সবচেয়ে ভালো শাসক' ('অদ্ভুত পথ যাত্রী,' সুবোধ ঘোষ, পৃঃ ৮৪-৮৫)।

মানবিকতাবাদী ঐতিহ্যের অধিকারী ছিলেন গান্ধীজী। হিউমানিষ্টদের বক্তব্য সচেতন, মহাত্মাজী ভারতীয়দের, সেই অদ্ভুতের পুত্রদের একই বাণী অনুধাবন করতে অনুপ্রেরণা জুগিয়েছিলেন। সাধারন কৌপিনধারী, লাঠি সম্বল করে যিনি ভারতের গ্রামে গ্রামান্তরে গিয়েছিলেন, তাঁর বাণী ছিল আমাকে অনুসরণ কর। ভিক্ষায় জীবিকা হয়, প্রাণ সঞ্জিত হয় না, এ কথা তিনি বুঝেছিলেন। যদি সর্বাংশে কল্যাণ প্রসবিত না হয়, তাহলে ব্যক্তি নির্ভর সমাজের কোন কল্যাণ হবে না। যুগ ধর্মকেস্বীকার করে, ইতিহাসের গতি নির্দেশক পথেই যে এই মানবতাবোধের মূল্যায়ন সম্ভব তা তিনি দেখিয়েছেন নিজের জীবনে, যেখানে বস্তুনিষ্ঠার সঙ্গে জড়িত রয়েছে তত্ত্বিষ্ঠ আত্মবোধ। একদিকে ব্যবহারিক জগতের আশা-নিরাশা, দুঃখ, রোগ শোক—আনন্দ, স্বাস্থ্য, অপর দিকে রয়েছে নিজের অন্তরের অন্তঃস্থল উপলব্ধ একটা আত্মিক পবিত্রতা, শুচিতা। উভয়ের পারস্পরিক সহযোগিতা নির্ভরতায় সামাগ্রিক মানবিক বিচার বোধের পূর্ণতা প্রাপ্তি হয়। মানুষের স্বার্থপরতা ব্যক্তি নির্ভর ব্যক্তি স্বাধীনতার সমাজ নির্ভর—এই স্বার্থপরতা যদি নীতি নিষ্ঠার পৃষ্ঠপটে আবদ্ধ হয়, তবে ব্যক্তির সর্বাংগীন কল্যানকামী মুক্তির বিকাশ সম্ভব। তাই মানবিক বিচার বোধকে স্থান দিয়েছেন সর্বাগ্রে। বলেছেন "The supreme consideration is man. (Young India ১০, ১১, ২৪ পৃঃ ৩৭৮)। বিখ্যাত রোল তেঁবিলা বৈঠকে তিনি বললেন' 'আমার দেশের সংবিধানে অস্পৃশ্য সমাজকে 'ভিন্ন শ্রেণীরূপে স্থান দিতে চাই না। আজকের অস্পৃশ্যকে কি চিরকাল অস্পৃশ্য করে রাখতে হবে? আমি বরং চাইব যে, হিন্দু ধর্ম নিশ্চিহ্ন হয়ে যাক, কিন্তু অস্পৃশ্যতা যেন না থাকে।' মানবিকতা বোধে সঞ্জীবিত হয়ে, তিনি এমন একটি সমাজের কল্পনা করেছিলেন যেখানে নৈতিকতাই হবে জীবনের মাপকাঠি। নৈতিক ভিত্তিতে জীবনকে সুস্থ করে তুলতে। সর্বাংশের মানুষের আত্মশক্তির ভেতর এমন এক সামাজিক পরিমণ্ডল সৃষ্টি হবে, যেখানে হিংসার, শোষনের, বিনাশের স্থান হবে না। আত্মশুদ্ধির ধারাতেই তা সম্ভব। নিজের অনুভূতি দিয়ে যখন অপরকে বিচার করা যাবে, তখনই নিজের ভুলগুলি ধরা পড়বে। আত্মশাসন করতে পারলে, ব্যক্তির মুক্তি অনিবার্য। সমাজ সম্পর্কের সূত্রগুলি অনুধাবন করতে দিয়েই তিনি এই সিদ্ধান্তে উপনীত হতে পেরেছিলেন। হিংসা, মানুষকে অমানুষ করে তোলে, হিংসা, পৌনপৌনিক হিংসার কারণ হয়। সুতরাং হিংসা দিয়ে ব্যক্তি জীবন সুগঠিত হয় না। হিংসা মানবিকতা বিরোধী, এই প্রত্যয় তাঁকে এত বেশী মুহ্যমান ও ভাবিত করেছিল যে, তিনি বার বার আবৃত্তি করেছিলেন, 'পৃথিবীং মা হিংসীঃ'—পৃথিবীকে হিংসা করো না। ভারতের সেই শাশ্বত বাণীর উত্তরাধিকারী মহাত্মাজী অহিংসাকেই তাঁর রাজনৈতিক গণ আন্দোলনের হাতিয়ার করতে বিন্দুমাত্র দ্বিধাগ্রস্ত হননি। মহামানব গান্ধীজীর এই চিন্তাধারাই শেষ পর্যন্ত কোটি মানুষের মন্ত্র হয়ে উঠেছিল!

ইতিহাস মানুষের হাতে রচিত হয়। সেই মানবিক-সূত্র-অন্বায়ন-ভ্রষ্টা ইতিহাস তার গতিকে সবসময় এগিয়ে নিয়ে যায়। পিছনে ঠেলে দেয় না। মহাত্মাজীর মানবিক বিচারবোধের তীব্রতা এত বেশী ছিল যে, তিনি ইতিহাস-সঞ্জীবিত, লোকায়ত দর্শনকে ঊর্ধ্বলৌকিক থেকে বিচার করেছিলেন। এই চিন্তাধারা, যদি ও যুগের স্বাধীনতোত্তর ভারতের পরিস্থিতির উপর ফেলে বিচার করা হয়, তাহলে বক্তব্য আরো সুস্পষ্ট হবে। বুর্জোয়া অর্থনীতিতে চরম পরিবর্তন সম্ভব নয়। লোভাতুর মানুষের স্বাভাবিক প্রবৃত্তিকে নীতি নিষ্ঠার রজ্জু দিয়ে বন্ধন সম্ভব নয়। এমন এক দিক-বলয় তৈরী হবে, যেখানে বস্তুতান্ত্রিক সুখ সুবিধার ভেতর, নৈতিকতা জয়ী হবে, এমন সম্ভাবনা কজনের ক্ষেত্রে সম্ভব? ব্যক্তিবাদিতার (Individualism) যে গুণই থাকুক, ব্যক্তিকে যত মহান ও শক্তিশালী করে তুলুক, তা সে সকল মানুষের স্বার্থ-

নির্ভর তা তো ভোলাবার নয়। মানবিকতার অর্থ এই নয় যে, নিজে বেঁচে থাকব, নিজে সর্বসুখ ভোগ করব। বরং অপরের সুখ দুঃখ ভাগ করে নেওয়াই মানবিকতা। বুর্জোয়া সমাজে যে সমস্ত বাণী বা আদর্শের মৃগমরীচিকা সৃষ্টি করা হয়, সেগুলিকেই শেষ পর্যন্ত মানবিক আখ্যা দেওয়া হয়। আসলে তা শোষণের যন্ত্রবিশেষ, এবং প্রক্রিয়া ও পদ্ধতির হেরফের মাত্র। মানবিক বিচার বোধের সমৃদ্ধি যদি আত্মকেন্দ্রিকতার মধ্যে নিবদ্ধ হয় তবে তার চেয়ে দুঃখের আর কিছু থাকে না। গান্ধীজী নিজে মহাত্মা ছিলেন নিঃসন্দেহে বলা যায়, কিন্তু তিনি কজন 'মাহাত্মা' তৈরী করতে পেরেছেন? তিনি নিজে মানবিকতাকে সর্বাগ্রে স্থান দিয়েছিলেন কিন্তু কজন দেশকাল পাত্রের ঊর্ধে থেকে মানবিকতাকে আশ্রয় করতে পেরেছেন? স্বার্থপরতা, লোভ এগুলি মানুষের প্রবৃত্তি। এই প্রবৃত্তিগুলি একটা প্রতিক্রিয়াশীল মানসিকতার জন্ম দেয়। অর্থনীতির ক্রম-প্রসারতার সুযোগ নিয়ে, এই প্রতিক্রিয়াশীলতা বিদ্বেষভাব জাগায়—তা থেকেই সৃষ্টি হয় হিংসা। তখন দুটি পরস্পর সম্পর্ক দ্বন্দ্ব শ্রেণীতে রূপান্তরিত হতে দেরী হয় না। মানবিক বিচার বোধের গলাটিপে ধরে এই প্রতিক্রিয়াশীল শক্তিগুলি। যে হবার কথা আমার একান্ত আপন, সে হয় আমার বেতনভুক কর্মচারী, মাইনেকরা দাস মাত্র। যে হয়, আমার একান্ত প্রিয়, সে হয় আমার পণ্যজীবনের অংশীদার। মহাত্মাজী যে সময়ে গণ আন্দোলন সুরু করেছিলেন, সেই সময় হয়ত বুর্জোয়া অর্থনীতির অবশ্যম্ভাবী পরিনতির কথা ভাবতে পারেন নি।

বস্তুতান্ত্রিক জগতে 'বস্তু' আগে না 'চৈতন্য' আগে, সে প্রশ্ন অবান্তর। অবান্তর এই কারণে, আমরা আমাদের বুদ্ধি ও বিবেচনা থেকেই বুঝতে পারি, আমরা কি চাই। মানবিক শুদ্ধাচার তখনই সম্ভব যখন আমি আমার বস্তুগত ন্যূনতম চাহিদা মেটাতে পারব। রামরাজ্যে কেউ অনাহারে মরবে না, রোগে শোকে দুঃখে মরবে না। একথা যত সহজে বলা যায়, তত সহজে বাস্তবায়িত হয় না। উৎপাদনের উপায়গুলি যদি বিশেষ কয়েকজন ব্যক্তির হাতে থাকে, সামগ্রিক উৎপাদনের বন্টনের চাবিকাঠিটি যদি কয়েকজনের হাতে ছেড়ে দেওয়া হয়, তা হলে কিভাবে রামরাজ্য সৃষ্টি হবে? চাইলেই যদি পাওয়া যেত, তা হলে সৃষ্টির আদি থেকে, সেই সমস্ত প্রবৃত্তি গুলি থাকত না। মানুষের অভাব এবং সেই অভাব অতিক্রম করার জন্য প্রয়াস, একটা বৈজ্ঞানিক পরিবেশেই সাফল্য লাভ করতে পারে। একদল দেবে আর একদল নেবে, এই দেওয়া নেওয়ার সম্পর্ক হবে স্বার্থ—এই যদি নিয়ম হয় তাহলে স্বার্থকেই দেওয়া হবে অগ্রাধিকার। ব্যক্তিস্বার্থ যদি সমাজ স্বার্থে বিলীন না হয়, তা হলে স্বার্থের অপর নাম হবে প্রতিক্রিয়াশীলতা। মহাত্মাজী যে রামরাজ্যের স্বপ্ন দেখেছিলেন, সেখানে যেন এ ধরণের স্বার্থ থাকবে না। জনতা সচেতন, পারিপার্শিকতার চাপে পড়ে মানুষ কি ভাবে স্বার্থকে দমন করে, আত্মশাসন করে, মানবসমাজ তৈরী করতে একাগ্র হতে পারে? আসলে গান্ধীজী বুঝেছিলেন, ব্রিটিশকে রোখবার মত শক্তিবল তাঁর নেই—জনমানসও তৈরী হয় নি। এ সময়ে অহিংসা সত্যাগ্রহকে কাজে লাগিয়ে, আর কিছু না হোক, জনগণকে একত্র করা সম্ভব হবে। গণ-আন্দোলন যদি স্পষ্ট রূপ নেয়, তবে তাকে ঠেকান কারোর দ্বারাতেই সম্ভব নয়। কারণ জনগণই সকল শক্তির উৎস। শোষণ ও অত্যাচারের বিরুদ্ধে সংঘবদ্ধ ও সুশৃঙ্খল গণ-প্রতিরোধ সর্বজয়ী, তাকে শেষ পর্যন্ত কাজে লাগাতে পারলে রামরাজ্যের প্রাথমিকস্তরে পৌঁছান সম্ভব হবে। কিন্তু তারপর? রামরাজ্য প্রতিষ্ঠিত হলে মানুষ কি তাদের গণ-প্রতিরোধ ও গণশক্তিকে বজায় রাখতে পারবে? বিশেষ করে যদি সেই রামরাজ্যের উৎপাদন ব্যবস্থা সমাজ-নিয়ন্ত্রিত ও পরিচালিত না হয়ে ব্যক্তি নির্ভর হয়?

সুদৃঢ় শাসকের মূল ধরে নাড়া দেবার জন্য মহাত্মাজী যে অক্লান্ত চেষ্টা চালিয়ে গিয়েছিলেন তারজন্যে ভারতের ভবিষ্যত নাগরিকেরাও কৃতজ্ঞ থাকবেন। বস্তুতান্ত্রিক বিশ্লেষণী দৃষ্টিভঙ্গীর পরিবর্তে তিনি যে নৈতিকতার আশ্রয় তুলে ধরেছিলেন তার সমালোচনা এই মুহূর্তে না করেও আমরা বলতে পারি, গান্ধীজী অন্যান্য ভারতের কাছে এক মুক্তিকামী মহানায়ক। দেশ-কাল ভেদে চিন্তাধারার পরিবর্তন ঘটে। যে কালের ভারতে তিনি নেতৃত্বের ভার পেয়েছিলেন, সেকালে তিনি যদি হিংসার পথ বেছে নিতেন, তা হলে হয়ত তাঁর বৈপ্লবিক শক্তির বিকাশ সম্ভব হোত না। ভারতের গণ-মানসের অপূর্ণতার সুযোগ নিয়ে সাম্রাজ্যবাদী ব্রিটিশ হয়ত সর্বশক্তিতে ঝাঁপিয়ে পড়ে গণ-আন্দোলন দুর্বল প্রবণতাকে ধ্বংস করে দিত। এ মত হয়ত কেউ কেউ স্বীকার করবেন না। কোনকোন মার্কসবাদী হয়ত বলবেন, তাঁর অহিংস আন্দোলন গণচেতনাকে বিলম্বগামী করেছে। তাঁদের উক্তির অংশবিশেষ কে সত্য বলে মেনে নেওয়া যায়। মহাত্মাজী গণচেতনার জন্যই অহিংসাকে ব্রত করেছিলেন, গণচেতনার স্তর অতিক্রম করার প্রশ্নটি বিচার করেন নি। সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামাই বুঝিয়ে দেয়, হিংসাকে যদি গণচেতনার ভিত্তিস্তর হিসাবে মেনে নেওয়া হোত তা হলে প্রতিক্রিয়াশীলদের হাতে ভারতবাসী আরো কতগুণ বেশী মার খেত। সাম্প্রদায়িক দুষ্কৃতকারী, মারশিঠ, পাশব শক্তির দ্বারাই নিয়ন্ত্রিত। ভারতের গণ-মুক্তির ক্ষেত্রে যদি হিংসাকে অস্ত্র হিসাবে ধরা হোত, তা হলে ব্রিটিশের-পৃষ্ঠপোষকতা মুক্ত হবার প্রশ্নটি গৌন হ'য়ে যেত। এর সুযোগ নিত ব্রিটিশ। বিপ্লবী লেনিনের ভাষায় বলা যায়, 'মুসলমান ও অমুসলমান সম্প্রদায়ের ঘনিষ্ট মৈত্রীকে অভিনন্দন··· এই মৈত্রীবন্ধন প্রাচ্যের সকল মেহনতি মানুষের মধ্যে ছড়িয়ে পড়ুক' এই আমাদের কামনা···।' অথবা ভারতের কোটি কোটি মানুষ তথা মানবজাতির এক বিপুল সংখ্যা-গরিষ্ঠ অংশ 'অসাধারণ দ্রুতগতিতে মুক্তি সংগ্রামে নেমে পড়েছেন।' এই মুক্তি-সংগ্রামের অগ্রবর্তী নায়ক ছিলেন মহাত্মাজী। মহাত্মাজীর কাছে ভবিষ্যত ভারতে যদি ঋনী হবার কিছু থাকে তবে এই মুক্তি সংগ্রামের ভিত্তিস্তর তৈরী করার জন্যই।

ভীক হাতে দরজার কড়া নাড়ছিল ছেলেটি। আমার অন্তত: সেই রকমই ধারণা। যদিও শব্দটা আমি শ্রবণ করে শুনিনি, তবুও আওয়াজের চরিত্রটা আমাকে এই রকম ভাবাল। বাইরে শীতের রাত, তার ওপর সন্ধ্যে থেকে দমকা বাতাস আর বৃষ্টি, হাওয়া অফিসের স্যাটাই যার নাম 'দুর্যোগপূর্ণ আবহাওয়া:।' এ সময় লেপের তলা ছাড়তে আমার যেন ভয় আসে। খানিক আগেই আমি লেপের তলায় সেঁধিয়েছি, পা হাত পা এখনো তেমন গরম হয়ে ওঠেনি, অথচ এরই মধ্যে দরজায় কড়া নাড়া। সুনন্দা ঘরে নেই, থাকলে দরজা খোলার হাঙ্গামাটা ওকে দিয়েই মিটিয়ে ফেলতে পারতুম। বেড় থেকে দু মিনিট কান সজাগ রেখে চুপ করে রইলাম। এ সময়ে দুটি উদ্দেশ্য আমার মধ্যে একযোগে কাজ করছিল। এক, দরজার কড়াটি আবার বাজে কিনা এবং ইতিমধ্যে সুনন্দা যদি এসে পড়ে। কিন্তু দরজার কড়া আবার বাজলেও সুনন্দা এলো না। অগত্যা আমাকে লেপের উষ্ণতা ছেড়ে মনে মনে একটা চলতি খিস্তি চটকাতে চটকাতে দরজা খুলতে হল।

দরজা খুলতেই অন্ধকার বারান্দা থেকে বৃষ্টি ভেজা দমকা বাতাসের একটা আচমকা ঝাপটা আততায়ীর থাবার মতো আমাকে আক্রমণ করল। বারান্দার আলো ছেলে দিতে দেখলাম, দরজার পাশে, একেবারে দেয়াল ঘেঁষে দাঁড়িয়ে আছে একটি মানুষ। বয়স আন্দাজ পনেরো থেকে ষোলর মধ্যে। পায়ের গোড়া অব্দি বৃষ্টির জলে ভেজা, জামার এখানে ওখানে জলের দাগ, একটা লোংরা চাদর দিয়ে গা ঢাকতে ঢাকতে সে বেজায় কাঁপছে। বিছানা ছেড়ে উঠে আসায় আমার মনটা এমনিতেই তেতো ছিল, ছেলেটিকে দেখে তা আরো বেড়ে গেল। রুক্ষ গলায় জিজ্ঞেস করলাম, তুমি দরজার কড়া নেড়েছো ?

ছেলেটি ভয়ে ভয়ে ঘাড় নাড়ল। ওর বেয়াদপি দেখে আমি তো অবাক। গলার স্বর রুক্ষ করাই ছিল, এবার তা আরো তীক্ষ্ণ হল, কি দরকার তোমার ? কড়া নেড়েছো কেন ?

আমার প্রশ্নে ছেলেটার মধ্যে কোন প্রতিক্রিয়া হল কিনা ভাল বুঝতে পারলাম না। কেবল দেখলাম, সে আরো জোরে কেঁপে উঠল। আমি একমুখ বিরক্তি নিয়ে ছেলেটির জবাবের জন্য অপেক্ষা করছিলাম। ছেলেটি যেন তা টের পেল, তাই বার দুই চেষ্টার পর বলল, বাবু আমারে যদি দয়া করে বাড়ির মধ্যে একটু আশ্রয় দান, তবে এই রাতে বেঁচে যাই। বাইরে যেমন ঝড়, তেমনি জল।

ছেলেটির কথায় একটা আবেদনের ভঙ্গি ছিল ঠিকই কিন্তু এখন তা আমাকে স্পর্শে না। বরং এই রাতে একটা অচেনা ছেলেকে বাড়ির মধ্যে ঠাঁই দেওয়া যে কতখানি মূর্খতা তা ভাবতে গিয়ে সন্দেহের চোখে ছেলেটিকে আর একবার দেখলাম। বেশ চলচলে মুখ, চোখ দুটো ভাসা ভাসা, যতটুকু দেখা যাচ্ছে তাতে ওর দাঁত বেশ মজবুত আর চকচকে বলে মনে হল। খোলা দরজার সামনে দাঁড়াতে আমার বেশ কষ্ট হচ্ছিল। কেননা, থেকে থেকে বাতাসের ঝাপটা এসে আমার শরীরে ঝাপিয়ে পড়তেই আমার হাতে পর্যন্ত কাঁপন লাগছিল। অথচ এখন দরজাটি বন্ধ করা উচিত মনে হলেও আমি ঠিক বন্ধ করতে পারছি না, যেন কোথাও আমার হাত আটকে গেছে। ছেলেটি মাথা নীচু করে দাঁড়িয়ে কাঁপছিল, ওর এক মাথা চুলের ওপর জলের গুঁড়ো ছড়িয়ে আছে শিশিরের মতো। সম্ভবত ওর গা থেকেই উঠে আসছিল একটা সোঁদা গন্ধ যা এখন আমার নাকে আসছে। আমি কিছু না বলে বার দুই ওকে খুঁটিয়ে খুঁটিয়ে দেখলাম এবং দেখতে দেখতেই এক সময় আমার মুখ থেকে বেরুল, এখানে কিছু হবে না, অন্যত্র চেষ্টা করো। ভেতরে কোন আড়ম্বর নেই। কথা শেষ করে দরজা বন্ধ করলাম আমি। ভেতরটা যেন উষ্ণ, তার চাইতেও উষ্ণ আমার ছেড়ে আসা বিছানা। আমি বারান্দার আলো নিভিয়ে তাড়াতাড়ি গিয়ে আবার লেপের তলায় ঢুকে পড়লাম। আহ। শীতের রাতের লেপ, এর চাইতে সুখকর আর কিছুই পৃথিবীতে নেই। আমার

গায়ে বাইরের ঠাণ্ডা ছিল, ভেতরের উষ্ণতায় তা কেটে যাচ্ছিল আস্তে আস্তে আর আমি যেন আস্তে একটা মাদী বেড়ালের মতো সেই সুখের ঘা চাটতে চাটতে ঘুমিয়ে পড়তে চাইছিলাম।

পুরোপুরি ঘুমিয়ে পড়ার আগে সুনন্দা এলো। ঘরে এলেও বিছানায় আসতে এখনো অন্ততঃ আধঘণ্টা। মুখে ক্রীম মাখা, চুল ঠিক করা তারপর পায়ের গোড়ালীতে ভিসারিন লাগিয়ে এবং জল খেয়ে লেপের তলায় সুনন্দা যখন এল তখন টেবিল ঘড়িতে এগারোটা। ঘরে আসা অবশ্য তবু সহ্য করা যায়, কিন্তু ঘরে এলেও এই দেরীটা যেন আমার সহ্যই হতে চায় না। বাইরে জল মেটে আসায় সুনন্দার ডান হাত ঠাণ্ডায় বরফ হয়ে আছে, ও এখন সেই হাত দিয়ে আমার গালে ঠাণ্ডা দিল।

'এই কি হচ্ছে।'

'আহা, এইটুকু ঠাণ্ডা বুঝি আর সহ্য হয়না'।

এইরকম কিছু ইয়ার্কি আর কথাবার্তার পর রোজই আমরা ঘুমিয়ে পড়ি। কিন্তু আজ সুনন্দার ইচ্ছে নয় আমি বুঝেছি। ও আমাকে মাঝে মাঝে ধাক্কা দিচ্ছিল আর সেই সঙ্গে চাপা স্বরে ধমক, এই ঘুমোবে না বলছি। কাল তো রবিবার।

আমি হাইটুলে আরো কাছে এগিয়ে গেলাম। আমার ভেতরে অন্যদিনের মতো সেই পুরনো ব্যাপারটা শুরু হয়ে গিয়েছিল, সেই. বোবা একটা যন্ত্রণা। সুনন্দার মধ্যে এসময় কী হয় ভগবান জানে, আমি কখনো ওকে জিজ্ঞেস করিনি। যেন কেউ পরমমূল কুলকুচি করে আমার রক্তের মধ্যে ফেলছিল। এবং তাতে এক জাতীয় উষ্ণতা ও এঁটো এঁটো ভাব আমার মধ্যেও নিঃশব্দে হেঁটে বেড়াচ্ছে। সুনন্দা এরকম সময়ে বরাবর নির্বিকার। যেন ওর কিছুই অসুবিধে নেই, ও যেমন খুশি করতে পারে এবং করছিলও তাই।

হঠাৎ ও মুখ তুলল, অন্ধকারে ঠিক বোঝা গেল না কেন, পরক্ষনেই আমার বুকের ওপর ওর মাথাটা নামিয়ে দিতে দিতে বলল, কে গোঙরাচ্ছে বল তো?

আমার বুকের ভেতরটা চমকে উঠল। মুহূর্তে সহসা দুলে উঠে আবার আস্তে আস্তে, ঠিক দোলন খাটির পেণ্ডুলামের মতো দুলতে লাগল। সুনন্দা অবাক স্বরে গলায় বলল, তুমি শুনতে পাচ্ছো না?

অন্ধকার বারান্দা থেকে একটা কাতরানির অস্পষ্ট শব্দ এতক্ষনে আমার কানে এল। আমি মুখে তাচ্ছিল্যের মুদ্রা করলাম, কে জানে কে গোঙরাচ্ছে।

সুনন্দা যেন অধৈর্য। সঙ্গে সঙ্গে ও বিছানার ওপরেই উঠে বসল, তারপর শব্দটা শুনে নিয়ে আবার শুয়ে পড়তে পড়তে বলল, যেন বাইরের বারান্দা থেকে আসছে। এই একবার দেখনা।

আমি সুনন্দাকে কাছে টানতে টানতে ওর ভাবনাটা উড়িয়ে দিতে চাইলাম, ধুর। তোমার যত অদ্ভুত বায়না।

সুনন্দা ঠিক আগের মতো আমার বুকের মধ্যে মুখ ডুবিয়ে দিতে দিতে আবার উৎকর্ণ হয়ে উঠল, ওর গলার স্বরে উদ্বেগ আর ভয় স্পষ্ট হল আগের চেয়ে।

'এই দেখ না একবার, নিশ্চয়ই আমাদের বারান্দায়।'

অগত্যা আমাকে মুখ তুলতে হল। চেষ্টা করে গলাটা কে নিস্পৃহ করে বললাম, একটা বাচ্চা ছেলে কড় জলের জন্য বারান্দায় শুয়ে আছে বোধহয়। খানিক আগে, তুমি তখনো এঘরে আসোনি তখন—

আমার কথা শুনতে শুনতে সুনন্দা মুখ তুলছিল, সবটা শোনা শেষ হতেই সে আহত বিস্ময়ে যেন আঁতকে উঠতে চাইল,—তুমি ছেলেটাকে বারান্দায় ফেলে রাখলে! এই রাতে তো ছেলেটা নির্ঘাৎ মারা পড়বে।

সুনন্দা 'মারা পড়বে' শব্দটা এত জোর দিয়ে উচ্চারণ করল যাতে করে লেপের তলায় শুয়েও আমি একবার কেঁপে উঠলাম। এবং সঙ্গে সঙ্গে আমি যেন একটি মৃত্যুর দৃশ্য চোখের ওপর দেখতে পেলাম। নিখুঁত এবং পরিপাটি একটি মৃত্যু। আর আমার শুকনো তালুতে আঠা আঠা রক্তের একটা অনুভূতি। আসলে এরকম একটা ভয় সারা বছর আমার মধ্যে ঘুমিয়ে থাকে, সুনন্দা সেই ভয়টাকেই জাগাল নতুন করে।

আমি কণ্ঠস্বরে বিরক্তি আনলাম, মারা পড়লে আমি কি করতে পারি। অজানা, অচেনা একটা ছেলেকে রাত দুপুরে এনে তো বাড়ির ভেতর ঢোকাতে পারি না।

'তাই বলে ছেলেটা এই কড়জলের রাতে বারান্দায় পড়ে থাকবে? তাই কি পারে কেউ।'

'না পারে তো তোমার লেপের তলায় এনে শোয়াও, দিব্যি আরামে থাকবে।'

'তোমার অসভ্যতা রাখো।' সুনন্দা গলায় বিরক্তি ফোটাল। 'এই বলনা, সত্যি একটা বাচ্চা ছেলে?'

আমি বললাম, 'হ্যাঁ'।

সুনন্দা কিছুক্ষণ চুপ করে থাকল। অন্ধকারে ওর নিঃশ্বাসের শব্দ পর্যন্ত শোনা গেল না। বাইরের ঐ উটকো ছেলেটাকে নিয়ে সুনন্দার এই অকারণ উৎকণ্ঠা আমার ভাল লাগছিল না। যেন ও খুব ব্যস্ত হয়ে উঠেছে ওর মহৎ দেখাবার জন্য। যদিও কেবল আমিই মনে মনে বুঝছিলাম, সুনন্দার কাছে আমি অপরাধী হয়ে পড়ছি এবং ঠিক সেই কারণেই সুনন্দার এই ব্যাপারটা ভেতরে ভেতরে আমাকে পীড়া দিচ্ছিল। সুনন্দা নিজের গলায় একতাল সহানুভূতি ছড়িয়ে বলল, ইস্! বাইরের বারান্দায় বেচারা ভিজে জবজবা হয়ে যাবে, এই তুমি যাওনা একবার। শুনছো না কী রকম কাতরাচ্ছে।

'কাতরাচ্ছে তো আমি কি করব।' আমি অসহিষ্ণু ভাব দেখালাম।

'তাই বলে ঘরে শুয়ে আমরা বাইরে একটা লোককে মরতে দেব।'

বাস্তবিকই এবার আমার মেজাজ চড়ে যাচ্ছিল। এক রাত্তির ঐ ছেলেটার জন্যে শনিবারের খোটা রাতটাই মাঠে মারা যেতে বসেছে। এতসব আপদ জোটেও যে কোত্থেকে। আমি এক ঝটকায় গায়ের ওপর থেকে লেপ সরিয়ে ফেলে বিছানায় উঠে বসলাম। অন্ধকারে ঠিক বোঝা গেল না সুনন্দা আমার এই আচরণে কি ভাবল! আমি খাট থেকে নামতে নামতে বললাম, আমি ভেতরে এনে দিচ্ছি, তোমার যা খুশি কর।

সুনন্দা আমার কথার পিঠে কোন কথা বলল না দেখে আমি অবাক হলাম। গোটা ঘর হঠাৎ ঝুড়িয়ে গেল, আমি

অন্ধকারেই দরজার দিকে এগিয়ে দিয়ে ঘরের এবং বাইরের আলো জ্বালাতে হাত বাড়ালাম। বারান্দা থেকে পোড়োবাড়ির শব্দটা এখন স্পষ্ট শুনতে পাচ্ছি, যেন পৃথিবীর সমস্ত শব্দ হঠাৎ থেমে গিয়ে কেবল এই পোড়োবাড়িটাই যেন রয়ে গেছে। দরজা খুলতেই শব্দটা আচমকা আমাকে বিদ্ধ করল। আমি দেখলাম, বৃষ্টি, বাতাস আর শীতের হাতে অসহায় ছেলেটা প্রাণপণে নিজেকে রক্ষা করবার জন্য এমনভাবে দেয়াল ঘেঁষে শুয়ে আছে যা দেখে সহজে বিশ্বাস করা মুস্কিল ওটা মানুষ না অন্যকিছু।

বারান্দার আলো জ্বালতেই ছেলেটা বুঝি মাথা তুলে দেখবার চেষ্টা করল। আমি ছেলেটিকে ভেতরে ডাকলাম। কিন্তু মনে হল আমার কথা সে বিশ্বাস করতে পারল না, যেমন ছিল, তেমনই পড়ে রইল। আমার পেছনে এসে দাঁড়িয়েছিল সুনন্দা, এবার ও এদিকে এসে ডাকতেই ছেলেটা উঠে বসল এবং দ্বিতীয়বার ডাকবার সঙ্গে সঙ্গেই ঘরে এল ছেলেটি। সুনন্দা অবাক চোখে দেখছিল, আমি নিঃশব্দে আবার গিয়ে লেপের তলায় ঢুকলাম। সুনন্দা আমাকেই উদ্দেশ্য করে বলল, ওকে সিঁড়ির নিচে শুতে দি, কি বল।

আমার নির্বিকার কণ্ঠ 'যা তোমার খুশি।'

আমি শুয়ে পড়লেও ঘুমোলাম না। জেগে জেগে অনেক রাত অব্দি সুনন্দার ব্যস্ততা আর তোড়জোড়ের আওয়াজ পেলাম। কেন জানি না আমার মনটা একদম খারাপ হয়ে গিয়েছিল। এক রাত্তির একটা ছেলে কিংবা সুনন্দা যেই হোক আমার সমুখের সুখ হরণ করছিল। মানুষ যেমন করে হাত বাড়িয়ে ফুটন্ত ফুলের বোঁটা ছেঁড়ে পট পট করে, তেমনি কেউ বুঝি আমার বুকের মধ্যে হাত চালিয়ে দিয়ে কিছু একটা ছিঁড়ে নিয়ে গেছে। আমার রক্তে পাক দিচ্ছিল একটা অস্বস্তি। মনের এ অবস্থাটাকে কী বলা হয় আমি জানি না। কিন্তু সব মিলিয়ে আমার মধ্যে একটা অপরাধ অপরাধ ভাব জাগছিল। আমি ঘুমের ভাণ করে বালিশে মুখ গুঁজে ছিলাম যাতে সুনন্দা এলে আমি কথা বলার দায় একান্তে পারি।

সুদামা নামের ঐ ছেলেটি অবশেষে আমাদের বাড়িতেই থেকে গেল। ওর কোথাও যাবার জায়গা ছিলনা আর আমাদেরও একটি চাকর দরকার ছিল, যে ফাইফরমাজ খাটতে পারে। দু'দিন যেতে না যেতেই দেখলাম, সুদামা গোটা বাড়ির হালচাল দখল করে বসেছে। ছেলেমানুষের মতো বেখেয়ালে মাঝে মাঝে ও বেশ মুরুব্বির মতো কথা বলে, সুনন্দাকে এটা-ওটা পরামর্শ দেয় আবার যখন ছেলেমানুষী করে তখন একেবারেই ছেলেমানুষ। ওর গাঁয়ের কথা সুদামা ভালো মনে করতে পারেনা। বহুদিন আগে ও নিজের গ্রাম ছেড়েছে, তারপর একা একা হাঁটতে শিখেই ও ঘুরছে পথে পথে। ওদের গাঁয়ে বড় বড় পাকুড় গাছ, বনতুলসী আর কাশফুল ছিল এবং গ্রামের শেষ সীমানা দিয়ে বয়ে যেত একটা নদী, যার নামও সুদামার মনে পড়েনা। গ্রামের কথা বলতে গিয়া কাঁচে প্রতিবিম্বিত হওয়ার মতো অস্পষ্ট কিছু দৃশ্য তার চোখের তারায় খেলে যায়। খুব দূরের কোন দৃশ্যের মতো মনে পড়ে সবুজ সবুজ স্মৃতি, একমাঠ জলা ভেঙে হাতে হ্যারিকেন ঝুলিয়ে সার বেঁধে কেউ যেন মাঠ পেরুচ্ছে। অন্ধকারে ঠাক পাচ্ছে বড়োরা, হেই সামাল, সামা···ল, বাঁধ ভাঙতি পারে···। ব্যাস্ গ্রামের কথা বলতে এইটুকুই ওর মনে আছে। আর এই একই গল্প রোজ একবার করে ও সুনন্দাকে শোনাবেই।

সেদিন বিকেলে সুদামা আমাদের চা করে দিতে গেল। সুনন্দা বলল, তোর চা কোথায় রে সুদামা?

সুদামা বলল, আছে।

আমাদের সামনে সুদামা চা খায় না। বারান্দায় পেছন ফিরে বসে ফুঁ দিয়ে দিয়ে চা টা শেষ করে ও এসে বসল সুনন্দার পায়ের কাছে। দেখতে শুনতে মিষ্টি ছেলেটি। অমন গভীর টানাটানা চোখ হামেশা দেখা যায় না। ওর চোখ যেন বটের ছায়া ধরে রেখেছে এমনই স্নিগ্ধ। সুনন্দা ওকে জিজ্ঞেস করে, হ্যাঁরে সুদামা, ছোটবেলা থেকে পথে পথে ঘুরছিস কেন? মা-বাবার কাছে থাকতে পারিস না?

সুদামার চোখের তারা স্থির হয়ে রইল। যেন দিগন্ত ছাড়িয়ে আরো দূরের কোন কিছুর দিকে ওর দৃষ্টি নিবদ্ধ। ও খুব আস্তে আস্তে বলল, মা আকালের সময় মরে গেছে বিষ খেয়ে। বিষ ছাড়া গোটা গাঁয়ে আর কিছু খাবার ছিল না তখন।

সুনন্দা হাতের কাজ ফেলে হাঁ হয়ে শোনে সুদামার কথা। সুদামা বলে যায়, ঐ বছরই তো আমরা গাঁ ছেড়ে পালালুম, আর কখনো যাইনি।

'তোর বাবা?'

সুদামা যেন পোড় খাওয়া অভিজ্ঞ মানুষের মতো দীর্ঘশ্বাস ফেলে, মাথা ঝাঁকিয়ে বলে, তারে খুঁজতেই তো শহরে এলাম।

সুদামার কথায় আমি অবাক হই। চায়ের পেয়ালা নামিয়ে রাখতে রাখতে বলি, শহরে কোথায় থাকে সে?

'তা জানি নে বাবু, লোকে বলে বাবা নাকি এখন শহরে আছে। আমি ঠিক তারে খুঁজে বার করব।'

'তুই চিনতে পারবি তোর বাবাকে?'

সুনন্দার কথায় সুদামা মাথা নাড়ে, না, জন্মে অব্দি তারে আমি দেখিনি। মার মুখে শুনেছি ইস্তা জোয়ান ছিল আমার বাবা। রাস্তা দিয়ে হেঁটে গেলে পায়ের চাপে মাটি কাঁপত থরথরিয়ে! তারে চোখে না দেখলেও মা'র মুখে শুনে শুনে আমার চেনা হয়ে গেছে।

আমি জিজ্ঞেস করি সুদামাকে, তা তোর বাবা গাঁয়ে থাকত না কেন?

চোখ বড় বড় করে সুদামা আমার ভুল শুধরে দেয়, গাঁয়ে থাকবে না কেন, গাঁয়েই তো থাকত। সেই যেবার প্রথম আকাল হল, সেইবার বাবাই তো একা গাঁয়ে মাটি কামড়ে পড়ে ছিল। আমাদের গাঁয়েও একটা দত্যি থাকত, তাদের দোতালা বাড়ি, অনেকগুলো গোলা আর চারটে বন্দুক। গাঁয়ের মেয়েরা ওদের বাড়িতে কাজ করতে যেতনা ভয়ে।

'কেন?' সুনন্দার কণ্ঠে কৌতূহল।

সুদামা ঠাকুরমার কুলির গল্প বলে যাওয়ার মতো বলে, ওটা দত্যির বাড়ি যে, ওখানে গেলে কেউ ফেরে না। দত্যিগুলো নাকি চুমুক দিয়ে মেয়েগুলোর রক্ত খায়। ওদের তো পেটজোড়া কেবল খিদে।

সুদামার চোখ আড়াল করে সুনন্দা আমার হাতে চিমটি কাটল। আমি

বললাম, তাতে তোর বাবা নির্দোষ হবে কেন?

আমরা দু'জনে যেন সুদামার দুই বোকা ছাত্র এমনই ভাব করে সুদামা বলল, আরে সেদিন না মজার কথা। একবার নবান্নের দিনে, আকালে মানুষগুলোকে নিয়ে আমার বাবা ঐ দত্তিার বাড়ি চড়াও হল। কিন্তু দত্তিার সঙ্গে মানুষ পারবে কেন। বন্দুকের আওয়াজ শুনেই সবাই দুই মারল। কেবল বাবাকেই ধরে নিয়ে পেটাল দত্তিার দল।

'তারপর?' আমরা চোখ বড় বড় করে কৌতূহল মেটাবার ভাণ করলাম।

সুদামার গলা ভারী হয়ে এল। থেমে থেমে বলল, মা'র কাছে শুনেছি বাবা সেই রাত্রেই গাঁ থেকে উধাও হয়েছে। যাবার বেলা মাকে বলে গেছে, উঃ বড্ড ঠাণ্ডা গো, এই শীতে তোমার খোকা অন্ধারে কেমন করে, দাঁড়াও আমি আগুন জ্বালার ব্যবস্থা করি। আমার মা তখন শুয়ে, আর পেটের মধ্যে আমি। আমার জন্যে আগুন আনতে বাবা সেই যে গেলেন আর এলেন না।

সুদামার গলার স্বর ভেজা ভেজা। কিন্তু ওর চোখের দিকে তাকিয়ে দেখলাম সেখানে জলের কোন চিহ্ন নেই, বরং মরুভূমির মতো সেই চোখ যেন জ্বলছে। সুনন্দা সহানুভূতির সঙ্গে এই বাপ-মা হারানো অনাথ ছেলেটার দিকে তাকাল। আমি সিগারেটের প্যাকেট খুঁজতে খুঁজতে শুনতে পেলাম সুনন্দা বলছে, মা, উনুনে আঁচ উঠেছে কিন্তু দেখে আয়।

সুদামা বেরিয়ে যেতে সুনন্দা যেন স্বগতোক্তি করল, আহা বেচারা।

এই হল আমাদের সুদামা।

কাজে-কর্মে ওর বিরুদ্ধে কোন অভিযোগ ছিল না। হেন কাজ নেই যা ওকে দিয়ে করানো যেত না। একদিন অফিস থেকে এসে দেখি সুনন্দা দু'পায়ে আলতা লাগিয়ে বসে আছে। বিয়ের পর প্রথম প্রথম ওকে পায়ে আলতা দিতে দু' চারবার জোরাজুরি, কিন্তু গত কয়েক বছর ও ব্যাপারটা বাদই ছিল। আমি অবাক হয়ে জিজ্ঞেস করি, ব্যাপার কি?

সুনন্দা সলজ্জ হাসতে হাসতে কণ্ঠে কৃত্রিম অভিযোগ ফোটায়, আর বল কেন, ঐ সুদামার বায়না। ওর মা নাকি পরত। তাই আমাকেও পরতে হবে। যত বলি না, ওত ওর বায়না যেন বেড়ে যায়। এবার হুকুম হয়েছে ওর মার মতো লালপেড়ে শাড়ী পরতে হবে।

আমি টাইয়ের নট আলগা করতে করতে বলি, ভালই তো, এবার একদিন হুকুম হবে ওর মেসে যাবার সেদিন ওর হাত ধরে চলে যাবে।

'গেলে মন্দ কী!'

'মন্দ তো বলছি না, তবে ওর বাপ কোনদিন যদি ফিরে এসে জমির দখল নেবার মতো তোমার দখলও নিতে চায় তাহলে—

সুনন্দা আমার মুখে হাত চাপা দিয়ে দৃঢ় ধমক দিল, তোমার মুখে কিন্তু আটকায় না, দিন দিন ভীষণ অসভ্য হচ্ছো তুমি।

মাস দেড়েকের মধ্যেই সুদামা আমাদের ভুলিয়ে ছাড়ল যে, সে বাইরের লোক। যেন জন্মসূত্রে সে একটা অধিকার পেয়েই এ বাড়িতে এসেছে আর সুনন্দা যেন ওর গর্ভধারিণী মা, ওর কথা, ওর আব্দার ওকে শুনতে হবেই। ব্যাপারটা কখনো কখনো আমার বাড়াবাড়ি মনে হতো, কখনো বা ভীষণ ভালো লাগত। ঘরে ছিইয়ে রাখা মাদুরে সুকুরে ছেড়ে দিলে যেমন হয়, আমাদের এখানে এসে সুদামার অবস্থাও তেমনি। সুদামা ছুটির দিনে নতুন নতুন জলখাবার করে দিতো, কখনো বা সুনন্দা ওকে রান্না শেখাতো। এরই মধ্যে একদিন বাড়ি ফিরে দেখলুম সুনন্দা ওকে ইংরাজী এ, বি, সি, ডি, শেখাচ্ছে, আর ও, অনুগত ছাত্র ঠিক নয়, যেন সুনন্দার ছেলের মতোই ওর সামনে বসে পড়া লিখে নিচ্ছে।

তবুও এই সুদামাই একদিন পালাল। আমরা সিনেমা থেকে ফিরে এসে দেখলাম সে নেই। প্রথমটায় সে পালিয়েছে ভাবি নি, কিন্তু আস্তে আস্তে নানা জায়গায় সন্ধান নিয়ে জানলাম যে সে পালিয়েছে। জীবনে বহু মর্মান্তিক আঘাতের মতো এটাও আমাকে তীব্রভাবে বিদ্ধ করল। অনেকক্ষণ আচ্ছন্নের মতো বসে থাকতে থাকতে আমার সমস্ত রাগটা গিয়ে পড়ল সুনন্দার ওপর। সুনন্দা গম্ভীর মুখে আয়নার সামনে বসে চুল বাঁধছিল, আমি এখান থেকে ওর চোখ দেখতে পাচ্ছিলাম। ওর নাকের পাটা ঘন ঘন ফুলে উঠছে দেখে বুঝতে পারলাম, ওর ভেতরে একটা উত্তেজনা খেলা করছে। বাধ্য হয়ে আমাকে থেমে থাকতে হল। সুনন্দা চুল বাঁধা শেষ করে যেন আপন মনেই উত্তেজনার নিওটা নাড়াচাড়া করতে করতে বলল, আসলে তো জাতে ছোটলোক, তাই পারল না বলে করে চলে যেতে। তবু ভাল বলতে হবে যে, যাবার সময় কিছু হাতিয়ে নিয়ে যায়নি। নতুন চাদর কিনে দিয়েছিলুম, হতভাগা সেটাও ফেলে গেছে। যা এবার পথে পথে ঘুরে খা।

সুনন্দার অবস্থা দেখে আমার হেসে ফেলল। আসলে ওর আর আমার মধ্যেও ঠিক এমনি ব্যাপার ঘটছিল। আমি সুদামার অকৃতজ্ঞতায় আহত হলেও মুখে কিন্তু বলছিলাম না। ফলে আমার ভেতরে রাগটা বাড়ছিল। আর সুনন্দা ভেতরের দুঃখটাকে বাইরের রাগ দিয়ে আড়াল করছিল। আমি কিছু না বলে সোফায় চোখ বুজে বসে অন্য কিছু ভাববার চেষ্টা করছিলাম।

অফিস···দুপুরে সমীরের সঙ্গে বীয়ার খাওয়া···ইন্দ্যুরেন্সের প্রিমিয়াম মটা ভরে দিতে হবে···সুনন্দাকে ডাঃ নন্দীর চেম্বারে নিয়ে যাওয়া দরকার···পাশের বাড়ির রেডিওতে মায়া বনবিহারিণী, 'শ্যামা'র গান, একা-তেমি ফ্লস-এ সুনন্দা শ্যামা নেচে প্রাইজ পেয়েছিল, পারলে কালই ডাঃ নন্দীর কাছে সুনন্দাকে···কেন তারে ধরিবারে করি পণ; আহ্, ভাবনাগুলো যেন কবিতা হয়ে যাচ্ছে। কবিতার মত সরীর। সুনন্দার মায়া আর ইন্দ্যুরেন্সের প্রিমিয়াম ভাবনার মাঝপথে দুকুং করে ঢুকে পড়ছে শ্যামার গান, মানে মগজে একটি ককটেল তৈরি হচ্ছে আর কি।

—'এই শুনছো।'

সুনন্দার ডাকে চমকে উঠি আমি। আমাকে চোখ মেলে তাকাতে দেখেই

সুনন্দা বলে, আমার বালিশের তলায় সুদামা চিঠি রেখে গেছে।

'চিঠি! সুদামার লেখা? কি লিখেছে।

সুনন্দা থেমে থেমে পড়ে যায়,—'শ্রীচরণেষু মা, আমি আমার বাবার খোঁজে চলিয়া যাইতেছি। আমি শুনিয়াছি বাবা এই সহরেই কোথাও আছে। আমাকে ক্ষমা করিয়া দিবেন, আমি আপনাদের প্রণাম করিয়া যাইতে পারি নাই, তাই এখন আমার প্রণাম নিবেন। আমি যাহার সঙ্গে যাইতেছি সে আমার চেনা লোক, তিনিই আমাকে বাবার সন্ধান করিয়া দিবেন। শত কোটি প্রণাম অন্তে আপনাদের সুদামা।'

যে সন্দেহটা প্রথম থেকেই আমার মনের মধ্যে উঁকি দিচ্ছিল এবার তা আরো দৃঢ় হল। আমি বললাম, চিঠিটা ওর হাতের লেখা হলেও ভাষাটা অন্য কারো। সুদামা নির্ঘাত কারো খপ্পরে পড়েছে। এখান থেকে ভুলিয়ে নিয়ে গিয়ে অন্য কোথাও কাজে লাগাবে।

'কী কাজে লাগাবে ওকে?' সুনন্দার ঈষৎ ভয় পাওয়া গলা।

—'হয়তো কেউ দু'সন্ধে নিয়ে নিজের বাড়িতে কাজ করাবে নাহয় চায়ের দোকানের বয় বানাবে। কলকাতা সহরে এরকম চাকর পাওয়াও তো এখন দুর্লভ।'

সুনন্দা কিছু না বলে অন্যদিকে মুখ ফেরাল। ওর মুখের ছায়া দেওয়ালে, সেই মুখ আহত অভিমানে জ্বলছিল। বুকের খাঁচায় নাম না জানা একটা কষ্ট নিয়ে সেই রাতে; আমি অনেকক্ষণ জেগে থেকে সুনন্দাকে আদর করলাম।

সুদামা নামের ছেলেটিকে নিয়ে আমাদের যাবতীয় ভাবনা চিন্তার এইখানেই ইতি হয়ে গেল। সময়ের সাথে সাথে আমরা সুদামার স্মৃতিটাকে জয় করতে লাগলাম। এরপর সুদামাকে নিয়ে আর এক লাইনও লেখবার ছিলনা যদি না আবার সে ফিরে আসতো।

হ্যাঁ, সুদামা ফিরে এল। ফিরে এল তেমনি এক দুর্জাত শীতের রাতে। সহরের মুখে তখন কুয়াশার মুখোস, গাছের পাতা চুঁইয়ে গভীর দুঃখের মতো ঝরে পড়ছে কুয়াশার ফোঁটা। মৃতব্যক্তির অচল দুঃখ-পিণ্ডের মতো সহর তার যাবতীয় দুশ্চিন্তা নিয়ে স্থির। সুদামাকে আমিই প্রথম আবিষ্কার করলাম। বাইরের সিঁড়ির ঠিক নিচে মাটিতে মুখ গুঁজে ও কাঁদছিল। যেন কী ভীষণ এক যন্ত্রণায় ও কষ্ট পাচ্ছে। আমি ওকে বারান্দায় তুলে আনলাম। সুদামা চিৎকার করে আমার বার বার নিষেধ করল, বলল, আমায় ছোঁবেন না বাবু, আমায় একদম ছোঁবেন না। আমার সারা গায়ে কি সব যা বেরিয়েছে, তার জ্বলুনীতে আমার সারা গা পুড়ে যাচ্ছে।

'কি করে হ'ল এসব তোর?' সুনন্দা প্রশ্ন করল। আমি লক্ষ্য করলাম খুব সতর্কতার সঙ্গে সুনন্দা তার পুরণ বজায় রেখে দাঁড়িয়েছে।

সুদামা জবাব দিল থেমে থেমে, প্রচণ্ড যন্ত্রণায় সে হাঁপাচ্ছে, আমার বাবাকে খুঁজে দেবে বলে যারা আমাকে নিয়ে এসেছিল ব্যবসা করল এই রোগ তাদেরই দেওয়া। বাবু, আপনি আমাকে আর কটা দিন বাঁচিয়ে রাখুন। আমি জানি আমার বাবা মিথ্যে বলেনি। সে আসবেই।

বুঝতে পারছিলাম বিকারের ঘোরে সুদামা কেবল বকছে। ওর গায়ে হাত দিয়েই জ্বর টের পেয়েছিলাম আমি। কিন্তু এই রাতে ওর জন্যে কি ব্যবস্থা করব ভেবে পেলাম না। সুনন্দার দিকে তাকাতে দেখলাম ওরও চোখমুখ অসহায়। আমি সুদামার দিকে চোখ ফেরালাম। সুদামা দু'হাতে বুকের মাঝখানটা আড়াল করে রেখেছিল। যেন যন্ত্রণার উৎসটা ওখান থেকেই। আমি বললাম, তোর বুকে খুব যন্ত্রণা হচ্ছে?

সুদামা ঘাড় নাড়ল, না।

'তবে বুক আগলে রেখেছিস কেন। কি হচ্ছে ওখানে?' সুদামা বলল, আমার গায়ের যা গুলো বুকের কাছে উঠে আসছে বাবু, আমি দেখতে পাচ্ছি সব, ওরা আমার শেষ সম্বলটাকেও নষ্ট করে দিতে চায়।

আমি অবাক করা গলায় বললাম, কি তোর শেষ সম্বল।

সুদামা জোরার লাগা গলায় বলল, যা দিয়ে আমি বাবাকে চিনে নিতে পারব।

কথা শেষ করেই সুদামা আবার কাতরাতে লাগল। আমার বুকের মধ্যে একটা কৌতূহল যেন বাঘনখে আঁচড়াচ্ছিল। আমি বলাম, দেখি হাত তোল।

সুদামা ঘাড় নেড়ে জানাল, না।

আমার মধ্যে একটা বিশ্রি সন্দেহ হঠাৎ থাবা বাগিয়ে আমার গলার দিকে উঠে এল। আমি আদেশের গলা করলাম, হাত তোল সুদামা।

সুদামা অনুনয় করল, বাবু আপনি শুধু আমার বুকের এই জায়গাটুকু বাঁচিয়ে রাখুন। ঠিক এইটুকু জায়গা। যা গুলো ক্রমশ গিলে খাবার জন্য হামাগুড়ি দিয়ে উঠে আসছে। আপনি আমায় বাঁচান। আমি নিচু হয়ে বসে ওর কব্জিতে হাত রাখলাম। ও জোর করে নিজের বুকের একটা অংশ আড়াল করতে চাইছিল। আমি ক্ষুরহাতে এক ঝটকায় ওর হাত টেনে তুলতেই সুদামা অসহায়ের মতো হাউ হাউ করে কেঁদে উঠল।

আহত বিস্ময়ে আমি কিছুক্ষণ অবাক হয়ে ওর খোলা বুকের দিকে তাকিয়ে রইলাম। সম্ভবতঃ ওরই নখের আঁচড় লেগে একটা রক্তের ফোটা গড়াচ্ছিল। এবং সেই এক ফোটাতেই সুদামার বুকে উল্কিকাটা ঈশ্বর রক্তাক্ত হয়ে গেল। আমি যেন অনেক দূর থেকে, যেন নদীর অন্য পার থেকে ভেসে আসা সুদামার গলা শুনতে পেলাম, আমার বাবার বুকেও এই উল্কি ছিল। আমি এই দিয়েই চিনে নেবো আমার বাবাকে—যে আমার জন্যে আগুন আনতে গিয়ে আর ফেরেনি।

সুদামার গলার স্বর আমার হৃদপিণ্ডে প্রতিধ্বনিত হল। তখন ওর বুকের দিকে তাকিয়ে সহসা অরণ্যে অগ্নিকাণ্ড দেখলাম যেন। সেই রাতে আমরা দুটি বিপন্ন মানুষ আর আমাদের সামনে যন্ত্রনায় কুঁকড়ে যাওয়া আর একটা মানুষ, যেন ক্যানভাসে আঁকা স্থির একটি দৃশ্যের মতো এই পৃথিবীর অন্ধকারে জেগে রইল। আর বিরাট এক অগ্নিবলয়ের মধ্যে সুদামার গলা মন্দিরের ঘন্টার মতো বেজে চলল, আমায় বাঁচান বাবু, ওগুলো ক্রমশ গিলে খাবার জন্য হামাগুড়ি দিয়ে উঠে আসছে.....

আমি জানি না, সুদামার ডিলিরিয়াম হয়েছিল কিনা।

নির্মলের চোখের সামনে এখন এক দৃশ্য : কয়েক শ টাকার নোট গোনা হচ্ছে, যেন পারস্যের শাহ নিজে গুনছেন, আর সেই সময়ে নির্মলের কানে বাজছে কলেজের গেটের বাইরে আসা একদল মেয়ের শাড়ির খস খস শব্দ, যেন দূর থেকে দেখা যায় বা শোনা যায়, কিন্তু কাছে গেলেই বিপদ। এবং নির্মল জানে এই কয়েক হাজার টাকাও দূর থেকে সে দেখতে পাচ্ছে, গোনার শব্দ মনোহর হয়ে কানে বাজছে খস্ খস্, গোনা শেষ হলে টাকাগুলো তার হাত দিয়েই পৌঁছবে অন্য এক জায়গায়। নির্মল শুধু বহন করে নিয়ে যাবে। পারস্যের শাহের হাতে হীরের আংটি ঝলমল, সাধারণ সুতীর জামা গায়েও অসাধারণ মনে হচ্ছে। কৌচ কেদারায় সাজানো ড্রইং রুমে বসে নির্মল এক সম্রাটকে প্রত্যক্ষ করছিল। সম্রাট অর্থাৎ পারস্যের শাহ্ অর্থাৎ মিঃ দত্ত—এই ভাবেই মনে মনে মিলিয়ে নেয় নির্মল, ঠিক বীজগণিতের—এ প্লাস বি হোল স্কোয়ার—ইজ ইকুয়েল টু···ইত্যাদি।

'তা হলে তুমি এক্ষুনি চলে যাও, কৃপানাথকে আটটার মধ্যেই ধরতে হবে।' সোনার ভারী চকচকে ঘড়িটার কাঁটা দেখলেন, তারপর টেলীফোনের দিকে হাত বাড়ালেন শ্রী শাহ্। নির্মল উঠে দাঁড়াল, 'আর শোন, ফিরে এসে আমাকে বলে যাবে কি হল না হল।'

সকালে খাওয়া ডাল আলুসেদ্ধর এসার্জির মেয়াদ বড়জোর তিনঘণ্টা, এখন দশঘণ্টা পার হয়ে যাচ্ছে, ঘাড়ের ওপরে মাথাটা আর মাথা মনে হচ্ছে না নির্মলের, কাঠপড়ার চেপে ধরা বলির পাঁঠার মতো, সে শুধু ঘাড় নেড়ে টাকাগুলো ভেতরের পকেটে সযত্নে অনুভব করে শাহ্র বাড়ি থেকে নিচে নামল। তখন মুষলধারে বৃষ্টি। বৃষ্টি হোক্, আর বন্যায় ভেসে যাক্, তবুও আটটার মধ্যে পৌঁছতে হবে নইলে শাহ্ ক্ষেপে যাবেন, চাকরিটি যাবে। চাকরি যেতে পারে এই আশঙ্কা সত্ত্বেও নির্মল দাঁড়িয়ে বৃষ্টি দেখতে লাগল, হাজার হাজার পারদার তালার শব্দ বৃষ্টিপাতের শব্দ, হাজার হাজির

মধ্যে পৌঁছল পারদার সংখ্যা, নির্মল একাগ্র হয়ে দেখতে লাগল। আর দু মিনিট বড়জোর দাঁড়াতে পারে সে, তারপরই এই বৃষ্টি মাথায় করে পথে নেমে যেতে হবে। শাহর আদেশে এক্ষুনি তাকে নির্দিষ্ট জায়গায় পৌঁছতে হবে পাঁচ হাজারকে সাত হাজার করার জন্য। অথবা আরও বেশী। শ্রী শাহ্ এখন তার নীলাভ আরাম ঘরে টাকার মানসাঙ্ক নিয়ে শুভঙ্করের চাইতেও কয়েক ধাপ এগিয়ে গেছেন, অথবা বার্ধক্য হেতু সেক্রেটারীর নরম শরীরে কোথাও শিভ্ শভ্ বলের মত অদৃশ্য কিছু ডাক করছেন।

সহসা নির্মল দেখল, এই বৃষ্টির মধ্যেও নরম পায়ে কে এক মেয়ে যেন এসে কাছে দাঁড়াল। বৃষ্টির জন্যে মাথায় ঘোমটা ছিল, ঘোমটা সরাতেই চমকে উঠল নির্মল। বনশ্রী! কে জানে ওকে দেখেই এসেছে কিনা, কিংবা না দেখেই বৃষ্টি থেকে মাথা বাঁচাতে এসে দাঁড়িয়েছে। সুন্দর এক মধুর ভঙ্গি। ছোট রুমালের আলতো ছোঁয়ায় একটু একটু করে গাল, গলার দিক থেকে ঘাড় পর্যন্ত মুছে নিল, শাড়িটা ঠিকমত গুছিয়ে যখন চোখ তুলল, ইতিমধ্যে নির্মল মনে মনে অনেকখানি প্রস্তুত হয়ে নিয়েছে। হয়ত এক্ষুনি রুদ্ধ এক নাগিনীর মত এই বৃষ্টির মধ্যেই এখান থেকে সরে গিয়ে অন্য কোথাও দাঁড়াবে। অন্য কোনও অশোভন কথা না বলে এটাই হবে ওর এক রকমের প্রতিশোধ। কিন্তু বনশ্রীর ঠোঁটে হাসি দেখে কেমন যেন অস্থিরতা বাড়ল নির্মলের মনে। একটু এগিয়ে এসে দাঁড়াল বনশ্রী, 'এখানে?

নির্মল হাসল, 'বৃষ্টির জন্যে'. মনে তবুও সংশয়, এর পরবর্তী প্রশ্ন ভয়ানক কিছু. 'তোমাকে অনেকদিন পরে দেখলাম, কোথেকে আসছ?'

'চাকরি থেকে। আপনি?' বনশ্রী আঁচল দিয়ে ছোট ব্যাগটা মুছতে মুছতে তাকাল। বনশ্রী 'চাকরি' বলল কেন 'অফিস' না বলে?

'আমারও চাকরি।' নির্মলের মনে অহঙ্কার কিন্তু তোলপাড়। যদি সেই প্রসঙ্গ উঠে? আপনি আমার সর্বনাশ করে এমন করে কেন পালিয়েছিলেন? আসলে 'সর্বনাশ' কথাটা এর আগেও বলেছিল বনশ্রী। কিন্তু 'সর্বনাশ' করবার মতো কিছুই করেনি সে! মাত্র চারমাসে যার দুটি টেলীফোন সংলাপ, দুবার সিনেমা এবং এক বর্ষার দুপুরে ওর মেজদির ফাঁকা, ফ্ল্যাটে একটু পরস্পরের দেহ ব্যবহার, তাও মনু শাসিত সমাজের ধর্ম বাঁচিয়ে। বনশ্রীই ওকে সেই টিপ টিপ বর্ষার দিনে তিনবার টেলীফোন করে টেনে নিয়ে গিয়েছিল। এবং ফ্ল্যাটের বেল বাজাতেই নিজে দরজা খুলে দিয়েছিল। কেমন সিনেমা-সিনেমা মনে হচ্ছিল বলে নির্মল এই প্রথমবার সাহস পেয়ে ওর কাঁধে হাত দিয়েছিল, হাতটা বনশ্রী মুঠি করে চেপে রেখেছিল নিজের ঘাড়ের মহার্ঘ মাংসে, তারপর একটু ঘুরে দরজা থেকে সরে নির্মলকে ভেতরে আসার ইঙ্গিত করে দরজাটা বন্ধ করে দিয়েছিল।

নির্মল জানে না কেন এত সাহস হয়ে গিয়েছিল সেদিন, দরজাটা বন্ধ করতেই

ওর লাল পাতলা ঠোঁটের দিকে তাকিয়ে কেমন মনে হচ্ছিল ওর ঠোঁটটা বড়ো বেশী লাল আর কেমন যেন টুসটুসে, ফুলছে। ফলের বাগানে পাখি এলে, চারদিকে অনেক পাকা ফল, ইচ্ছে করলেই ঠুকরে খেতে পারো। বাঁধা দেবার কেউ নেই। একটুনি কিছু রস ঠোঁটে করে চুষে নাও, এই রকম এক চিন্তায় বড় বেসামাল নির্মল, আরও মনে হল, এই বর্ষার দিনে তিনবার ওকে ফোন করে প্রায় পীড়াপীড়ি করে কেন ডেকে আনা, সম্ভবত নির্মলকে ওর ভয়ানক দরকার এবং দরকারটা যেন এই রকম: আমার বাগানে অনেক ফল এখন পাকছে, তুমি এই নিরালায় এসে একা কিছু খেয়ে নাও।

ঘরে ঢুকে পড়ার আগেই নির্মল ওকে দুহাতে বুকের কাছে এনে ঠোঁটের ওপরে ঝুঁকে পড়ল। কিন্তু কোনও রকম বাধা না দেয়ে, শুধু একটু সরে যাবার সামান্য চেষ্টা করে, শরীর আরও নরম ভঙ্গিতে এলিয়ে বনশ্রী শুধু বলল, এই! ঠাকুর রয়েছে রান্না ঘরে। অর্থাৎ ঠাকুর আছে বলেই এই ব্যাপারটা চলতে পারে না তা না হলে চলতে বাধা নেই, এই রকমই ইচ্ছা বনশ্রীর। আর একটাও জানা গেল, বাড়ির ঠাকুর ছাড়া কেউ নেই বলেই বনশ্রী এমন ব্যাকুল হয়ে ডেকে এনেছে। নির্মল বনশ্রীকে ছেড়ে দিতেই একটু বাধ-ভাঙা করে এবং মুচকি হেসে, আঁচলটা বুক থেকে উঠিয়ে আবার ঠিক করে নিল, এতক্ষণ ডান বুক দেখা যাচ্ছিল, এবারে দুইবুকের ধারুণ শোভা দেখে নির্মলের বুকে হাহু হাহু শুরু হয়ে গেল। হায়। সামনে এমন ফলের সম্ভার, অথচ আমি শুধু দর্শক। বনশ্রী কেমন এক উজ্জ্বল রঙের চওড়া বর্ডার ব্লাউজ পরেছিল, চাঁপা ফুলের মত ওর পেট পিঠের রং কেমন যেন মনে হয়েছিল, ও, ঈশ্বর নুর জাহানের মত, ওর শরীরে অনন্ত ঐশ্বর্য অসাধারণ লাবণ্য। এই শরীরে ঐ সব জামা কাপড় ওকে রাজরানীর মত করে দিয়েছে। মুখের চামড়ায় একটাও দাগ নেই রণ নেই। চোখের কোলে কালি নেই, চোখ এত স্বচ্ছ যে তাতে সামনের সব কিছুর ছায়া পড়ে। একটু ঝুঁকে নির্মল নিজের একটা ছোট্ট আকার ওর চোখের তারায় ভাসতে দেখল। খুব অদ্ভুত মনে হল নির্মলের! নির্মল এখন ওর চোখের তারায়। ও মুচকি হাসছে, 'বসুন, আমি দেখে আসি কিছুর কি করছে।' রান্না ঘরে বনশ্রীর গলা পাওয়া গেল,- কিছুরকে ডিম-টিম দিয়ে কি সব তৈরী করার এক লম্বা ফিরিস্তি বলছে। ঘরের মধ্যে নির্মল একা। বৃষ্টির জন্যে ঘরের মধ্যে চার পাঁচটা ডিঙ্গে শাড়ি আড়া-আড়ি মেলে দেওয়া, পাখাটা ফুল স্পীডে ঘুরছে। মাথার উপর ঝুলন্ত শাড়ির নিচে মাথা নুইয়ে ঘরের একেবারে শেষ প্রান্তে হেঁটে এল নির্মল। এখন ওকে দরজা থেকে দেখা যাচ্ছে না। বনশ্রী এসে অবাক হয়ে যাবে, হয়ত এদিক ওদিক তাকিয়ে সহসা নিচু হয়ে দেখতে পাবে, তারপরে কেমন এক খেলার মজায় পেয়ে বসবে ওকে। বলবে, 'এখানে দাঁড়িয়ে কি করছেন।' তখন নির্মল কি বলবে ঠিক করতে পারছিল না। কারণ, তখন অনেক কথা মেয়েদেরই মুখে ঠিক ফুটিয়ে যায়। হোক আজে বাজে তবুও শুনতে খারাপ লাগেনা। কিন্তু নির্মল নিজেকে দিয়ে বুঝতে পারছে, অন্যান্য পুরুষরাও কখনো কখনো তার মতই কেমন এক বিহ্বল প্রস্তরীভূত হয়ে যায়। নির্মল ঘরের শেষ প্রান্তে দাঁড়িয়ে থাকা হলে কথা ছিল না। কিন্তু ওর ভেতরের ঈশ্বর এতক্ষণে শয়তান হয়ে গেছে। কেমন এক দারুণ অকম্প হাত অদৃশ্যভাবে ওর বুক থেকে সরে সরে নিচের দিকে নিমে যাচ্ছে। আসন্ন কি এক মুহূর্তের জন্য পেশীগুলোকে শক্ত করে দিচ্ছে যেন বস্ত্রপাতির সব প্যাঁচ কষে, পেরেক লাগিয়ে পুরোপুরি কিছু বানিয়ে তুলছে। অন্ধকার ঘরটার এক কোনে দাঁড়িয়ে প্রায় কাঁপতে কাঁপতে 'হায় ঈশ্বর হায় ঈশ্বর' মনে মনে উচ্চারণ করেও পুরোপুরি শয়তানের কবলে চলে এল নির্মল। সেই একবার এক বুড়ো মাস্টার মশাই সকালের পীড়ায় কাতর হয়ে কেমন বাঁশপাতার মতো কাঁপছিল। কাপড় চোপড় নষ্ট হয়ে যাবার অবস্থা, ওদিকে আর একজন মনের সুখে দরজা বন্ধ করে সম্ভবত সিগারেট ফুঁকছে আর সকালের ক্রিয়া সারছে। বুড়ো মাস্টার মশাই, 'দুর্গা, লজ্জা বুঝি দিলা, হায় দুর্গা। লজ্জা বুঝি দিলা' বিড়বিড় করছিল, মুখ চোখে খিল এঁটে যাচ্ছিল। নির্মলের এখন সেই বুড়োর কথা মনে পড়ছে, এখন এখান থেকে চলে যাওয়া উচিত কিন্তু তবুও চলে যাওয়া অসম্ভব। বনশ্রীর ফলের বাগানের পাকা ফলের গন্ধ ঘরে ম-ম, ওর চুলে কোন সুগন্ধি তেল অঙ্গে কোন বিশেষ প্রসাধন এই সব যেন মনের মধ্যে কে জাগিয়ে তুলছিল। নির্মল বুঝতে পারছিল না, কেন ঈশ্বর এখন ওকে এই মুহূর্তে শয়তানের জিম্মায় রেখে সরে পড়ল, আর রান্নাঘরে, বনশ্রীর গলা পাওয়া যাচ্ছিল, যেন শয়-তানের অভ্যর্থনার জন্য ও আমিষ ও নিরামিষ দুই রকমের খাদ্য প্রস্তুতে মন দিয়েছে। নির্মলের মনের মধ্যে চীৎকার উঠল, হায় বনশ্রী, আর তেরী করলে বিপর্যয় ঘটবে, কারিগরটা তলপেট থেকে ক্রমশ নিচের দিকে নিপুন হাতে কলকব্জা ছুড়ছে, বনশ্রী সাবধান, এখন আমি শয়তান কারিগরের আওতায়। কিন্তু বনশ্রীর মনে সম্ভবত কোন ভয় ছিল না। কারণ ওর দিদি নির্মলের বাবা বড়দা সকলের সঙ্গেই মোটামুটি কথা বলে রেখেছে, হয়ত নির্মলের সঙ্গেই ওর বিয়ে হবে। বনশ্রীর মনে এই ভাবনাই ছিল। কিন্তু নির্মলের মনে ছিল, সামান্য চাকরির এই জীবনে এমন একটি মেয়েকে ঘরে আনার পরিণাম ভবিষ্যতে একটি আস্ত মেয়ের ভার বহনের দুঃখ। কাজেই এমন দুঃখকে বেচে জীবনে ডেকে আনার উৎসাহ বোধ করেনি। কিন্তু সরাসরি এটা জানিয়ে দেওয়াতেও ওর বেশ সঙ্কোচ। যা কিছু আলোচনা দিদির সঙ্গে হয়েছে, বাড়ির বড়দের সঙ্গে কোনও কথা হয়নি, অতএব একটা আলোচনা চলছে, যেন কিছু কানে আসছে, কিছু বা আসছে না। ওরা কোন একটা ব্যাপারে এগিয়ে যাচ্ছে, সেটা নির্মলকে নিয়ে, অথচ নির্মলকে স্পষ্টতঃ বলতেও পারছেন না, কিন্তু একদিন হয়ত বলবেনই। বনশ্রীর অবশ্য এ-বিষয়েখোলাখুলি কিছু কথা জানা আছে।

ওদের বাড়ির সকলেরই জানা। এবং সম্ভবত ওর মাসি, কারণ ওর মা কলকাতায় থাকত না, দেলে, হাওড়া না হুগলির কোন গাঁয়ে ওর বাবা জমিদার সেখানে থাকত, এখানে মাসিই ছিল ওর অভি-ভাবিকা, একদিন মাসিকে নিয়েই সিনেমা দেখল নির্মলের সঙ্গে বসে। নির্মল আর মাসির মাঝখানে বসেছিল বনশ্রী এবং আশ্চর্য,দুচারবার কেমন একরকমের মেয়েলি অস্থিরতা, আঁচল টানল, চুল টুল ঠিক ঠাক করার অছিলায় হাত ওঠানো নামানো, আয়েস করে গুছিয়ে বসার জন্য বারবার নড়াচড়া, শরীর সামান্য হালকা করে একটু উঠে আবার বসে বনশ্রী। ওর শরীরের যা পাশ, কোমরের নরম মাংসের কেমন এক মধুর উষ্ণতা, পুরুষ্টু উরুর মাংস সমা ভরাল, নির্মল প্রথমে একটু আড়ষ্ট হয়ে বসে। সহসা কখন এক সময়ে নির্মল অনুভব করল, কোলের ওপরে বনশ্রীর হাত এসে পড়েছে এবং হাতটায় যেন শীতের সকালের রোদ্দুর একটু একটু তাপ, উরুসন্ধি স্পর্শ করছে, হাতটা আনমনা এসে পড়েছে কি না ভাবতে ভাবতে বুঝতে পারল যেন শরীরের একটু ভার রাখল বনশ্রী ওর ওপর। নির্মলের খুব ভাল লাগল, কিন্তু ওদিকে মাসি বসে আছে, একটু আধটু বুঝতে পারছে কি না কে জানে, হয়ত বা মেয়েদের বয়সের প্রাচীর গুলো খুবই স্বচ্ছ বলে পরস্পরের অলক্ষ্য কিছু রাখেনা ওরা। নইলে এই সিনেমা আসাটা, মাসির সঙ্গে আসা, সবই প্রতি-বেশীদের চোখ-ধাঁচামো ব্যাপার। আর একটি ঘটনার কথাও মনে পড়ছে নির্মলের। বনশ্রীদের নিচের তলার ভট্টাচার্যদের সেজ মেয়ের সঙ্গে নির্মলের জেঠতুত দাদার বিয়ের দিনে প্রচুর খাটুনি, রাত্রে প্রায় ঘুমই হয়নি, পরদিন সকালে ঘুমে চোখ ঢুলে আসছে, তখন বনশ্রীর মাসি নেমে এসে নির্মলকে অনেক বলে কয়ে উপরে একটু ঘুমিয়ে নেবার জন্য নিয়ে গেল। নির্মল গিয়ে দেখল ঘরে শুধু মেয়েরা, বনশ্রীর যুক্তযুক্ত বোন দিদি আর মাসি। একটু হাসি ঠাট্টার পরে মাসি দিদি আর যুক্তযুক্ত বোন চলে গেল চা-টা করার অছিলায় তারপর ঘরে শুধু বনশ্রী। এতক্ষণ বসেছিল বনশ্রী, এবারে হেলানের মত খানিক পা মুচড়ে জোড় বালিশে মাথা রেখে শুয়ে পড়ল, যেন খেলা ঘরের এক সঙ্গীর দিকে কেমন এক কৌতুকের চোখে তাকাল, ঠোঁটে টিপটিপ হাসি। সেই এক নিমেষ শুদ্ধি যা দেখে মেয়েদের কচি যৌবন চোখে স্পষ্ট হয়। হাত দুটো মাথার পেছনে যেন খোঁপার কিছু তৈরী করছে, ওর শায়িত দেহ যেন এক ধরিত্রী, পাহাড়ের দুই শিখর উঁচায় আলোয় সোনালি, ক্রমশ সমতালে আবার ঢিবি, বুক নাভি তলপেট এবং নিতম্বের চওড়া বিস্তারে চোখ রেখে নির্মল ঢেউ গুণতে গুণতে সমুদ্রের দিকে এক পা এক পা করে অতলের দিকে যেন এগিয়ে যাচ্ছিল, নরম বালির সৈকতভূমি পার হয়ে একেবারে জলের কিনারে, তখন আকাশে আবার সোনার চাঁদ, অসংখ্য হীরের তারা ঝেউয়ের মাথায় আলো ফেলছিল, যেন আয়নার রোদ ঠিকরে কারও চোখ ধাঁধানোর এক ছেলেখেলা, নির্মল স্থির দাঁড়িয়ে কাঁপছিল।

হঠাৎ জলের তলায় তিন্ন ঝিনুকে হোঁচট খাওয়ার মত নির্মল শুনতে পেল হাসি ঝলকে ওঠা জলের মত, 'কি হল, বসুন।' কথা নয় যেন বনশ্রীর হাতটাই নির্মলকে টানছিল।

'কতদিন পরে বলোত তোমার সঙ্গে দেখা হল।' নির্মলের পকেটে স্ত্রীপাহার টাকা। কোথাও এক জরুরি কাজে আটটায় পৌঁছতে হবে, এখন সাতটা বেজে পঞ্চাশ। নির্মল হিসেব করে দেখল, ট্যাকসি পেয়ে গেলে এখনও সে পৌঁছতে পারে। কিন্তু এখানে বনশ্রী, মেজদির ফ্ল্যাটে সেই নিরালা বর্ষার দুপুরের বনশ্রী। আশ্চর্য যাদুকরের আঙুলের মত নিমেষে নিমেষে ভেসে উঠছিল একমুখ। ঘরের এক-কোণে এক শিকারীর মত হয়ে ওঠা ওর হাত, চোখ এবং শরীরের ভঙ্গি। ঈশ্বরের সেই কারিগর অথবা ঠিকাদারটি খুব নিপুণ বিন্যাসভাষ শরীরের প্রত্যঙ্গে এক পূর্ণ যৌবন, সম্পূর্ণ পুরুষ গড়ে তুলছে, আর ঠিক তখনই এক মধুর অভিলাষ সারা গায়ে মেখে নম্র খুশির পায়ে, যেন যা এক লুকো পাচরার মতো বনশ্রী এগিয়ে আসছিল। 'একী' কোথায় গেল! তুমি এইখানে দাঁড়িয়ে কি করছেন, এক কোণে চোরের মত!' চোখে কেমন এক প্রশ্ন মেয়েরাই শুধু পারে, এবং তখন ও ছিল কাপড়ের প্রান্ত উঠিয়ে একেবারে নির্মলের বুকের কাছে, নির্মল দেখল, হাত বাড়ালে এক আশ্চর্য পৃথিবী পাওয়া যায়। হল আঙুলে কী এক দারুণ তারনা, দুপাশ কোপে বসা পাখির ডানার দিকে হাত বাড়ানোর মতো।

'ব সু-উ-উ ন'।

কেমন এক টানা কণ্ঠস্বর তুমল নির্মল। কিন্তু বসা নয়। নির্মল ভয়ানক ব্যগ্র দুইবাহু বাড়িয়ে 'বনশ্রী আম্—' নিচের অতল খাদ দেখার সময়ে যেন মাথা ঘুরে গেল, নির্মল বনশ্রীর ওপরে পড়ে গেল, দুই পায়ে উলছে সে, বনশ্রীকে ধরে রাখা যায় না। অবশেষে শয্যায় মিয়ে পড়ল নির্মল। কিন্তু তখন 'না, এই না' বেকায়দায় চাপ পড়া হাত দুটো টেনে এনে বনশ্রী কোমরে খানিক অসুরং করে আরও ফেপিয়ে তুলল নির্মলকে, 'এই ছাঃ! না।' এইসব শব্দ শুনতে শুনতে যখন রাতের মত লেজে ঘন ঘন জাপটা তখনই দৈববাণীর মতো কণ্ঠস্বর, 'এই! না, যদি কিছু হয়েটয়ে যায়?' নির্মল সহসা যেন সমুদ্রে তলিয়ে যাবার সময় আকস্মিকতা মহাপাপ নরকে গমন' গোছের বাণী শুনে ঘরকে পড়ল। নির্মলের মনে হল ঈশ্বর ফিরে আসায় শয়তানটা অবশ্য ঠিকাদারি করতে গেছে। এখন আপাততঃ ঈশ্বর নির্মলের কাছে। শক্তিবে একপাশে সরে গিয়ে নির্মল দেখল, বনশ্রীর খোলা চুলের খোঁপার ওপরে দুখটা ফিরে গুনের সময় জলে ভাসন্ত প্রতিমার মত। কয়েক পলক তাকিয়ে থেকেই কলের সময় মাটিতে পড়া পাখির মত ঝটপটিয়ে উঠে পড়ল বনশ্রী। 'দাঁড়ান, পালাবেন না, চা খাবার নিয়ে আসছি।'

'বৃষ্টি যোধহয় সহজে থামবে না।' বনশ্রীর কণ্ঠস্বরে যাদুকরের আলোটা চমকে উঠল, ঈশ্বরের প্রতিবিম্ব সে আয়নায় যেন. শয়তানের মত; বৃষ্টির ধারাপাত যেন সমস্ত উপবনের পাতা ঝরার মত, ক্রমে বৃক্ষ লতা

নিস্তব্ধ কুরূপ হয়ে উঠল। স্পষ্ট দেখল নির্মল, আশ্বিন পার হয়ে অঘ্রাণ এবং মাঘ চলে গেল। বনশ্রীদের বাড়ি থেকে ঘনঘন যাতায়াত তাদাদা বন্ধ হল এবং সকালে টেলীফোনে বনশ্রীর কোঁপানো কান্না, 'তাহ'লে আগে কেন বলোনি' ধিক্কার বার

ধ্বনি

গ্রাহকদের চাঁদার হার

বার্ষিক (সডাক) ১৫'০০
ষান্মাসিক (সডাক) ৮'৫০
ত্রৈমাসিক (সডাক) ... ৪'২৫

যে কোন সংখ্যা থেকেই গ্রাহক হওয়া চলে। মনিঅর্ডারে চাঁদা পাঠিয়ে দিলে গ্রাহক করে নেওয়া হয়।

এজেন্সি নিয়মাবলী

১০ কপির কম এজেন্সি দেওয়া হয় না। অবিক্রিত কপি ফেরত নেওয়া হয় না।

এজেন্সি নিতে হলে অগ্রিম ১৫'০০ টাকা জমা রাখতে হবে।

ভি. পি-তে কাগজ পাঠানো হয়।

ভি. পি কোনমতেই ফেরত দেওয়া চলে না।

চিঠিপত্র, টাকাকড়ি, চেক নিচের ঠিকানায় পাঠাতে হবে।

সার্কুলেসন ম্যানেজার

৬০।২, ধর্মতলা স্ট্রীট, কলিকাতা-১৩

॥ নতুন এজেন্টরা যোগাযোগ করুন ॥

ছাত্রদের জন্য বিশেষ সুযোগ

৪০টি সংখ্যা মাত্র ১৬'০০

আজই এ সুযোগ গ্রহণ করুন

বার তাকে কেমন পাকা শয়তানের মত ঈশ্বরের বাণী উচ্চারণ করল নির্মল—'তোমার মতো আমি ভাবতেই পারিনি।'

ওদিকে কান্নায় ঘর ক্রমশ ভিজে, 'কী ভাবতে পারোনি?'

'অর্থাৎ এই যে, আমরা এত তাড়াতাড়িই ...' নির্মল কেমন তোতলাতে থাকল, 'থাক, থাক, আর বলতে হবেনা, বুঝেছি। আচ্ছা রাখছি' বলে শেষ পর্যন্ত যথেষ্ট ভোতনভাবে ফোন ছেড়ে দিয়েছিল বনশ্রী। তারপরে দীর্ঘকাল পার হয়ে গেল। দীর্ঘ যন্ত্রণাভোগের পরেও সে আর বনশ্রীর কাছে ঈশ্বরের কণ্ঠস্বর পৌঁছে দিতে পারেনি।

'কি ভাবছেন?' বনশ্রী যেন বৃষ্টি ভেজা বনানী, রাস্তার জলে বৃষ্টির ফোঁটা পড়ছিল। কপালে চুলের উড়ো গুচ্ছে জলের ছাট কেমন চূর্ণচীরার মত। বনশ্রী আবার এমন করে কথা বলবে ভাবতেই পারেনি নির্মল কুণ্ঠাহীন কেমন সহজ গলায় কথা বলছে বনশ্রী। শ্রীসাহ-র সম্রাটের মতো আদেশ, পকেটে পাঁচহাজার টাকা, আটটার সেই নির্দিষ্ট জায়গায় পৌঁছে যাওয়া, এসব ব্যাপার ক্রমশঃ কেমন অপ্রয়োজনীয় মনে হল নির্মলের। একটা ট্যাকসি ধীরে ধীরে চলছিল, নির্মল সেটার দিকে আঙুল ঘুরিয়ে দিল, যেন এক যাদুকরের নির্দেশে ট্যাকসি ঘুরে এসে দাঁড়াল সামনে। 'বনশ্রী তোমাকে, পৌঁছে দেব, অবশ্য যদি তুমি অনুমতি করো তবেই, এই যু.....' নির্মলের কথা শেষ হবার আগেই বনশ্রীর ঠোঁটে এক অদ্ভুত হাসি, 'আমরা মেয়েরা এক আশ্চর্য সৃষ্টি, আমাদের সবকিছু সইতে হয়। আর তুমি.....।'

'এসো ওঠো।' নির্মল দরজা খুলে ধরল, আর ঠিক নববধূর মতো নিঃশব্দ লজ্জায় রাস্তা হতে হতে ট্যাকসিতে উঠে বসল বনশ্রী। ঝপাং করে ট্যাকসির পাল্লা বন্ধ করে নির্মল যখন বসল, তখন সেই শ্রীসাহ্ সম্রাটটার টাকার কিয়দংশে শয়তানের বিধানে নির্মলের কাছে অন্যরকম মনে হল। শ্রী সাহ্ সপ্তাহে অন্ততঃ দুবার পাঁচ হাজার টাকাকে সাত হাজার করার খেলায় নামেন। বছরে অন্ততঃ বাহান্ন গুণে একশ চারবারে দু লক্ষ আট হাজার টাকা নীট লাভ করে তোলেন। আর তার অধিকাংশ টাকাই নির্মলকে বহন করে পৌঁছে দিতে হয়। এই ঘটনা বারে বারে ঘটবে, যতদিন নির্মলের চাকরি ততদিন। কিন্তু এখন এই বনশ্রীর সঙ্গে কিয়ৎকাল, এক ট্যাকসির অভ্যন্তরে, বাইরে বৃষ্টি পড়ুন, অজস্র হরিণের খুরের শব্দ এ মুহূর্তে বারে বারে আসবে না।

'এখন শ্রী সাহ্, তোমার টাকা, ব্যবসা ইত্যাদির গোলামীতে খুব নিক্ষেপ করে আমি শ্রীশ্রী সম্রাট, বনশ্রীর সহ রথারোহণে ভূপরাম চলেছি। কল্য তোমার সঙ্গে মোকাবিলা করা যাবে।'

আর কোন দৈববাণী শুনতে পেলনা নির্মল। শুধু স্থির ট্যাকসির পাসিতে চোখ বনশ্রী সম্ভবতঃ কিছু ভাবছে এই রকম মনে হল নির্মলের। আহা, এমন শান্ত সুন্দর একটি মেয়েকে সে যথেষ্ট দুঃখ দিয়েছে এবং নির্মল এই মুহূর্তে আবিষ্কার করল যে মেয়েদের ভাবনাগুলো সম্পূর্ণই ভিন্ন, কিছু আশ্রয় করার অভিলাষে লতার মত সুখে ওরা হাত বাড়ায়, জড়িয়ে ধরে সুখী হতে চায়, কিন্তু পুরুষ চায় শুধু কিছু সুখ খুঁজতে। এখানে ওখানে কুড়িয়ে নিতে এবং সে সুখ নানারকম হলেই ভালো।

'যাঃ ঈশ্বরটা মহা ফেরেববাজ।' এখন এই মুহূর্তেও মনে হচ্ছে, বনশ্রীকে এই বাদলার সন্ধ্যায় কোন এক নিরালা ঘরে নিয়ে খুঁজতো সুখের জন্য ব্যবহার করে ছেড়ে দেয়। পাশে বসা বনশ্রীর শরীর থেকে একটা চমৎকার সুগন্ধ ভাসছে, সেই মাঘের সকালের রোদের মত ওষ্ম ওর শরীরে। একটু নড়ে চড়ে বসল নির্মল, হাত বাড়িয়ে বনশ্রীর নরম বুক ছুঁয়ে ট্যাকসির পাসিটা বন্ধ করল। আর তৎক্ষণাৎ ঈশ্বরটা সরে পড়ল, এবং শয়তানটা ঠিকাদারি নিয়ে নিল। নিপুণভাবে সে নির্মলের শরীরের কলকব্জার অদৃশ্য হাত চালিয়ে তৈরী করতে লাগল একটি পূর্ণাঙ্গ পুরুষ, তাঁর দোসরকে। নির্মল দেখল ঈশ্বরটা ধারে কাছে কোথাও নেই। শয়তানের চার হাত তখন ঈশ্বরের ঠিকাদারি কাজে ব্যস্ত, শ্রী শাহ্র টাকা, মৃগয়ার জন্য প্রস্তুত নির্মল, বনশ্রী এবং চাকরি প্রভৃতি নিয়ে নানারকম মতলবের ধাবা চালছে নিপুণভাবে।

অজয় বসু

হোঁচট খেলেই ডাহা ফেল

চোখে দেখা এবং চুটিয়ে খলাখলি করা। কাজ তো এই। কি সামান্য এবং কি সহজ! কিন্তু হোঁচট খেলে চলবে না। হোঁচট খেলেই, শ্রোতারা বলবেন, হুহো!

তবে হোঁচট খেতে না চাইলেই কি রেহাই মেলে? ধরুন, মাঝ মাঠে দৃষ্টি রেখে বেতার ভাষ্যকার বাক্যের ঠাস-বুনানীতে কথার রথটিকে গড়গড়িয়ে টেনে নিয়ে যাচ্ছেন। হঠাৎ মাইকের সামনে সপ্তসুরে বাঁধা নিজের কণ্ঠটিকে বাড়িয়ে দিয়ে রসিক দর্শক হেঁকে উঠলেন 'দেখরে, নয়ন মেলি···' ওঁকে তখন যে পানে পেয়েছে!

নোটিশ ছিল না। তাই চমকের ধাক্কায় ভাষ্যকারের আত্মারাম তখন খাঁচা ছাড়ার উপক্রম। হোঁচট তাঁকে খেতেই হলো। যতো চমক, ততোই হোঁচট। পরে তিনি কি ভাবে সিচুয়েশন ম্যানেজ করলেন তা পরের কথা। সমগমে গলার কানের পর্দা ফাটানো চীৎকারে তো তাঁকে তখনকার মতো তবকে যেতেই হলো।

অথবা ধরা যাক, ডাকসাইটে এক দলের বাঘা বাঘা সমর্থকদের কথা। সমর্থিত দল সেদিন মাঠের খেলায় হালে পানি পাচ্ছে না। যতো সময় যাচ্ছে রেফারীর প্রতি সমর্থকদের আক্রোশও তাই ততোই বাড়ছে। কিন্তু রেফারী তো দূরের মানুষ। গ্যালারি থেকে ছোঁড়া চোখা চোখা বানগুলি তাঁর গায়ে বেঁধে না। যাঁদের গায়ে ফুল ফোটানো যেতে পারে তাঁরা তো নাগালেই রয়েছেন। অতএব সমর্থক গোষ্ঠী এবার তরঙ্গিম বদলালেন। লক্ষ্য পলিটে মুখ ঘুরিয়ে রেফারীকে ছেড়ে বেচারী ভাষ্যকারকেই তেড়ে ধরে আক্রমণ শানালেন 'কি মশাই বলুন না, রেফারী যে পুকুর চুরি করছে।'

ভাষ্যকার এর জন্যে তৈরী ছিলেন না।

হঠাৎ বাঘনা। জনে হোঁচট খেতেই হলো। আর সে বাঘনা যদি শেষ পর্যন্ত জাঁহাবাজ হুকুমে পরিণত হয় তাহলে তো কথাই নেই—মাইক ছেড়ে সিটটান দিতেই ভাষ্যকারের মনটা তখন আনচান করে।

দূর থেকে যাঁরা কলকাতার খেলার মাঠের কথকদের দেখে তাকেন, ওঁদের কাজটা কি মজার! তাঁরা কিন্তু সমস্ত মজার সন্ধান পান না। পেলে হয়তো দারুণটি সাজোধন করে তাঁরাই বলতেন, কাজ কি বাপু দাব করে কমেন্ট্রেটার সাজা! কমেন্ট্রেটার সাজা তো এক ধরনের সাজা!

তবু এই সাজের চোখ ধাঁধানো খোলসটি গায়ে চড়াতে অনেকেরই কি অসীম আগ্রহ! কপালে দুঃখ আছে জেনেও বেতার-বক্সের আসন জুড়ে বসার উৎসাহে কামাই নেই মিথ্যে বলবো না, একদিন এই আগ্রহ, উৎসাহ আমাতেও ছিল। কিন্তু এক যুগের অভিজ্ঞতা স্মরণে রেখে আজ নিজের মনকেই প্রশ্ন করতে চাইছি যে, সেদিনের উৎসাহ ও আগ্রহ কি আজও তেমনি অটুট রয়েছে? হয়তো। তা থাকতো যদি সুষ্ঠু ব্যবস্থাপনার আশীর্বাদে কলকাতার ভাষ্যকারদের ভাঙা কপালে জোড়া লাগাতে পারতো। কিন্তু তা বুঝি হবার নয়।

কিন্তু থাক সে ব্যক্তিগত প্রসঙ্গ

খেলা ঘিরে বেতারে যাঁরা কথা বলে থাকেন, কথায় কথায় জাল বুনে সেই জালে বেঁধে যাঁরা দূরের ক্রীড়ানুরাগীদের মাঠের মধ্যে টেনে আনেন, তাঁদের কিন্তু এক বিশেষ ভূমিকা আছে। নিজেরা না খেলে তাঁরা অনেককে খেলান। কাউকে আনন্দ যোগান। আবার কাউকে নিরানন্দের অন্ধকারে ডুবিয়ে ছাড়েন।

কি বিচিত্র কাজের দায়িত্ব তাঁদের! চোখের সামনে ফুটে উঠছে যে ছবি, মুখের কথায় তার কাঠামোটি ধরে রাখা, আরও ফুটিয়ে তোলা। কাজ সাধারণিতেই। কিন্তু সেই কাজ ব্যাপ্তিতে ততোখানি! হাজার কান খাড়া রয়েছে। পান থেকে চুন খসলে চলবে না। বলায়, বলায়, লক্ষ চয়নে চুকচাকান হয়েই থাক না কেন, কোনো ভাষ্যকারের পক্ষেই বাস্তব থেকে দূরে সরে দাঁড়ানো চলে না। নিজের সত্তাকে ভুলতে হবে, নিজের মত জানাবার স্বাধীনতাকে করতে হবে অস্বীকার। তবেই তাঁর দায়িত্ব পালনে নিষ্ঠার পরিচয় মিলবে।

বাস্তব ঘটনার মাঠে খেলোয়াড়, ভাষ্যকার নির্দিষ্টের ভাষ্য মাইকের কার্যাবলী ও মূল ভূমিকার যথাযথ বর্ণনা দিয়েই তিনি খালাস। মৌলিক কিছু অবদানের জন্যে তাঁর তত একটা ডাক পড়ে না!

কিন্তু একেবারেই কি পড়ে না।

যখন চোখের সামনের ছবিটি স্তব্ধ, মূক, ঘটনা ঘটছে না, এক খা থেকে আর এক পায়ে বলের হাওয়া আসা থেমেছে, যখন রেফারীর বিদায়ের বাঁশীর সঙ্গে সঙ্গেই কিছু খেমে পড়ার পালা অথবা অতিরিক্ত দুইটিতে ক্রিকেটের আসরে যখন আমন্ত্রণ ওভার ভাঙ্গের ফের, তখন কিন্তু ভাষ্যকারকে কিছু নিজের কথা ভাষ্যকারকে কিছু নিজের কথা শুনিয়ে পরীক্ষায় পাস মার্ক আদায় করতে হয়। সেই পরীক্ষায় পাস করে কেউ যদি ফোঁস্ট আস তাহলেও তাঁরা ফেল। ঘটনাবহিত মুহূর্তগুলিই ভাষ্যকারের হাতে যাচাইয়ের কষ্টি পাথর। তখনই তো শ্রোতৃমণ্ডলীর বিচার বিশ্লেষণ করার অমোঘ অবকাশ।

হোঁচট খাওয়ার অর্থই হলো ভাষ্যকারের পথে অপমৃত্যুকে মেনে নেওয়া। খেলা চলুক বা থেমে থাক, কথায় কামাই পড়লে চলবে না। গড়গড় করে বলে যেতে হবে। বর্ষার জলধারার মতো অবিরল করে পড়তে হবে ভাষ্যকে তবেই কমেন্ট্রারি হবে সার্থক। কমেন্ট্রারির সঙ্গে জলধারার সম্পর্ক নিবিড়। তাই বোধ হয় বাংলায় কমেন্ট্রারিকে বলা হয়, ধারাবিবরণী।

মাঠে যখন তাঁরা ক্রিকেট খেলতে শুরু করেন, ঘটনার ডিটেকটিভ চৌকস থেকেছে, তখন কোন কথায় কথা সাজিয়ে সাজানো কথার মালা শ্রোতাদের উপহার দেওয়া যায়, তা এক সমস্যা বটে। তবে দুরতিক্রম্য নয়।

সেই সমস্যাসঙ্কুল পরিস্থিতি উত্তরণের প্রস্তাবটি আজ ভাস্কর-কারদের কাছে খুবই চেনা! তাঁদের কেউ তখন মুখুর্যু ফোরকার্ডটি পড়ে শোনান বা দিনের অনুষ্ঠানে যোগ দিয়েছেন তাঁরা, দু দলের সেই খেলোয়াড়দের নাম টুকতে থাকেন। একই নাম বা একই ফোরকার্ড সামনে পেয়ে হয়তো শ্রোতাদের বিরক্তি বাড়ে। কিন্তু ফোরকার্ড বা নাম তালিকার গড়েপ্রসমন উচ্চারণের সূত্রে ভাস্কর তো অনেকখানি সময় চিহ্নিয়ে নিতে পারেন।

ফোরকার্ডের শুরুতে সংখ্যাতত্ত্ব বা সকলের পরিচিত খেলোয়াড়দের পুরানো নামের মোহ তাঁদের নেই তাঁরা তখন খেলার মুডিনাটির মধ্যে ঢুকে পড়েন, মানের মূল্যায়নে নিজেদের উপলব্ধির কথা তোপান শ্রোতৃমণ্ডলীকে। এক পলকে দৃষ্টি মেলে নেন পরিপার্শ্বের দিকে, আবহাওয়া কেমন, অনুষ্ঠানকেন্দ্রের আকৃতিটা বা কি, ভীড় কেমন হয়েছে। অথবা স্মৃতি মন্থনে পুরানো কথা পাড়েন, দৈবাৎ মেজাজ থাকলে ভাস্কর যোগ করেও ফুতে দেন। পারস্পরিক আলোচনার কেন্দ্রটিকে করতে পারেন প্রসারিত। সময় কাটাবার নানান পথ আছে এবং সেই সব চেনা সড়কে পা ফেলতে পারলে হোঁচট খাবার আশঙ্কাও নেই তবে শ্রোতৃমণ্ডলীর বিরক্তি উৎপাদনের আশঙ্কা যে একেবারে নেই, তা নয়। এটি নির্ভর করে কথকের ওপর। তাঁর মুন্সীয়ানার তাঁর পরিবেশন রীতিতে।

কিন্তু তবু কলকাতার কথকদের হোঁচট খেতে হয়। কথা বলার পুঁজি ফুরিয়ে না গেলেও, ব্যবস্থাপনার দৈন্যই তাঁদের পুঁজিতে হ্যাঁচকা টান দিয়ে বসে।

ভারতবর্ষের ছোট, বড় আরো কটি শহরের আয়োজনের সঙ্গে কলকাতার অবস্থা মিলিয়ে দেখলেই এই ব্যবধান ধরা পড়বে। অন্তত বেতার-বাক্স গ্যালারি থেকে দূরে হলেও বিচ্ছিন্ন, মাঠের কোলাহল থেকে মুক্ত। কিন্তু কলকাতার মুডিনাল-ব্রকি মাঠের বেতার সাক্ষাৎ কলোলিত দর্শককুলের একেবারেই না-নাগোড়। মাঠের পাটাতন আর দর্শকদের লাইনের মাঝখানে চার ইঞ্চিও ফাঁক আছে কি নেই!

মাঠে মাঠে ঘাওড়ি প্রাণশক্তি উজাড় করে দিতেই মুডিনাল-ক্রাউড গ্যালারিতে ভীড় জমান। খেলার সব মুডিনাটি স্বচক্ষে নিরীক্ষণ করার অভ্যাসও তাঁদের স্বতঃস্ফূর্ত। তাই উত্তেজনার টানে তাঁরা যদি গ্যালারির পাটাতন ছেড়ে বসবার বেঞ্চির ওপর দাঁড়িয়েই ওঠেন, তাহলেও তাঁদের দোষ দিই কি করে!

কিন্তু ওরা স্টাণ্ড আপ অন দি বেঞ্চ হলেই যে ভাস্কারদের অঙ্ক সাজতে হয় সে কথাটি অনুধাবন করে কে দেখেন? মানুষের শরীর তো আর কাঁচে বা যন্ত্র তন্ত্রতে তৈরী নয় যে সেই শরীর নিরীহ দৃষ্টি দিয়েই চিরে ফালাফালা করা সম্ভব। তবু ভাস্কারদের ধমকে পড়া বা হোঁচট খাওয়া চলে না! হোঁচট খেলেই শ্রোতারা এবং বেতার কর্তৃপক্ষও খোঁচকর খিলখিলিয়ে হেসে উঠবেন।

ছোটখাটো কাজ করতে এসে গুরো ডাকের বদনাম শুনতে কারই বা ভাল লাগে! কিন্তু ব্যবস্থাপনার সুরোরাণী মাঠে এসে যে কলকাতার কথকদের কপালে হাত বুলিয়ে গেলেন, তার রাস্তাও পরিষ্কার হলো কই! দেখতে দেখতে অভিজ্ঞতা পুরানো হয়ে পড়লো, কিন্তু অবস্থার কি কোনো সুরাহা হলো?

অদূরভবিষ্যতে সে হবে, তারও ইসারা নেই। বেতার-বাক্স ঘড়া এবং গ্যালারি সাজানোর ভার তাঁদের হাতে তাঁদের কাউকে মাইকের সামনে বসতে হয় না। ওঁদের কাউকে যদি জোর করে কথকের আসনে টেনে আনা যেতো তাহলেই বোধকরি তিনি মজাটি মালুম পেতেন। চাই কি, এতোদিনে ব্যবস্থাও বদলে যেতো।

তবে এও বুঝি বাকঃ!

বেতার-বাক্সের খোলা জানালার সামনে দর্শকেরা দাঁড়িয়ে পড়ার পরও যা হয় ভাস্কারেরা মুখের কথার খৈ ফোটাতে পারেন, তাঁর হয়তো ফুরোয় কিন্তু দল সমর্থকেরা যখন নিজেদের মতটিকে ভাস্কারদের উপর চাপিয়ে দিতে চান, চোখ রাঙিয়ে হুমকী তোলেন, এটা বলো, ওটা বলো, নইলে মাইক ছেড়ে যাও, তখন সে সমস্যার বোঝা ভাস্কারদের কাঁধে চেপে পড়ে তা থেকে মুক্তি পাবার উপায় কি!

কি করে ওঁদের বোঝাই যে, যে হলুদ-বরণ কাঁচের চশমা চোখে এঁটে দল-সমর্থকেরা খেলা দেখার নাম নিয়ে দলের পায়ে আত্মসমর্পণ করতে মাঠে আসেন, সেই চশমাটি কিন্তু ভাস্কারদের নাকের ডগায় ঝোলে না। তাই ভাস্কারদের দৃষ্টি স্বচ্ছ। নিরপেক্ষ।

কিন্তু বুঝেও যে জন বোঝেন না, জেনেও তিনি ঘুমোবার ভান করেন, ঘুম ভাঙিয়ে বুঝিয়ে সুঝিয়ে তাঁকে সোজা পথে টেনে আনা দিবেরও অসাধ্য। ভাস্কার তো কোন্ ছার! আর এই জেগে ঘুমাবার লক্ষণটি কলকাতার সারা মাঠেই সংক্রমণের মতো ছড়িয়ে রয়েছে। দলের প্রতি মোহ ভক্তের আলা দুরালা। অতএব ভাস্কারদের মুক্তির রাস্তাও রুদ্ধ।

তাই মুর্তাপাটা যেনে নিয়েই কলকাতার কথকেরা নিজেদের বিবেকের কাছে সনিষ্ঠ থাকতে চাইছেন। তাতে সর্বসম্মত স্তুতি হয়তো মিলছে না, একযোগে বিচারকদের রায়ও তাঁদের পানে এসে ধরত হোগাচ্ছে না। তবে সান্ত্বনা পাওয়া যাচ্ছে এই ভেবে যে অন্তত নিজের বিবেকের সঙ্গে চুলোচুলি করতে হচ্ছে না। এই সান্ত্বনার মূলাটি যা কম কিসে?

ক্রিকেটের ঘরোয়া আসর ঘিরে এখনও কলকাতায় বেতার বিবরণীর ব্যবস্থা চালু হয়নি। তাই রক্ষে। তাই ক্রিকেট কথকেরা এখনও দল সমর্থকদের আপ্যায়নের মুখোমুখি পড়েন নি। তবে তাঁদের জন্যেও স্বতন্ত্র ধরণের এক পরীক্ষার ব্যবস্থা আছে।

শীতের দিনে খোলা-মেলা মেজাজে অনেকক্ষণ ইডেনে কাটাবার সংকল্প তাঁরা জানেন তাঁদের সবাই ব্যবস্থাপকদের নির্দেশ মানতে চান না। তাই সঙ্গে থাকে ছোট্ট সেট ট্রানজিসটার। উদ্দেশ্য, চোখ চেয়ে খেলা দেখা এবং কান খাড়া রেখে

কথকতা শোনা ও শুনে শুনে চক্ষু কর্ণের বিবাদ মেটানো। রথ দেখা এবং কলা বেচা, এক সঙ্গেই দুটি কাজ সেরে তোলার মতলব।

ফুটবলের উগ্র দর্শকদের মতো এঁরা বাক্যোদ্ভবাদ্যা নন। নিজের মতটিকে ভাস্কারদের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করেন না বটে। পারেনও না। যেহেতু ক্রিকেট মাঠের গ্যালারি আর বেতার—বাক্যের ব্যবধান অনেক। কিন্তু কথকতার ক্ষমা ভুলচুক ঘটে গেলে ক্ষমা নেই। ভুল হলেই চোখের দৃষ্টি আর ট্রানজিসটারের আর্তনাদ তা ধরিয়ে দেয়। সঙ্গে সঙ্গে ভুঁড়ো হাসির হিল্লোল ওঠে, নয়তো সোজার ঠিটকিরি। শুনে ভাস্কারের মনে হয়, ধরণী দ্বিধা হও!

লজ্জা পাই। তবুও ক্রিকেট মাঠের এ পরীক্ষাকে স্বাগত জানাতে পেরেপাও হবার কারণ দেখি না। আমরা ভুল বলে যাবো, আর ওঁরা তা ক্ষমার চোখে দেখবেন, এমন কল্পনাও ভিক্ষে করতে চাই না। তাই ট্রানজিসটার হাতে ক্রিকেট মাঠের দর্শকদের অস্তিত্ব ঘিরে ব্যবস্থা-পকদের মাথাব্যথা যতই থাক্ না কেন, আমি কিন্তু ওঁদের ভূমিকাকে সুনজরেই দেখি। ওঁরা আছেন সমালোচকের তীক্ষ্ণ মেজাজ উঁচিয়ে তাই আমাদের হুঁশও বাড়ছে। এই সমাজের উষ্ণ নিঃশ্বাস ভাস্কারদের ঘাড়ে যতোই বাতাস বোলাবে ততোই তাঁদের কথকতার মান বাড়বে, দায়িত্বহীনতা কমবে। ভুলচুকের স্বস্তির ঘাক মুখে মিলিয়ে। এক হিসেবে, কোলের ওপর ট্রানজিসটার রেখে যাঁরা মাঝ মাঠে দৃষ্টি ছড়িয়ে রাখেন তাঁরা কিন্তু ওঠার বেতার ভাস্কারদের আরও উপযুক্ত হয়ে সংশিক্ষা দিচ্ছেন প্রেরণাও যোগাচ্ছেন।

কিন্তু ফুটবলের দল—সমর্থকেরা এবং বেতার তরঙ্গে তাঁদের উচ্চারণ ভেসে যেতে পারে এ কথা জেনেও যাঁরা চড়াগলায় অশোভন ও অশ্লীল উক্তি ছুঁড়ে দিচ্ছেন, তা শুনে হয়তো একত্রে ঘটনা পাকানো ভাই-বোন, পিতা-পুত্রের কান লাল হয়ে উঠেছে বা লজ্জায় মাথা হেঁট হয়ে যাচ্ছে তাঁরা যে কোন্ মহৎ কর্তব্য সংসাধন করছেন তা ভাববার বিষয়।

একদলের ভূমিকায় কলকাতার খোলার মাঠের আবহাওয়া উঠেছে বিষিয়ে। অমঙ্গলের কাণ্ড কারখানায় সামাজিক মূল্যবোধ বিপন্নবোধ করছে। দুপক্ষের কেউ দুষ্ট, স্বাভাবিক নন। অথচ সেই ঘোর সাবাসার কোন দাওয়াই আজ পর্যন্ত আবিষ্কার করা গেল না। ফলে বেতার ভাস্কারদের ভোগান্তি যেমন বাড়লো তেমনি বাংলাদেশের ক্রীড়ামহল এবং সেই সঙ্গে বৃহত্তর সমাজও ভাঁকিতে পড়ে গেল। সামাজিক দায়িত্ব পালনের নমুনা যে খেলে এই রকম, সেই খেলে অতি নগণ্য বেতার কথকদের ভাবের রকম ফেরাও যে সইতে হবে, তা আর বিচিত্র কি!

আমাদের কলকাতার খোলা ব্যবস্থা-পনার আসলে সত্যিই কিছুই বিচিত্র নয়। মাঠ, কথকের ছোঁচট খাওয়ার নজীরটিও নয়। ভাস্কারদের ছোঁচট খাওয়াতে মাঠে মাঠে অনেকেই কোমর বেঁধে তৈরী হয়ে থাকেন। এবং তাঁরা যে শুধু সাধারণ শ্রেণীর দর্শক, তাও নয়। ওঁদের দলে আসার সময় বিশিষ্ট ব্যক্তিদেরও ভীড় জমে যায়। এই প্রসঙ্গে একটি ঘটনার উল্লেখ রেখে আমি আজকের কথা শেষ করছি।

সেদিন রবীন্দ্র সরোবরের স্টেডিয়ামে প্রাক্ অলিম্পিক বাছাই পর্বে ভারত বনাম ইরাকের ফুটবল খেলা।

সাজানো পরিবেশ, ব্যবস্থাপনাও সুষ্ঠু। চাপাচাপি ভীড় জমলেও বিশৃঙ্খলা নেই। প্যাভিলিয়নের দোতলার বারান্দায় ভি আই পিদের আসনের ঝাকঝকানিটিতে, সামনের সারি চেয়ারে বেতার ভাস্কারদের জায়গা হয়েছে। আশেপাশে, পেছনে অনেক বিশিষ্ট ব্যক্তি—শিল্পপতি ক্রীড়া কর্ণধার, রাজনীতিক নেতা এবং আরও কতো কে!

খেলা চলছে। সেই সঙ্গে আমাদের বক্তব্যকানিও। হঠাৎ আমাদের কণ্ঠ ডুবিয়ে পেছন থেকে এক বাজখাঁই গলায় কে যেন আমাদের পাশেই বসা এক ভদ্র-লোকের সঙ্গে আলাপ জুড়ে দিলেন। আচমকা বাজ। পেছন ফিরে তাকিয়েই দেখি, ওই রাজখাঁই কণ্ঠের অধিকারী হলেন এক অতি পরিচিত ও বিশিষ্ট জননায়ক। সেদিন তিনি শুধু এক রাজনীতিক দলের তাপবিধাতা নন, কলকাতার ঢাকঢাইটে ক্রীড়াসংস্থার মাথাও বটে।

রাজনীতির আকাশে সেদিন তাঁর অবস্থান মধ্যাহ্ন সূর্যের মতো ঝলমলে। সবাই তাঁর সামনে যে, যে করতেই ব্যস্ত। খাঁটাবার সাহস কারুর নেই, ক্ষমতা তাঁর বাকি অপরিমেয়।

হঠাৎ হাঁকডাকে ছোঁচট খেয়ে আমি পিছনে পানে তাকিয়েছিলাম চোখে মুখে হয়তো জিজ্ঞাসার প্রশ্ন ফুটে উঠেছিল। মহামান্য জননেতা চলমার ফাঁক দিয়ে আমার মুখের জিজ্ঞাসা যেই পড়ে ফেলেন অমনি তাঁর বিরক্ত বাড়লো ক্ষোভে, রোষে ফেটে পড়তে চেয়েই যেন আলাপের গলা দিলেন আরও চড়িয়ে। ভাবখানা এই রকম আরকি, আমি যেন লোক কথা বলছি, আর কোথাকার কে এক অর্বাচীন কথক কি না ভ্রূকুটি করবে! স্পর্ধা তো কম নয়!

অতএব সেই উচ্চগ্রামে গলাবাজীর আস্ফালন শ্রোতৃমণ্ডলকে যেন বিহ্বলতায় আচ্ছন্ন করতে লাগলো। তারপর তিনি যখন হাঁফিয়ে দম নিতে লাগলেন তখনই শ্রোতাদের মুক্তি তথা আমাদের কথকতা আবার সোচ্চার।

ওই কণ্ঠস্বর ও প্রলাপ কার? অনেক শ্রোতাই তা আমায় জিজ্ঞাসা করেছিলেন। নামটি বলতে পারিনি। রুচিতে বেধেছিল। আজ আরো বাধছে, যেহেতু রাজনীতিক মানুষ আজ ফুটো হয়ে গেছে। ফুটো মানুষকে আজ ফাঁসে লটকে দেওয়ার কোন বাহাদুরী নেই।

তবু ঘটনাটিকে স্মরণ করলাম এই কারণে যে নিজের পক্ষেই সে আত্মোদ্ভিত সে অন্য ফুলের গুন-ও পক্ষের আস্বাদ পাবে কি করে? শুধু নিজেদের নিয়েই যাঁরা নিজেদের জগতটিকে গড়তে চেয়েছেন তাঁরা কি করে বুঝবেন অন্যের ব্যথা কোথায়? অন্যের গলায় কেন কাঁটা বিঁধলো, বলতে বলতে ভাস্কার ছোঁচট খেলেন কেন, সবাই যদি ধৈর্য দিয়ে তা বুঝতে চাইতেন তাহলে কথকতার পালা কি সহজ, সরলই না হয়ে পড়তো!

কিন্তু তা কি হবার জো আছে।

বন্যা ব্যবহার অভিশাপ তাই না ভুগিয়ে ছাড়বে না। মুক্তির কারণে বেতার কথকদের কপালে দুঃখ কি ছাই আছে!

সোবার্স 'সর্বাধিক গুণান্বিত' শ্রেষ্ঠ নন্

কালাকেতু

গ্যারফিল্ড-সোবার্স কি সর্বকালের শ্রেষ্ঠ ক্রিকেটার ?

প্রশ্নটি যতই সুলভ কিন্তু বিতর্ক ও স্মৃতি চঞ্চলকর। নিজের পেশার বা নিজের ক্ষেত্রে শ্রেষ্ঠরা নিশ্চিত ভাবেই তাদের পরিবেশ ও সময় থেকেই উদ্ভূত, লালিত ও বিকশিত হয়ে থাকেন কাজেই 'সর্বকাল' কথাটি সাবধানে ও বিবেচনা সহকারে ব্যবহার করা দরকার।

উনবিংশ শতাব্দীর ক্রিকেটারদের প্রসঙ্গ উঠলেই সে সময়ের পীচের অবস্থা, খেলার আইন বৈচিত্র্য প্রভৃতি মনে রেখে তবেই একালের খেলোয়াড়দের সঙ্গে তুলনা করা উচিত। ডবলু জি গ্রেস তাঁর জীবনে ৫৪,৮৯৬ রান করেন, গড় ৩৯'৫৫। উইকেট পেয়েছিলেন ২,৮৭৬; গড় ১৭'৯২ রানে প্রায় চল্লিশ বছর খেলেছিলেন। শুধু অসাধারণ ক্রিকেটারই নন তাঁর আমলে (১৮৬৫-১৯০৮)। শুধু ডবলু জি, বললেই ইংল্যাণ্ডের লোক তাকে চিনত। কাউন্টি ক্রিকেটের অর্থনৈতিক বনিয়াদ তিনিই গড়ে তুলেছিলেন। গ্রেসের সময় উইকেট অনাচ্ছাদিত থাকত। পীচের অবস্থা ছিল প্রায় চষা জমির মত। আর ভয়ঙ্কর কাস্ট বোলারেরও অভাব ছিল না। বল কদাচিৎ ওল্ড ব্যবহার করত।

দীর্ঘকাল ধরে যে সব সাফল্য ঘটেছে তার একটির সঙ্গে আর একটির পরিমাপ-কালে আমাদের তুলনাত্মক-বোধ যাতে সঠিক কাজ করে সেই জন্যই গ্রেসের নাম প্রথমে উল্লেখ করলাম। ১৯৮৭ উইসডেনে, স্যার নেভিলকার্ডাস বলেছেন, ব্রাডম্যানের মধ্যাহ্নের দীপ্ত খ্যাতির পর সবচেয়ে খ্যাতিমান হয়েছেন সোবার্স, এমন কি ব্রাডম্যানের থেকেও তিনি বেশি বিখ্যাত কারণ খেলার সর্ব-বিভাগেই তার দক্ষতা এবং সব রকম অবস্থা ও আবহাওয়াতে সোবার্স তার প্রতিভার ক্ষমতা দেখিয়েছেন—দক্ষিণ আফ্রিকা বাদে সব দেশেই টেস্ট খেলায়, ল্যাঙ্কাশায়ার লীগ বা কাউন্টি চ্যাম্পিয়ান-শিপে এবং সেক্সিড পীচে ক্রিকেট। আমরা নিশ্চিতে একমত হয়ে বলতে পারি, সোবার্সের মত এত পরিষ্কার ভাবে আর কোন খেলোয়াড় তার দক্ষতার বৈচিত্র্য প্রমাণ করতে পারেন নি।

স্যারনেভিলের কথাগুলির মধ্যে কোন অত্যুক্তি নেই। কিন্তু লক্ষ্য করেছি; কোন সময় কোন প্রবন্ধেই তিনি সোবার্স সম্পর্কে 'শ্রেষ্ঠ' বিশেষণটি ব্যবহার করেন নি। 'ওপরান' বা 'বেশি বিখ্যাত' ধরণের শব্দই প্রয়োগ করেছেন। একথা ঠিকই, এখন এমন কোন ক্রিকেটার নেই যিনি সোবার্সের অতুলনীয় গুণগুলি অস্বীকার করার জন্য পর্যন্ত দেখতে পারেন, তারা তো দূরের কথা। ৭৬ টেস্টে সোবার্সের এখন রান, ৬৭৭৬; উইকেট ১৯৩; ক্যাচ ১৬ রানে এবং উইকেটে এমন 'ডবল' আর কারুর পক্ষে করা সম্ভব হয়নি।

তিনটি টেস্ট সিরিজে সোবার্স ৩০০-র বেশি রান ও ২৫টি উইকেট নিয়েছেন। কিন্তু মিলার দুবার পেয়েছেন। ১৯৬২-৬৩ অস্ট্রেলীয় মরশুমে সোবার্স ১০০৬ রান ও ৫১ উইকেট পান, যা আর কেউ কখনো পাইনি। পরের বছরও সোবার্স এর পুনরাবৃত্তি করেন। তিনি একটানা পর পর টেস্ট খেলেছেন ৭৪টি।

ব্যাটসম্যান হিসাবে সোবার্সের সাফল্য ধারাবাহিক, ফিল্ডসম্যান হিসাবে চকিত-গতি ও নিরাপদ, যাঁহাতে তিন ভাবে বলও করতে পারেন—নতুন বলে দ্রুত 'সীমার' পুরনো বলে প্রথানুযায়ী স্পিন ও তাড়ু মুচড়ে স্পিন।

তর্ক উঠতে পারে তিনরকম ভাবে বল করে সোবার্স যত উইকেট পেয়েছেন, তার থেকেও বেশি উইকেট পেয়েছেন অনেক বোলার একভাবে বল করেই। সুতরাং সোবার্সের দক্ষতা বাড়িয়ে দেখার কোন দরকার আছে কি? ১৯০৬ মরশুমে 'জর্জ হার্স্ট' ২৫৫০ রান করেন ও ২০৮ উইকেট নেন। সোবার্সের মত হার্স্টও বাঁ হাতে দ্রুত 'সোজারত' (তখন 'ফাস্ট মুইং'-এর এই নামই ছিল) বল করতেন এরা তখন একটি বলেই ৪০০-৫০০ রাণের একটি ইনিংসে খেলা হত। আমার বলতে দ্বিধা হচ্ছে, এক ধরণের বোলার হিসাবে হার্স্টের উপর সোবার্সকে স্থান দেওয়া যায় কি না।

ওয়াসি ব্রাডমণ্ডের নাম মনে পড়ছে। ব্রাডমণ্ড তাঁর হাতে নতুন বল যথেষ্ট দক্ষতার সঙ্গেই ব্যবহার করতেন এবং তাতে বিশেষজ্ঞ হবার চেষ্টা না করেও টেস্টে ৮৩টি উইকেট পেয়েছেন। স্লিপ ফিল্ডসম্যান হিসেবে ব্রাডমণ্ডের মত সতর্ক, করায়ত্ত পটু একমাত্র ববি সিম্পসন ও কলিন কাউড্রে ছাড়া আর কাউকে দেখা যায়নি। ৮৩টি টেস্টে ১১০টি ক্যাচ নিয়েছেন আর রান করেছেন ৭,২৪১; গড় ৫৮'৪৫; সেঞ্চুরী ২২টি।

ব্রাড উলী জীবনে (১৯০৬-১৯৮৮) করেছেন ৫৮,৩৬১ রান, পেয়েছেন ২,০৬৮ উইকেট। টেস্টে ৩,২৮৩ রান ও ৮৩ উইকেট। ১৯২১ ও ১৯২২ মরশুমে উলী শুধু দুই হাজারের বেশি রানই করেন নি যথাক্রমে ১৬৭ ও ১৬০ উইকেটও নিয়েছিলেন। ১৯১২ ওভাল টেস্টে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বাঁ হাতের স্পিনে তিনি, প্রথম ইনিংসে ৯'৪-৩-২৯-৫ ও দ্বিতীয়

ইনিংসে ৭৮-১-২০-৫ বোলিং হিসাব দেখিয়েছিলেন। ১৯২১ লর্ডসে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে গ্রিমেট ও ম্যাকডোনাল্ডের মত ভয়ঙ্কর ফাস্ট বোলারের সম্মুখীন হয়ে ১৩ ও ১৩ রান করেন। পাঁচ দিন ব্যাপী ম্যাচ, তৃতীয় দিন লাঞ্চের আগেই খেলাটি শেষ হয়ে যায়।

'সর্বকালের শ্রেষ্ঠ ক্রিকেটার' খেতাব পাওয়ার ব্যাপারে 'উইলফ্রেড' রোডসের প্রতিদ্বন্দ্বী কজন আছেন? ত্রিশ বছরেরও বেশি সময় ধরে তিনি তাঁর সর্বাঙ্গীন দক্ষতা (১৮৯৮—১৯৩০) দেখিয়েছেন। অক্টোবরে রোডস এখনো জীবিত, ২৯শে অক্টোবর ৯০-তে পদার্পণ করবেন। রোডসের রান-সংখ্যা ৩১, ৮৩২ ও উইকেট সংখ্যা ৪, ১৮৭। ৩৮ টেস্টে ২, ৩২৫ রান ও ১২৭ উইকেট। যে ভাবেও যে ধারায় তিনি তাঁর ব্যাটিং ও বোলিং নৈপুণ্যকে প্রদায়িত করেন, তা অনন্য। টেস্টে ১১ নম্বর ব্যাটসম্যান ছিলেন। ১৯০৩-এর সিডনী টেস্টে দশম উইকেটে ১৩০ রানের রেকর্ডে অংশ নেন। এ বিশ্ব রেকর্ড আজও অক্ষত। আট বছর পর মেলবোর্ণ টেস্টে প্রথম উইকেটে ৩২৩ রানের পার্টনারশিপেও অংশ নেন। বলা-বাহুল্য শেষেরটি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে আজও রেকর্ড হয়ে আছে।

অস্ট্রেলিয়ার 'রুবি' নোবল ৪২ টেস্টে ১, ৯৯৭ রান ও ১২১ উইকেট সংগ্রহ করেছেন, উপরন্তু হিসাব নিকাশের জন্য রয়েছে তার অতুলনীয় চিন্তাগর্ভ অধিনায়কত্ব। ৩৩ টেস্টে কিথ মিলারের ২, ৯০৮ রান ও ১৭০ উইকেট + অপ্রতিরোধ্য ব্যক্তিত্ব; রিচি বেনোর ৬০ টেস্টে ২, ২০১ রান ও ২৪৮ উইকেট + অসম্ভিত্ত ধৈর্য, মনে পড়ার অলরাউণ্ডার হিসাবে তাদের দক্ষতাকে। বিল্ল মানকড়ের ৪৪ টেস্টে ২, ১০৯ রান ও ১৬২ উইকেটই বা কম কিসে!

আসলে ক্রিকেটকে গৌরবান্বিত করতে দু-একজন নয়, বেশ কয়েকজন প্রতিভাধর অলরাউণ্ডার আবির্ভূত হয়েছেন। আজকের দিনে রেকর্ড ভাঙা সহজ হয়ে পড়েছে 'টেস্ট' ক্রিকেট এখন প্রচুর খেলা হচ্ছে এবং প্রায়শই এমন দলের মধ্যে যা বিরুদ্ধে যাদের ক্ষমতা দৈনন্দিন কাগজটি পর্যায়ের উপর নয় টেস্ট উইকেটকে প্রকৃতির কাছে উন্মুক্ত রেখে হিত্র ভয়ঙ্কর করে তোলা সর্বত্রই বন্ধ হয়ে গেছে। ফলে এখনকার ব্যাটসম্যানরা লাফিয়ে বোবল্ড্ যারা বা প্যাচানো স্পিন বলের চ্যালেঞ্জের সম্মুখীন কদাচিৎ হন। "যে বল ঘুরছে তাকে দমানো কঠিন নয়" বলেছেন চার্লস ব্রাই, "প্রথম শ্রেণীর ক্রিকেটে বল মাটিতে পড়ে ঘুরবে এমন আশা করতেই হয়। কিন্তু বল যখন আচমকা ঘুরে এমন এক এ্যাঙ্গেল থেকে এমনভাবে লাফিয়ে লাফিয়ে ওঠে যেটা তার লেখে থেকে বোঝার উপায় ছিল না, চুপকিল তখনই শুরু হয়।"

আমার মনে হয়না, সোবার্স তার ১৬।১৭ বছরের খেলোয়াড় জীবনে এমন উইকেটের সম্মুখীন হয়ে কৃতিত্ব দেখাতে পেরেছেন এজন্য অবশ্যই তিনি পাকা নন। আজকের ক্রিকেটাররা রেকর্ড বই মোটা করার জন্য অজস্র টেস্ট খেলার ও আইন কানুনের ধারা, যত সুযোগ পান বহু উৎকৃষ্ট অল রাউণ্ডার তা থেকে বঞ্চিত হয়েছেন এখন পরিসংখ্যানগত প্রমাণ দাখিল করে 'শ্রেষ্ঠ' নির্বাচন করা হয়। যা মোটেই হওয়া উচিত নয়।

ব্র্যাডম্যান কি হবস বা বার্নেস কি ফ্রিচার্ডসনের মত একদুখী বিরল প্রতিভা কখনো কখনো সর্বগ্রাসী প্রভুত্ব স্থাপন করে এবং অন্তমুখী হওয়ার প্রয়োজনই বোধ করে না। রবিনসনকে মেডারের মত করে বেহালা বা মেডারকেই হিনটি বিভিন্ন কায়দায় বাজাতে হবে এমন কোন কথা নেই। সোবার্সকে 'শ্রেষ্ঠ' বলায় আমার আপত্তি আছে। বরং 'সর্বাধিক গুণান্বিত' বললেই ঠিক বলা হয়

ওভালে পঞ্চম টেস্ট (১৯৬৬)। ইংল্যাণ্ড বনাম ওয়েস্ট ইণ্ডিজের খেলার মাঝে অধিনায়ক ব্রায়ান ক্লোজ ও গ্যারি সোবার্স

খেলার স্পিরিট

অরুণ বাগচী

"আপনি কাউন্টি ক্রিকেট খেলেছেন নাকি ?"—আচমকা প্রশ্নটা করে ফেলে আমি বৃদ্ধ সাটনকে রীতিমত চটিয়ে দিয়েছিলাম।

ছয় ইংরেজ চটলেও তো আর ইহুদি-জাদুক বলতে পারে না। তাই প্রসঙ্গটা মাঝের টপাস্থ নামিয়ে তার বহু বহু ঘাইরহা চোখের এক মোক্ষম চাউনি ছুঁড়ল। তারপর খুব ঠাণ্ডা গলায় বললে, "হ্যাঁ, খেলতাম সেই কথাটাই তোমাকে বলছিলাম, যখন তুমি অমন রুক্ষভাবে বাধা দিলে। বলছিলাম যে, আমরা যখন কাউন্টি ক্রিকেট খেলতাম, তখন খেলাটা আসল ছিল, যেন তেন প্রকারেন জেতাটাই নয়। যদিও ঠিক স্পিরিটে খেললে খেলায় হারজিত কেন হবে না, তা বুঝিনে। আগে দু হত কম। হলে বুঝতাম দারুণ প্রতিযোগিতামূলক খেলা হয়েছে। তাই অমন অসম্পূর্ণ ফলাফল। এখন তু মানে হচ্ছে কেউ প্রাণ দিয়ে খেলেনি, পা-বাঁচানো খেলাই খেলেছে। অর্থাৎ একদম জাল্। দর্শকরা কেন পয়সা দিয়ে এই বজ্জাতি দেখতে আসবে ?"

আমি ব্যস্ত হয়ে সম্মতি জানালাম। সাটনকে শান্ত করা প্রয়োজন ছিল। বৃদ্ধের সঙ্গেই জীবনে প্রথম ক্রিকেটতীর্থ লর্ডস মাঠে পা ফেলেছি, সেজন্য কৃতজ্ঞতা। তা ছাড়া আমার রুমমেট। বোর্ডিং হাউসে বাস করে রুমমেটের সঙ্গে বিবাদ করা, বিশেষত বিদেশে, বুদ্ধিমানের কাজ নয়। সাটন লোকটা অবশ্য একটু ছিটিয়াল। তোর পাঁচটায়—লণ্ডনের শীতকালে সেটা মধ্যরাত্রির তুল্য—উঠে টাইপ করতে বসে যেত মাঝে মাঝে। আবার রাত বারটার পর আমার বিছানার পাশে বাতি জ্বলত বলে সে বিলক্ষণ বিরক্তি প্রকাশও করত। একদিন বলেই ফেলেছিল যে রাতে বাতি জ্বালালে ভূতেরা নাকি রাগ করে। "তবে তুমি রাগ কর কেন ? তুমি তো জ্যান্ত-মানুষ !"—বলতে চুপ মেরে গিয়েছিল। চোরবাতে টাইপ করে ও আমায় জাগিয়ে দিতে চাইত, বোধকরি সে-ও ভূতের ভয়ে। হাইহোক, লোকটার মন ভাল ছিল।

ওর কাউন্টি ক্রিকেট খেলাও মোটেই গালগল্প নয়। পুরোনো রেকর্ড বই, মরলাধরা ছোরকার্ডও দেখেছি। রেজিনাল্ড সাটন ছোটখাট অল রাউন্ডার ছিল ব্যাম্পশায়ার দলে। গুটি পঞ্চাশ রান আর গোটা দুই উইকেট অনেকবার বাগিয়েছে। তবে ডিপ-ফিল্ডিংয়ের জন্যই নাকি তার ছিল আসল আদর। সাটনের কথায় "আমি পঞ্চাশ রান তুললেই দলী খেলুড়েরা ক্র্যাপ দিত। কী না, আমি সেঞ্চুরি করলাম। পঞ্চাশ তুলেছি দলের হয়ে। আর বিপক্ষের পঞ্চাশ তো ফিল্ড করে বাঁচাবই।"

১৯৫৬-৫৭ সালে ইংল্যান্ডে সবাই আশা থাকাজিলেন কী ভাবে মাঠে দর্শক টানা যায়। খেলার পর খেলা হয়ে যাচ্ছে, মাঠ ফাঁকা। কাউন্টি টিমগুলোর কোষাধ্যক্ষরা মাথায় হাত দিয়ে বসে পড়েছেন। সেই প্রসঙ্গেই সাটন সাহেব বলছিলেন যে যাতে খেলা দেখতে কেন দর্শক আসবে।

"তোমাকে বলি শোন," সাটন সাহেব পাইপ ধরাবার চেষ্টা করতে করতে বললেন, "ভাল খেলা হলে ভূতেরা পর্যন্ত দেখতে আসে। সে আমার বয়স তখন কুড়ি, অর্থাৎ সবে রাজা এডোয়ার্ডের মারা গেছেন। আমি দলের রিজার্ভে আছি। হঠাৎ শিকে ছিঁড়ে দু-একটা খেলবার সুযোগ আসে দল খেলতে যাচ্ছে একটা ফ্রেন্ডলি ম্যাচ, আমাদের ম্যানেজার 'বাচ্চা'-ফিল্ডহলের শ্বশুরবাড়ির দেশ ডারবিশায়ারে। বাড়িরের খেলা।

"দিনটা যাচ্ছেতাই। দিন পাঁচেক দমাদম বৃষ্টি হয়ে থেমেছে। কিন্তু আকাশ থমথমে। মাঠে পৌঁছে দেখি গুটি বিশেক প্রাণী ফিল্ডহলকে খুশি করবার জন্যই অমন দিনে হাজির হয়েছে। আর অবস্থাটা বারটা খেলুড়ে। আমার উপর হুকুম হল খেলতে হবে। টসে জিতে প্যাচপেচে মাঠে দল খেলতে গেল।

"অথাত্ত গ্রামা দল কিন্তু মাঠের জন্যই না কি, ভটাভট আমাদের দু-জনকে আউট করে দিল। রান সাকুল্যে চল্লিশও নয়। একদিকে টিঁকে ছিলেন জিম ব্রাউন, আমাদের সে বছরের সেরা খেলোয়াড়। এম-সি-সি দলেও খেলবার চান্স আসত যদিনা হঠাৎ নিউমোনিয়ায় মারা যেতেন তিনি।

আমি নামতেই জিম এগিয়ে এসে আমায় অভয় দিলেন। যাবড়িও না দুটো বল কোনোরকমে ঠেকাও। তারপর আমি আছি।

দুটো কেন। অনেক বলই ঠেকালাম। কিন্তু স্রেফ আন্দাজে আর বরাত জোরে। একটা গাঁইয়া বোলার আমাদের যম করছিল, তার দু'টা বল দু'রকমের যেন। কিন্তু সাবাস জিম্। বাঘের মত খেলে গেলেন। ভাবা যায়না ও মাঠে ও রকম খেলা।

সেঞ্চুরি রান হতে আমরা ছেড়ে দিলাম। বিপক্ষ দল এল ব্যাট করতে। তাদেরও জনা চারেক তাড়াতাড়ি আউট হয়ে যাবার পর আবার খেলা জমে গেল। ব্যাটে বলে দারুণ লড়াই। অবাক হয়ে বার বার ভাবলাম, এই লোকগুলো এত ভাল খেলে, তবে তারবিশায়ার টিমে সুযোগ পায় না কেন ? ফিল্ডহলে এদের গোটা চারেক খেলুড়েকে তাদিয়ে দেয় না কেন।

মাঠের অবস্থা বুঝে উইকেটের কাছাকাছিই ফিল্ড করাজিলেন ক্যাপটেন। এর মধ্যেই হঠাৎ লক্ষ্য করলাম ফাঁকা মাঠ কখন অসংখ্য দর্শকে ভরে গেছে।

আশ্চর্য, এতগুলি লোক কখন কোথা থেকে এল। একটুও টের পাইনি। একা আমি নই। সবাই দেখলাম ব্যাপারটা খয়াল করে কিছু বিস্মিত। তবু, তখন দিনে অতগুলি দর্শক জোটায় খেলুড়েরা আরও উৎসাহ নিয়ে খেলতে লাগল। খেলা আরও জমে গেল।

একটা মজা দেখছিলাম, দর্শকরা ভয়ানক নীরব। বাউন্ডারি সীমানা পেরিয়ে তারা সার সার দাঁড়িয়ে আছে ক্লাবের তাঁবুর উলটো দিকে। হাসিমাখা মুখগুলো স্পষ্ট দেখতে পাচ্ছি। কিন্তু কথা কেউ বলছেনা হাততালিও দিচ্ছে না। ভাল বল পড়লে বা মার হলে ভদ্রজনেরা মাথার টুপি একটু তুলে হর্ষপ্রকাশ করছেন মাত্র।

এর মধ্যে টুং করে একজন বল খেয়েছেন। বাউন্ডারির দিকে আমি আগ্রাণ দৌড়ুচ্ছি। যদি ক্যাচ ধরতে পারি বা অন্তত বাউন্ডারি বাঁচাতে পারি কিন্তু না, বলটা টুং হয়ে যেতে যেতে বাউন্ডারি পেরুল। এবং, আমার চোখের সামনেই একটা চ্যাঙা ছোকরার শরীরের মধ্যে দিয়ে রেস্ত গলে গেল

আমিও না থেমে দৌড়তে লাগলাম। দর্শকরা পথ করে দিল। বল সংগ্রহ করে মাঠের মধ্যে ফিরে গেলাম। আর কাউকে কিছু না বলে ভাবতে লাগলাম, কাণ্ডটা হল কী!

এরপর খবর সুবিধের নয়। অন্যমনস্ক হয়ে পর পর তিনটে ভলি ক্যাচ মিস্ করলাম। আরও কেলেংকারী বাহাত্তায়। ভাগ্যক্রমে আলো খুব খারাপ হয়ে যাওয়ায় খেলা চট্টাং শেষ হয়ে গেল। আমরা তাঁবুর দিকে পা বাড়ালাম।

কয়েক পা ফিরে একবার মুখে দাঁড়ালাম না ভেবেছি তাই? দর্শকরা যেমন চাচয়ক এসেছিল, তেমনি অকস্মাৎ উধাও হয়ে গেছে। কানে এল ফিনচলে বলছে—এই দিনে এত দর্শক জোটালে কী করে? উত্তরে কে বলল—ওরা আমাদের গাঁয়ের লোক না। কাউকেই তো চিনিনা মনে হল। কোথা থেকে এসেছিল কে জানে।

আমি এক ফিল ঘাড় কাউকে ব্যাপারটা বলিনি। আমার আজও অবাক লাগে ভেবে যে ওখানে আর একটা লোকও সেদিন সঠিক বুঝতে পারেনি কারা খেলা দেখতে এসেছিল। সবাই এত মন দিয়ে খেলছিল বা খেলা দেখছিল যে খেয়ালই করেনি একদঙ্গল ভূত এসে তাদের কী কমপ্লিমেন্টই না দিয়ে গেল! একেই বলে ক্রিকেট খেলা, বুঝলে?

যুদ্ধিত রকেট বা ৬১ মাসে জাত বিশ্ববিখ্যাত, প্রতুত ফুল-ফ্লেজের ব্যাভার বাহ ছিল ২৬নি কর্ত লেভার ৬১ এবার উইম্বলডনের শুরুতেই ৬১ বছর বয়স সম্মুখীন হন। এই বয় বাহ ছিলেন আমেরিকা চার্লস রোজ। বয় লেভারের চেয়ে সাত বছরের ছুনিয়র এই শুরুপটি এবার সিঙ্গলসের শুরুতে ছয়টি ম্যাচের চারটিতে টেনিস বাজাকে হারিয়ে দেন লেভার রোজকে হারান অষ্ট্রেলীয় চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে এবং 'ফিলাডেলফিয়া ওপেন'-এ। রোজ বিজয়ী হন মিট সাউথ ওয়েলস, মিউজিল্যাণ্ড ওপেন এবং মিয়ামি ও প্রকল্যাণ্ড (ক্যালিফোর্নিয়া) পেশাদার ট্রুর্নামেন্টে।

রোজে সেদিন ইটালীয় চ্যাম্পিয়নশিপের খেলা। মুষলধারায় বিরাম। খেলার আগে ১। লেভার রোজকে জিজ্ঞাসা করা হয়—বয় লেভার সম্পর্কে কী ভাবছেন? মানুষ এবং খেলোয়াড়রূপে তিনি কেমন? স্টেনিস কোর্টে তিনি বিশেষ শ্রেণীভুক্ত কিন্তু বাইরে তিনি আর দশজনের মত আদর্শবান অষ্ট্রেলিয়ান—দুঘণ্টা কিসোরকে নিয়ে একসঙ্গে বসে বীয়ার খান তবে আমি তাঁকে ভালভাবে জানি গত বছর। বেশ মনে আছে আমি যখন ছুনিয়র ছিলাম তখন থেকে এখন—বিশ্বচ্যাম্পিয়ান হওয়া সত্ত্বেও মানুষের কোন পরিবর্তন হয়নি।"

রোজকে প্রশ্ন: খেলতে খেলতে কখন মনে হয়েছে ৬১ লেভার কা লাগিয়ে খেলছেন না?

উত্তর: তিনি যেমনভাবে খেললেও ওর কাছের জয়ের প্রশ্নই থাকে না, তা তিনি যত বয় খেলোয়াড়ই কোন কারণ বয় লেভারের শটগুলো এত দ্রুত ও মারাত্মক যে বিপক্ষের খেলোয়াড় বিশেষজ্ঞ হয়ে পড়েন। সারা কোর্টে বিচরণ করেন। ফোরহ্যাণ্ড ও ব্যাকহ্যাণ্ড—দুটোতেই তিনি প্রতিপক্ষের কাছে ভয়ঙ্কর। বেশির ভাগ খেলোয়াড়ের কি হয়—যদি ফোরহ্যাণ্ডে ভাল হন তবে তো ব্যাকহ্যাণ্ডকে আক্রমণ করা যায়। কিন্তু লেভারের এমন কোন দুর্বল নেই যেখানে তাঁর দুর্বলতা আছে।

হিপিদের মত লম্বা চুলওলা দক্ষিণ আফ্রিকার যে যুবককে জিজ্ঞাসা করা হয়। বয় লেভার-রোজের প্রতিদ্বন্দ্বী হিসাবে তাঁর

রকেট লক্ষ্যে পৌঁছেছে

চিরঞ্জীব

রকেটকে ভয়ঙ্কর মেরে খেলুন, সেও সজোরে ফেরৎ পাঠাবে—এই-ই যেন ওর পছন্দ। টেনির সঙ্গে ওর যেন ভয়ে। রকেট মেটে ওলে টেনি আস্তে টপ মারে ওর কোয়ার্টার্ডলিতে। হ্যাঁ, এই মার রকেট কিন্তু খুব বেশী আশা করে না। ওর পছন্দসই নয়। সম্পূর্ণ খোলোয়াড়ের প্রতিমূর্তি লিউ হোড। টেনিসে এমন কিছু নেই, যার দক্ষতা লিউয়ের নেই। ওর একমাত্র দুর্বলতা একটু অলস প্রকৃতির।"

লেভার সম্পর্কে টেনিসের মার্কিন রাইটার বলেছেন, "মানুষ ও খেলোয়াড় লেভারে অনেক পার্থক্য; বিশেষত: কোর্টে তাঁর স্পীড। তিনি কখনও এক জায়গায় দাঁড়িয়ে থাকেন না, সব সময় দেখবেন এদিক ওদিক ঘুরছেন আর ঘুরছেন। মনে হবে না এই সেই ব্যক্তি যিনি বিশ্বচ্যাম্পিয়ন। ওঁর সম্পর্কে কেউ আশা করেন হাতভাবে তা পারেন না, যেমনটি আশে পাশে গজালেস বা লিউ হোডের মতো, কোর্টের বাইরে লেভারকে ভীষণ লাজুক লাজুক মনে হয়, মনে হয় রকেট ক্লান্ত, শ্রান্ত। টেনিসের বুধ বা অনুরূপ কোথাও তাঁর কিছুটা পরিবর্তিত রূপ দেখা যায়। কোর্টে লেভার মারমুখী, ভয়ঙ্কর। সবচেয়ে আকৃষ্ট করে তাঁর ক্ষিপ্র গতি। আমি উইম্বলডন ও লস এঞ্জেলসে তাঁর সঙ্গে খেলেছি এবং নিশ্চয়ত সেটা ছিল আমার জীবনের সর্বশ্রেষ্ঠ খেলা। প্রত্যেকটি গেমে আমাকে রীতিমত সংগ্রাম করতে হয়েছে তাঁর স্পীডের জন্যই। ছুটে ছুটে তিনি অভাবনীয় সট মেরেছেন। লেভারের এমন স্পীড যে তিনি যে কোন খেলোয়াড়কে নাস্তানাবুদ করে দেন ও এই স্পীডেই সকলকে সহজে খেলেন। রোজওয়েলকে হারাতে আরও দ্রুত খেলতে হবে। স্পীডই তাঁকে বিপদ থেকে মুক্ত করে দেয়।

আমি প্রায়ই তনতাম তিনি সবচেয়ে ভয়াবহ, যখন তিনি কোর্টে পরাজয়ের সম্মুখীন হন। পরে দেখি একথা সর্বৈব সত্য। লেভারের সঙ্গে খেলে এই অভিজ্ঞতা হয়েছে একজন খেলোয়াড় কীভাবে একই রকম শক্তির সামঞ্জস্য রাখতে পারেন। এই জন্যই তিনি সবার উপরে। তিনি সব কিছুর সংমিশ্রণ ঘটিয়েছেন। সত্যিই বিস্ময়কর লেভারের নির্ভুল হিটগুলো। টেনিস কোর্টে অনেক ভাল ভাল খেলোয়াড় আছেন। তবে এ ধরণের অদ্ভুত প্রতিভাবান আমার চোখে পড়েনি।

লেভারের মুকুট ছিনিয়ে নেবার তিনজন দাবিদার আছেন বলে আমি মনে করি। তাঁরা জন নিউকম্বে, রোজ 'ফ্লাইং ডাচম্যান' টম ওকার এবং গালে আর্থার অ্যাশ।

রোজ, নিউকম্বে ও ওকার ফাস্ট ও স্লো উভয় কোর্টে নিজেদের কৃতিত্বের প্রমাণ দিয়েছেন। রোজ ইটালীয় চ্যাম্পিয়নশিপে বিজয়ী এবং দুবার ফরাসী চ্যাম্পিয়নশিপে রানার আপ ও উইম্বলডনে রানার আপেরও কৃতিত্ব দেখিয়েছেন। নিউকম্বে বিজয়ী হয়েছেন উইম্বলডন, যুক্তরাষ্ট্র, ইটালী ও জার্মান চ্যাম্পিয়নশিপে। যুক্তরাষ্ট্র চ্যাম্পিয়নের আগে হন রানার আপ। ওকার ইটালী ও দঃ আফ্রিকা

চ্যাম্পিয়ন এবং যুক্তরাষ্ট্র ও দঃ আফ্রিকার রাণার আপ। অ্যাশ 'ক্লে' কোর্টে এখনও শিক্ষানবীশ। তবুও যুক্তরাষ্ট্র চ্যাম্পিয়ন এবং অষ্ট্রেলিয়ার দুবার রাণার আপ।

কিন্তু আপাততঃ রকেট সবার উপরে। তাঁকে অতিক্রম করতে বা চারাতে গেলে কিংবা লেভারকে হারাবার স্বপ্ন সফল করতে গেলে অনেক পথ অতিক্রম হতে হবে। কেননা লেভার তিনবার অষ্ট্রেলিয়া ও চারবার উইম্বলডন চ্যাম্পিয়ন, দুবার জার্মান চ্যাম্পিয়ন, দুবার যুক্তরাষ্ট্র চ্যাম্পিয়ন, একবার করে ইটালী ও ফ্রান্স চ্যাম্পিয়ন—শেষের অনেকটি ১৯৬২ সালের মধ্যে জিতে নেন। আজ পর্যন্ত এই ধরণের কৃতিত্ব কারুর নেই। ১৯৬৮ সালে ডন বাজ 'গ্রাণ্ড স্লাম' হয়েছিলেন—লেভার এখন শুধু তার সমকক্ষ নন। (সিঙ্গলস বিজয়ী—অষ্ট্রেলিয়া, ফ্রান্স, যুক্তরাষ্ট্র ও উইম্বলডনে), তাঁরও উপরে। ছয়টি বড় টুর্ণামেন্ট জিতেছেন একই বছরে। বিশ্বে প্রথম ১০ জনের মধ্যে আর কেবলমাত্র কেন রোজওয়েল এবং নিউকম্বের উভয় কোর্টে বড় ম্যাচ জেতার কৃতিত্ব আছে। এই একটি মাত্র কারণও আঙ্গুল দিয়ে দেখিয়ে দেয় সঙ্গত কারণেই এখনকার টেনিসে রড লেভারের সুবর্ণমুগ। দুবার 'গ্রাণ্ড স্লাম' হওয়ার কৃতিত্ব আর কারও নেই।

তা হলে তিনি কি সর্বকালের শ্রেষ্ঠ খেলোয়াড়? বিভিন্ন কালের খেলোয়াড়দের সঙ্গে তুলনামূলক বিচার সম্ভব নয়। তাই চ্যাম্পিয়নশিপসের খতিয়ান দেখলে লেভারের পক্ষে সমর্থন বেশিই হবে। সমসাময়িকদের সকলের সেরা হওয়াকেই শ্রেষ্ঠত্ব বলা হয় বরং দুবার 'গ্রাণ্ড স্লাম' হয়ে লেভার নিঃসন্দেহে সেই শ্রেষ্ঠত্ব প্রমাণ করেছেন। রোজওয়েল হোড এবং রিকার্ডো গঞ্জালেসের সঙ্গে তিনি খেলেন নি। এদের তিনজনের মধ্যে কেবলমাত্র হোড উইম্বলডন বিজয়ী।

লেভার উইম্বলডন জিতেছেন চারবার। উপর্যুপরি পাঁচবার ফাইনালে উঠেছেন। ১৯৬০-র শুরুতে যখন পেশাদার হলেন, তখন ভাবা যায়নি পেশাদারীরাই তাঁকে এত উঁচুতে পৌঁছে দেবে। টাইম মেশিন থাকলে বোজা যেত যুদ্ধের পর দুই উইম্বলডন বিজয়ী অ্যাসক্রামার ও রড লেভারের মধ্যে খেলা হলে কেমন লড়াই হত।

রড লেভার দ্বিতীয়বার 'গ্রাণ্ড স্লাম' হলেন।

অপেশাদার থাকাকালে লেভারের মনে হত তিনি হতখানি না মাথা খাটিয়ে খেলেন, তার চেয়ে বেশি কাজে লাগান হৃদয়কে। তাঁর এই গুণই আজ তাঁকে এতবড় করেছে এবং বড় বড় ম্যাচে তিনি পয়েন্ট ছিনিয়ে নিয়েছেন। এখনও দেখা যায় প্রতিপক্ষের টিপগুলো যখন মাটি লাগোয়া তখনও লেভার সেগুলো হঠাৎ কোন্ যাদুবলে ফেরৎ পাঠিয়ে দিচ্ছেন। এ সব দেখে ভাবি, মানুষের পক্ষে এও কী সম্ভব?

সংকটের সময় প্রত্যেক চ্যাম্পিয়নই খেলার মোড় ঘুরিয়ে দেন এবং সংকট থেকে মুক্ত হওয়ার এই ধরণের সবচেয়ে জলন্ত দৃষ্টান্ত লেভার ছাড়া আর কারও নেই। বিভিন্ন সময়ে খেলার গতিধারা পরিবর্তন করে বা মোড় ফিরিয়ে দর্শক আকৃষ্ট করার ক্ষমতাও তার প্রবল। রড লেভারের মধ্যে একই ধরণের কোন ক্রীড়াকৌশল দেখতে পাবেন না। এখানেই অন্য খেলোয়াড়ের সঙ্গে তার তফাৎ। রড লেভারকে টেনিস কোর্টে রাখুন (এবং কয়েক বছর আগে যদি স্যার স্ট্যানলি মাথুজকে ফুটবল মাঠে পাওয়ার কথা ভাবুন দুজনই যুবকে শান্ত মানুষ, তারপর উভয়ে যেন হঠাৎ শিল্পী। টেনিসে ও ফুটবলে উভয় খেলোয়াড়ের মধ্যে বেশির ভাগ সময় যা দেখা যায় তা হল ওদের বৃষ্টি। যেমন মাথুজের, তেমনি লেভারের— উভয়ের মধ্যে ক্ষীপ্রতা বিদ্যমান, রয়েছে বৈশিষ্ট্য।

বয়স একত্রিশ। উচ্চতায় ৬ ফুট সাড়ে ৮ ইঞ্চি। লাল মাথা, মুখময় ফুট ফুট দাগ। কিন্তু রকেটের লেফট হোর আরম ওক গাছের মত। যুক্ত টেনিসের প্রথম সিজনে তিনি আবার উইম্বলডন বিজয়ী হয়েছেন। 'তিনি এমনভাবে দুবার শ্বাস প্রশ্বাস নিলেন ও ছাড়লেন' যে রোজ তারপর বলেন, ওই দৃশ্য 'আমরা বিশ্বাস করতেই পারছিলাম না।' ওয়েম্বলির স্মরণীয় খেলায় তখন ফ্রেড স্টোলে ডেসিংরুমে ফিরে আসার মুখে বলেছেন, 'রকেটের, তোমার মস্ত ভাগ্য। দ্বিতীয় সেটে সট মারতে পারোনি।' যুক্ত টেনিসের প্রথম এক বছরে লেভার প্রথম দুটো বড় টুর্ণামেন্টই (অষ্ট্রেলিয়ার ও দঃ আফ্রিকার) জেতেন, কিন্তু তারপরই দুঃসংবাদ আসতে থাকে—কনুই বেশ দিচ্ছে।

নিঃশব্দ নায়ক লেসলি

তপন ঘোষ

সন্ধিৎ পেয়ে; ফিরে আসার তোড়জোড়ে মোচড় দিয়ে ফেলেছি, অনুরোধ পেলাম—কাল বাড়িতে এলে ভাল হয়।

এই ছবি বাক্তিত্বই লেসলি ওয়াল্টার প্রতিভাস।

কলকাতা মর্গকর্তা মহকে প্রতিষ্ঠিত হয়ে দলের মাতামহি প্রবর্দি স্টির নিয়ে মাঠে নামতে দেখেছে। সে চতুরনই মাঠে থেকেছে চতুরনই

শারদীয়া স্বস্তি,

বিপক্ষ ফরোয়ার্ডরা বোধা হয়ে আক্রমণের পথ খুঁজেছে। ক্লডিয়াসের দলের ফরোয়ার্ডরা সব সময়ই ভেবেছে নিরাপদে আছে কারণ ক্লডিয়াস যখন পিছনে তখন ভোক্তা বল পাওয়া আশ্চর্য নয়। খেলা শেষে ক্লাব বাইরে এসেছে দর্শকরা বলাবলি করছে—ক্লডিয়াসের জোড়া খেলা তার।

যখন সময়ে ম্যাকলিয়ড স্ট্রীটের ক্লাবে যেতেই কালকের কয়েকটি সেকেণ্ডের জন্য বাজে পোড়া চেহারা ক্লডিয়াসকে আর পেলাম না। এখন ক্লডিয়াসের দারুণ সহজিয়া ভাব। কথোপকথনে একটু এগোতেই বুঝলাম, কোন মঙ্গল খোলস নেই, কত গভীর প্রশ্ন এখিয়ে দেব ভাবলাম, সব চাপা পড়ল।

প্রথম কথা শুনেই একপশলা বিস্ময় করল—আরম্ভ করেছিলাম ফুটবলারের জার্সি পরে শেষে হকি প্লেয়ার।

হেচলিসে খড়গপুরের মাঠে বি, এই, আর টীমের বেটন কাপে টীম তৈরীর জন্য এ'ও'বি' দলের খেলা চলছিল, সেই অতীত মুহূর্তে ক্লডিয়াস ফিরে গেল। এর আগে বি, এন, আরের হাফ ক্লডিয়াস কলকাতায় এসেছিল আই, এফ, এ শীল্ডে খেলতে। তারও আগে স্কুলের মাঠে এক আধবার হকি টীম নিয়ে ট্রুকটাক করেছিল।

আলোচনার গড়গড়ানিতে ছেদ পড়ল। অত্যন্ত ধীরে বলল, ডিকি কারের কথা মনে পড়েতো। উত্তরের জন্যে অপেক্ষা না করেই বলল—ডিকি আমার মধ্যে কি দেখল জানিনা।

প্র্যাকটিস ম্যাচ সুরু করার আগে অনুরোধ করল—লেগ, দেখতেই পাচ্ছ লাম্বি ডেভিড আসেনি, অতএব এবার পুরতে স্টিক নিয়ে নেমে পড়।

খোঁজাখুঁজিতে স্টিক জোগাড় হল। লেসলি খেলল রক্ষণভাগের মধ্যমণি সেন্টার হাফে। বিপক্ষে যারা খেলেছিল তাদের নাম তাকের ঘর কম ছিলনা। সেই থেকেই ক্লড কারের চোখে পড়েছে, এত ভাল খেলেছে যে কারের হুকুমে রোজকার সেন্টার হাফ লাম্বির পদাবনতি ঘটল ফুল-ব্যাকে।

ভাবলাম, ক্লডিয়াস এবার তার এক যুগের হকি কাহিনীর পাতা উল্টে যাবে। ধারণা ঠিক হলনা, সে ফিরে এল ফুটবলার ক্লডিয়াসের কথায়।

দিনগুলো খড়গপুরে যাওয়ার বহু আগে বিলাসপুরের রেলকলোনীর সবুজ পাতা-ঝাড়ি। অফোরাত্রের ফুটবল পাগলামিতে লেসলি জড়িয়ে পড়েছে। স্কুল টীমে খেলবার দুর্ভূমিও বাদ ছিলনা। কার হাতে ক্ষুরসত আছে, ক্লডিয়াস তা ভালোভাবেই জানতে। সময় পেলে, তাদের নিয়ে বল পেটাপেটি করেছে। দুপুর বেলা বাড়ির আর সবাই বিশ্রাম নিলেও লেসলি পাতা-পাধারাদার বিভিন্ন বাড়ির চাকরদের ডেকে তাদের সঙ্গে লেগে যেত বল পেটাপিটিতে। এইরকম ফুটবল পাগলামিতে বাড়ির লোকেরা অতিষ্ঠ বোধ করেছে। দেখতে দেখতে ক্লডিয়াস এত অপরিহার্য ফুটবলার হয়ে উঠেছে যে বি, এন, আর ফুটবল টীম তাকে টীমে রাখতে বাধ্য হয়েছে। ফুটবল ছাড়াও লেসলি পরিবারের আর এক ঐতিহ্য ব্যাডমিন্টনেও ক্লডিয়াসের হাত এত ভাল ছিল যে, কেশব দত্ত, মনোজ গুহ, সুনীল বোসের মত প্রখ্যাত খেলোয়াড়রাও ওর সঙ্গে খেলতে অনীহা দেখায়নি।

খেলার জগতে দুটি বিপরীত ঢেওকে ভুলেই ক্লডিয়াস আবার হকির বৃত্তে ফিরল—হেচলিস হতে একবছর ওখানে কাটিয়ে খেলা দেখিয়ে চাকরি জুটেছে পোর্ট টীমে। দল পাল্টানোর বড় কারণ, বি, এন, আর এর কার ও ট্যাপসেলকে ছেড়ে ক্লডিয়াসের জন্য জায়গা খালি হওয়া সম্ভব ছিলনা।

পোর্টে খেলার সময় ওলিম্পিক জার্সি পরার সুযোগ এসেছে, সুযোগ পাওয়ার তপ্ত আতিশয্যে ক্লডিয়াস নিজেকে নিখুঁত করে পরিবেশনে চেষ্টা করেছে? সে সময় হকি সমঝদাররা একটা মতের আওতায় ওকে ফেলে বলেছে—এর আগে দুর্গা ছাড়া বোম্বাইয়ের ময়দানে এহেন দক্ষতা কেউ দেখায়নি। আরও বলেছে—সেন্টার হাফ ক্লডিয়াস মাঠে রাজার বিক্রমে চলাফেরা করেছে, বল দেওয়া নেওয়ার খুল-সূক্ষ্ম সব দায়িত্বেই ক্লড নিটোল অভিনেতা। পিছতে গিয়ে রক্ষণ প্রাচীর গড়েছে। প্রয়োজনে বিপক্ষের অঙ্গনে ঢুকে গিয়ে ষষ্ঠ ফরোয়ার্ডের কাজকারবারে ভাঁজি দেয়নি। এই চড়াই, উৎরাই খেলার পদ্ধতিতে ঘিরে গিয়ে ক্লডিয়াস একটি স্মরণীয় গোল করে ফেলেছিল। হু হু করে দুই দলকে পেরিয়ে ক্লডিয়াস আজ যেমনি শিখর ছিতে তাকাল এবং ওই ঘটনার কথা জড়িয়ে বলল। "আমি জর্জ সার্জেন্টকে একটা বল পুল, করলাম, সার্জেন্ট ফেলিক্সে (জেনসন) দেওয়ার মতলব করতেই জেনসন চেঁচিয়ে উঠল, ক্লডিয়াস পিছনে রয়েছে ওকে ঠেল। সে বল ঠেলল অবার্থ ঠিক ওর মাথায়, সময় না দিয়েই লাফ করে স্টিক চালাতেই গোল।"

হেচলিসের প্রথম বেটন অভিজ্ঞতার আগে মাত্র তেরদিনের কসরতে ফুটবলার ক্লডিয়াসের খোলস খসে পড়েছে। হয়ে গেল হকি প্লেয়ার। কলকাতার বেটন কাপে খেলতে এসে দেখে এখানে ছাত্রর টীমে ছাড়ছড়া বড় বেশি। স্টিক ধরে মাঠের মধ্যে প্রত্যেক খেলোয়াড় তার প্রতিদ্বন্দ্বীকে ছেড়ে কথা বলতে রাজি হবে না। পরার্থে একটুকরো জমিও কেউ তুলে দেবে না—সমস্তই লড়ে নেওয়ার শিক্ষানবিশি।

ওই সংসারের নিয়ে ক্লডিয়াস টীমের সেদিন বোঝা হয়ে ওঠেনি। টীমের অন্যান্য-দের মত স্টিক পায়ে বলে হকির গতির সবটুক উজার করে ক্লডিয়াস খেলেছে, বি, এন, আর দেখার ফাইনালে উঠেছে। কিন্তু ফাইনালে বি, এন, আর পোর্টের কাছে হার মানায় দ্বিতীয় তকমা পাওয়া হয়ে উঠল না। বেটন ফাইনালে চ্যাম্পি-য়নের পদক না পাওয়ার কলঙ্কনাম চারটি ওলিম্পিকের ফুরসতেও ক্লডিয়াস ফেরে ফেলতে পারেনি। প্রতিযোগিতার প্রান্তে চলে পড়ার ঠিক আগে ক্লডিয়াস সাধ পূরিয়েছে '৬৫ ফাইনালে। মোহনবাগানের সঙ্গে ফাইনাল যুদ্ধ বিজয়ী হয়েছে, সোজাসুজি বখরা এখানেও আধাআধি।

হেচলিসের ফাইনালের শেষে ক্লডিয়াস অস্থিরতায় পড়ে, ভাবে ফুটবল না হকি, মোহ ইস্টবেঙ্গল ক্লাবও ক্লডিয়াসকে তাদের দুর্জয় একাদশ দলের লেফট উইং ফরোয়ার্ড হিসাবে টানতে চেয়েছে। দোনামন ভাববেশ কাটিয়ে ক্লডিয়াস ঠিক করেছে—সে হকির গণ্ডিতে নিজেকে বেঁধে রাখবে।

বাইকে তাকিয়ে নিলাম দুটি কথা তিন আলমারির দিকে। ট্রফি কাপ মেডেলের ঝলমলানি। এরই মধ্যে অলিভ পাতার মধ্যে গাঁথা চারটি সোনার মেডেল। বললাম, মেডেলগুলো একবার দেখতে চাই। আরো কি যেন খোঁজ করব ভাবছিলাম, আমার মনের ইপ্সাটি যে ওর মুখ থেকে বেরিয়ে এল আপনি বাইরে নিয়ে যেতেও পারেন, কিন্তু ক্ষতি নেই। একটা খাঁটি নিরাসক্ত ভাব। অ্যান্টওয়ার্পের ওলিম্পিকে পাওয়া সোনার মেডেলের পাশে কাঁচা হলদে রঙ, এখনো হচ্ছে, বাহারের ও ছাপ্পান্নোর দুটি মেডেলই বেশ কালচে তবে লেখেরটি তুলনায় এবং মানকমাক। প্রথম তিনটি আমার হাতে তুলে দিতে ওর চোখে কোন দ্বিধা দেখলাম না, দেখলাম শেষেরটির জন্যে হোক ফোঁপানি।

ছাপ্পান্নো ও ষাটের অ্যান্টওয়ার্পের বৃত্তান্ত দিয়েই ক্রডিয়াস শুরু করল: ওখানে ভাল খেলে টুরেগে স্পিরিট নিয়ে ক্রড কলকাতাতে ফিরেছে। পোর্টটিম কলকাতার হকি লীগও পেল। সব কিছুই ভাল চলেছে। হঠাৎ পড়ল বেটন সেহিজাইনালে। ট্রায়ালের সঙ্গে খেলতে গিয়ে ডান হাতের আঙুলে চোট পেল। একাস্ত উচ্চাশা, ওলিম্পিকে যাওয়ার বুঝি বাধা পড়ে। জাতীয় চ্যাম্পিয়নশিপের জন্য বাংলা দলে প্রথম নামের মধ্যে ক্রডিয়াসের নাম উঠল না। নাম উঠল অতিরিক্তের দলে। এসময় পরম উপকারে এগিয়ে এলেন পোর্টের কর্নেল ভট্টর। আশ্বাসন। ক্রডিয়াসের আঙুল ভাল করার ভার তিনি নেবের সঙ্গে বললেন—কয়েকদিনেই আঙুল ঠিক হয়ে যাবে। এত করেও কিন্তু ক্রডিয়াসের বরাতের ফাটল এক হবার নয়। বাংলা প্রথম রাউণ্ডে হেরে গেল। তবু ওরই মধ্যে ক্ষীণ আশা ওলিম্পিক টিম ট্রায়ালে ক্রডিয়াস হাওয়ানি পেল। যে করে হোক ভাল খেলতে হবে—এই ছিল ক্রডিয়াসের তখনকার মানসিক অবস্থা। আবার অঙ্গুলি বিড়ম্বনা ফলে তিনটি ট্রায়াল ম্যাচেই বর্মক হয়ে লাইন লাইনের ধারে ঘাস ছিঁড়তে হয়েছে। চতুর্থ ট্রায়াল ম্যাচ—সেলসিকে জানানো হয়—যদি সে ওই চূড়ান্ত ট্রায়ালে না খেলে তবে তাকে টিমে রাখার বিবেচনায় রাখা হবেনা। ক্রডিয়াস পরাজয়ের ডাবাবেগে আঙুলের প্লাস্টার ছিঁড়ে ফেলল। অসহ্য যন্ত্রণা তবু ক্রডিয়াস চুপ করে মন দিয়ে খেলে চলেছে। ট্রেডজনার জানায় ক্রডিয়াস খেলল কিন্তু আঙুল জানান দিচ্ছে, অগত্যা খেলা ছেড়ে বাইরে যেতে সে বাধ্য হল। মোট খেলেছে মাত্র পনের মিনিট। মোটামুটি উঁচুদরের নজুনা ওইটুকু সময়ের অবসরে রাখতে পেরেছে। অথচ পনের মিনিটের উপর ক্রডিয়াস মন বাঁধতে পারেনি। লন্ডন ওলিম্পিকসে যোগদানের তালিকা সম্পন্ন করতে নির্বাচকরা ওই দামি কিছুক্ষণকে দাম দিয়েছে ক্রডিয়াস টিমে জায়গা পেল। যদিও একটি ম্যাচ খেলতে হয়েছিল তবু পরের তিন ওলিম্পিকে বিশ্ব বিজয়ী জাতীয় হকিদলে স্থান পেতে ক্রডিয়াসকে আর কষ্ট করতে হয়নি।

বাহারোর হেলসিঙ্কি ওলিম্পিকে ভারতীয় হকি টিম যে সর্বশেষ গুণসম্পন্ন খেলোয়াড় দল একথা ক্রড মেনে নেয়। হেলসিঙ্কির ভারতীয় হকি-হাফ লাইন ওর কাছে চলচ্ছিত্রের সমীহ পায়। ক্রড—কেলব ও পেরেড্রুসের খেলার ভঙ্গিমা বর্ণনায় নিজেকে গুটিয়ে রেখে বলল—পেরেড্রুস এক মস্ত হাফব্যাক। সে বাওতি করোয়ার্ডের কাজেও কিছু কমতি ছিলনা। তার বল ধরা ও ছেওয়ার কায়দায় হুবহু ব্যাকরণ বর্ণনা চলে যেত। এছাড়া দলের করোয়ার্ড লাইনের সঙ্গে যোগাযোগ রাখত রক্ত সম্পর্কের সহজ যোগাযোগে। আমাদের তিনজনের মাঝে কেলবকে আমি সর্বদাই চোখে চোখে নজর রেখে নকল করার চেষ্টা করতাম। ড্রিবল চ্যাম্প—ড্রিবল আণ্ড পুশ ওর দক্ষতা কতটা নিজের মধ্যে আনতে পারি সেটাই ছিল চেষ্টা।" সিঁড়িয়ে এল, চার বছর এবারে লণ্ডন করোয়ার্ড ব্রিগেডের বর্ণনায়। কিচেললাল, বাবু, রডরিগজ, বলবীর, জেনসেন ও ফার্নান্ডেজ প্রমুখ এই ছটি ধুরন্ধর যখনই পেরেছে বিপক্ষকে তছনছ করেছে।" ক্রডিয়াসের দুঃখ—"হাল আমলে চাবন, চার্লস ভোলা ও রথবীরলালের মত বিপক্ষের আক্রমণকে এঁতোঁত ওঁতোঁত করার মত উইংম্যান নেই বললেই চলে। ওরা বল ধরেই শুনেঃ এদিকে বিপক্ষের অস্তিত্বে মুহূর্মুহু ত্রাস আনতো যাকে ঠেকানো কোন দলেরই পক্ষে সম্ভব ছিলনা।"

এখনো পর্যন্ত যত খোলকীপার দেখেছে, তার ক্লাসিসকে পুরোপুরি খোলকীপার হিসাবে ধরতে ক্রডিয়াস রাজি। জেনে রাখুন দক্ষিনী রাজা গোপালের ঠিক চতুরালি ক্রডিয়াসের কাছে কে. ডি. সিং 'বাবু'র চেয়েও তীক্ষ্ণ মনে হয়।

পরের সম্বন্ধে এত প্রশংসা আঁকার পরে ক্রডিয়াসের মাঠে—ঠিক—বল—শরীর সম্বন্ধে নিজের অনুভূতি বলতে অনুরোধ রাখলে সহজ ভাবে বুঝিয়ে দিল ব্যাপারটা এই। সে খেলাকে মন দিয়ে ভালবেসেছে, খেলা ভালমন্দ বুঝতে চেষ্টা করেছে নানাভাবে, এর সঙ্গে বাড়িতে, অবসর সময়ে হকি-চিন্তায় বহু সময় খরচ করেছে। সে সাধনায় তার পাশে সঙ্গী বলতে কেউ থাকে নি। এই রকম উদ্যমের আগাগোড়া জিনিসটি হল সজাগ মনে ও সতর্ক চোখে যে কোন খেলা দেখে তার উপর ঘুরিয়ে ফিরিয়ে আলো ফেলার দরকার আছে। সেগুলোকে ঠিকে বলে মেপে মেপে ব্যবহার করার নিরালায় নিরলস অভ্যাসও প্রয়োজন। বড় কথা এত আকাশ-পাতাল মন্থনের মাঝে আসল বস্তু, দেহটিকে বাঁচিয়ে রাখতে হবে। তবে হকি খেলোয়াড়রূপে অনেকদিন বাঁচতে হলে 'পুশ' কে আয়ত্ত করতে হবে, যে যত তাড়াতাড়ি ভালবাবে পারে সেই রাজা।

বার বছর ধরে ভারতীয় হকির জার্সি পরার কৃতিত্ব কাহিনীর অন্যতম সেরা অধ্যায় মেলবোর্নকে নিয়ে ক্রডিয়াস বাড়াবাড়ি করতে চাইল না। যতদূর জানি, মেলবোর্নেও অসাধারণ ভাল খেলেছিল। আপন গর্ব আলেখ্য এড়িয়ে এসে ষাট সালের রোম ওলিম্পিকার্স পালা খুলল। প্রথম কথা আমি নিজেকে মনে করি একজন দুর্ভাগা নায়ক' ক্রডিয়াস সেবার ক্যাপ্টেনশিপ পেয়েছিল কিন্তু ভারতীয় দল রোমে কাইস্তাল খেলায় পাকিস্তানের কাছে হেরে গেল। নেমেই খেলার প্রথম দিকে গোল খাওয়ায় ভারতীয় টিম দিশেহারা হয়েছে। পরে সুযোগ পেলেও সদ্ব্যবহার হয়নি। স্বপক্ষ সমর্থনে ক্রডিয়াসের যুক্তি: আমরা কোন মতে বকেয়া গোলের তফাৎটা শোধ করতে পারলে

নিশ্চয়ই ম্যাচ জিতত্তাম। এই রকম খেলায় একবার গোল খেয়ে গোল শোধ করলেই জেতার সম্ভাবনা বেড়ে যায়।

আশ্চর্য, পাকিস্তানের বিরুদ্ধে নিজে কেমন খেলেছে সে কথা একবারও মুখে আনল না। ফুটবলার বলরাম ছিল, ভারতীয় ওই হকির প্রস্থান পর্বের দর্শক। সে বলেছে, ক্রডিয়াস কদিন তার জীবনের সেরা গোল খেলেছে। তার চেষ্টায় এতটুকু খাদ পাওয়া যায়নি কোথাও।

না থাকারই কথা, কারণ ক্রডিয়াসের প্রত্যেকটি খেলাই তার সমর্থন করে ফুল-পাথর টেন্সারামেন্টের এমন কাঠামো ভারতীয় হকি মাঠে কতদিন আদবে না সেটাই কথা। আত্তয়ান ও খেলোয়াড়ের চাল-চলন চট করে বদে নেওয়ার প্রবণতা এত বেশি ছিল যা সব সময় আসে না। ইচ্ছে করে খেলোয়াড়কে বাড়তে দিয়েই ঠিক তেনে আনত আপন বুদ্ধির পরিধিতে। ছুটিয়ে বলকে মৃতবৎ চুপ করিয়ে দেওয়ার ওর জুড়ি মেলা কঠিন। তান দিকে তাকে পাশ কাটানো। সে ছিল সমস্যার সমস্যা।

আলোচনাতে আবার ঝুঁকে পড়ে বলতে লাগল সময় সময় ভাবি হকি খেলা দেশ থেকে উঠে যাবে নাতো, স্কুল কলেজ হকি নিয়ে তেমন হৈ চৈ আর দেখি না। সব চলেছে চলতি চালে। যার জন্যে এতক্ষণ অপেক্ষা। মেক্সিকোর ভবিষ্যৎ বাণী করতে আজ্ঞার অবস্থান বুঝিয়ে দিল 'আমরা হকি নিয়ে সত্যিকারের ঘষা মাজা না করে শুধু অতীত ঐতিহ্যে কাল কাটাচ্ছি। এখন যা বলব তাতে নিরাশ হওয়াই স্বাভাবিক। তবে বছর কুড়ি আগে হলে এই জিজ্ঞাসা নিয়ে আপনিও নিশ্চয়ই আমার কাছে আসতেন না।'

অতঃপর যা ঘটল, তা হল ভারত অষ্ট্রেলিয়ার হাতে (১-২) গোলে হার মানল। দলের সহ-অধিনায়ক গুরুবাস সে ফল হল চোখে চারিদিক কাপসা দেখছে, গোটা টিমটাই প্রয়োজন ছাড়া খেলার এলো-মেলোর পান গেয়েছে। বলতে পারা যায়, এই বদ এশিয়ান গেমসে (৬৮) সোনার মেডেল পাওয়ার পর থেকেই নেমেছে। কারণ গুলো দাঁড়িয়েছে সারি সারি। যথা টিমে আহতের সংখ্যা ছিল অত্যধিক, চাতে কম সময় থেকে এলিমিনেটরের আসরে নামার অযৌক্তিকতা, পায়ে ক্যানভাস জুতোর বদলে স্টাড লাগানো জুতোর ব্যবহার খাপ খাওয়াতে পারেনি, ধর্মের দোহাইয়ে কোন খেলো-য়াড়কে সুযোগ থেকে বঞ্চিত করা হয়, লাক লাইনের তুচ্ছ ভূমিকা, খেলার সময় অতিরিক্ত 'স্টিক' করার বদ অভ্যাস, 'মার ও দৌড়ও' পদ্ধতির সঙ্গে পেরে না ওঠার দায়, দর্শকদের অনুকম্পা থেকে বঞ্চিত হওয়া, মাত্র এক গোলের এগার ওয়ারে থাকা অবস্থায় রক্ষণভাগের উপর অহেতুক চাপ পরা এবং করোওয়ার্ডরাও যখন তখন ফুলের ঝাঁপে জড়িয়ে পড়ে সব আশাই নির্মূল করেছে।

কারণের ওই পাহাড় থাকা সত্ত্বেও লেসলির কাছে আবার গিয়েছি। সঙ্গত-ভাবে বিক্ষোভের আশা করেছিলাম কিন্তু এক বিবর্ণ চেহারা দেখলাম। যে কটি কথা বলেছে তার লাইনে লাইনে আক্ষেপ সব জড়িয়ে বুঝলাম ভারতীয় টিম হেরে ওর বুকে শেল বিঁধিয়েছে।

ক্রডিয়াস প্রাণ খেলোয়াড়টিকে দেখার ও নানা বিষয় জানার জন্য এর মধ্যে অনেকবার ওরবাড়িতে গিয়েছি। তিলিয়ানি ফুয়েলের শ্রীমতীর আবেদনের পাশে চার সন্তান নিয়ে নিঃসঙ্গতাকে ক্রডিয়াস বারবার বাধা দিচ্ছে, সপ্তাহের ছদিন ব্যাঙ্কমসের কাজে ব্যস্ত থাকে। ছুটির দিনে বাড়িতে লেসলি পাচক, বাদক ও নায়ক। নিজের ছেলেদেরকে হকির প্লেয়ার হিসাবে গড়ে তোলায় ওর নজর আছে। সে তবে যে আগ্রহের স্রোতে মাঝে মধ্যে ভাঁটা পড়ে। এখন পোড়া তুবড়ির খোল হলেও কাউকে হকি জ্ঞান দাতব্য করতে ক্রডিয়াসের অনীহা নেই। হকির আসরে নিজেকে মাখামাখি রাখতে সব সময়েই আগ্রহী। ভারত সরকার বোধ হয় জানে দেশে এমন ভালমানুষ খেলোয়াড় আছে। স্পোর্টস রসিকরাও জানে যে সরকার তার দিকে কোন নজর দেয়নি। সেজন্য লেসলি খুশীতির মোহে ভোগেনা। তাহলেও এত খনিষ্ঠতায় বার বার যে কথাটা ভেসে ওঠে তা হল রোমের পাওয়া কলোর মেডেলটা ক্রডিয়াসের সামনে পড়েই আছে, সে তার প্রত্যেকটি কারুকার্যের খাঁজ মুখস্থ করেছে।

আপনি কি কাজ চান ?

বেকার সমস্যা আজ সমগ্র সমাজ জীবনকে বিপর্যস্ত করে তুলছে। কর্ম-সংস্থানের সমস্যা আজ শুধু সমস্যার মধ্যেই আর সীমাবদ্ধ নেই সেটি আজ একটি জলন্ত জিজ্ঞাসা রূপেই চিহ্নিত।

বেকার সমস্যার হাত থেকে দেশের কয়েক লক্ষ বেকার যুবককে কর্মসংস্থানের সুযোগ করে দেওয়ার ক্ষমতা সরকারী উদ্যোগের পক্ষেও সম্ভব কিনা সন্দেহ আছে। তবে 'জনি' এ ব্যাপারে তার সীমিত ক্ষমতার মধ্যে একটি সুযোগ করে দিতে পেরে খুশি। সে সুযোগ হচ্ছে 'জনি'র সাকুলেশন বিভাগে আবেদন করে নিজের কর্মদক্ষতা প্রমাণের সুযোগ গ্রহণ করা। শিক্ষার অবসরেও উপার্জনের এই সুযোগটি স্বচ্ছন্দে গ্রহণ করা যায়।

আনন্দের কথা এই যে ইতিমধ্যে প্রায় তিনশতাধিক ছাত্রছাত্রী এই সুযোগ গ্রহণ করে বেকার জীবনের হতাশায় ভেঙে পড়া অবস্থা থেকে আজ মেরুদণ্ড সোজা করে নিজের পায়ে নিজে দাঁড়াবার নিরলস প্রচেষ্টায় সফল।

যাঁরা এ সুযোগ গ্রহণ করতে চান তাঁরা নির্দিধায় 'জনি'র সাকুলেশন বিভাগের সঙ্গে যোগাযোগ করে সুযোগ সুবিধার বিষয়গুলি জেনে নিয়ে কাজ শুরু করতে পারেন।

বিজ্ঞানের জগতে
নীহার বসুঠাকুর চাকী/হাতের সান

হাত এবং হাতের সম্পর্কে মানুষের কৌতূহলের আর শেষ নেই। এর মধ্যে মানুষ খুঁজে বেড়ায় তার অজানা ভবিষ্যৎ। অবশ্য হাত বা হাতের রেখা বিচারকে বিজ্ঞানীরা এতদিন অবজ্ঞার চোখে দেখতেন, তবে বর্তমানে তাঁদের এ মনোভাব ধীরে ধীরে দূরীভূত হচ্ছে।

বিগত অর্দ্ধ শতাব্দী যাবৎ প্রখ্যাত মনোবিজ্ঞানী এবং নৃতত্ত্ববিদগণই হাত এবং হাতের বিভিন্ন রেখার সম্পর্কে যে গবেষণা চালিয়ে যাচ্ছেন তা যেমন বিস্ময়কর তেমনি যুগান্তকারী। এ সমস্ত গবেষকদের মধ্যে পার্লোটি উলফ, স্টিভেনসন, নোয়েল জাকুইন, কার্ল গুস্তাভ, জুলিয়াস সিলর প্রভৃতির নাম বিশেষ ভাবে উল্লেখ যোগ্য। এ ব্যাপারে বিশ্ব বিশ্রুত মনোবিজ্ঞানী সি, জি, য়ুং এর অবদানও অস্বীকার্য্য।

দীর্ঘকাল ব্যাপী পরীক্ষা নিরীক্ষার পর প্রমানিত হয়েছে যে হাতের বিভিন্ন রং এবং আকৃতি মানুষের জীবনের অনেক গোপন তথ্য প্রকাশ করে। স্নেহের বিভিন্ন গ্রন্থীর রস নিঃসরন প্রক্রিয়ার হ্রাস বৃদ্ধিও জানা যায় হাত থেকে। কাঠির মত লম্বা আঙ্গুল এবং গোলাকৃতি নখ নির্দেশ করে অস্বাভাবিক রক্ত সঞ্চালন এবং সঞ্চালন এবং ফুসফুসের ব্যাধি।

জার্মানীর প্রখ্যাত মনোবিজ্ঞানী ক্রেচমার বিভিন্ন প্রকার মানসিক বৃত্তি অনুযায়ী হাতের শ্রেণী-বিভাগ করেছেন এবং এই বিশেষ ক্ষেত্রে তাঁর সুদীর্ঘ গবেষণার ফলাফল সম্পূর্ণ রূপে বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত।

হাতের সঙ্গে মনোজগতের ঘনিষ্ঠতা সম্পর্কে গবেষণার ক্ষেত্রে কার্ল গুস্তাভ কেরোসকে পথিকৃত বলা যায়। তিনি লক্ষ্য করেন যে বিবর্তনের মাধ্যমে নর বানর থেকে আজকের সভ্য মানবের রূপান্তরের ক্ষেত্রে হাত এবং হাতের আঙ্গুলের পরিবর্তন সর্ব্বাধিক উল্লেখযোগ্য। উদাহরণ স্বরূপ বলা যায় বানর জাতির মধ্যে যারা অপেক্ষাকৃত হিংস্র এবং বুদ্ধিহীন তাদের তালুর তুলনায় আঙ্গুলগুলি অত্যন্ত-দীর্ঘ। অথচ এই বানর জাতির মধ্যে যারা সর্বাধিক বুদ্ধিমান, বুদ্ধির জগতে মানুষের পরেই যাদের স্থান, সেই



'কাপুচিন' জাতীয় বানরের হাতের তালু এবং আঙ্গুল প্রায় মানুষের মত। এরূপ ক্ষেত্রে হাতের তালু এবং আঙ্গুলের দৈর্ঘ্য প্রায় সমান।

চেতনার রাজ্যে হাতের অবদান সীমাহীন। এ সম্পর্কে রিচার্ড সিল বলেছেন, মনোজগতে ভক্তিং পণ্ডিতে চেতনা সৃষ্টির ক্ষেত্রে হাত হচ্ছে সদা সক্রিয় যন্ত্র। যদিও এক্ষেত্রে চক্ষুর অবদান সর্ব্বাধিক তবুও অন্ধকারে মানুষ যখন কিছু দেখতে পায় না তখন হাত চোখেরও কাজ করে। হাতের স্পর্শ আমাদের চিনিয়ে দেয় অদেখা বস্তুকে। এই জন্যই শিশু শিক্ষার জগতে বিশ্ববিখ্যাতা মাডাম মন্টেসরীও কাঠ নির্মিত অক্ষর স্পর্শ দ্বারা অক্ষর জ্ঞান দান পদ্ধতিও প্রবর্তন করেন।

বিবর্ণ হাত দুঃখ ভারাক্রান্ত মনের লক্ষণ। সেই রূপ সিক্ত হাত যৌবনো-ন্মেষের পথে বাধা প্রাপ্তির কথা ঘোষণা করে এবং চাঁপা হাত ভীতিগ্রস্ত মনের লক্ষণ। অনায়াসেই বলা যায় যে হাত হচ্ছে মনের গোপন অনুভূতি নির্দেশক যন্ত্র।

প্রখ্যাত জার্মান নৃতত্ত্ববিদ ক্রডলফ মার্টিন লক্ষ্য করে দেখেছেন যে মাতৃগর্ভে অবস্থিত নিগ্রো শিশুর তর্জনী ও বৃদ্ধাঙ্গুলীর দৈর্ঘ্য সমকালে জাত এবং মাতৃগর্ভে অবস্থিত ইউরোপীয় শিশুর তর্জনী এবং বৃদ্ধাঙ্গুলী অপেক্ষা ক্ষুদ্র। এজন্য পরিণত বয়স্ক একজন ইউরোপীয়র ঐ দু'টি বিশেষ অঙ্গুলী একজন পরিণত বয়স্ক নিগ্রোর ঐ দু'টি বিশেষ অঙ্গুলী অপেক্ষা বৃহৎ। এই বিভিন্নতা নির্দেশ করে মানসিক বৃত্তির উন্মেষ এবং মানসিক স্থিরতার জগতে উন্নত দেশ জাতদের মধ্যে পার্থক্য।

ফ্রান্সের রাজধানী প্যারিসের একটি স্ত্রী-চিকিৎসা কেন্দ্রেও কয়েকশত রোগীনীর কনিষ্ঠাঙ্গুলী পরীক্ষা করে পার্লাটি উলফ দেখেছেন যে এই অঙ্গুলিটির এক বিশেষ আকৃতি জরায়ুর গোপন ব্যাধি নির্দেশ করে। পরবর্তী কালে ডাক্তারী পরীক্ষায় এই সমস্ত ব্যাধির প্রমাণও লক্ষণ পাওয়া গিয়েছে।

ফ্রান্সের বিভিন্ন মানসিক ব্যাধির চিকিৎসা কেন্দ্রে শত শত রোগী পরীক্ষা করে উলফ দেখেছেন যে অপেক্ষাকৃত ক্ষুদ্র এবং ঈষৎ বিকৃত কনিষ্ঠাঙ্গুলী মানসিক অপরিণতি এবং যৌন চেতনার অভাব নির্দেশ করে হাতের। আকৃতি

থেকে মনোবিজ্ঞানীগণ জানতে পারেন মানুষের দেহের বিভিন্ন প্রকার গোপন ব্যাধি এবং সেই সঙ্গে মনের গোপন তত্ত্ব।

একটি বংশোদ্ভূত বিভিন্ন ব্যক্তির হাত পরীক্ষা করে দেখা গিয়েছে যে তাদের কনিষ্ঠাঙ্গুলী, বিশেষ ভাবে বৃদ্ধাঙ্গুলীর মধ্যে কিছুটা মিল আছে এক্ষেত্রে প্রসঙ্গত নৃবিজ্ঞানী ফ্রডলক মার্টিন এবং ফরাসী মনোবিজ্ঞানী পিয়েরী আব্রাহামের সুদীর্ঘ গবেষনা বিশেষভাবে উল্লেখযোগ্য। পরবর্তী অধ্যায়ে বৃহত্তর ক্ষেত্রে গবেষনা চালিয়ে দেখা গিয়েছে যে একটি পিতা মাতা থেকে জাত সন্তানদের হাতের কয়েকটি রেখার সঙ্গে পিতার হাতের কয়েকটি রেখার মিল প্রায়ই দেখা যায়।

এখানে বিশেষ ভাবে উল্লেখযোগ্য এই যে মঙ্গোলীয়ানদের মধ্যে এরূপ মিল এত

বেশী। গোলাকার মুখাবয়ব বিশিষ্ট পীতকায় মানুষদের মঙ্গোলীয় বলা হয়। এরা চীন, জাপান এবং দক্ষিন-পূর্ব এশিয়ার প্রজন্মের চন্দোনেশীয়া প্রভৃতি দেশের অধিবাসী।

পরজগতে চিত্রে গোরিলার আঙ্গীক গঠনের সঙ্গে মানুষের আঙ্গীক গঠন ভঙ্গীমার মিল সর্বাধিক। খুনী এবং দুর্দান্ত প্রকৃতির মানুষের হাতের আঙ্গুলের বিশেষ ভাবে বৃদ্ধাঙ্গুলীর সঙ্গে গোরিলার হাতের আঙ্গুলের আশ্চর্য জনক মিল দেখা যায়। উভয়ের হিংস্র মানসিকতা—এর কারণ।

হাতের বিভিন্ন প্রকার গঠন ভঙ্গীমা এবং রেখা সম্পর্কে বিগত অর্দ্ধ শতাব্দী-ব্যাপী—পাশ্চাত্য দেশ সমূহে যে ব্যাপক গবেষনা—চলছে তাতে শীঘ্রই এমন দিন আসবে যে দিন ভবিষ্যতের গর্ভে নিহিত মানুষের জীবনের অজানা রহস্য সমূহ বৈজ্ঞানিক সত্যের উপর প্রতিষ্ঠিত হয়ে উজ্জল আলোকে উদ্ভাসিত হয়ে উঠবে।

ধ্বনির পাঠক পাঠিকা এবং যে কোন কর্ম প্রার্থী তিন লাইনের মধ্যে কি ধরণের কাজ চান এবং যোগ্যতা জানিয়ে চিঠি দিলে ধ্বনির পাতায় তা বিনা ব্যয়ে প্রকাশের ব্যবস্থা আছে।

যে কোন শিল্পসংস্থা বা ব্যবসায় প্রতিষ্ঠানও জানাতে পারেন তাঁরা কোন কাজের জন্য কর্মী চান। এর জন্য তাঁদের কোন ব্যয়ভার বহন করতে হবে না।

মণিপুরী নৃত্য

শ্রীমতী বন্দনা সেন

শ্রীমতী বন্দনা সেন

প্রাচীন সংস্কৃতির লীলাভূমি ভারতের মার্গ নৃত্যের ইতিহাসে মণিপুরী নৃত্য এক উজ্জ্বল গৌরবময় প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত। ভারতের উত্তর-পূর্ব সীমান্তে পর্বত বেষ্টিত প্রাকৃতিক সৌন্দর্যে সমৃদ্ধ ক্ষুদ্র মণিপুর রাজ্যে মণিপুরী নৃত্যের সৃষ্টি বিকাশ এবং পরে ভারতের অন্যান্যের অন্যান্য প্রদেশে ও পৃথিবীর বিভিন্ন দেশে প্রচলিত ও প্রচারিত হয়। ভারতের অন্যান্য মার্গ নৃত্যগুলির ন্যায় মণিপুরী নৃত্যও প্রাচীন কিম্বদন্তী পুরাণ ও রূপক কাহিনীর উপর প্রতিষ্ঠিত।

কথিত আছে পার্বতী কোনোও এক সময়ে শ্রীকৃষ্ণ-রাধার 'রাসলীলা' দেখিবার পর শিবের সহিত স্বয়ং এক নৃত্যে অংশ গ্রহণ করিবেন এইরূপ এক সিদ্ধান্ত গ্রহণ করিয়া তাঁহারা হিমালয়ের পাদদেশে এই পর্বত বেষ্টিত অঞ্চলটি মনোনীত করেন। নাগদেবতা অনন্ত নাগ এই স্থানটি তাঁহার উজ্জ্বল মণির দ্বারা আলোকিত করেন. এই জন্য এই রাজ্যটির নাম মণিপুর রাজ্য।

মণিপুর রাজ্যের জনগণের মধ্যে প্রবল জাতিকতাবোধ, তাঁহাদের মধ্যে সঙ্গীতের স্বাভাবিক প্রবণতা সৌন্দর্যবোধ, সরল ও অনাড়ম্বর জীবনযাত্রা, তাঁহাদের আত্ম-সচেতনতা ও রক্ষণশীলতার জন্য সংস্কৃতির ক্ষেত্রে এক বিশেষত্ব আনয়ন করিয়াছে। ডাঃ সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের মতে ইহারা মিশ্রিত শ্রেণী জাতীয় মানুষ। তাঁহার মতে তোটচরণ শাখার অন্তর্গত কুকি-চীন কোন এক প্রশাখা এই মণিপুরী জাতি।

মণিপুরী সংস্কৃতির শ্রেষ্ঠ অভিব্যক্তি মণিপুরী নৃত্য। সংস্কৃত ভাষায় ইহাকে 'মণিপুরী নর্তন' বলে। মণিপুরে ইহাকে জগোই বলা হয়। চত্ + কই = চকোই চকোই হইতে জগোই নামের উদ্ভব হইয়াছে। মণিপুরী ভাষায় চত্পা মানে হাওয়া, চলা। কোইবা মানে যোরা। জগোই এর দার্শনিক ও বৈজ্ঞানিক আলোচনায় সৌরজগতে সূর্যকে কেন্দ্র করিয়া ৯টি গ্রহ আপন মেরুরেখায় পশ্চিম হইতে পূর্বে একবার ঘুরিয়া আসিতেছে, পুনরায় সূর্যকে প্রদক্ষিণ করিতেছে। 'জগোই' এ সেইরূপ মুদ্রার ব্যবহারে ও সঙ্গীতের সহিত সেই ভাব প্রকাশ করা হয়।

সকল মণিপুরী নৃত্যের পরিক্রমণ গতির কাঁটার বিপরীত দিকে।

প্রাচীন কাল হইতে এই রাজ্যের অধিবাসীগণ শৈব। দেবদাসী কর্তৃক মন্দির প্রাঙ্গনে দেব অর্চনার অধুষ্ঠান হইত এবং অনুষ্ঠিত হইত অত্যন্ত শুদ্ধ ও সংযমের মধ্যে এই নৃত্য। মণিপুর জাতি রক্ষণশীল হইলেও ইহারা শুধুমাত্র নিজেদের প্রাচীন সংস্কৃতি লইয়া একই স্থানে আবদ্ধ রহিলেন না। বিভিন্ন সময়ে বিভিন্ন ধর্ম-শিক্ষা-শিল্প সমন্বিত সংস্কৃতির সহিত মিলিত হইয়া তাহা গ্রহণ করিয়াছেন। ফলে ভিন্ন ভিন্ন সংস্কৃতির সংযোগে তাঁহাদের সংস্কৃতি আরও সমৃদ্ধ হইয়াছে। চীন প্রভৃতি দেশের সংস্কৃতির সহিত এই ক্ষুদ্র মণিপুর রাজ্যটি প্রভাবিত হইয়াছিল।

মণিপুরী নৃত্যের ইতিহাসের প্রাচীন ধারাবাহিক বিবরণী বিশেষ পাওয়া যায় না। তবে খৃষ্টীয় দ্বিতীয় শতকের একটি প্রাচীন ফলকে তৎকালীন রাজা 'কোয়াই থম্বল-কে' নৃত্য ও সঙ্গীতের একজন বিশেষ পৃষ্ঠপোষক বলে বর্ণনা করা হয়েছে। অনেকের মতে ১০৭৪ খৃষ্টাব্দে রাজা লয়ারা, 'খাম্বাথৈবীর' করুণ কাহিনীর উপর প্রথম লাইহারাউবা খুম্বার রসাত্মক নৃত্যের প্রচলন করেন। দেখা যায় অষ্টাদশ শতাব্দী হইতেই মণিপুরী সঙ্গীত নৃত্যের বিকাশ। অষ্টাদশ শতাব্দীর প্রথমার্ধে মণিপুর রাজ্যের রাজা পামহেবা স্বয়ং বৈষ্ণব ধর্ম গ্রহণ করেন এবং তাঁহার অনুরাগে মণিপুরী সংস্কৃতির ক্ষেত্রে বৈষ্ণব ধর্ম বিশেষভাবে প্রভাবিত হয়। তাঁহার পৌত্র ভাগ্যচন্দ্র মহারাজ শ্রীচৈতন্যদেব প্রবর্তিত গৌড়ীয় ধর্ম গ্রহণ করেন এবং উক্ত ধর্ম মণিপুর রাজ্যে বিশেষভাবে প্রচার করেন। কৃষ্ণভক্ত মহারাজ ভাগ্যচন্দ্র জয়সিংহ সুদক্ষ নৃত্য ও সঙ্গীতশিল্পী ছিলেন। কথিত আছে স্বয়ং শ্রীকৃষ্ণ তাঁহাকে স্বপ্নাবেশে নৃত্য শিক্ষা দান করিয়া উহা প্রচারের জন্য নির্দেশ দেন। মহারাজা জয়সিংহ পরে উহা নিজ কন্যাকে শিক্ষা দিয়া কৃষ্ণ মূর্তির পার্শ্বে আপন কন্যাকে রাখা সাজে সজ্জিত করিয়া রাস নৃত্যের প্রচার করেন। এই রাসনৃত্য তিনি মণিপুর, বাংলা, আসাম প্রভৃতি প্রদেশের লোক-নৃত্য সঙ্গীতের সংযোজনায় এক নবরূপ দান করলেন। মহারাজা ভাগ্যচন্দ্র 'গোবিন্দ সঙ্গীত লীলা বিলাস' গ্রন্থ প্রণয়ন করে উক্ত গ্রন্থে নৃত্য-গুরু রসানন্দ ও স্বরূপানন্দের সহায়তায় মণিপুরী রাসনৃত্যের নিয়মাবলী, সঙ্গীত বাদ্য যন্ত্র পোষাক-পরিচ্ছদ সাজ-সরঞ্জামাদি স্থির করে দেন। মহারাজ ভাগ্যচন্দ্রের রাজত্ব-কাল (১৭৬৯-১৭৯৯ খৃঃ) মণিপুরী নৃত্যের ইতিহাসে স্বর্ণযুগ বলা চলে।

ভাগ্যচন্দ্র মহারাজের পৌত্র চন্দ্রকীর্তি সিংহ পরবর্তীকালে প্রাচীন লাইহারাউবা নৃত্যের পুনরুদ্ধার করেন এবং বিশেষ পৃষ্ঠপোষকতা করেন এই রাসনৃত্য প্রচারে।

মহাকবি হিজম আঙঙ্গাল সিংহ খাম্বা-থৈবীর উপর এক প্রেম-করুনরসাত্মক-কাহিনীকে অবলম্বন করে মহাকাব্য রচনা করেন। ইহার কাহিনী লাইহারাউবা নৃত্যের অনুষ্ঠান বিশেষ ভাবে প্রচলিত। কথিত আছে খাম্বা মৈরাঙ নামক একগ্রামের অপূর্ব সুন্দর সাহসী বীর দরিদ্র সন্তান এবং থৈবী মৈরাঙ রাজকন্যা। তাঁহারা উভয়ে উভয়ের প্রতি প্রেমাসক্ত হন এবং বহু প্রতি-কূল অবস্থা অতিক্রম করিয়া একদা পরস্পর মিলিত হন। কিন্তু ইহার পর খাম্বার আকস্মিক মৃত্যু হয় এবং এই মৃত্যুর জন্য থৈবীকেই পরোক্ষভাবে দায়ী হতে হয়। থৈবীর সেই বিরহ বেদনা মর্মান্তিক রূপ ধারণ করে। বিরহিনী থৈবী স্বেচ্ছায় মৃত্যু-বরণ করেন। এই কাহিনীর নায়ক নায়িকা-কে শিব পার্বতীর অংশরূপে মণিপুর জাতি বিশ্বাস করেন।

লাইহারাউবা নৃত্য অত্যন্ত প্রাচীন নৃত্যের বিন্যাস। পূর্বে এই নৃত্য শিব-পার্বতীর মহিমা প্রচার করত। কিন্তু পরবর্তীকালে বৈষ্ণবধর্মের-প্রভাবে পড়া ইহা-রাসনৃত্যের দ্বারা প্রভাবান্বিত হয়ে পড়ে। এই নৃত্যে তাণ্ডব-লাস্য উভয়-ভাব ও অঙ্গ বিদ্যমান। পূর্বে লাইহারাউবা নৃত্য সাধারণতঃ মৈবা-মৈবী অর্থাৎ দেবদাস-দেবদাসী কর্তৃক অনুষ্ঠিত হইত। এই নৃত্য মণিপুরী জাতীর জাতীয় নৃত্য। প্রকৃতভাবে ইহা একটি নৃত্যনাট্য, ইহার বিষয়বস্তু, ভারত-নাট্যশাস্ত্রে বর্ণিত। ইন্দ্রধ্বজ উদ্দন উৎসবের ন্যায়। লাইহারাউবা নৃত্য কয়েকটি, চাকপা, মেরাঙ্ তিনটি ধারায় বিভক্ত। আজকাল মহরা লাইহারাউবা এবং উমা লাইহারাউবা নামক দুই শ্রেণীর নৃত্যের প্রচলন অধিক দেখতে পাওয়া যায়। প্রতি বৎসর চৈত্রের শেষ হইতে বৈশাখের প্রথমার্ধ পর্য্যন্ত মোট ১৫ দিন ব্যাপী এক বিরাট উৎসব অনুষ্ঠিত হয়, মণিপুর রাজ্যে এই নৃত্যের মাধ্যমে।

প্রাচীনকাল থেকেই মণিপুরী নৃত্যের মধ্যে খাবলচোংবী নৃত্যের প্রচলন আছে। ইহা প্রধানতঃ অভিনয়-ধর্ম এবং বসন্ত পূর্ণিমা উৎসব। 'থুবচেনো' নামক নৃত্য সাধারণতঃ আষাঢ় মাসে অনুষ্ঠিত হয়। থাংহাইবা নামক বীররসাত্মক নৃত্যের প্রচলনও দেখা যায়। নৃত্যগুরুগণ অনুমান করেন যে চালি নৃত্য পদ্ধতিই মণিপুরী নৃত্যের সর্বাপেক্ষা প্রাচীন এবং প্রধানতম অঙ্গ। মণিপুরী নৃত্যে চালি অর্থে চলন। অনুদ্বিত নাট্য-শাস্ত্রে চালিকে "চারি" নামে অভিহিত করা হয়েছে। সঙ্গীত-রত্নাকর প্রভৃতিতে অতি অর্থে ব্যবহার করেছেন। [illegible] চারি-প্রকার। নাট্যশাস্ত্রে [illegible] কুমারচারি, ১৯টি আকাশীচারি। মণিপুরী চালির সাধারণ সংখ্যা ৪টি। চালি নৃত্যের উৎপত্তি ভঙ্গিপারেড হইতে। মহারাজা ভাগ্যচন্দ্র জয়সিংহ যে ভঙ্গি পারেডটি শ্রীকৃষ্ণের চরণে নিবেদন করিয়া স্বয়ং নট-বরের ত্রিভঙ্গ মূর্তিকে অভিনয় করিয়াছিলেন তাহাতে চালি ব্যবহৃত হয়েছিল। গোপী-গণের দর্প চূর্ণ করবার জন্য এবং রাধিকার মানভঞ্জনের জন্য শ্রীকৃষ্ণ রাধিকাকে নিয়ে অন্তর্ধান করলেন। কৃষ্ণ বিরহে আত্মহারা হইয়া গোপীগণ "আত্মা বিচেষ্টো জগদুত্ত লাস্তিকাঃ" ভাবে বিভোর হয়ে কৃষ্ণভঙ্গিতে নৃত্য করেছিলেন। শ্রীকৃষ্ণের বিরহে গোপীগণ কৃষ্ণ ভাবে ভাবিত হয়ে "আমি কৃষ্ণ" বলে চীৎকার করার সঙ্গে পদ্ম-সাগরে সঙ্গীতরা রাজহংসীগণের চীৎকারের তুলনা করিয়া মহারাজা চালি নৃত্যকে অভি-নয় করে দেখান। গোপীগণের প্রেমের জয় হওয়ার জন্য পতাকাহস্ত রাজহংসীগণের ভাব-প্রকাশের জন্য হংসাস্য এবং পদ্মকোষ মুদ্রা ব্যবহার করলেন, সরোবরের পদ্মের রূপ বর্ণনার জন্য।

চালি নৃত্য—পতাকা হংসাস্য পদ্মকোষ ও অর্দ্ধ-পতাকার এই চারিটি মুদ্রার ও ৪টি পদ ভঙ্গিকার দ্বারা সুনিবদ্ধ, রথযাত্রা উৎসবে এই নৃত্য অনুষ্ঠিত হয়। সকল বয়সের ও শ্রেণীর লোক এই নৃত্যের অংশ—গ্রহণ করতে পারে।

চালির—উৎপত্তি ভঙ্গি পারেড হতে নাট্য-শাস্ত্রে সমভঙ্গ-অভঙ্গ-ত্রিভঙ্গ এবং অতিভঙ্গ এই চারিটি ভঙ্গের বর্ণনা আছে। গোবিন্দ সঙ্গীত লীলাবিলাসে। ইহার সহিত মহারাজা ভাগ্যচন্দ্র আরুবা ভঙ্গি পারেড বর্ণনা করে যুক্ত করেছেন। ভঙ্গি পারেডের ২৩, ২৬, ২৭নং অধ্যায় চালি নৃত্যের অংশ। এইজন্য নৃত্যগুরু গণ এই অধ্যায় তিনটিকে চালি নৃত্যের প্রধান ও প্রাচীন অংশ বলে মনে করেন। চালি নৃত্যের অযোগ্যতাকে ইহারা অপমান-জনক বলিয়া মনে করেন।

রাসনৃত্য মণিপুরী নৃত্যের অন্যতম আকর্ষণ। প্রাচীনকাল হতেই মণিপুরের

এই রাসনৃত্যের প্রচলন ছিল, এবং তখন উহা প্রধানতঃ শৈব ধর্মের উপরই অধিক প্রতিষ্ঠিত ছিল। কিন্তু পরবর্তীকালে মহারাজা ভাগ্যচন্দ্রের পৃষ্ঠপোষকতায় রাসনৃত্যের মধ্যে বৈষ্ণব ধর্মের সুললিত কাব্য ছন্দ ও সঙ্গীত প্রযুক্ত হয়। এই সময় হইতেই তিনি 'রাসকে' নৃত্য নাট্য আখ্যা দেন। অর্থাৎ ইহাতে অভিনয় ও আঙ্গিকের পূর্ণ প্রয়োগ। এই রাসনৃত্য অধিকাংশে বৈষ্ণব পদাবলীর উপর প্রতিষ্ঠিত। শ্রীচৈতন্য, জয়দেব চণ্ডীদাস, বিদ্যাপতি প্রভৃতি বৈষ্ণব কবিদের পদাবলী সঙ্গীত মণিপুরী সংস্কৃতি বিশেষ ভাবে গ্রহণ করিয়া নৃত্যরূপ দিয়াছে।

রাসনৃত্য শুরু হইবার পূর্বে নিশাপালা নামক পুরুষের নৃত্য অনুষ্ঠিত হইয়া থাকে। সঙ্গীত ও বিভিন্ন তাল সহযোগে এই নৃত্যের পরিসমাপ্তি হইলে রাসনৃত্য আরম্ভ হয়। রাসনৃত্য সাধারণতঃ মহারাস, বসন্ত রাস, বৃন্দা রাস, কুঞ্জ রাস, গোপ রাস, দিবা রাস, প্রভৃতি বিভিন্ন রাস, ভিন্ন ভিন্ন সময়ে অনুষ্ঠিত হইয়া থাকে। শ্রীকৃষ্ণ রাধার মিলন বিরহ গোপিনীদিগের মান অভিমান প্রভৃতি রসের উপর রূপায়িত হইয়াছে। রাসনৃত্য যদিও নবরসের দ্বারা সুনিবদ্ধ তথাপি লক্ষণীয় 'শৃঙ্গার' রসের প্রভাবাধিক্য।

নিত্যরাস—যে কোন অনুষ্ঠানে অনুষ্ঠিত হইতে পারে।

কুঞ্জরাস—শ্রীরাধা গোপিনীদিগের শ্রীকৃষ্ণের সহিত অভিসার ইত্যাদি অনুষ্ঠান সময় কার্ত্তিক মাস।

বসন্ত রাস—শ্রীরাধা, ক্রোধ, মানভঞ্জন, গোপীদিগের নৃত্য, হোলী ফাগ উৎসব ইত্যাদি অনুষ্ঠান সময় চৈত্র মাস।

দিবারাস—দ্বিপ্রহরে অনুষ্ঠিত হইয়া থাকে। রাসনৃত্যের মধ্য দিয়া কৃষ্ণরাধার অভিসারের প্রেম মধুর সুন্দর রূপ দেখিতে পাওয়া যায় বিশেষ প্রচলিত সঙ্গীতের মাধ্যমে।

কৃষ্ণ অভিসার :

সুখদ রজনী নব নাগর আজে।
বৃন্দাবিপি নিমু পথে আজে আজে।
মোহন বাঁশী বায় করে।
যাকে হেরে মোহন চূড়া কি শোভা পাদির
পাখা খো—ইত্যাদি।

অপর একটি বর্ণনায় :

এ রজনী নগরারাজ নিন্দসেল জাগি
সখা হইতে উঠি যায়ে

ভাম ভারে বায় বিনোদিনী ইত্যাদি—

শ্রীরাধার অভিসার :

ঠুমকি ঠুমকি চলে রাই
মনি মন্দিরে কনু কনু কনু কুনু বাজে রে
কঙ্কন-কিঙ্কিনী হার বলিনী
নিঠে পাঁর বেশী দোলে না—ইত্যাদি।

হোলী উৎসবে রাসনৃত্যের মাধ্যমে শ্রীকৃষ্ণ ও সখীদিগের মধ্যে ফাগ খেলা :

রসিক নাগর কালা বদন পানে চাই
পুন পুন দেখি বদনে
অঞ্জলি ভরিয়া সন্তানে চায়, বদন পানে
মারে ফাগু সইতে নারি অমরা সখীগণে
দুখ কিদি চাই বদন পানে। ইত্যাদি।

মণিপুরী নৃত্যের ছন্দোময় ও সাবলীল গতি তাহার সুসামঞ্জস্য অঙ্গ-বিন্যাস, সুমধুর সঙ্গীত দ্বারা পরিবেষ্টিত ধীরে ধীরে এক রহস্যময় পরিস্থিতির সূচনা করে এবং দর্শক-মণ্ডলীকে ভক্তিরসে প্লাবিত করিয়া এক চিন্ময়লোকের সংস্পর্শে লইয়া যায়। মণিপুরী নৃত্যছন্দে মিলিত হইয়াছে, প্রেমভক্তিরস। নৃত্যকলা ও অভিনয়ের মাধ্যমে যখন ভাবের পূর্ণ জাগরণ হয় ও তাহার প্রকাশমাধুর্যে দর্শকমণ্ডলীর মধ্যে সেই ভাব সঞ্চারিত হয় তখনই হয় নাট্যরস সৃষ্টি। বৈষ্ণব সাহিত্যের মণিপুরী সংস্কৃতির যে সমন্বয় ঘটিয়াছে -তাহাতে যে রসতত্ত্বের আলোচনা করা যায় তাহা প্রধানতঃ ধর্ম সাধনার উপর। হিরণ্ময় বন্দ্যোপাধ্যায় মহাশয় বৈষ্ণব সাহিত্যের 'রস' এর আলোচনায় চৈতন্যচরিতামৃতের বিস্তারিত বর্ণনায় উল্লেখ করিয়াছেন 'তাঁহার সাধনা ও সংস্কৃতি' গ্রন্থের ভাব ও রস অধ্যায়.....

'শান্ত সখ্য বাৎসল্য শৃঙ্গার চারি রস।
চারি ভাবের ভক্ত-যত-কৃষ্ণ তার বশ।'

অর্থাৎ ভগবান ও ভক্তের সম্বন্ধ শুধু মাত্র ভক্তি ও বাৎসল্যের মধ্যে আবদ্ধ নহে, বৈষ্ণব সাহিত্যে শান্ত রসে, ভগবান। প্রভুর ন্যায়, বাৎসল্যরসে পিতা, সখ্যরসে বন্ধু ও শৃঙ্গার রসে প্রেমিকের ন্যায় আচরণ করেন।

মণিপুরী নৃত্য অত্যন্ত সংযম এবং পরিশ্রমের। এই নৃত্যকে 'দেবনৃত্য' এবং দেব-দেবী ইহার নায়ক-নায়িকা বলিয়া বর্ণনা করা হয়। দেব-অর্চনার সঙ্গেও মণিপুরী সঙ্গীত-নৃত্য, তাই দেব-উদ্দেশ্যকৃত এই নৃত্যের অনুষ্ঠানে অত্যন্ত পবিত্রভাবে অংশ গ্রহণ করিতে হয়।

অনেক ক্ষেত্রে নৃত্যশিল্পী স্বয়ং বাদকের ভূমিকায় অংশ গ্রহণ করেন। যেমন নৃত্যের 'খোল' হস্তে লইয়া বাদনরত অবস্থায় মঞ্চে নৃত্য করা, তাহার মুখে বোল্—এইরূপ নৃত্যকে 'পুঙচোলম' বলে। ইহা ছাড়া 'মন্দিরা পালা' 'করতাল চোলম'—মন্দিরা ও করতাল লইয়া নৃত্য করা মণিপুরী নৃত্যের অন্যতম বৈশিষ্ট। ইহা গ্রীবা-রেচক ভঙ্গি বর্জিত নৃত্য। মণিপুরী নৃত্যছন্দে মিলিত হইয়াছে প্রেম-ভক্তি এবং ধর্মকে এই নৃত্যে অধিক গুরুত্ব দেওয়া হইয়াছে। নৃত্ত-নৃত্য, মধুর, উদ্ধত, তাণ্ডব-লাস্য এই দুই ধারার বিপরীত রূপ ও ভাবের একত্র মিলনে মণিপুরী নৃত্যকে করিয়াছে সুকুমার মনোমুগ্ধ ললিত।

মণিপুরী নৃত্যের পোষাক বহুল বর্ণ-বৈচিত্র সম্ভারে শোভিত। নয় প্রকার-ভক্তির মাধ্যমে ইহা দ্বিতীয় ভক্তি কীর্তনের দ্বারা-অনুষ্ঠিত হয়। শান্ত সমত বেশভূষায় সজ্জিত হইতে হয়, নর্তক-নর্তকী ললাটে পুণ্ডরী তিলক, শ্বেতচন্দন অঙ্কন করেন, নর্তকগণ দেহের বিভিন্ন দ্বাদশ স্থানে শ্রীকৃষ্ণের পদচিহ্ন অঙ্কন করেন, পৈতাব-ব্যবহার হয়/ সকল নর্তক ও নর্তকীগণ ত্রিকচ্ছ ভঙ্গিতে বেশ পরিধান করেন। মণিপুরী নৃত্যের জানে ও কুমিন এই দুই শ্রেণীর পোশাক পরিধান করা হয়। 'জানেক' প্রাগৈতিহাসিক যুগের নক্সার অনুকরণে রূপায়িত করা হয়। ভাগ্যচন্দ্র মহারাজ 'কুমিন' এর প্রবর্তন করেন। দেবদেবীর অনুকরণে মস্তকের উপরে চূড়া বাঁধিবার নিয়ম প্রচলিত আছে এবং মুক্ত ওড়না দেওয়ার রীতি আছে। ষোড়শীলীলা এবং কালীয়দমনে মুখোশ ব্যবহার করা হয়।

মণিপুরী নৃত্যের বাদ্যযন্ত্র—পুং, পুংজাও

(১৮০ পৃষ্ঠায় দেখুন)

যাত্রাগানের আদিকাণ্ড

সূত্রধার

পূর্ববঙ্গের যাত্রাগানের প্রকৃতি ছিল ভিন্ন ধরনের। সেখানে পালাগানের প্রচলন বেশ। পূর্ববঙ্গে আর্য সংস্কৃতি ও আদিম সংস্কৃতির মিশ্রণের ফলে এক নতুন সংস্কৃতির সৃষ্টি হয়েছিল। নাথ সম্প্রদায়ের প্রভাবে নাথ-সাহিত্য পূর্ববঙ্গে বিশেষভাবে বিস্তার লাভ করেছিল। চর্যার যুগে পূর্ববঙ্গের নগরে নগরে গ্রাম থেকে গ্রামান্তরে নিম্ন জাতির গায়ক বা নাটুয়ারা লাউ বাকলের সঙ্গে বাঁশের তাই লাগিয়ে তার সঙ্গে তন্ত্রীযোগে একরূপ বীণা জাতীয় যন্ত্র প্রস্তুত করে তার সাহায্যে নাচগান ও অভিনয় করতো।

পূর্ববঙ্গে দল যাত্রার বিশেষ প্রচলন ছিল। ছেলে ও মেয়ে নিয়ে দল গঠনের সৃষ্টি। দলের কর্ত্রী মহিলা। এরা শ্রীকৃষ্ণের লীলা অভিনয় করতো। পশ্চিম বঙ্গেও দল যাত্রা হয়ে থাকে। অনেক সময় দল যাত্রার মেয়ে শিল্পীকে অধিকার করা নিয়ে জমিদারদের মধ্যে রেষারেষি চলতো। যেমন চলে কুমুর মেয়েদের নিয়ে।

ময়মনসিং জেলা পূর্ববঙ্গের কলা, সাহিত্য ও সংগীতের পীঠস্থান। আজ থেকে তিনশো বছর পূর্বে পূর্ব ময়মনসিং-এর দ্বিজ কানাই নামে জনৈক কবি যাত্রার ঢং-এ মহুয়া পালা রচনা করেছিলেন। মহুয়া পালা দীর্ঘদিন তাঁর দলে অভিনয় হয়েছে।

ময়মনসিং-এর গীতিকাগুলিও প্রসিদ্ধ। নিম্ন শ্রেণীর হিন্দু ও মুসলমান সম্প্রদায় গীতিকাকে অবলম্বন করে নানান পালা রচনা করে অভিনয় করতেন। জঙ্গলবাড়ির ভূঁইয়া ছিলেন ঈশা খাঁ। ঈশা খাঁর বংশের দেওয়ান মোবারক দাদ খাঁ এক যাত্রার দল গঠন করেছিলেন। তিনিই প্রথম বাদ্যানীর গান (মহুয়া) ও কোড়া শিকারীর গানের (মনুয়া) প্রবর্তন করেছিলেন। বিপুল অর্থব্যয়ের ফলে দাদ খাঁ সর্বস্বান্ত হন। পরে তিনি দল তুলে দেন।

দাদ খাঁর দলে কাঙ্গালী সেখ বালক গায়ক ছিলেন। পরে কাঙ্গালী নিজে দল করেছিলেন। মহুয়া বা বাদ্যানীর গান মুসলমানরাই করতো। কাঙ্গালীর দলে কিন্তু হিন্দু ছিলেন। তারিণী সে তাদের মধ্যে অন্যতম। এছাড়া সেখ জহর আলি, মনীর সেখ ছিলেন।

১২৯৯-৯২ সালে পূর্ণচন্দ্র ভট্টাচার্য মাসোয়া গ্রামে প্রথম বাদ্যানীর গান (মহুয়া) শোনেন। তিনিই এই গান সম্পর্কে প্রথম আলোকপাত করেন। এই পালা গানে খরচ কম। আনন্দ বেশী। অভিনয়ের সাজ-সরঞ্জাম বলতে একটা ধনু, লাঠি, বর্শা ও ছাতিয়ার। পোশাক পরিচ্ছদের মধ্যে মাথায় রঙিন ছোট পাগড়ী, পরনে মালকোঁচা মারা ধুতি। বাদ্যযন্ত্র বলতে ঢোল বা ঢোলক, মন্দিরা, বাঁশের বাঁশি, বেহালা। সাজ-পোশাকের জন্য মেয়েদের চুল, মোটা ছাপা শাড়ি, কাসা ও পিতলের অলঙ্কার। এছাড়া বাঁশ, দড়ি ও মশাল প্রয়োজন হত।

পালায় বাঁধা-ধরা সংলাপ নেই। শিল্পীরা মন গড়া সংলাপ কাহিনীর সঙ্গে তাল রেখে মুখে মুখে রচনা করে আবৃত্তি করতো। গানের ভাষা একই ছন্দে রচিত হলেও সুরের মধ্যে বৈচিত্র্য ছিল। পালার প্রধান চরিত্র নদ্যার চন্দার ঠাকুর মেওয়া সুন্দরী (মহুয়া,) উদ্দার বান্দা (হুমরা দর্দার)। আচার্য সেন বলেন, উত্তর-পূর্ব বঙ্গের এই পালাগানের রীতি পঃ বঙ্গের নেটোর মতই ছিল। বাদ্যানীর গানকে তিনি নদ্যার চান্দের (মদের চাঁদ) গাঁথা বলেছেন।

ঘাটু যাত্রা পূর্ববঙ্গের নিজস্ব সম্পদ। যাত্রা দলের মত ঘাটুর দল ছিল। অশ্লীল নৃত্যগীতের মাধ্যমে শ্রোতাদের মন জয় করাই ছিল ঘাটু যাত্রার মূল লক্ষ্য। ঘাটু বালকরা ছিল সেকালের প্রধান আকর্ষণ। মেয়েদের মত খোঁপা বাঁধত। হাবভাব, চাল-চলন সব মেয়েলি। অভিনয় চলাকালীন ঘাটু বালকদের দেহ স্পর্শ করার জন্য দর্শকদের মধ্যে দারুন হুড়োহুড়ি পড়ে যেত। যারা ঘুরে থাকতেন, তাঁরা বাঁশের চোঙা ঘাটু বালকের রক্তিম গালে স্পর্শ করে হাতের মুখে চুম্বন করে সুখের স্বাদ ঘোলে মেটাতে। ঘাটু গানের কোন বাঁধা-ধরা সুর ছিল না। রচয়িতারা বিদ্যাপতি চণ্ডীদাসের অনুকরণে গান রচনা করতেন। সে গান বেদনার গান, প্রেমের শিথিল করা গান। উদাস করা গান।

বরিশাল, ফরিদপুর, খুলনা, যশোর, রাজ-শাহী ও পাবনা অঞ্চলে গুনাই বিবির যাত্রার ব্যাপক প্রচলন রয়েছে। ময়মনসিং-এর মুসলমান সমাজে মাধব মালঞ্চ যাত্রাগান করে থাকে। কুমিল্লার দলের নিমাই যাত্রা বিখ্যাত ছিল। চট্টগ্রাম অঞ্চলে সারিদিন খাঁয়ের বিদ্যাসুন্দর পালা সেকালে যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছিল। এই সব পালারশিল্পীরা ছিলেন মুসলমান।

রামযাত্রা পূর্ববঙ্গে যথেষ্ট জনপ্রিয়। পঃ বঙ্গে পাতাইহাটের প্রেমচাঁদ আনন্দ ও জয়চাঁদ রামযাত্রায় প্রসিদ্ধ হয়েছিলেন। কলিকাতা কুষ্টির বড় সাহেব হলওয়েল রামযাত্রার খুব ভক্ত ছিলেন। রামায়ণ গান বাংলা দেশে বহু প্রাচীনকাল থেকেই চলে আসছে। রাম-কাহিনী সূত্র ও বাস সহযোগে গীত হত। সেকালে বহু কবি রামায়ণ রচনা করেছিলেন। উত্তরবঙ্গে বড় নিত্যানন্দ রামায়ণ গান করে খ্যাতি অর্জন করেন। বর্তমানে কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে এক শ্রেণীর দল রামযাত্রা করেন। বলা হয় উনদার দল। তাঁরা কৃত্তিবাসী রামায়ণ, অদ্ভুত রামায়ণ, চন্দ্রাবতী রামায়ণকে অবলম্বন করে গান করেন। পূর্ববঙ্গের রামযাত্রায় বিভিন্ন রূপ বা ঢং পরিদৃষ্ট হয়। অনেকে চামর দুলিয়ে পয়ার ছন্দে বা বিচিত্র কবিতার ছন্দে একটি সংলাপ গেয়ে যেতেন এবং সেই অনুযায়ী অভিব্যক্তি ফুটিয়ে তুলতেন। দোহাররা ঘুরে ঘুরে গাইতেন। মূল গায়েন সুর পালটে বিভিন্ন চরিত্রের সংলাপ বক্তৃতা করতেন, আবার অনেকে সেজে আসরে আসতেন রামবিষয়ক

আখ্যানভিত্তিক অভিনয় করে থাকেন। মূল গায়েন বাদ্যযন্ত্রের রূপসজ্জা নিয়ে দুজনের মত প্রয়োজন মত গান গাইতেন। দলের অধিকারী ও অভিনেতারা অনুন্নত সম্প্রদায়ের নিম্ন-শ্রেণীর ব্রাহ্মণদের মধ্য থেকেও অনেকে দলের অধিকারী হতেন। তারা ছিলেন সমাজের পতিত।

মনসাযাত্রাও যথেষ্ট জনপ্রিয় ছিল। ভাদ্র মাসে মনসা পূজাপার্বণে মনসা যাত্রা-গান সাধারণত অনুষ্ঠিত হত। রামায়ণ গানের মত মূল গায়েন লোহারদের সাহায্যে চামর দুলিয়ে মনসা মাহাত্ম্য প্রচার করতেন। চাঁদসদাগর ও বেহুলা লক্ষীন্দরের পালাগান হত। শিল্পীর বিভিন্ন চরিত্রের রূপসজ্জা নিয়ে বিভিন্ন চরিত্রের মধ্যে দিয়ে সমগ্র পালাটি অভিনয় করতেন।

মনসা যাত্রার প্রথমোক্ত রূপ মনসা গান বা রয়ানী নামে পরিচিত ছিল। মনসা-যাত্রা বা ভাসানগানে পূর্ববঙ্গের নিজস্ব সম্পদ। রয়ানীযাত্রায় অনেক অধিকারী পুতুলবাজীর সাহায্যে পালা গান গেয়ে যেতেন। আসরে মনসাদেবীর মূর্তি থাকে। মূল গায়েন চামর বাজন করতে করতে বিভিন্ন সুরে গান করেন।

ত্রিপদালেই রয়ানি গানের উৎপত্তি। জানা গেছে এই সংগীতরূপ অনার্যদেরও প্রচলিত ছিল। আর্যরা আসার আগে মানুষ সূর্য জল ও সাপের পূজা করত। এগুলি রচিত বন্দনা গানকে বলা হত রয়ানি তথা মনসার গান। ক্রমে রয়ানি একটা আলে কথার প্রাধান্য বর্ধিত হয়ে নাটোর রূপ নিতে থাকে। সংগীত সমৃদ্ধ পালা—কিন্তু সবটা সংগীত নয়। এই আয়োজন পূজাস্থান থেকে মিছিল করে নদীর তীরে গিয়ে শেষ হত। যখন অভিনয়ের প্রাধান্য বাড়ল তখনও মিছিলের প্রচলন ছিল। সুপ্রাচীন এই শিল্পধারা নিয়ে গ্রামে গ্রামে দল বাঁধা হত। জানা গেছে ১২৭২ সালে বৈকুণ্ঠ নট্টর পিতৃব্য একপ একটি দল করেন। দলটির নামকরণ করা হয়েছিল আচরণ সংগীত সমাজ। এঁরা মনসাযাত্রা গাইতেন। বহুকাল পরে, বরিশালের নাগ-সিংহ কোম্পানী ও ঠাকুর কোম্পানীর অবলুপ্তির পর এই দলটি পেশাদারী দলে পরিণত হয়।

পূর্ববঙ্গে বয়াতী গানের যথেষ্ট প্রচলন রয়েছে। দলের গায়করা মাথায় বাবরি চুল রাখে, চুমকুড়ি বাজিয়ে কিংবদন্তী ও ইতিহাসের অংশবিশেষ গানের মাধ্যমে প্রকাশ করে। মুসলমান ও মুসলমানরাই বয়াতী দলের শিল্পী। কিংবদন্তী ছাড়াসমসাময়িক কোন চমকপ্রদ ঘটনাকে অবলম্বন করে গান বেঁধে গান করে। ভাওয়াল সন্ন্যাসীর কাহিনীকে কেন্দ্র করে বহু পালা রচিত হয়েছিল।

পশ্চিমবঙ্গের মত পূর্ববঙ্গেও চণ্ডীযাত্রার যথেষ্ট প্রচলন ছিল। চণ্ডীযাত্রার কালকেতু ব্যাধের কাহিনীই সর্বাধিক প্রচলিত। মুকুন্দ-রামের চণ্ডী কথাই ছিল সেকালের প্রধান পালা। গ্রামীণ কবিরা চণ্ডীকথাকে অবলম্বন করেই পালা রচনা করতেন।

পালা গানে উত্তরবঙ্গের দান অনস্বীকার্য। আলকাপ যাত্রা, কুশানে, রূপবান যাত্রা দেকালে যথেষ্ট জনপ্রিয় ছিল। দুয়ার্স অঞ্চলের চরঞ্চী পালা মালদহের আল-কাপের সমগোত্রীয়। নানা সামাজিক সমস্যা নিয়ে পালাগুলি রচিত। ব্যঙ্গাত্মক পালা হিসাবে পালাগুলি চিহ্নিত। ব্যঙ্গ ও প্রহসন পালা হিসাবে 'রসিয়া' দুয়ার্সের নানা অঞ্চলে বেশ খ্যাতি লাভ করেছে। চরিত্রের সংখ্যা খুবই অল্প। গানে নানা সমস্যা উপস্থাপিত করা হয়। অধ্যাত্ম কবির দল বছরে বছরে নতুন পালা রচনা করছে। গান বাঁধছে। প্রয়োজনে আসরে দাঁড়িয়ে দলের শিল্পীরা শ্রোতাদের করযাস মত পালা বেঁধে গান করে সেজেগুজে আবৃত্তি করে।

দিনাজপুর, রংপুর অঞ্চলে রূপবান যাত্রা ও ময়নামতী যাত্রার প্রচলন রয়েছে। পূর্ব-বঙ্গে 'রূপবান কন্যাযাত্রা' বহুল প্রচলিত। পালাটির অপর নাম রহিম বাদশা ও রূপবান কন্যা। দিনাজপুরের রূপধন কন্যার সম-গোত্রীয়। অনেকে মনে করেন, রূপবান কন্যা যাত্রা পালা রূপধন কন্যার পূর্ববঙ্গীয় ভাষার সংস্করণ। রূপধন কন্যা পালার প্রধান চরিত্র রহিম ও রূপধন ও মালিনী। আড়াই দিনের রহিমের সঙ্গে মন্ত্রী কন্যা রূপধনের সাদী হয়। নিত্য স্বামীকে নিয়ে আশ্রয় নেয় মালিনী মাসীর বাড়ীতে।

রাজকুমার রহিম মালিনীর আশ্রয়ে বড় হয়ে ওঠে। পাঠশালার গুরুমশাই একদিন রহিমকে পাঁঠার রূপান্তরিত করেন, সংবাদ পেয়ে রূপধন মন্ত্র বলে রহিমকে আবার মানুষ করে তুলল। কিশোর স্বামীকে নিয়ে যুবতী স্ত্রী রূপধন গুরুর আশ্রম ত্যাগ করে অজানার পথে পাড়ি দিল। পথে ডাকাত-দের কবলে পড়ে। রূপধনের কাতর প্রার্থনায় কৈলাসে হর-পার্বতীর মন টলে ওঠে পার্বতীর অনুরোধে মহাদেব মৃত রহিমের দেহে প্রাণ সঞ্চার করেন। আবার গুরুমশাই যাদুবলে রহিমকে পাঁঠায় রূপান্তরিত করেন। রূপধনকে বিয়ের প্রস্তাব করেন গুরুমশাই। চতুরা রূপধন যাদু পাথরের গুণে স্বামীকে আবার মানুষ করে তোলে। স্বামী-স্ত্রীতে মিলন হয়।

পূর্ববঙ্গের রূপবান যাত্রার কাহিনী হুবহু এক। তবে, এই যাত্রায় হর-পার্বতী অনুপস্থিত। মহম্মদ ইয়াসিন নামে জনৈক মুসলমান গায়ক এই পালা পূর্ব পাকিস্তানে এখনও গাইছেন।

বুড়িযাত্রা, বাওনা যাত্রা, কালীকাচ, নিমাই এ সব পূর্ব বাঙলার পুরনো যাত্রা প্রকরণ। এখন প্রচলিত রয়েছে 'গোনাই বিবির যাত্রা'।

উত্তরবঙ্গের রূপধন কন্যা যাত্রা ও পূর্ব-বঙ্গের রূপবান যাত্রা বা রহিম বাদশা ও রূপবান কন্যা যাত্রার রচয়িতারা মুসলমান। শিল্পীরাও মুসলমান ও নিম্ন শ্রেণীর হিন্দু সম্প্রদায়ভুক্ত। অথচ হিন্দু দেব-দেবীর ভজনা করেছে, এতে মনে হয় হিন্দুদের পরোক্ষ হাত ছিল। রূপবান যাত্রায় তা পাওয়া যায় না। পালায় উত্তরবঙ্গের বিভিন্ন সুর ধ্বনিত হয়। রূপবান যাত্রার গানে ভাটিয়ালির ছোঁয়াচ আছে, কথা ও গান সমান সমান। সংলাপের সারমর্ম সংগীতের মাধ্যমে হৃদয়গ্রাহী করার উদ্দেশ্যে গীত হত।

বাংলা দেশে বিভিন্ন ধরনের যত্ন যাত্রা রয়েছে। তার মধ্যে ৮১ ধরণের গায়ন পদ্ধতির নজির খুঁজে পাওয়া যায়। যা আজ বিস্মৃতির অতল তলে তলিয়ে যাচ্ছে। উদ্ধার করা আর সম্ভব নয়। গ্রামীণ লোকনাট্যের পরিচয় বের করা আজ প্রয়োজন।

ছবি দেখার কথা

ঋত্বিককুমার ঘটক

একবার আমার সমস্ত ছবি একনাগাড়ে দেখে একজন অতি বিখ্যাত বিদেশী সমালোচক প্রশ্ন করেছিলেন—"তোমার বেশীর ভাগ ছবিতেই বঙ্গবিভাগকে পটভূমি করেছ। এটা তোমার বাংলাদেশের বাইরের লোক বুঝতেই পারবে না। তোমার কাজকর্ম তাই বাইরে ঠিকভাবে যাচাই হবার সম্ভবনা খুবই কম। এ রকমভাবে নিজেকে সীমাবদ্ধ রাখ কেন? জাননা, মিস হচ্ছে একটা আন্তর্জাতিক শিল্প?"

প্রশ্নটা আমাকে খোড়ায় অবাক করে দিয়েছিল। তারপর তাঁকে আমি কিছু প্রশ্নের মাধ্যমে উত্তর দিয়েছিলাম। বলেছিলাম—আমার এই পর্যায়ের ছবিগুলি ১৯৪৯ থেকে ১৯৬১ সালের মধ্যে তৈরী। অর্থাৎ আমাদের দেশবিভাগের বারো থেকে পনেরো বছরের মধ্যে। এবং আমাদের দেশ আজও এর ধাক্কা সামলে উঠতে পারেনি। আজও আমাদের সামাজিক অর্থনৈতিক সমগ্র কাঠামোটা এই একটী ব্যাপারের দ্বারা প্রভাবিত।

আর তোমাদের দেশে দ্বিতীয় মহাযুদ্ধ লেগেছিল আজ থেকে তিরিশ বছর আগে, আজো সে নিয়ে তোমাদের হা-হুতাশ গেল না। তোমরা যে সব ভালো ছবি পাঠাও তার সত্তরভাগের পটভূমি ঐ যুদ্ধ, যার সঙ্গে আমাদের সাক্ষাৎ পরিচয় নেই বললেই চলে, যদিও তার বক্র প্রভাব আমাদের মধ্যেও চূড়ান্ত দুর্গতির সৃষ্টি করেছিল।

তোমাদের এইসব ছবি-করিয়েদের মনে হয়, তাঁরা নিজেরা যে অপরিসীম দুঃখের মধ্যে দিয়ে পথ চিরে এসেছেন, সেটা স্বতঃসিদ্ধভাবেই আমরা ধরে নেব। অর্থাৎ তাঁদের ব্যথার সমব্যথী হব।

তাতে তাঁদের আন্তর্জাতিকতার আটকায় আমাদের বেলা, যদিও দেশভাগ বাংলাদেশটাকে যা করে ছেড়ে দিয়েছে, সেটা এদেশের ইতিহাসের পক্ষে কোনক্রমে মহাযুদ্ধের থেকে সুদূরপ্রসারী কম নয়।

তবে হ্যাঁ, সাহেবরা সারা পৃথিবী জুড়ে লাগাতে যুদ্ধে বেড়িয়েছিল বেশ কয়েক বছর। তাঁদের তাঁবে অন্য বহু দেশের মত আমরাও বেশ কিছুকাল ছিলাম, ফলে তাদের মুখাপেক্ষী বহুদিক থেকেই হয়েছি, আর এই ছবি ব্যাপারটাও তো তাদের কাছ থেকেই শেখা—ইত্যাদি ইত্যাদি যুক্তি দেওয়া যায়। যুক্তিগুলো ছবির জগতের 'আন্তর্জাতিকতা' বোঝায় না, বোঝায় শিল্পের ক্ষেত্রে প্রচ্ছন্ন ঔপনিবেশিক মনোভাব।

আমরা যদি কষ্ট করে ইতালী, ফ্রান্স, জার্মানী, পোলাণ্ড, রাশিয়ার যুদ্ধের ভয়াবহ পরিণাম দেখবার জন্য ন্যূনতম খোঁজ খবর নিয়ে তারপর দেখে থাকি, তাহলে ওরাই বা কোন অধিকারে আশা করবে ওদের বোঝবার জন্য দেশের আত্মার তীব্র আর্তনাদ বর্জন করে ওদের ধারণামত বাংলাদেশকে দেখিয়ে যাব?

একথাটা বিশেষভাবেই আলোচনার অপেক্ষা রাখে। যেখানেই বাঙ্গালী তথা ভারতীয়, যাঁরা অর্থে কিছু করার চেষ্টা হয়, সেখানেই এই দুর্লঙ্ঘ্য বাধা সামনে এসে দাঁড়ায়। সত্যজিত বাবুর 'অপরাজিত' ভেনিসে মহাসম্মান লাভ করেছে সত্য, কিন্তু 'কালপুরুষ' শব্দটা যখন অপু একা অন্ধকার রাতে জলের প্রতিবিম্বের সঙ্গে বলল, তখন সেখানে 'Orion' শব্দ ব্যবহার করাতে ওরা কী কিছুই বুঝতে পারল? আমাদের ঐতিহ্যে আছে, যে পুরুষকে কালপুরুষ ভর করবে সে চিরদিন বাউণ্ডুলে, ভবঘুরে থাকবে। তার কোনদিন কোন ঠিকানা হবে না।

এই যে মহৎ একটি শব্দে সত্যজিতবাবু (এবং বিভূতিভূষণ) যে সোচ্চনা এনেছেন। তা মাঠে মারা গেল 'Orion' শব্দের ব্যবহারে।

এটা হয়তো একটু বেশী আশা করা হয়ে গেল। হয়তো বড্ড সূক্ষ্ম অনুভূতি প্রত্যাশা করা হয়ে গেল বিদেশীর কাছ থেকে। কিন্তু এর থেকে অনেক মোটা-দাগের অনেক বক্তব্যই ওদের কাছে পৌঁছায় না। এর কী সমাধান আমি জানিনা, কিন্তু থেকে থেকে নিগড়ে আবদ্ধ হয়ে পড়ার মত দম্ আটকে আসে। চলচ্চিত্র আন্তর্জাতিক ভাষা, কিন্তু জাতীয় Culture Complex

অরুণতী [illegible] দ্বিতীয় ছবি 'মেঘ ও রৌদ্র'-তে [illegible] চট্টোপাধ্যায়

সম্বন্ধে ধারণা স্পষ্ট না থাকলে পরিপূর্ণ আন্তর্জাতিকতা অর্জন করতে পারে না। এটা ঘোড়ার থেকে জাপানীরা বুঝেছিল, তাই OZU-র ছবি কাটছাঁট না দিয়ে কুরোসোয়া-এর ছবিগুলো রপ্তানী করেই বিশ্বের দরবারে নিজের জায়গা করে নিয়েছিল।

তাই বলছিলাম, যে কোন ছবি মোটামুটি উপলব্ধি করতে হলে, যে দেশের ছবি, সেই দেশের ইতিহাস, ঐতিহ্য এবং সাংস্কৃতিক গতি-প্রকৃতি সম্বন্ধে একটু প্রাথমিক জ্ঞান নিয়ে গেলে উপভোগটা বেশী করা যায়, যাচাইও করা যায়।

দু-চারটে উদাহরণ দিলে হয়তো কথাটা আরো একটু পরিষ্কার হবে। ধরুন,—মধ্যযুগীয় জাপানের পটভূমি। Shogunate Period সম্বন্ধে কিছু খোঁজ খবর নিয়ে সামন্ত অধিপতি এবং তাদের Samurai-দের ব্যাপার-স্যাপার সম্বন্ধে একটা সাধারণ ধারণা করে নিয়ে গেলে তবেই কুরোসোয়ার Seven Samurai বা Rashomon Throne of Blood জাতীয় ছবি এবং Noh আর Kabuki theatre-এর আচার-প্রকরণ তার সঙ্গে যোগ করে Mozoguchi-এর ugitsu monogatari জাতীয় ছবির মর্ম, তার দেশের গভীরে প্রবেশ করে সেই ঐতিহ্যকে বর্তমানের পরিপ্রেক্ষিতের সোতনায় বর্ণবতী করে যে উত্তুঙ্গ শিখরে উঠেছে, তা কিছুটা আমাদের আয়ত্তে আসে।

খৃষ্টদেব পশ্চিম ইয়োরোপের এমন একটি দেশ, যেখানে খ্রীষ্টধর্ম অনেক পরে প্রচারিত হয় আপেক্ষিকভাবে। ও দেশে Teutonic-Viking-দের Valhalla (স্বর্গ) এবং Wotan ODIN (দেবশ্রেষ্ঠ) এইসবকে কেন্দ্র করে যে সব Pagan saga-সমূহ প্রচলিত ছিল, তাকে ঠেলে Roman Catholic ধর্মকে ঢুকতে হয়েছিল। সেই নতুন ধর্মপ্রচারের পটভূমি মনে না রাখলে Virgin Spring বা Seventh Seal-কে বোঝা যাবে না। সেই সঙ্গে মধ্যযুগীয় Strolling players বা village fair, maypole উৎসব, Self-Slogeuation for atonement,—এইসব সংস্কারগুলি ধরা দরকার। ইংমার বেরগমানের সব ছবিতেই প্রায় এই ধরণের দাবী পেশ করা থাকে দর্শকের কাছে।

বুনুয়েলের 'নাজারিন' আপনারা অনেকেই দেখেছেন। সেখানে Primitive Christianity-এর Pristive Fervour-এর সঙ্গে Established Roman Catholic Church (যাদের পুজো আর্চা সাধু সন্তদের জীবনে রিচিবিহা জাতীয় ব্যাপার একটা প্রধান স্থান অধিকার করে আছে।) এর যে সংঘর্ষ একজন Intineratit Priest-এর মাধ্যমে ফুটে উঠেছে। যে শেষে গিয়ে খ্রীষ্টের নিজের সঙ্গে মিশে যাবার ইঙ্গিতে পর্যবসিত'—সেকথা বুঝতে গেলে Roman Catholic Culture Complex-কে বুঝতে হয়।

এই একই কথা Fellini-র "La Dolce Vita সম্বন্ধে বলা চলে। মুমূর্ষ পশ্চিমী সভ্যতাকে যা চাবুক তিনি মেরেছেন, আর Dr. Stiener-এর নিজের সন্তান হত্যা ও আত্মহত্যার পেছনে যে পক্ষপুটের ছায়া তিনি মেলে ধরেছেন, তা' যে U. S. এর Stratigic air command-এর অস্তাবহ উপস্থিতির দ্যোতক, একথা ভাল করে ভাবলে Fellini-এর গভীরতা উপলব্ধি করা যাবে। যখন ভাবা যায় ঐ S.A.C.-এর বিরাট বোমারু বিমান গুলো সারা পৃথিবীটা টহল দিয়ে বেড়াচ্ছে, পেটের তলায় বাঁধা রয়েছে কত মেগাটনের হাইড্রোজেন বোমা কে জানে, বাচ্চা ২০।২১ বছর বয়সের ছেলেরা সেগুলো উড়িয়ে নিয়ে বেড়াচ্ছে সর্বদা হাতুর ওপর চাপ বহন করে,—তখন ঐ Dr Stiener-এর মানসিক বিপাই আমরা প্রাপ্ত হই। ঐ ছেলেদের মধ্যে যে কোন একজন অমিত্রা এবং দুর্বল হাতুর চাপে পরে একটি সামান্য বোতাম টিপলে পৃথিবী ধ্বংস অনিবার্য, ওদের হাতে সমস্ত মানবজাতির বাঁচা-মরা নির্ভর করছে, ভাবলেও শিউরে উঠতে হয়।

এগুলোর ইঙ্গিত পেলে ছবিটা কী বেশী বোধগম্য হয় না?

গত যুদ্ধের ঠিক শেষের দিকে পোলাণ্ডের রাজনৈতিক অবস্থা অত্যন্ত জটিল হয়ে উঠেছিল। গ্রেট ব্রিটেনে চার্চিলের আশীর্বাদপুষ্ট একটী নির্বাসিত পোলিশ সরকার, মস্কোতে অপর একটী, এবং জার্মানদের সঙ্গে হাত মেলানো কুইস্‌লিং এর দল,—এদের নিজের কর্তৃত্বে সব ছবিটা ঘোরালো হয়ে উঠেছিল। তার দাম পোলাণ্ডকেকে কড়ায় গণ্ডায় শুধতে হয়েছে প্রায় গৃহযুদ্ধের মতো দিয়ে।

আঁদ্রে ভাইদা-এর ashes and Diamonds-এর তিন-চতুর্থাংশই অবোধ্য থেকে যাবে এ পটভূমি মনে না রাখলে। ও ছবির শেষের দিকে সারারাত্রিময় স্বাধীনতা অফিসাররা যে মদের পাত্র নিয়ে মেতে গেল, এবং "ঘরেন" সঙ্গীত গাইল, এবং তা সত্ত্বেও সকাল হল, এ সংকেত আমরা কী বুঝব যদি পটভূমিটা একটু জানা না থাকে? অথবা নায়ক-নায়িকা গীর্জার ভগ্নস্তূপের মধ্যে 'ছাইএর মধ্যে হীরের' কবিতাটি প্রস্তর ফলকে পড়ছে। পেছনে বেদীর ওপর থেকে যুদ্ধে পা-তোলা, মাথা মাটীরদিকে ঝোলানো যীশুর মূর্তি যা অর্থ বহন করছে পোলাণ্ডের মত ধর্মভীরু (ওদের কার্ডিনাল আছে একটী শক্তিশালী ব্যক্তি দেশের) ঐতিহাসিক পট পরিবর্তনে, এসব একটু মনে রাখা দরকার বৈকি!

হাজারটা উদাহরণ দেওয়া যায়, দিয়ে লাভ কী?

তা হলে কী মনার ছবি দেখতে হলে এতদূর ছুটে দেখতে যেতে হবে ?

এমন দাবী করা আকাশকুসুম রচনা করারই সামিল।

কিন্তু এইখানে আমার বিশেষ কয়েকটি গোষ্ঠীর কথা বলার আছে। বিশেষত কয়েকটি গোষ্ঠী, যাঁদের কাছে ছবি শুধু অবসর বিনোদন বা টনটেলেকচুয়েল লাভার সোপান হিসাবেই ব্যবহৃত হয় না।

এঁরা হচ্ছেন,—ছবি করিয়েরা, কিন্তু সোসাইটির চিন্তাশীল সভ্যেরা এবং ছবির সমালোচকরা। এঁদের কোন ক্ষমা নেই। এঁদের নিজেদের তাগিদেই মাল-মসলা সংগ্রহ করে একটি ছবি ভাল লাগলে বারবার দেখা উচিত এবং পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ করা উচিত। নেহাতই লায়সারা গোছের মনোভাব প্রকাশের এঁদের কোন অবকাশ নেই। এঁদের ভাল বা খারাপ বলার উপর ওজন দেবার প্রশ্ন তখনই একমাত্র উঠতে পারে।

আর, পক্ষপাত পূর্ণতা, দামরিক স্রোতে গা ভাসানো,যখন যে নামটা Fashionable, সেইটে নিয়ে মাতামাতি করা, সর্বোপরি নিত্য-নতুন Cultural cult (উদ্ভটনাম সমেত),—এ সব থেকে শত হস্তেন দূরে সরে থাকা উচিত। সব জিনিষকেই থিতিয়ে দেখা উচিত, সময় দেওয়া উচিত স্থির হবার জন্য। কথায় কথায় একটা করে Issue সাংস্কৃতিক জগতকে দিশেহারা করে দিচ্ছে। বিশেষ করে ফরাসীদের এ বদভ্যাস আছেই, তা' ছবি আঁকার ইতিহাস (গত একশো বছরের) ঘাঁটলেই বোঝা যাবে। একটা কী দুটা ছবি আঁকা হয়ে বুলভারের রেলিং-এ মোহ্যমান অবস্থায় কোন মার্কিনী পরিব্রাজকের ডলার ধরে করে ফেলেছে কী না ফেলেছে,—একটা manifesto বেরিয়ে গেল। দল পাকানো চালু হল। বুদ্বুদের মত কদিন পরেই তা মিলিয়ে গেল।

ইতালীয়ানগুলো এই রোগে পড়েছে। Visconti-এর La Notte Bianch (The White Nights) দেখে নাকি Neo-realism থেকে Neo Romanticism-এ উত্তীর্ণ হওয়া গেছে। কী জানি মশাই, মাথা গুলোতে থাকে, এবং অসার গুজ্জনিনাদ বলে মনে হয়।

এর মধ্যে সংকোচ নেই তা বলছি না। বলছি না একথাও যে ওদের কোনই অবদান নেই। বলছি শুধু বাড়াবাড়িটা একটু বেশী হয়ে যাচ্ছে আর এই সব নামাকরণের নামাবলী না পরিয়েও মহৎ শিল্পকে চেনাতে কষ্ট হয় না।

এই সুবাদে সমালোচকদের কথাটা একটু বেশী করে এসে পড়ে।

আমি ভাল করেই বুঝি, পেশাদার সমালোচকরা বিশেষ করে, কী অবস্থার মধ্যে কাজ করেন। প্রথমতঃ, সর্বপ্রকারের ছবি ছায়েলাই তাঁদের দেখতে হচ্ছে, বেশীর ভাগ ছবিই এসেলে এমন আসে, যেগুলো মাথা গোলমাল করে ফেলার পক্ষে যথেষ্ট। তার ওপর হপ্তার দলটা অমন ছবি দেখা, মাসে এবং বছরের কটা জানিনা,—মানুষ যে ঊর্ধ্বাহু হয়ে—"গৌর নিতাই বল" বলে হাওয়া হয়ে যায় না, এ পৃথিবীর পরমাশ্চর্যের মধ্যে একটি।

তার ওপর রয়েছে সময়ের বাধা একটু থিতিয়ে বসে দেখার সময় এঁরা বড় একটা পান না। এক নির্দিষ্ট তারিখের সীমারেখার মধ্যে এঁদের লিখতে হয়।

দ্বিতীয়তঃ, ব্যবসাগত চিন্তা। আমার কাগজে ওর বিরুদ্ধে লিখলে ও অত টাকার বিজ্ঞাপনের প্রশ্ন জড়িত হয়ে পড়ছে। ঐ গোষ্ঠীকে খারাপ বললে পরে মালিকের কাছ থেকে ভবিষ্যতে সদয় ব্যবহার পাওয়া মুস্কিল। আবার ভুলক্রমেও কাউকে যদি বললে পরে যদি সাহেবরা হাততালি মারে, তখন নিজে বোকা প্রতিপন্ন হবার সম্ভাবনা, এমন অনেক ভাব-ভুবন ভোরা পাহাড়ের দল সমালোচনা সমুদ্রকে বিপদসংকুল করে রেখেছে বলেই আমার ধারনা। জানিনা, কতটা সত্যিই এসব ঘটে।

কিন্তু ছবির বাইরের কিছু ব্যাপার সম্বন্ধে সর্বদা অবহিত এবং সচেতন থেকে যে এঁদের কাজ করতে হয় এবং তার দ্বারা সমালোচনা দুষ্ট হয়ে পড়ে, এসম্বন্ধে আমার মনে কোন দ্বিধা নেই।

অথচ সমালোচকের কাজটা মারাত্মক কাজ, দেশুবন্ধনের কাজ। ভাল কাজ দেখলে উজ্জ্বসিত-হয়ে ওঠা চাই শিশুর মত,

'প্রথম প্রথম ভুল' ছবির নায়িকা
সৌমিত্র চট্টোপাধ্যায়।

না অমনি মুগত ভর্জ পাইন বা লিনসে এণ্ডারসনের-এর মধ্যে দেখেছি। যে কোন ভাল কাজের ছোঁয়া পেলেই তখন এটা ওঁদের নিজস্ব দায়িত্ব করে তুলতে দেখেছি তাঁরা তখন হয়ে ওঠেন ছবিটির তত্ত্বাবধায়ক তার গুণের ভাঙ্কার এটা ওঁদের ধর্মে পরিণত হয়। যতক্ষণ না অন্যের গলা দিয়ে নামাচ্ছেন, ততক্ষণ কিছুতে ওঁদের শান্তি নেই।

এই সমালোচকরা এই ব্যাপারে অতি গোঁড়া ধার্মিক।

এমনটা আমরা হতে পারিনা ? সব কিছুকে তুচ্ছ করে যেটুকু ভাল লাগল, তার তাক কি আমরা আরো পেটাতে পারি না ? এখন যে কিছুই হয় না একথা বলা আমার উদ্দেশ্য নয়, কিন্তু আরো—আরো হয় না কেন ?

সত্যজিৎ রায়ের 'অরণ্যের দিন রাত্রি' ছবিতে কাবেরী বসু ও উত্তমকুমার চট্টোপাধ্যায়।

খারাপ ছবি দেখতে হয় প্রায়ই ? সে তো আছেই। ঢুঁটিয়ে গাল দেবারও, কিন্তু আংশিক মনোভাব নিয়ে নয়, গঠনাত্মক মন নিয়ে। এসব ছবি করিয়েদের প্রথমতঃ করুণা করে নাই দেবার মত পাপ আর নেই। অর্থাৎ আমি বলতে চাচ্ছি, একটা মাপকাঠি দিয়ে মাপা হোক, তাতে যা ধরা পড়ে, তাই প্রকাশ করা হোক। ও ছবির করতে জানে না, ও ছবি করে পয়সার জন্যে, ও বেচারা প্রযোজকের চাপে পড়ে করতে বাধ্য হয়, কাজেই একটু ' ক্ষেমা-ঘেন্না করে নিয়ে যেটুকু ভাল বলা যায়, তাই বলে বাকীটা চেপে যাওয়াই যাক—এই ধরণের মনোবৃত্তি দায়িত্বহীন সমালোচকদের দিক থেকে পাপের সামিল। এমনোবৃত্তি দিয়ে কারো লাভ হয় না,—ছবিকরিয়ের না, সমালোচকের না দেশের মানুষের তো নয়ই।

ঐ যে সেতুবন্ধনের কথা তুলেছিলাম, সেটাকে আর একটু পরিষ্কার করা যাক।

সাধারণ দর্শক যায় ছবি দেখতে, তার মানসিক প্রস্তুতি করে দেবার দায়িত্ব সমালোচকদের। সমস্ত কিছু নাড়াঘাটা করে ছবিটির ওজন লোকের সামনে তুলে ধরাই হচ্ছে কর্তব্য।

এখানে সমস্ত হতাশ সমালোচক দীর্ঘশ্বাস ফেলে বলে উঠবেন,—"সমালোচনা দেখে লোকে ছবি দেখতে যায় না মশাই, Box office-এর ওপরে মোটেই নির্ভর করে না।"

কথাটা মিথ্যে বা অর্ধ মিথ্যে।—সেটা আরো মারাত্মক। এমন অবস্থা কিছুকাল আগে ছিল, আজ হাওয়া অনেক বদলেছে। মানুষের একাংশ এখন বুদ্ধিমান সমালোচনা দেখে পথের নির্দেশ পাবার মত রুচি আহরণ করেছে, উত্তরোত্তর আরো করবে তার চিহ্ন সুস্পষ্ট।

এটা আজও চালানো হচ্ছে, কারণ ব্যবসাদারদের এতে ভারী সুবিধে, তারা যা ছবি করে, সেগুলো যে ভদ্রলোকের পাতে দেওয়া যায় না, সেটা তাদের থেকে বেশী কেউ জানে না। তাই সমালোচকদেরকে মনমরা করে দেওয়ায় তাদের লাভ বেশী। সমালোচকরাও নিজেদের অভিজ্ঞতায় এ রকম চরম হতাশাব্যঞ্জক অভিজ্ঞতার সম্মুখীন হয়েছেন প্রায়শই, তাই তাঁদেরও মন এতে সায় দেয়।

কিন্তু ১৯৫৭ যে ১৯৫০ নয়, বা ১৯৭০ যে ১৯৬১ নয়, এ কথাটা আমরা ভুলব কেন ? খুব দ্রুত এখন পথ পরিবর্তন হচ্ছে, সামনের যাঁকেই হয়তো কিছু অপেক্ষা করে আছে। এ আমার দৃঢ় আশা। এই দ্রুত পরিবর্তনের ক্ষেত্রে Film Societyগুলি এবং Little magazine-গুলির অবদান অতীব মূল্যবান এবং অবিস্মরণীয়,—বহুজনের বুলি কপচানীর ব্যাপার থাকা সত্ত্বেই কথাটা অনস্বীকার্য। ব্যাঙের ছাতার মত গজিয়ে ওঠা উঠতি গুণ্ডাদের অস্তিত্ব সম্বন্ধে অবহিত থেকেও কথা অনস্বীকার্য। এই সংগ্রামের অগ্রণীযোদ্ধাদের একদল এই সমালোচকেরা, তাঁদের মুখতে পড়লে চলবে কেন ? কাহিনী দু 'সিনেমা কাগজটা ক্লাসে কী কাণ্ডই না বাধাল কলমে এবং হাতে কলমে করে দেখিয়ে। বাংলা দেশকী এখন প্রায় সেই রকম ভাবেই চঞ্চল নয় ?

আর একটা কথা বলেই শেষ করব। সেতু বন্ধনের সেটাও একটা দিক।

একজন ছবি করিয়ে ছবির পর ছবি করে যান। বক্ষ্যমান ছবিটি তার নিরানব্বইটির অনুসৃত নয়,—তার একটা পূর্ব-পশ্চাৎ পরম্পরা আছে, সেই পরিপ্রেক্ষিতে ফেলে যদি ছবিটির সমালোচনা করা হয়, তা হলে ছবি-করিয়ে বুঝতে পারবেন তিনি এগোচ্ছেন কী পেছোচ্ছেন, সমালোচকের কাছে শিল্পীসত্তার গতি-প্রকৃতি প্রকট হয়ে উঠবে, আর সাধারণ দর্শক শুধু শিল্প কৃতিটির নয়, শিল্পীর সম্বন্ধেও পূর্বাপর ধারণা নিয়ে এগোতে পারবেন।

তাই, সমালোচকের কাজটি সমালোচনাই নয়, ভাল কিছু দেখলে তার দূত হয়ে নাকাড়া পিটিয়ে বেড়ানো, খারাপ দেখলে, যুক্তি সহ ওজন করা, দুর্বোধ্য হলে তাকে বোধগম্য করা সাধারণো, এক কথায়, মানুষকে শিক্ষিত করা এবং ছবি করিয়েদের বিবেকস্বরূপ বিরাজ করা।

এ ছাড়া সমালোচকের আর কোন কর্তব্য নেই।

বিশেষজ্ঞ চিত্রব্যবসায়ীদের মধ্য থেকে বাছাইকরা বিচারকমণ্ডলী দেওয়া হচ্ছে

উত্তমকুমার, মাধবী মুখার্জী, বসন্ত চৌধুরী, বিশ্বা রায়, শ্যামলা চৌধুরী, অনুপকুমার, শর্মিলা, তুলসী চক্রবর্তী, অনিল চট্টোপাধ্যায়, সন্ধ্যারাণী সান্যাল, অসিত গাঙ্গুলী, শ্রোমী চৌধুরী, বরীন মজুমদার, তনুজা, সৌমিত্র চট্টোপাধ্যায়, সন্ধ্যা রায়, গীতালী রায়, পমিত হত, তরুণকুমার, সুব্রতা চট্টোপাধ্যায়, সুচিত্রা সেন, বাসু চ্যাটার্জী, সুব্রতেন্দু চট্টোপাধ্যায়, রবি ঘোষ, অপর্ণা সেন, বিমলীন রায়, সবুজ দত্ত, নন্দিনী মালিয়া, মিতা মুখার্জী, লিলি চক্রবর্তী, পার্থ মুখার্জী।

প্রতিযোগিতার শর্তাবলী

এই প্রতিযোগিতায় কোন প্রবেশ মূল্য নাই।

সাদাকালো কুপন পূরণ করে আগামী ২৫শে ডিসেম্বরের মধ্যে পাঠাতে হবে।

মুদ্রিত অংশটুকু দেখে এঁদের নাম বলুন

মোট পুরস্কার ৮০০ টাকা

২৫শে ডিসেম্বরের পরে যাকে ফেলা হয়েছে এমন কুপন প্রতিযোগিতায় গৃহীত হবে না।

প্রত্যেক প্রতিযোগীকে এই কুপনটি কেটে নিজে নিতে হবে

প্রতিযোগীর পূর্ণ ঠিকানা এই কুপনের সঙ্গে অবশ্য দিতে হবে।

যদিনি পত্রিকার সঙ্গে সম্পর্কযুক্ত এমন কোন ব্যক্তি বা তাঁদের পরিবারের কেউ এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন না।

এই কুপনটি কেটে পাঠান

প্রতিযোগীর নাম :

বয়স :

পেশা :

পেশার ঠিকানা :

বাসস্থানের ঠিকানা :

সঠিকসংখ্যক শিল্পীদের নাম :

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

৮।

৯।

১০।

১১।

১২।

হিন্দী ছবির স্বপক্ষে

জ্যোতির্ময় বসুরায়

ওয়াহিদা রহমান

হিন্দী ফিল্মের বদনাম কিন্তু আজ নতুন নয়। এটাই চলে আসছে বিগত বেশ কয়েক বছর ধরে। বিশেষতঃ আমাদের বিদগ্ধজনের কাছে। বন্ধু-বান্ধব, পরিচিত মহলের মুখে হিন্দী ছবির প্রশংসা কখনও শুনতে পাবেন না। বরঞ্চ তার বদলে হিন্দী ফিল্মকে নাকে হয় নাক সিঁটকানো, নয়তো দু-একটি চলতি ঠাট্টা করে আমাদের সরগরম করবেন। কেউ বা হয়তো বিদ্রূপ করে পরামর্শও দেবেন আমাদের মতন : "হিন্দী ছবি ছেড়ে কী হবে, বলুন তো। দিনের পর দিন লোকে এই আবর্জনাকুণ্ড নরমেধ সহ্য করে? বাংলা ছবির সঙ্গে ওই বস্তুর কোনও তুলনা হয়।" ইত্যাদি ইত্যাদি।

মজা এই, হিন্দী ছবি সত্যিই চলে। লোকে দেখে। কাশ্মীর থেকে কন্যাকুমারিকা পর্যন্ত এই হিন্দুস্তানের সর্ব অঞ্চলের দর্শক দেখে। পাকিস্তানের লোকেও দেখত এই সেদিন পর্যন্ত, অর্থাৎ যত দিন পর্যন্ত ওই পশ্চিমবঙ্গী রাজ্য আমাদের চলচ্চিত্রের প্রবেশ পথে বাধা ছিল না। তারতের বাইরে নানা রাজ্যে এখনও হিন্দী ছবির প্রচুর চাহিদা। চাহিদা কেন? লোকে দেখে আমোদ পায় বলেই তো। দেখি আমরাও, মনে বাঙালীরাও। না যদি দেখতাম, তবে কলকাতা অঞ্চে বাংলা দেশের মফস্বল অঞ্চল হিন্দী সিনেমার একটা বড় ব্যবসায়-কেন্দ্র বলে চিহ্নিত হত না। বাংলা ছবির আর্থিক সমস্যা নিয়ে আন্দোলন, দুই-চই ইত্যাদিও না। যাঁরা মনে করেন, কলকাতায় হিন্দী ছবি চলে পশ্চিমাগত অবাঙালী অধিবাসীদের জন্যে তাঁদের ধারণা ভ্রান্ত। অনস্বীকার্য নিশ্চয়ই আছে, কিন্তু কেবলমাত্র তার দ্বারা টিকিট ঘরের সাফল্য নির্ধারিত হতে পারে না। নিম্ন-বিত্ত, মধ্যবিত্ত এবং উচ্চবিত্ত বাঙালী পরিবারের ছেলে মেয়ে, যুবক-যুবতী, এমন কী বয়স্ক স্ত্রী-পুরুষেরাও কম বেশী হিন্দী ছবির পরিচিত আসক্ত। তবে কেউ কেউ পাঁচ জনের সামনে এই দুর্বলতার কথা স্বীকার করতে অস্বস্তি বোধ করেন, এই যা। পক্ষের অনুচ্ছেদে কথিত এক ধরণের মুখে চলিত একটি সংলাপ বাঁসরেছি: ঘোঁত নিয়ে দেখবেন, এই রকম ভদ্রলোকেরাও বোম্বাই ফিল্মের জন্য রক্ত-জলে করা কতটা পয়সা খরচ করে ফেলেন—এই ধরুন, হাফ-কাপড়ে কিংবা বৈয়রুন্তীমালার "মইরের" প্রথা। অভিজ্ঞতা না থাকলে জানবেন কী করে, ওগুলো "আনমিকসড্ নবসেন্স"।

অতএব ঠকীবাজ করে নেওয়া ভাল, এই বাংলা দেশেও হিন্দী ছবির আসর চমৎকার। বাংলা ছবির বিশেষগুণ নিয়ে আমরা যতই গর্বিত বোধ করি না কেন, ওর গর্বিত যতই মনোরোগ থাকুক, হিন্দী ছবি আমাদের অনেককেই টানে।

তার মানে এই নয় যে, হিন্দী ফিল্মের সম্পর্কে যে নিন্দাবাক্য শোনা যায় সেটা একেবারে ভিত্তিহীন, অথবা তার সবটাই অতিরঞ্জিত। বস্তুতঃ, তার বিরূপ সমালোচনা শুধু এই অঞ্চলেই হয় না, দেশের সর্বত্র সে পচুর নিন্দা ছড়িয়ে থাকে। উত্তর প্রদেশ, দিল্লি, বোম্বাই এবং মাদ্রাজের পত্র-পত্রিকায় তার প্রমাণ পাওয়া যাবে। অবাঙালী বিদগ্ধ জনেদের কাছে সত্যজিৎ রায়, তপন সিংহ পরিচালিত পরিচালকের তৈরী বাংলা ছবির সমাদর যেমন, সেই তুলনায় নাচওয়ালীওয়ালা হিন্দী ছবির আদর সামান্যই। বিদেশ থেকে যে সব চলচ্চিত্র-চলচ্চিত্র এবং সমালোচক এ দেশে আসেন, হিন্দী ছবি দেখে তাঁরা আদৌ সন্তোষবোধ করেন না। অনেকেই তাঁদের বিরক্তি গোপন করেন নি। বাংলা ছবির প্রশংসা করে কেউ কেউ (যেমন, এক পোলিশ সমালোচক) বাদরায় এবং বোম্বাইয়ের তৈরী হিন্দী ছবির অবাস্তবতায় কাগজটা সোজা-সুজি ভরে দিয়েছেন। জীবনকে এঁরা (অর্থাৎ বোম্বাই ও মাদ্রাজের চিত্র নির্মাতারা) ছবির পরদায় দেখতে ভয় পান কেন—এই প্রশ্নেও তুলেছেন।

কথাটা তাহলে এই, রসিক সমাজে হিন্দী সিনেমার গুণগত স্বীকৃতি পত্রে সেই কলঙ্কই চলে, কিন্তু জন-আদালতে নালিশ

হয়ে ওঠে পক্ষে। কাজে-কারবারে হিন্দী ছবি নিশ্চিন্ত, কিন্তু সে প্রদর্শনে।

এখন, এই নিন্দা আর প্রদর্শনক্ষেত্রের কারণ কী? এ বিষয়ে এক কথায় বলা যায়, যে কারণে সে উপহসিত, কষ্টটা তা-ই তার প্রদর্শনক্ষেত্রে মূলে।

ভারতীয় চলচ্চিত্রের শিল্পের আমি বা মধ্য পর্যের কথা থাক, বর্তমানে এই শিল্পের ব্যবসায়িক চেহারাটাই পরখান। বিশেষ করে যেখানে হিন্দী সিনেমা তৈরী হয়, সেই বোম্বাইয়ের কথাই বলা যাক। যারা সেখানে ছবির জন্য অর্থ বিনিয়োগ করেন, অভিনয়ের টাকার বিটারনের অঙ্কটাই তাঁদের কাছে বড়। অর্থ লগ্নির আসলটা নিরাপদ ভবে পয়সার বিনিময়ে যোগাতার উপর। অর্থাৎ যত বেশী দর্শক টিকিট কিনবেন, ছবির ব্যবসায়িক সাফল্যের সম্ভাবনাও তত। ফলে, সকল শ্রেণীর দর্শকের মনোরঞ্জন হয়ে চিত্র নির্মাতার লক্ষ্য। মুখ্য লক্ষ্য। দর্শকদের রুচির স্তর ভেদ থাকে, এটা সকলেই জানেন। নানা রুচির দর্শকদের (তাঁদের মধ্যে আছেন শিক্ষিত, এবং শিক্ষিত বা অল্প শিক্ষিত, নিরক্ষর; মনস্তাত্ত্বিকে তাঁরা আবার বিভিন্ন সামাজিক শ্রেণীর অন্তর্ভুক্ত) চাহিদাও নানা রকম। সেই চাহিদার ছোট-খাট পারমুটেশন কম্বিনেশন করে মিলে তাই চিত্র নির্মাতারা কাজ করে থাকেন। হিন্দী ছবির ব্যবসায়িক সাফল্যের বাড়ার সঙ্গে সঙ্গে এই মিনিমাম স্পষ্ট হয়েছে। দ্বিতীয় বিশ্ব যুদ্ধের কিছু পরে "চন্দ্রলেখা" নামে ছবিতে অনন্যা দর্শককে খুশী করবার একটা উল্লেখযোগ্য চেষ্টা দেখা যায়। ততকথা সেই ফরমুলাই পরোক্ষন মত পরিবর্তন-সহ আরও ব্যবহার করা হয়।

মুক্তিপ্রাপ্ত 'কমললতা' ছবির নায়িকা মুচিত্রা।

এই ফরমুলার মোড়ার কথা হল দর্শকদের ইচ্ছা পূরণের ব্যবস্থা। বাস্তব জীবনে যে-বাসনা পূর্ণ হবার নয়, অবচেতন শ্রেণীমানসে নায়ক-নায়িকার সঙ্গে একাত্ম হয়ে অনেকেই সেই ইচ্ছা মনে মনে মিটিয়ে নিতে চান—এই সার কথাটা চিত্র-পরিচালকরা সহজেই বুঝে নিয়েছেন। ইচ্ছা পূরণের অনেক দিক। সহজেদে ব্যাপারটি স্পষ্ট দেখার সঙ্গে তুলনীয়। আর কিছুদিন আগে কলকাতায় "সপনো-কা সওদাগর" নামে একটি ছবি দেখানো হয়। সেই ছবির নায়ক (রাজকাপুর) সকল শ্রেণীর মানুষের মধ্যে স্বপ্ন বিক্রি করে বেড়ায়, অর্থাৎ যার যা অন্তরের বাসনা তা-ই পূর্ণ করে। ফাউকে বিক্রয় করে না। হিন্দী ছবির পরিচালকরা ঠিক ওই সওদাগরেরই মত। তাঁরা দর্শকদের তিন ঘণ্টার জন্য প্রেমিক থেকে পলায়নের একটা সুযোগ করে দেন; এরপর এক জনের মনোদুঃখ করে যেন তাঁদের।

এরই সঙ্গে চাই নানা রস, বিবিধ পরোক্ষ-উপকরণ এবং আড়ম্বর। নানা রস বলতে নানা ভাবরসের। পরোক্ষ অবশ্যের ব্যাপারটি হল অবশ্যই স্পেস। সেখানে বড়-লোকের ছেলের সঙ্গে গরিবের মেয়ের ভালবাসা অথবা উল্টোটা দেখতে হবে। অধিকাংশ হিন্দী ছবির প্লটের মূল সূত্র তা-ই। এই সঙ্গে প্রসাদে পারে প্রণয়। সেই বা বাসনা। প্রসাধিত ঘটনাসংঘাত। পেটের পরিপথে বাধা আঁ-থোর্ন। সেই বাধা সৃষ্টি করতে খলনায়ক। আর খলনায়কের অভিপ্রায় মনেই পরখে নানা চক্রান্ত, পরিণামে সংঘর্ষ। ভয়ানক প্রেমের উদ্দীপন তার কাজ। শেষে যখন তার পতন হবে, তখন নায়ক-নায়িকার মিলনের পথ পরিষ্কার হো হবেই সেই সঙ্গে অন্যায়ের-পরাজয়-নায়কের-গ্রহ বরনের বার্তাও হবে পরিস্ফুটিত। এই সেনটিমেন্টের ব্যবস্থাও চাই। আরও একটি কথা যে কোন হিন্দী ছবির পক্ষে অপরিহার্য। সেটি হল কৌতুক।

